

সুরুল-নথি-সংকলন

প্রথম খণ্ড



বাংলা বিভাগ
বিশ্বভারতী শান্তিনিকেতন


तमसो मा ज्योतिर्गमय
VISVA BHARATI
LIBRARY
SANTINIKETAN
CS2·S(C4)
B46
Vol-1
37535

সুরুল-নথি-সংকলন

প্রথম খণ্ড

১১৫৮—১২৪০ বঙ্গাব্দ

সম্পাদকমণ্ডলী

ভবতোষ দত্ত পঞ্চানন মণ্ডল

সুখময় মুখোপাধ্যায়

সংকলক

বুদ্ধদেব আচার্য

বিশ্বভারতী বাংলা বিভাগ

বিশ্বভারতী গবেষণা প্রকাশন সমিতি

বিশ্বভারতী গবেষণা প্রকাশন
ফাল্গুন ১৩৮৯ মার্চ ১৯৮৩

মূল্য পঁয়ষট্টি টাকা

প্রচ্ছদ পরিকল্পনা : শ্রীবুদ্ধদেব আচার্য

প্রকাশক : ভবতোষ দত্ত
বাংলা বিভাগ। বিশ্বভারতী

সুব্রত চক্রবর্তী
সম্পাদক : বিশ্বভারতী গবেষণা প্রকাশন সমিতি
শান্তিনিকেতন ৭৩১ ২৩৫

মুদ্রক : শিবপ্রসাদ শর্মা
শ্রীদুর্গা প্রেস। বোলপুর ৭৩১ ২০৪

ভূমিকা

বিশ্বভারতী বাংলা-বিভাগ সংশ্লিষ্ট পুথিশালায় কয়েক হাজার প্রাচীন বাংলা পুথি ছাড়াও দলিলদস্তাবেজের একটি বড়ো সংগ্রহ আছে। এদের মধ্যে আছে শ্রীনিকেতনের পার্শ্ববর্তী সুরুলের প্রাচীন সরকারপরিবারের জমিদারী কাগজপত্র এবং কেন্দুলীর বিখ্যাত জয়দেব-মন্দিরের দেবত্র সম্পত্তি সংক্রান্ত বিপুল নথিপত্র। সাহিত্য হিসাবে এগুলির মূল্য কিছুমাত্র নেই কিন্তু বীরভূমের একটি বিস্তীর্ণ অঞ্চলের দুই থেকে আড়াই শ বছরের সামাজিক ও অর্থনৈতিক ইতিহাসের উপকরণ হিসাবে এসব নথিপত্রের মূল্য অপরিসীম। ইতিপূর্বে এখান থেকেই বেরিয়েছে 'চিঠিপত্রে সমাজচিত্র'। সে বই অনুসন্ধিৎসু পাঠকদের দৃষ্টি আকর্ষণ করেছে। এবার প্রকাশিত হল 'সুরুল-নথি-সংকলন'। এ-সংকলন সম্পূর্ণ নয়। আশা করা যায় পরবর্তী খণ্ডগুলিও ক্রমশঃ প্রকাশিত হবে।

বীরভূম জেলার অন্তর্গত বোলপুরের একদিকে সুরুল অন্যদিকে রায়পুর। শান্তিনিকেতন প্রতিষ্ঠাসূত্রে রায়পুর এবং সুরুলের জমিদারদের সঙ্গে কলকাতার ঠাকুর পরিবারের যোগাযোগ হয়েছিল। মহর্ষি দেবেন্দ্রনাথ এখানে জমি কেনার পূর্বে একদিকে রায়পুরের সিংহ অন্যদিকে সুরুলের সরকারেরা যথেষ্ট বর্ধিষ্ণু ছিলেন। সিংহরা ছিলেন ভূম্যধিকারী। সরকারেরা যথেষ্ট জমির অধিকারী হলেও তাঁদের তেজারতি ও অন্যান্য ব্যবসায় ছিল। বর্তমান সংকলন শুরু হয়েছে ১১৫৮ বঙ্গাব্দ অর্থাৎ ১৭৫১—৫২ খ্রীষ্টাব্দ থেকে এবং শেষ হয়েছে ১২৪০ বঙ্গাব্দ অর্থাৎ ১৮৩৩-৩৪ খ্রীষ্টাব্দে। এ সময়ের দলিলে সরকারবাড়ির জমি কেনাবেচার কবুলতি, পাট্টা, কর্জ সেই সঙ্গে ব্যবসায়-সংক্রান্ত নানা চিঠিপত্র মুদ্রিত হয়েছে। সরকাররা তখন মার্কিন ফিরিঙ্গি এবং ফরাসী জাহাজ থেকে সরাসরি মাল আনিয়ে ব্যবসায় চালাতেন। তাঁদের পণ্যদ্রব্যের মধ্যে প্রধানত দেখা যাচ্ছে গড়াকাপড়, চিনি, নীল এবং চাল। বীরভূমের মহারাজা তখন মহম্মদ জমা খাঁ। জমা খাঁ, রায়পুরের সিংহ এবং বর্ধমানের মহারাজা প্রতাপচাঁদের সঙ্গে সরকারদের যোগাযোগের নানা তথ্যও এতে পাওয়া যাবে। বীরভূমের আঞ্চলিক ইতিহাস লেখার পক্ষে এসব তথ্যের মূল্য অবশ্য স্বীকার্য্য।

এই নথি পত্রগুলি আমরা পেয়েছি সুরুলের সরকারবাড়ির ৺কান্তিভূষণ সরকার, শ্রীঅরবিন্দ সরকার এবং শ্রীমথুরানাথ সরকারের সৌজন্যে। বিপুল নথিপত্রের সংগ্রহ থেকে বহু পরিশ্রমে এই সংকলন প্রস্তুত করেছেন শ্রীবুদ্ধদেব আচার্য। সময়ের সংক্ষিপ্ততার জন্য পাঠোদ্ধারে এবং নির্ঘণ্ট প্রস্তুত করতে কিছু কিছু ভুল ত্রুটি থেকে যাওয়ার সম্ভাবনা। এ জন্য আমরা ক্ষমাপ্রার্থী। দলিলে ব্যবহৃত আরবী ফারসী শব্দের অর্থোদ্ধারে সাহায্য করেছেন বিশ্বভারতীর অধ্যাপক হাফিজ মহম্মদ তাহের আলী। পুস্তক মুদ্রণে বিশেষ সাহায্য করেছেন শ্রীসতীন্দ্র ভৌমিক। এই সূত্রে শ্রীদুর্গা প্রেসের তৎপরতাও বিশেষ উল্লেখযোগ্য।

শ্রীপঞ্চমী, ১৩৮৯
বিদ্যাভবন, শান্তিনিকেতন

ভবতোষ দত্ত

সংকলকের নিবেদন

সুরুল-নথি-সংকলন প্রথম খণ্ড প্রকাশিত হলো। বর্তমান গ্রন্থে নথিপত্রের আলোচ্য সময় সীমা হলো ১১৫৮ থেকে ১২৯০ বঙ্গাব্দ বা ১৭৫১—৫২ থেকে ১৮৩৩-৩৪ খৃষ্টাব্দ পর্য্যন্ত। অবশ্য এর মধ্যে ১১৫৯—১১৭৫, ১১৭৭-৮০, ১১৮৪-৮৫, ১১৮৮—৯২ এবং ১১৯৮ বঙ্গাব্দের কোন নথিপত্র না পাওয়ার জন্য আমাদের সংকলক গ্রন্থে তাদের স্থান করে দিতে পারা যায়নি। যাইহোক্ গ্রন্থের সংকলক হিসাবে প্রথাগত ভাব কিছু নিবেদন করতেই হয়। আর সেইজন্য গ্রন্থের পরিচয় দিতে গেলে প্রাক-কথনের প্রয়োজনও অপরিহার্য্য।

১৯৫৭ সালে প্রয়াত ব্যারিষ্টার তপনমোহন চট্টোপাধ্যায় মহাশয়ের প্রেরণাতে এই সব নথিপত্র সুরুল সরকার জমিদারবাড়ি থেকে সংগ্রহ করা হয়। পুঁথি বিভাগের প্রাক্তন সম্পাদক ও সংরক্ষক অধ্যাপক ডঃ পঞ্চানন মণ্ডল মহাশয় তাঁর তৎকালীন সহকর্মী শ্রীশংকরপ্রসাদ মুখোপাধ্যায় মহাশয়ের সহযোগিতায় এগুলিকে সংগ্রহ করে বিভাগের গুরুত্ব বৃদ্ধি করেন ; এবং তৎকালীন সহকারী শ্রীগৌরহরি সাহা মহাশয় ১৯৬৪-৬৫ সাল থেকেই এইসব নথিপত্রগুলিকে নথিভুক্ত করার প্রচেষ্টা চালিয়ে ছিলেন। আর সংগ্রহপর্বে সরকারবাড়ির ৺কান্তিভূষণ সরকার, অরবিন্দ সরকার ও মথুরানাথ সরকার প্রমুখ এগুলি পেতে আমাদের সাহায্য করেন। ফলে, এগুলি সমূহ বিনাশের হাত থেকে রক্ষা পায়। কারণ একদা জমিদারী মহাফেজখানা অগ্নিদগ্ধ হয়ে যাওয়ায় অনেক নথিপত্র ভস্মীভূত হয়ে যায়। পরিণতিতে লুপ্ত হয়ে গেছে এতদঞ্চলের সেকালের অনেক ঐতিহাসিক ঘটনার সাক্ষ্য প্রমাণ। সম্প্রতি আমাদের সংগ্রহশালায় শ্রীজয়দেব কেন্দুলীর মহান্ত মহারাজ হরিকান্ত শরণদেব ব্রজবাসীর বদান্যতায় মহন্ত-এষ্টেটের বেশ কিছু নথিপত্র সংগৃহীত হয়েছে ; কাজও শুরু হয়ে গেছে।

যাইহোক বাংলা-বিভাগের তৎকালীন প্রধান অধ্যাপক ভূদেব চৌধুরী মহাশয় এইসব নথিপত্র সংরক্ষণ ও সংকলন করে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করেন। এ নিয়ে ১৯৭৫-৭৬ সাল থেকে কাজ শুরু হয়। এবং বহু আয়াসে প্রাচীন তথ্যসম্ভারে সমৃদ্ধ 'সুরুল-নথি-সংকলন প্রথম খণ্ড' প্রকাশ করা সম্ভব হলো।

আমাদের চলার পথে আদর্শ হিসাবে আমরা পেয়েছি ১৯৪২ সালে কলিকাতা বিশ্ববিদ্যালয় থেকে প্রকাশিত ডাঃ সুরেন্দ্রনাথ সেন মহাশয়ের "প্রাচীন বাঙ্গালা

পত্র সংকলন" এবং বিশ্বভারতী থেকে প্রকাশিত অধ্যাপক পঞ্চানন মণ্ডল মহাশয়ের "চিঠিপত্রে সমাজচিত্র" গ্রন্থ। তবে তারও আগে শিবরতন মিত্র মহাশয়ের 'Types of Early Bengali Prose' নাম দিয়ে একটি গ্রন্থ প্রকাশ করেন কলিকাতা বিশ্ববিদ্যালয় থেকে ১৯২২ সালে; গ্রন্থে তাঁর উদ্দেশ্য ছিল বাঙ্গালা ভাষায় প্রগতি দেখানো। এবং ৺দুর্গাচন্দ্র সান্যাল ও ফকিরচন্দ্র দত্ত মহাশয় বাঙ্গালার সামাজিক ইতিহাস নাম দিয়ে বাংলাদেশের কয়েকটি প্রাচীন অভিজাতবংশের সম্বন্ধে প্রচলিত গাল গল্প সংকলন করে প্রকাশ করেন। এছাড়া রাজেন্দ্রলাল মিত্রের 'পত্রকৌমুদী' ও রামেশ্বর বন্দোপাধ্যায় মহাশয়ের 'জ্ঞানকৌমুদী'র উল্লেখ করতে পারি। তবে আমাদের গ্রন্থের বিশেষ বৈশিষ্ট্য হলো সামগ্রিক নথিপত্রের পরিচয় দেবার চেষ্টা করা হয়েছে এতে, এবং বিষয় বিভাগ করে নয়, সমগ্র বৎসরের প্রাপ্ত নথিপত্র প্রকাশই গ্রন্থের উদ্দেশ্য। সেই দিক থেকে এই সংকলনগ্রন্থে কোন এক বিশেষ বিষয়ের উপর গুরুত্ব আরোপ করে আলোচনা করা হয় নি। এবার নথিপত্রের প্রাপ্তিস্থানের সংক্ষিপ্ত ইতিহাস আলোচনা করে বিষয়বস্তুর অভ্যন্তরে প্রবেশ করা যাবে।

॥ সুরুল সরকারবাড়ি ॥

অষ্টাদশ শতকের প্রথমদিকে সুরুল সরকারবাড়ির আদি পুরুষ ভরতচন্দ্র সরকার সুরুল গ্রামে বসবাস শুরু করেন। তাঁর আদি নিবাস ছিল বর্ধমান শহরের পশ্চিমে বাঁকানদীর তীরে নীলপুর গ্রামে। তিনি জাতিতে ছিলেন কোঙার সদগোপ। তাঁর গুরুদেব ছিলেন সুরুলের বাসুদেব ভট্টাচার্য। সুরুল ছিল তাঁর শ্রীপাট। ঠাকুর শ্রীশ্রীশ্যামসুন্দরের কৃপায় তাঁর বংশ রক্ষা হয়। ফলে তিনি এখানে স্থায়ীভাবে বসবাস শুরু করেন। তাঁর একটিই পুত্র, নাম কৃষ্ণহরি। কৃষ্ণহরির তিনটি পুত্র সন্তান হয়.—জ্যেষ্ঠ যাদবেন্দ্র, মধ্যম মাধবেন্দ্র এবং কনিষ্ঠ কালীচরণ। যাদবেন্দ্র সরকারের দুই পুত্র ব্রজবল্লভ ও রাজবল্লভ। রাজবল্লভের পাঁচটি সন্তান হয়; জেষ্ঠপুত্র বৈদ্যনাথ, মধ্যম রামনারায়ণ, তৃতীয় শ্রীনিবাস চতুর্থ লক্ষীকান্ত ও কনিষ্ঠ গুরুচরণ। রাজবল্লভের পুত্র হলেন নফরচন্দ্র।

অন্যদিকে মাধবেন্দ্র সরকারের পুত্ররা হলেন, মানিক, গঙ্গাধর, পরেশ ও হটুরাম; এবং কালীচরণের পুত্রেরা ভোলানাথ, তারিনী ও নবকৃষ্ণ। কৃষ্ণহরি সরকার ও তাঁর পুত্রেরা সেকালে ফরাসী ও ইংরাজ কুঠিয়ালদের সঙ্গে ব্যবসা বাণিজ্যে

লিপ্ত হয়ে প্রভূত অর্থ উপার্জন করেন এবং প্রতিষ্ঠিত হন। পরবর্তীক্ষেত্রে ব্রজবল্লভের পঞ্চ পুত্রেরা বিশেষ করে শ্রীনিবাস সরকারই এই বংশের উন্নতির মূলে বিশেষ ভূমিকা নিয়েছিলেন। অগ্রজ রামনারায়ণ সরকার একজোটে তাঁদের পরিবারের বৈষয়িক উন্নতিতে কাজ করেছিলেন।

সরকার পরিবারের ৺বিপিনবিহারী সরকার ১৩৩৪ বঙ্গাব্দে তাঁদের পরিবারের প্রসঙ্গে অনেক কথা লিখে গেছেন। তিনি লিখেছেন 'কতক প্রাচীন খাতাপত্র দেখিয়াছি, কতক বিশ্বস্তসূত্রে গুরুজনের নিকট শুনিয়াছি কতক নিজে জ্ঞাত আছি'। তিনি জানিয়েছেন তাঁদের পরিবার সেকালে চীপ সাহেবের সঙ্গে ব্যবসা কর্মে লিপ্ত ছিল এবং তা থেকে প্রভূত অর্থ উপার্জন করেন তাঁরা, বিশেষ করে গড়াকাপড় চিনি, নীল ইত্যাদির ব্যবসায়ে এই পরিবার যুক্ত ছিল। মুরুলের বাণিজ্যকুঠীতে প্রথম রেসিডেন্ট ছিলেন জন চীপ সাহেব। তাদের অধীনে ছিল ২২০০ ঘর ধোবা; তারা গড়াকাপড় ধোলাই করত। বর্তমান বিনয়ভবন সংলগ্ন ডাঙ্গায় তাদের বসবাস ছিল। এই গড়াকাপড় ছিল দৈর্ঘে ৭২ হাত এবং প্রস্থে ১১ পোয়া অর্থাৎ (সাড়ে তিন ফুটের মত)। সেই কাপড়ে কিছুক্ষণের জন্য জল ধরে রাখা যেত। এই কাপড় এখানে ধৌত করে রেঙ্গুন, সিংহল, মিশর, ও ইউরোপে, আমেরিকায় রপ্তানী হত। তাছাড়া কাপড়ে লাল, নীল রঙ করে নাবিক মাঝি-মাল্লার ও সৌখিন পোশাক পরিচ্ছদ তৈরী হত। এখানে যিনি এসব কাজ করতেন তাঁর নাম ছিল ইউনিয়ার নিকলসন। কথিত আছে শ্রীনিবাস সরকার ও তাঁদের পরিবারের সম্পত্তির পরিমাণ ছিল ১৮ লক্ষ টাকার মতো। চীপ সাহেবের সঙ্গে এই পরিবারের ঘনিষ্ঠতা ছিল যথেষ্ট।

'বাণিজ্যে বসতি লক্ষ্মী' হলেও সেকালের রাজশক্তির উত্থান পতনের সুযোগের সদ্ব্যবহার এই পরিবার করেছিলেন। শ্রীনিবাস সরকার বর্ধমান জেলার মহারাজ প্রতাপচন্দ্রের জমিদারী থেকে ১২২৪ বঙ্গাব্দে চম্পানগরী পরগণা এবং ১২২২ মনোহরশাহী পরগণার সাত গোমস্তার ১০টি মৌজা পত্তনি গ্রহণ করেন, জমিদার সরূপচন্দ্র রায়ের ভ্রাতা গোপালচন্দ্র রায়ের নিকট থেকে। এর আগেই শ্রীনিবাস সরকারের অগ্রজ রামনারায়ণ সরকারও বীরভূমের মহারাজা জমা খাঁয়ের নিকট থেকে বারবকসিংহ পরগণার বেশ কিছু জমিদারী ক্রয় করে তাঁদের সম্পত্তির পরিমাণ যথেষ্ট বৃদ্ধি করেন ১২০৪ সালে। এইভাবে বীরভূম, বর্দ্ধমান ও মুর্শিদাবাদ জেলায় তাঁদের জমিদারী প্রসারিত হয়। আমার প্রকাশিত গ্রন্থ "মুরুল সরকার বাড়ি ও মহর্ষির শান্তিনিকেতন" গ্রন্থে এই পরিবারের কথা আলোচনা করেছি।

আমরা আগেই বলেছি এই পরিবারের উন্নতির মূলে ছিল বিদেশী বণিকদের

সঙ্গে ব্যবসা-বাণিজ্য এবং জমিদার শ্রীনিবাস সরকারের বৈষয়িক বুদ্ধি। এই পরিবারের রামলোচন সরকারও ইলামবাজারের বণিককুঠিতে লাক্ষার ব্যবসায়ে কাজ করেছিলেন। কিন্তু এই পরিবারের ভাঙ্গন শুরু হয় শ্রীনিবাস সরকারের মৃত্যুর পর থেকেই। তাঁর মৃত্যু হয়েছিল ১২৭০ বঙ্গাব্দে অর্থাৎ ১৮৩৩ খৃষ্টাব্দে। তাই আমাদের নাথ-সংকলন' প্রথম খণ্ডের সময়সীমা শ্রীনিবাস সরকারের জীবদ্দশাকে ধরে নিয়েই ১২৪০ বঙ্গাব্দে নির্দিষ্ট করা হয়েছে।

কৃষ্ণহরি সরকার অষ্টাদশ শতকের মাঝামাঝি সময়ে একটি পঞ্চরত্ন মন্দির নির্মাণ করিয়ে শ্রীশ্রীলক্ষ্মীজনার্দ্দনকে প্রতিষ্ঠিত করেন ও এবং অনুমিত হয় সুরুলের দুর্গাপূজার প্রচলন তিনিই করেছিলেন। তাঁর পৌত্রেরা বিশেষ করে শ্রীনিবাস সরকার ও ভাইয়েরা এই মৃন্ময় দুর্গামন্দির ভেঙ্গে তা পাকা করেন অষ্টাদশ শতকের শেষের দিকে; কথিত হয় এই মন্দির ও ইমারত নির্মাণ করতে খরচ হয়েছিল ১৮০০০ আঠার হাজার টাকা। রাণাঘাট নিবাসী গোবিন্দ মিস্ত্রী এই মন্দির ও চকমিলান দালান ইত্যাদি নির্মাণ করেন। এছাড়া দেবদেবীর মন্দিরাদি পুষ্করিণী খনন, কাছারিগৃহ নির্মাণ ইত্যাদি খাতে প্রায় দুই লক্ষাধিক টাকা খরচ করা হয়। আর ১২০৩—৭ বঙ্গাব্দে সেনা রাণীর নিকট পাঁচটি লাট খরিদ করেন তাঁর; তার মধ্যে তিনটি জাতীয় ও দুটি দেবোত্তর; একটি দুর্গা, অপরটি বিষ্ণুঠাকুরের।

যাদবেন্দ্র সরকারের বংশ সুরুল বড়বাড়ি এবং মাধবেন্দ্র সরকারের বংশধরেরা ছোটবাড়ির বলে পরিচিত হয়ে আছেন। এবং কালীচরণের বংশধরেরা বড়বাড়ির সামিল হয়ে গেছেন। এই দুই পরিবারের উল্লেখযোগ্য কয়েকজনের নাম জানা যায়, যাঁরা সেকালে বিভিন্ন দিকে খ্যাতি অর্জন করেন। কৃষ্ণহরি সরকার, শ্রীনিবাস সরকার, আশানন্দ সরকার ছাড়া আরো যাঁদের নাম জানা গেছে তাঁরা হলেন, ভুবনমোহন সরকার হরিমোহন সরকার, কার্তিকচন্দ্র সরকার, মনোমোহন সরকার, নরেন্দ্রনাথ সরকার, দেবেন্দ্রনাথ সরকার, আশুতোষ সরকার, কান্তিভূষণ সরকার ও প্রণবেশ্বর সরকার প্রমুখ।

সুরুল সরকারবাড়ির ইতিহাস নিয়ে আলোচনা শুরু হয়েছে বলা বাহুল্য আমরাও সে আলোচনা করেছি। বিনয় ঘোষ মহাশয় তাঁর 'পশ্চিমবঙ্গের সংস্কৃতি' গ্রন্থে সুরুলের সরকার জমিদার পরিবার ও চাঁপ সাহেবের প্রসঙ্গে আলোচনা করেছেন (পৃঃ দ্রঃ ৩০৭)। মুকুল দে মহাশয়ও তাঁর 'Birbhum Terracottas' গ্রন্থে সুরুলের মন্দিরাদি ও তার গঠন কৌশল নিয়ে আলোচনা করেছেন। এছাড়া অধ্যাপক পঞ্চানন মণ্ডল মহাশয়ও এই পরিবারের প্রসঙ্গে আলোচনা শুরু করেছেন তাঁর চিঠিপত্রে সামাজচিত্র গ্রন্থে।

যাই হোক আমাদের সংকলনে প্রাপ্ত নথিপত্রে বিবিধ বিষয়ের সমাবেশ ঘটেছে। এবং তাদের বিস্তৃত আলোচনা করার ক্ষেত্রেও অধিকারী ভেদের দ্বারা সীমিত। তাই সকলের জন্য আমাদের সংগ্রহের সমাচার জানানোই প্রাথমিক কর্তব্য বলে ধরে নিয়ে এক একটি বৎসরের সমগ্র নথিপত্রের পরিচয় দেবার চেষ্টা করেছি। অবশ্য প্রয়োজনবোধে বিশেষ করে গ্রন্থের কায়িক গঠনের দিকে বিচার করতে গিয়ে আমরা জাব্দা হিসাব এবং জীর্ণ জমাটবাঁধা নথিগুলির কোথাও কোথাও সংক্ষিপ্ত ও গুরুত্বপূর্ণ দিকগুলিকে দেখাতে চেয়েছি ; তাছাড়া অন্যান্য ক্ষেত্রে অবিকল নকল দেওয়া হয়েছে।

'মুরুল-নথি-সংকলন' প্রকাশিত হওয়ায় অষ্টাদশ শতকের মধ্যবর্তী সময় থেকে উনিশ শতকের প্রথমার্ধ পর্যন্ত এতদঞ্চলের সমাজ, অর্থনীতি, ধর্ম, শিক্ষা, ব্যবসা-বাণিজ্য, শাসনব্যবস্থা ও বিচারব্যবস্থাদির নানা খবর আমরা পেতে পারব। শুধুমাত্র আঞ্চলিক জীবনযাত্রার কথাই নয়, বীরভূম, বর্ধমান, মুর্শিদাবাদ ও সেকালের কোলকাতার জনজীবনের চমকপ্রদ নানা ঘটনার বিবরণ আমরা পাব। ফলে, এগুলি জাতীয়জীবনের ইতিহাস রচনায় কতখানি সাহায্য করতে পারে তার সমীক্ষা ঐতিহাসিকের এক্তিয়ারে ; তবে আঞ্চলিক ইতিহাস রচনার ক্ষেত্রে এইসব নথিপত্রগুলি আকর উপাদান হিসাবে যথেষ্ট মূল্যের অধিকারী।

এখন নথিপত্রগুলিকে কয়েকটি শ্রেণীতে বিভক্ত করা যেতে পারে যেমন, ১] হিসাবপত্র, ২] জমিজমা ও জমিদারী হস্তান্তর, ৩] পাট্টাপত্র, ৪] কর্জ ও কবুলতিপত্র, ৫] একরারনামা ৬] মামলা মকোদ্দমা ও বিবাদ-বিসম্বাদ ৭] ব্যবসা-বাণিজ্য, এবং ৮] সাধারণ চিঠিপত্রাদি।

হিসাব পত্রগুলিকে দুটি ভাগে ভাগ করা যেতে পারে ;—ক] নিছক জমিজমা অর্থাৎ কৃষি ও কৃষিজ সম্পদ কেন্দ্রিক ; খ] সাধারণ বিবিধ হিসাব। জমিজমা সংক্রান্ত হিসাব পত্রগুলি থেকে পাওয়া যাবে জমিজমার গুণাগুণ ও নাম, যেমন—সালি, শুনা, দো, দোম, শুনাআওল, কর্ণ, দোকর্ণ, পতিত, খামার, বাজে জমি, জঙ্গজমি, গোচর, ডাঙ্গা, ডহর ইত্যাদি। আর পাওয়া যাবে দেবোত্তর, ব্রহ্মত্তর, পীরোত্তর, মহাত্রাণ, চাকরান, খয়রাত, লাখরাজ, মসহাত, নমুদার, একোয়াল প্রভৃতি জমির নাম এবং উৎপন্ন ফসল ও পরিমাণ ইত্যাদির কথা।

এইসব হিসাব পত্রগুলির মধ্যে রয়েছে বিভিন্ন মহল ও জাতির নাম,—বিপ্র গোপ, গোপীজন, তাঁতি, কুলু, ধোবা, পরাঞী, চোয়াড়, খয়রাত, বাজেমহল ইত্যাদি। অর্থাৎ মধ্যযুগের কবি মুকুন্দ চক্রবর্তীর দেখা সেকালের গ্রাম জীবনের কায়িক পরিচয়টুকু পাওয়া যাবে এইসব নথিপত্রে। আর এইসব গ্রামে নানা

ওদিকের বসবাস, তাদের দায়দায়িত্ব, কর্ম, পদবী এবং কর্মভিত্তিক পদবীগুলির লুপ্তাবশেষ এখনও রয়ে গেছে। ফলে এইসব নথিগুলি থেকে সেকালের সমাজচিত্র যেমন পাওয়া যাবে, তেমনি পাওয়া যাবে মৌজা, চক-এর প্রাচীন নাম ; নদী, নালা, খাল, বিলের নাম ও অবস্থান ; যার ফলে সেকালে এতদঞ্চলের ভৌগোলিক পরিচয় পেতে আমাদের যথেষ্ট সুবিধা রয়েছে। তাই কৃষি নির্ভর রাঢ়-বাংলার গ্রামীণ জীবনের সারাংসারটুকু লিপিবদ্ধ করা রয়েছে এই সব জীর্ণ হিসাব পত্রগুলিতে।

আমাদের সংকলনে আরো নানাবিধ হিসাবপত্রের স্থান হয়েছে। ১১৮৬ বঙ্গাব্দের তৈজসপত্র, গহনাদির নাম, দাম ইত্যাদির হিসাব থেকে শুরু করে, চাল ধান, গুড়, কলাই ইত্যাদি ফসল ; মুনিস, মজুর, মাটিকাটা, কাছারিগৃহ নির্মাণ, বাসাখরচ, আসা যাওয়া, চাকর লোকের মাহিনা, আটপ্রহরী চৌকীদারের নগদ মাহিনা, জায়গীর জমী, দারমাসড়া, ধান্যের বিড়া ও প্রজালোকের নিকট প্রাপ্ত বস্তু আদির হিসাব। থানা থেকে চৌকীদারের দূরত্ব ও সীমানা নির্ধারণ ; খাজানা আদায়ে সাহায্য করা, জেলা, থানা, পরগণা চৌকী, ও তালুকের নাম ইত্যাদি প্রসঙ্গেও অনেক কিছু উল্লেখ করা হয়েছে। এছাড়া গড়াকাপড়ের কুটীর হিসাব, নীলচাষ, নীলের কুঠী নির্মাণ ও সরঞ্জাম খরচ ; নীলের বিহন, নীলকাটা, নীলবড়ি তৈরি, বাক্সবন্দী করার হিসাবগুলি যথেষ্ট গুরুত্বপূর্ণ। আর দেবসেবার যে সমস্ত হিসাব বা খরচ পত্রগুলি আমাদের সংকলনে স্থান পেয়েছে, তার মধ্যে দেবোত্তর সম্পত্তি, দুর্গা-পূজার গহনা, সাজ ইত্যাদির নাম ও তাদের হিসাব তো আছেই, আর সেইসঙ্গে কেন্দুলীর প্রিয়াবীলাল ব্রজবাসীর রোজনামচার হিসাব ও খরচপত্রগুলির গুরুত্ব কম নয়।

এছাড়াও হিসাব পত্রগুলির মধ্যে ১২৩০ বঙ্গাব্দের 'জজসাহেবের' বা 'মেজষ্টর সাহেবের' সুরুলে আগমনীখরচ এই সংকলনে যথেষ্ট কৌতূহলপূর্ণ। এতে ২১শে শ্রাবণ থেকে ২-রা ভাদ্র পর্যন্ত তেরিজখানাখরচ, গোখানায়খরচ, বাজে খরচ, ফজদারি নাজিরের বাসা, চোরদারদের জমা খরচ, সিপাই, ধন্দুআন, হাতিপোষাখরচ ইত্যাদি থেকে সে সময়ের প্রাত্যাহিক জনজীবনের প্রয়োজনীয় সামগ্রী ও তাদের পরিমাণ এবং বাজারদরের উল্লেখ করা হয়েছে। ফলে রাঢ়-বাংলার প্রত্যন্তভাগের অর্থনৈতিক-ইতিহাস রচনায় এগুলি আকর উপাদান হিসাবে ব্যবহৃত হতে পারে। এবং বিষয়ের অভ্যন্তরে প্রবেশ করলে আরো গুরুত্বপূর্ণ নানা তথ্যাদির সন্ধান পাওয়ার অসুবিধা হবে না।

জমিজমা হস্তান্তর প্রসঙ্গে রয়েছে কবুলতি ও রসিদপত্র। এগুলিতে প্রজাদের জমিজমা ক্রয় বিক্রয় ও দান, ইত্যাদির প্রসঙ্গে নানা কথা ও কাহিনী লিপিবদ্ধ

রয়েছে। বাঙ্গালা ও ইষ্টাম্পকাগজে এগুলি লেখা হতো। এবং এইসব কবুলতি বা রসিদপত্রগুলি থেকে জমিজমা, ডাঙ্গা ডহর, খাল বিল, বাস্তু আদির নাম চৌহদ্দী, গুনাগুণ, দাম ও দান বিক্রয়ের কারণ উল্লেখ করা হয়েছে। এমন কি হস্তান্তর প্রসঙ্গে সম্পত্তি প্রাপ্তিরও ইতিহাসটুকুও লেখা হয়েছে। ফলে এগুলি থেকে ক্রেতা বিক্রেতার নাম, পিতা পিতামহ, স্বামীর নাম; তাঁদের নিবাস সাকিম, মোকাম, মৌজা, তালুক, চৌকী, পরগণা, থানা, জেলার নাম, পাওয়া যাবে। এতে পাওয়া যাবে সালি, শুনা, দো, কল্প, দোম আওল, ডাঙ্গা, এবং দেবোত্তর, ব্রহ্মোত্তর, চাকরান, মহাত্রান প্রভৃতি জমি, জলহরি, বাগাত, পুষ্করিনী ইত্যাদির নাম ও দাম। এগুলি ভূমি ও ভূমি সংক্রান্ত বিষয়ে বিশেষ গুরুত্বপূর্ণ। এই প্রসঙ্গে সেকালে রাজা, মহারাজা, জমিদার, রাজকর্মচারীগণের মোহরগুলির পরিচয় পাওয়া যায়। আর সেই সঙ্গে সরকারের ভূমি রাজস্বের বিষয়ে নানা মূল্যের মোহর বা ষ্ট্যাম্পগুলিও উল্লেখযোগ্য। আমাদের সংগ্রহে রাজনগরের মহারাজা জয়া খাঁ, বর্ধমান-মহারাজ প্রতাপচন্দ্র প্রমুখের মোহরগুলি পাওয়া যাবে। এবং জমিজমা হস্তান্তর প্রসঙ্গে সেকালের প্রচলিত মুদ্রা,-সীকা, রোকসীকা, কলসীকা ইত্যাদির উল্লেখ ঐতিহাসিকের কাছে কম মূল্যবান নয়।

যাইহোক আমাদের সংকলনে পাট্টাগুলি (১২১২, ১২১৬ ইত্যাদি) জমিদারী শাসনের একটা মুখ্য ব্যবস্থাপত্র। বৎসরান্তে কবুলতির খাজানা সরবরাহ করতে না পারলে প্রজার নিকট জমি নিয়ে দোসরা বন্দোবস্ত দেওয়া হত। আমাদের সংগ্রহের পাট্টাগুলির জমিদার শ্রীনিবাস সরকারের নিকট প্রজারা নিয়েছেন। এই সব পাট্টাগুলিতে রয়েছে বিভিন্ন শ্রেণীর জমির নাম এবং রয়েছে কঠিন চুক্তিপত্র; যার ফলে "হাজা মুখা নালিষ করিলে মুযরা পাইব না।" অর্থাৎ প্রকৃতির বিরূপ হলেও প্রজাদের রেহাই ছিল না। করার মতে খাজানা প্রেরণ করতে হত। এতে অবশ্য "করার কমী" "খুট বাকী" হিসাবে কিছু কিছু রেহাই দানের ব্যবস্থা ছিল। এইসব বর্জপত্রগুলিতে থাকত মালজামিনদার এবং ইসাদী বা সাক্ষী। পাট্টা গ্রহণকারী কৃষক বা রায়ত খাজানা সরবরাহ না করতে পারলে জামিনদার তা দিতে বাধ্য থাকতেন। তাই দেখা যাচ্ছে এক বা কয়েক বৎসর অন্তর এই করার পাট্টাগুলি পরিবর্তন যোগ্য ছিল। ফলে এই সব করারপাট্টা থেকে সেকালের ভূমি সংক্রান্ত নানাবিধ ব্যবস্থাদির কথা জানা যাচ্ছে। আমাদের সংগ্রহের পাট্টা পত্রগুলির গুরুত্ব এ দিক থেকে যথেষ্ট।

পত্তনিপত্র বা দরপত্তনি কিম্বা দর দরপত্তনিপত্রগুলিও এই প্রসঙ্গে বিশেষ ভূমিকা গ্রহণ করে আছে। এগুলি থেকে সামন্ততান্ত্রিক ব্যবস্থাপনার বিষয়ে নানা কথা জানা

যায়। এগুলি হস্তান্তরকালে চুক্তির সর্তগুলিও বেশ নিখুঁতভাবে লিপিবদ্ধ করা হয়েছে। ক্রমান্বয়ে জমিদার গৃহীত সর্তগুলি আরোপ করে পত্তনি, দরপত্তনি (দুরপত্তনি), দর দর পত্তনি (দূর দূরপত্তনি) দিতেন। এগুলীতে কমী, নাজাই, হাজা যুখা লোকসানি, নদিসীকস্তা, পুলবন্দী, চৌকিদার নিয়োগ, মাস তলবের খাজানা প্রেরণ, সাজ আলের মাহিনা, বাকী খাজনা আদায়, যুদ্ধবিগ্রহে ফৌজের আমদরপ্তী রসদ যোগান; অন্যথায় শাস্তি গ্রহণ ছিল অনিবার্য। এইসব ব্যবস্থাদিতে সাধারণ প্রজাদের উপর ক্রমবর্ধমান আর্থিক দায় দায়িত্ব চাপানোর সংস্থান রয়েছে। এবং জমিদার, তালুকদার, পত্তনিদার দরপত্তনিদার বা মপস্বল দরপত্তনিদার থেকে শুরু করে থানা, চৌকি, নায়েব, গোমস্তার স্বার্থ সংশ্লিষ্ট বিবিধ ব্যবস্থার কাঠামোটি এক নজরে দেখা যায়।

কর্জপত্রগুলি এই সংকলনের এক গুরত্বপূর্ণ বিষয়। কর্জ গ্রহণ ও পরিশোধ এবং তার মধ্যে নানা সর্ত আরোপ; সুদ কোথাও মাসিক কোথাও বার্ষিক; তার জন্য আছে মালজামিনদার। কড়া, পাই, পয়সা, আনা, টাকার অঙ্কে নির্ধারিত হয়েছে সুদ। তেজারতিকর্মে এই কর্জ পরিশোধের নির্দিষ্ট সময়ের জন্য বাঙ্গালা ও ইস্টাম্পকাগজে সাক্ষ্য প্রমাণে ঋণ ও দাদন দেওয়া হয়েছে। সামান্য ক্ষুদ্র কৃষক মজুর থেকে শুরু করে জমিদার বা সমাজের উচ্চশ্রেণীর সকলেরই মহাজনের নিকট লেনদেনের অনেক কথা পাওয়া যাবে। গড়াকাপড় তৈয়ারী জন্য দাদন, গড়াকাপড় কাচার জন্য বা ধোপদুরস্ত করার জন্য দাদন, নীলের কর্মে বিশেষ করে নীলের চাষ, নীলরঙ্গ তৈরী, নীলবড়ি প্রস্তুত, নৌকার মাঝির কাজ, কুঠি নির্মাণ, ইঁট, কাঠ ও চুণ, বহনের জন্য কোঁড়ামজুর সর্দার ও গাড়োয়ান নিয়োগ ইত্যাদি ছাড়াও ধান, চাল গুড় ইত্যাদি দ্রব্য সামগ্রী দিয়ে পরিশোধনার্থে কর্জ গ্রহণ ও পরিশোধের নানা উপায় ও পদ্ধতির কথা বলা হয়েছে। তবে কর্মভিত্তিক বা শ্রমের বিনিময়ে যে সব কর্জ বা দাদন দেওয়া হয়েছে সেগুলি প্রচলিত মজুরীর অপেক্ষা কমে বা নিরাপত্তার খাতিরেই চুক্তি পত্র স্বাক্ষরিত হয়েছে। আর এই সূত্রেই টাকার অনাদায়ে সুরুলের আশানন্দ সরকারের সঙ্গে রায়পুরের ভুবনমোহন সিংহের মকদ্দমা শুরু হয়েছিল ১৮৩১ খৃষ্টাব্দে। এই প্রসঙ্গে আমরা পরে আলোচনা করব এবং আমাদের সংকলনে ১২৩৮ থেকে ১২৪০ বঙ্গাব্দে এগুলি পাওয়া যাবে।

কবুলতিপত্রগুলিতে বিভিন্ন বিষয়ের সমাবেশ হয়েছে এবং একটা বৃহৎ অংশ জমিজমা বিষয় কেন্দ্রিক সেকথা আমার আলোচনা আগেই করেছি। তা সত্ত্বেও জমিদারী ও ব্যবসায়ের ক্ষেত্রে গোমস্তাগিরিকর্মে নিয়োগ সংক্রান্ত কবুলতিপত্র

গুলি নানাদিক থেকে গুরুত্বপূর্ণ; ঈশ্বরপুর, কুর্মিঠা, মস্তলী, বরজোড়া, ও চিতুড়া প্রভৃতি কুঠিতে গড়াখরিদী ও নীলকুঠিতে কাজ করার জন্য গোমস্তা নিয়োগ পত্রগুলি লক্ষনীয়। দায়িত্বপূর্ণ গোমস্তাগিরিকর্মে তাঁদের যথেষ্ট সতর্কতার সঙ্গে কাজ করতে হত। সুন্দর ধোপদার কাপড়, নাতআন, লোকসান আসামীকে দাদন না দেওয়া; নীলের ক্ষেত বা জমি চিহ্নিত করণ; ও জমি আবাদ তরহুদ, বুনান, নিড়ান, ইত্যাদি ছাড়া আসামীর বাকী আদায়; সদরের চুক্তি মাফিক কাজ করা এবং সরকারী হিসাবপত্র ঠিক রাখা ছিল গোমস্তাদের কাজ। এর জন্য পারিশ্রমিক ছিল মায় খোরাক পোশাক সর্বসুধ্যা ৩ টাকা থেকে ৫ টাকার মধ্যে। আর তহবিল তছরূপ বা হিসাবের গড়মিল হলে কিম্বা আদায়ীকৃত অর্থ সদরে জমা না দিলে টাকা প্রতি চার আনা করে মুনফা ধরে জমা দিতে হত। এর জন্য জামিননার থাকতেন। এছাড়া ১২৪০ বঙ্গাব্দের কবুলতিপত্রে বিনদরাম চক্রবর্তীর যাত্রাদল কর্তৃক সুরুলে দুর্গাপূজায় ছয় রাত্রিব্যাপী যাত্রাগান বীরভূমের যাত্রার ইতিহাসে অনেক নতুন সংবাদ জানতে পারে।

আমাদের সংকলনের একরারপত্রগুলি (১২১৭ বঙ্গাব্দ) সেকালের সামন্ততান্ত্রিক শাসন ব্যবস্থায় (Feaudal Administration)-এর স্বরূপটিকে ধরে রেখেছে। সনসত গ্রামের প্রজাদের জমিদারের নায়েব কাছারীতে সমবেত করে একরার করিয়েছেন। এগুলিতে প্রজাদের পরস্পর একরার ও জমিনদার নিযুক্ত করা হয়েছে। এই সব চুক্তিপত্রগুলিতে গ্রামের চুর্সীমার সরহদ্দে চোর, ডাকাত, কঞ্জাকী, ঠক, রাহাজানি, ঘরজ্বালানি খুনি, সবখুনী ও ইস্তাহারী ও বদমাইষ প্রভৃতি যে আছে তাদের হুজুরে চালান করতে হবে। তাছাড়া এই ধরণের সমাজবিরোধীদের আশ্রয় দান, চুরির দ্রব্য ক্রয় ও তাদের প্রশ্রয় দেওয়া ইত্যাদি সরকারীভাবে নিষিদ্ধ করা হয়েছে বীরভূমের মেজিস্ট্রেট সাহেবের তরফে। অন্যথায় যথেষ্ট শাস্তিদানের সংস্থান রয়েছে এইসব একরারপত্রগুলি। তাই সেকালের শাসনব্যবস্থা ও গ্রামজীবনের শান্তি শৃঙ্খলার রক্ষাকবচ হিসাবে ব্যবহৃত হয়েছে একারারনামাগুলি।

বিবাদ বিসম্বাদ ও মামলা মকোদ্দমা বিষয়ক নথিপত্রগুলি এই সংকলনের একটি গুরুত্বপূর্ণ ও মূল্যবান সংগ্রহ। ১২০২ বঙ্গাব্দের দরখাস্ত ও হুকুমনামা; ১২০৩ বঙ্গাব্দের গড়াকাপড়ের ব্যবসাকর্মে সুপুরের কামীতাঁতি ছিদাম পালের সঙ্গে শ্রীনিবাস সরকারের মকোদ্দমার কাহিনী থেকে মাঝে মধ্যে কসবা থানাও সিউড়ীর আদলতে এই প্রসঙ্গে নানা বিবাদ বিসম্বাদ ও নানা আইন কানুনের কথা আছে। ১২০৭ বঙ্গাব্দের ইস্তাহারনামায় ভূমি সংক্রান্ত আইন; ১২২৭ বঙ্গাব্দে বিশ্বনাথ সরকারের দরখাস্তপত্র, ১২৩৪ সালে মোকদ্দমার রোবকার ও হুকুমনামা,

১২৩৮, ১২৩৯, ১২৪০, বঙ্গাব্দে রায়পুরের ভুবনমোহন সিংহের সঙ্গে সুরুলের রামনারায়ণ সরকারের পুত্র আশানন্দ সরকারের মকোদ্দমা কাহিনীটি সেকালের অনেক ঘটনার উত্থান পতনের ইতিহাস ধরে রেখেছে। "আমি পূর্বে আপনকাকে নিবেদন করিয়াছি জে টাকা খরচ করিতে পরিলে এখানে হক নাহক হয় আর নাহক হক হয় ইহা পূর্ব্ব জানাইয়াছি" (পৃ ৫৭৯)। এই উক্তিটি সেকালের বিচার ব্যবস্থার স্বরূপটিকে তুলে ধরেছে। আমাদের সংকলনে এই ধরণের চিঠিপত্রগুলি ঐতিহাসিকের কাছে যথেষ্ট মূল্য দাবী করতে পারে। আমরা এই প্রসঙ্গে ভুবনমোহন সিংহের সঙ্গে আশানন্দের মকোদ্দমার কাহিনীটি স্বতন্ত্র ভাবে আলোচনা করব। তবে এই প্রসঙ্গে সেকালের ভূমি সংক্রান্ত আইনগুলির বিভিন্ন ধারা সম্বন্ধে জানতে পারা জাবে। এছাড়া সাধারণ অপরাধ ও তার বিচার প্রার্থনা তো আছেই।

ব্যবসা-বাণিজ্য বিষয়ক পত্রগুলিতে বীরভূমের উৎপন্ন গড়াকাপড়, চিনি, চাল, নীল ইত্যাদির উৎপাদন ও রপ্তানী বিষয়ক অনেক কথা জানা যায়। এখানে বিদেশী বণিকদের কুঠিগুলি এই উদ্দেশ্যেই গড়ে উঠেছিল। বীরভূমের গড়াকাপড়, চিনি চাল, নীল, বিদেশে রপ্তানী হত। বীরভূমের নীলের সঙ্গে যশোরের নীল, বীরভূমের চিনির সঙ্গে কাশীর চিনির প্রতিযোগিতা চলত। সুরুল সরকারবাড়ি, রায়পুরের সিংহ পরিবার এই ব্যবসা চালাতেন। নদীপথে অজয়, কুয়ে বা কোপাই ও কাটোয়া হয়ে কলিকাতার বন্দরে মাল চালান যেত। এই কাজে বিশেষ করে নৌকার মাঝি-মাল্লা চুক্তির দ্বারা নিযুক্ত থাকত। গড়াকাপড় হতো শুরেষ, মধ্যম, কোরা ও ছোপ দেওয়া, দুই শ্রেণীরই। কোলকাতায় ছিল ফিরিঙ্গী, মারকীন, ফরাসী বণিকদের মুৎসুদ্দীলোক সেখানে বীরভূমের দ্রব্য রপ্তানী হতো। গড়া ঝাড়া দিয়ে ছোপদাস্ত জাচাই করে বিক্রী হত। নীলরঙ্গের গুণাগুণ বিচার করে বাক্সবন্দী করে বিক্রী হত। চালের রপ্তানী মূল্য ছিল মিহি রামসাল চাল ২।০ টাকা মোন। মোটা ছিল ২।০ ২।/০ নয়সিকা; এতে মোন প্রতি ।।০ লভ্যাংশ থাকত। সরকারবাড়ির বিশেষ করে আশানন্দ সরকারের হয়ে কলকাতায় কাজ করতেন গতিনাথ বন্দোপাধ্যায়, রামমোহন মুখোপাধ্যায়, সীবনাথ সিংহ প্রভৃতি। এদের ব্যবসায়িক বুদ্ধিতে এই পরিবারের বিদেশী বণিকদের সঙ্গে ব্যবসা চলত। গড়া, চিনি, নীল ও চালের দাম এবং চাহিদা ও যোগানের ব্যাপারে অনেক ঘটনা লিপিবদ্ধ আছে এইসব পত্রগুলিতে। সেই সঙ্গে টাকা লেনদেনের জন্য ছিল হুণ্ডী ও বেঙ্কনোট।

এই ব্যবসা-বাণিজ্যকর্মে ফিরিঙ্গী মারকীন, ফরাসী, পর্তুগীজ, ডেনমার্ক (ডিনেমার) প্রভৃতি দেশের জাহাজের আসা যাওয়া, জাহাজের বিপদ হওয়া এবং ব্যবসাকর্মে সাহেব ও মুৎসুদ্দিলোকের নাম ও তাঁদের আচরণগুলিও সযত্নে লেখা আছে।

পত্রগুলি ব্যবসাসংক্রান্ত হলেও দেশী ও বিদেশী জিনিষের আমদানী-রপ্তানী ও তাদের দাম ; লোহা, সোনা, তামা, রূপা ইত্যাদি ধাতু ও ধাতুবস্তুর মূল্য এবং কোলকাতায় 'মানি লটারী' খেলার প্রসঙ্গের খবর পাশাপাশি দেওয়া আছে ১২২৯—৩০ বঙ্গাব্দের পত্রগুলিতে। আর মান অভিমানের মধ্যে দিয়ে ব্যক্তির চরিত্রগুলিও অনিবার্যভাবে এই সব পত্রে ফুটে উঠেছে। পত্রগুলি এইজন্য সরস, সাহিত্যমূল্য বিমুক্ত নয়।

আমাদের সংকলনে পত্রগুলি অনেকখানি স্থান করে নিয়েছে। পত্রগুলি একান্ত ব্যক্তিগত ও গোপনীয় থেকে শুরু করে নানা বিষয়ের প্রসঙ্গ এতে রয়েছে। জমিদারের সঙ্গে কর্মচারী, কর্জ গ্রহণ, ব্যবসা-বাণিজ্য ইত্যাদি নানাবিধ কথা এইসব পত্রগুলির মধ্যে রয়েছে। উনিশ শতকের চলমান সমাজজীবনের নানা ঘাত প্রতিঘাতের প্রতিধ্বনি শোনা যাবে এই পত্রগুলির পৃষ্ঠাতে। উত্তমর্ণের সঙ্গে অধমর্ণের ভিক্ত সম্পর্কের কথা, ব্যবসা-বাণিজ্য প্রসঙ্গে একান্ত ব্যক্তিগত ও গার্হস্থ্য জীবনের কথা ; জীবিকার জন্য আবেদন নিবেদন ; ঘরোয়া খুঁটিনাটি, প্রয়োজনীয় জিনিসের বরাতি ও প্রেরণ ; রাস্তাঘাটের বিপদ, পারস্পরিক বিবাদ ও ফড়ে দালালদের আচরণ ; রোগ ব্যাধির ও মহামারীতে মৃত্যুর কথা এবং সেইসঙ্গে মান অপমানের প্রশ্নতো আছেই। তাই পত্রগুলি সেদিক থেকে যথেষ্ট গুরুত্বপূর্ণ এবং পত্রের ভাষাও রসাল ; কোথাও সংস্কৃত, কোথাও আরবী, পার্সী ও দেশজ উপভাষা বিভাষায় রচিত ; ফলে ব্যক্তি চরিত্র ও স্বাতন্ত্র্যকে বজায় রেখেছে পত্রগুলির উপমা ও রচনারীতি। আর ইংরেজি শব্দের বিকৃত প্রয়োগ এবং গালিগালাজগুলি যথেষ্ট রসসিক্ত করে সংকলনের তুলেছে পত্রগুলিকে।

॥ মহর্ষির শান্তিনিকেতন ॥

এবারে উনিশ শতকের প্রথমার্ধের কথা বলছি,—তখন সুরুলের রামনারায়ণ সরকারের কনিষ্ঠ পুত্র আশানন্দ সরকার তাঁদের পরিবারের ঐতিহ্যকে অনুসরণ করে গড়াকাপড়, চিনি, চাল, নীল ইত্যাদির চাষ ও ব্যবসা শুরু করেন। এই উপলক্ষে তিনি রায়পুরের জমিদার ভুবনমোহন সিংহের নিকট ১০ হাজার টাকা কর্জ গ্রহণ করেন ১২৩১ সালের ৭ই বৈশাখ। দফায় দফায় ১২৩৬ সালের চৈত্র মাস নাগাদ ৭৪৯৭ টাকা শোধ দেন। বাকী ২৫০৩ টাকা এবং তার সুদ ও ১২৩৮ সালের ২০ শে জৈষ্ঠ্য নাগাদ "ওয়াশীলের হোকাসবন্দী সুরত" ৩৭৪৪৶১০ এবং আসল সুদের বাকী সহ সর্বমোট ৬১৪৭।৶১০ পাওনার দাবীতে ভুবনবাবু কসবা থানার মুনসেফের নিকট আবেদন করেন। পরে তা সিউড়ী ও কোলকাতায়

বিচারের জন্য প্রেরণ করা হয়; এবং ভুবনবাবুর জয়লাভ করেন। এই ৪৬৪ নং মোকদ্দমাতে কোলকাতার রেটরী সাহেবের আদালতে ডিগিরিজারি রদ করার আবেদন করেন আশানন্দ সরকার ১২৪০ বঙ্গাব্দে; এবং জামিন প্রার্থনা করেন। কিন্তু রায়পুরের ভুবনবাবু ডিগরি জারি করতে সমর্থ হন। এবং এই মোকদ্দমায় রায়পুরের পক্ষে তদবির করেন 'তরফদানির ভ্যাতুষ্পুত্র' অর্থাৎ ভুবনমোহন সিংহের ভ্রাতুষ্পুত্র অর্থাৎ মনোমোহন সিংহের মধ্যম পুত্র শ্রীকণ্ঠ সিংহ ও তাঁর অগ্রজ নীলকণ্ঠ সিংহ, মোক্তার পবন ঘোষাল, বর্ধমান জেলার রামনগর নিবাসী রাধামোহন মিত্র প্রমুখ। অন্যদিকে আশানন্দের পক্ষে ছিলেন বীরভূমের বঙ্গছত্র নিবাসী মোক্তার দিননাথ সরকার, রামকৃষ্ণ দাস, দৈবকীনন্দন কোঙর, পরেশনাথ শর্মা। "রায়পুর নিবাসীদের" ডিগিরি পাওয়ার পর সুরুলের সরকার পক্ষ "শ্রীযুক্ত বাবু প্রসন্নকুমার ঠাকুর ও শ্রীযুৎ রাজা শ্যামাপ্রসাদ নন্দীদিগরের মোক্তার"-এর সাহায্য নিয়েছিলেন ডিগরিজারি রদ করতে, কিন্তু শেষ রক্ষা হয়নি। ক্রোকের সম্পত্তি ভুবনবাবুর ভ্রাতুষ্পুত্র শ্রীকণ্ঠ সিংহ ও সুপুরের হরিশ্চন্দ্র রায় আশানন্দের অংশ লাট কৃষ্ণনগর [সুরুল] লাট নোহনা ও লাট কোপার ৵৪ তাঁরা ক্রয় করেন। উভয় পক্ষের বিবাদীয় নথিপত্রগুলি আমাদের সংকলনে ১২৩৮-১২৪০ বঙ্গাব্দের মধ্যে পাওয়া যাবে।

আমাদের নথিপত্রের এই ঘটনাটিতে শ্রীকণ্ঠ সিংহ মহাশয়কে পাওয়া গেছে যিনি ১৮৩৩-৩৪ খৃষ্টাব্দে জ্যেষ্ঠতাত ভুবনমোহন সিংহের পক্ষে বারবার কোলকাতায় গিয়ে এই মকোদ্দমার তদবির করেছিলেন এবং ডিগরিজারি করতে সমর্থ হন। এই মকোদ্দমায় রায়পুরের পক্ষে তিনি অধিক টাকা খরচ করেন ও কোলকাতায় তাবৎ মাতব্বর লোকেদের সঙ্গে পরিচিতও হন। ফলে শ্রীকণ্ঠ সিংহ মহাশয়ের নিকট কোলকাতা সে সময় বেশ ভালোভাবেই পরিচিত ছিল; পরিচিত ছিল কোলকাতার বিচারালয় ও আইনবিদগণ। আমাদের ১২৪০ বঙ্গাব্দের নথিপত্রে তার উল্লেখ রয়েছে।

অতএব শ্রীকণ্ঠবাবু সরকারবাড়ির বা আশানন্দের বিরুদ্ধে যথেষ্ট পরিশ্রমও তদবির করেছিলেন ডিগরি জারি করাতে; এবং তাঁর বৈষয়িক জ্ঞানেরও যথেষ্ট প্রমাণ পাচ্ছি এইসব ঘটনায়; অথচ এই শ্রীকণ্ঠ সিংহ মহাশয়ের প্রতিষ্ঠিত যে চরিত্র আমরা জীবনস্মৃতি বা মহর্ষির পত্রাবলীতে পাই তা একেবারে স্বতন্ত্র। রবীন্দ্রনাথ বলেছেন "বৃদ্ধ একেবারে সুপক্ক বোম্বাই আমটির মতো- অম্লরসের আভাস মাত্র বর্জিত- তাঁহার স্বভাবের কোথাও এতটুকু আঁশাও ছিল না।··· তিনি সেকালের ফারসি পড়া রসিক মানুষ, ইংরেজির কোন ধার ধারিতেন না। তাঁহার বামপার্শ্বের নিত্যসঙ্গিনী ছিল একটি গড়গড়ি; কোলেকোলে

সর্বদাই ফিরিত একটি সেতার এবং কণ্ঠে গানের আর বিশ্রাম ছিল না।" ...ইত্যাদি।

মহর্ষির পত্রাবলীতে দেখা যায় তিনি রাজনারায়ণ বসু, বেচারাম চট্টোপাধ্যায়ের মতো শ্রীকণ্ঠ সিংহ মহাশয়কে কি গভীরভাবে ভালো বাসতেন, এবং তাঁর সঙ্গে কি প্রগাঢ় বন্ধুত্ব ছিল। মাঘোৎসবের দিন মহর্ষি ও শ্রীকণ্ঠ সিংহ মহাশয় জোড়াসাঁকোর ঠাকুরবাড়িতে হাত ধরাধরি করে উন্মত্ত প্রায় হয়ে 'ব্রহ্ম কৃপাহি কেবলম্' গান করা; ব্রাহ্মসম্মিলনের সভায় উভয়ে হাত ধরাধরি করে "পুত্রপুঞ্জেন যদি প্রেমধনং কোহপি লভেৎ তস্য তুচ্ছ সকলং" বলে নৃত্য করা ছাড়াও মহর্ষি যাঁকে বলতেন 'শান্তিনিকেতনের বুলবুল'; এবং যাঁর সাহচর্যে রায়পুরের পুষ্পকাননে মধুর প্রেম আস্বাদন করতেন তিনি; ও যাঁর বিরহে শান্তিনিকেতন নিস্তব্ধ থাকত, এবং মহর্ষি যাঁর কণ্ঠে গান শুনে তৃপ্ত হতেন; সেই শ্রীকণ্ঠ সিংহের সঙ্গে তাঁর আধ্যাত্মিক জীবনের গভীর সম্পর্ক গড়ে উঠেছিল। পরে ত ব্যক্তিগত থেকে পারিবারিক জীবনকেও স্পর্শ করেছিল। কিন্তু নথিপত্রে সেই শ্রীকণ্ঠ সিংহের পরিচয় সম্পূর্ণ ভিন্ন কাটিতে বাঁধা। ফলে আমাদের কৌতূহল ও জিজ্ঞাসা রায়পুরের সিংহপরিবারের জমিদারীর অধীনস্থ বর্তমান শান্তিনিকেতনে যে মহর্ষি আশ্রম প্রতিষ্ঠা করেছিলেন তার ইতিবৃত্ত এযাবৎ পণ্ডিতমণ্ডলী যা জানিয়েছেন বা লিখে গেছেন তা কতখানি তথ্যনিষ্ঠ? অবশ্য এই প্রশ্নের উত্তর দেবার চেষ্টা করেছি আমার "সুরুল সরকারবাড়ি ও মহর্ষির শান্তিনিকেতন গ্রন্থে।

কারণ রবীন্দ্রভবনে সংরক্ষিত জমিদার প্রতাপনারায়ণ সিংহদিগর কর্তৃক মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুরকে ১২৬৯ বঙ্গাব্দের ১৮ই ফাল্গুন বা ১৮৬৩ খৃষ্টাব্দের মার্চ মাসে প্রদত্ত পাট্টা পত্রে উল্লিখিত,—

"তপশীল চৌহদ্দী—

বান্দের উত্তরাংশে শান্তীনীকেতন বান্দের উত্তরাংশে শান্তিনিকেতননামা গৃহের চতুপার্শের মধ্যে ২০ বিঘা"

এবং আমাদের সংকলনের নথির ঘটনার তাৎপর্যকে যদি সঙ্গতির সূত্রে গাঁথা যায় তাহলে মহর্ষির শান্তিনিকেতনের সৃষ্টিপর্বের যথার্থ ইতিহাস রচিত হতে পারে। মহর্ষির রায়পুর আগমন, বীরভূমের সঙ্গে কোলকাতার যোগাযোগ, শ্রীকণ্ঠ সিংহের মকোদ্দমা পরিচালনায় কোলকাতার মাতব্বর ব্যক্তিদের সাহায্য গ্রহণ, এবং প্রসন্নকুমার ঠাকুর ও দ্বারকানাথ ঠাকুরের আইনব্যবসা এবং পরবর্তীক্ষেত্রে ১৮৫৮ খৃষ্টাব্দে মহর্ষির নিকট দীক্ষিত হয়ে প্রতাপনারায়ণ সিংহের ব্রাহ্মধর্মের প্রতি অনুরাগ ইত্যাদি ঘটনায় আমাদের মনে হয়েছে, শান্তিনিকেতনে মহর্ষির আশ্রম প্রতিষ্ঠার

ইতিহাস আজও যথার্থভাবে রচিত হয়নি। তাই আমাদের পূর্বোক্ত গ্রন্থে বিস্তৃত আলোচনা করেছি, কিভাবে এবং কোন ঘটনার সূত্রে মহর্ষি স্থানটি পাট্টা গ্রহণ করে আশ্রম প্রতিষ্ঠা করলেন। এবং শান্তিনিকেতনের নামকরণ ইত্যাদির পশ্চাতে অবদান বা অনুপ্রেরণা ছিল কোন ব্যক্তির? নথিপত্রের তথ্যালোকে এবং সে কালের কোলকাতার ঘটনা পর্যালোচনা করে আমরা এর উত্তর দেবার চেষ্টাও করেছি। এর যথার্থ্য বিচার করবেন বিদগ্ধমণ্ডলী।

যাইহোক গ্রন্থটি প্রকাশিত হলেও এর প্রতিবন্ধক ছিল সময়ের সংক্ষিপ্ততা; ফলে নথিপত্রের দুরূহ পাঠোদ্ধারে এবং নির্ঘণ্ট প্রস্তুতে আমরা যথেষ্ট সময় দিতে পারিনি; বিশেষতঃ যেখানে গ্রন্থের কলেবর নিতান্ত কম নয়। তাই এইসব ব্যাপারে যথেষ্ট ভুল থাকারই কথা। সূচীপত্র দেওয়া হল না, ভূমি সংক্রান্ত আইনের ব্যাখ্যা সময় অভাবে দিতে পারা যায় নি। এছাড়া অন্যান্য খুঁটিনাটি ভুলভ্রান্তি থেকেই গেছে, তারজন্য মার্জনা প্রার্থী; সংশোধনের জন্য যাঁরা আমাদের উপদেশ দিয়ে সাহায্য করবেন তাঁদের নিকট কৃতজ্ঞ থাকব।

গ্রন্থের সম্পাদকমণ্ডলী যাঁরা, তাঁরা আমার পূজনীয় অধ্যাপক; তাঁদের উপদেশ পালন করতে চেষ্টা করেছি। সহকর্মী জগন্নাথ গাঙ্গুলী ও দীনবন্ধু ঘোষ এ কাজে অকৃপণ সাহায্য করেছেন। তাঁদের এই সাহায্য অপরিহার্য ছিল। তথাপি শ্রীদুর্গা প্রেসের শ্রীশিবপ্রসাদ শর্মা ও তাঁর সহকর্মীদের নিরলস পরিশ্রমে যেভাবে গ্রন্থটি প্রকাশিত হলো এর জন্য তাঁদের নিকট কৃতজ্ঞ। এঁদের সার্বিক প্রচেষ্টায় 'মুকুল-নথি-সংকলন প্রথম খণ্ড', গবেষক ও বিদগ্ধমণ্ডলীর করকমলে অর্পিত হল।

শুভ শ্রীপঞ্চমী ১৩৮৯
বাংলা বিভাগ
বিশ্বভারতী

নিবেদক
শ্রীবুদ্ধদেব আচার্য



হুকুমনামা। সন ১১৫৮ বঙ্গাব্দ

মু. ন. স.—পৃ. ১

সকুল-নথি-সংকলন

॥ ১ ॥

হুকুমনামা (১১৫৮ সাল)। পত্র. ১

৪ দাগে / শ্রীআ··

হুকুম শ্রীযুত রাজা সাহেব জিউ—

বদিউজ্জমা
বন্দেয় দরগা
১১২০

ইজ্জত আসাব দেবিচরন বানজ্যা সীকদার ও ইং কিঙ্কর চৌধরী কারকুন যুচরিতেষু —আগে কৃষ্ণনগরের প্রিতরাম বানজ্যা আরজী হইলা জাহির করিলেন জে মৌজে মজকুর চক রষুলপুরে জমা খারিজ বঞ্জর ৭ সাত বিঘা জমী আমাকে হকুম হয় তবে একটী বাগীচা লাগাঞা ভোগ করিয় ইহার জেমত হকুম হয় অতয়েব কৃষ্ণনগরের সামীল চক রষুল ও গোপালপুরের মধ্যে জমা খারিজ বঞ্জর ৭ সাত বিঘা বানজ্যা মজকুরকে হকুম করিল নিসাদা করিঞা দিহ জেন বাগীচা লাগাঞা ভোগ করেন—বাগীচার সেলামী ২ দুই টাকা দিলেন জান মাহাম্মদ খাজাকীর হোবা দাজা হইল পং রূহবরো মো আমীনাবাজার ইতি সন ১১৫৮ সাল তা ২৫ ভাদ্র—

॥ ২ ॥

হিসাব (১১৭৬ সন)। প. ১

মৌজা : সনসত : ষুলতান বেগ, গএষ মামুদ, নারান সর্ম্মা গং।

॥ ৩ ॥

হিসাব (১১৮১ সাল)। প. ১

মৌজা : কৃষ্ণনগর। লোচন দাস, কৃপারাম দাস, বৃন্দাবন রক্ষিত গং মুষহাত জব্দ জমীর হিসাব।

॥ ৪ ॥

হিসাব (১১৮২ সন)। প. ১৬

মৌজা : কৃষ্ণনগর : শ্রীকান্ত ভট্টাচার্য্য, সনাতন ঘোষ, গকুল ভট্টাচার্য গং মুসহাত জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব। জীর্ণ কীটদষ্ট ও জমাটবাঁধা।

॥ ৫ ॥

আরজী ও হুকুমনামা। (১১৮৩ সন)। প. ১

৺শ্রীশ্রীকৃষ্ণঃ

হুকুম বনাম—

পরগনে আলিনগর ও পরগনে বারবকসীংহ ও তালুক যুপুর জঙ্গলের এতমামদার

সাকীম বড়কুটীর শ্রীবাহাদুর সীংহ তোমার তরফ গোমাস্তা শ্রীগোলক রায় আরজীতে বেওরা ওয়াকিব হইবে ফরিআদি মৌজে রামচন্দ্রপুরের মৌজে আদিত্যপুরে ও তালতরিফ গোয়ালপাড়া ও কমলাকান্তপুর ও লোহাগরি ও কৃষ্ণনগর ও বল্লবপুর ও কাসিমনগর ও বলুপুর—শ্রীদুর্ল'ভ ঘোষ ও ব্রজ ঘোষ দীগরে এই সকল সিমানাতে জঙ্গল রাখ করিয়া গরু চরাইতে দায়না মাঘনমত গরু চরাইতেছে দরিরাখ হইবেক না গরু চরাই আটক না করিবা পুনছ নালিষ না হয় ইতি সন ১১৮৩ সাল তারিখ ২৯ ভাদ্র বএা—

ছাদ / মহুর

পরগনে আলিনগর ও পরগনে বারবকসীংহ ও তালুক যুপুর ও মৌজে আদিত্য-

মৌজে রামচন্দ্রপুর মৌজে তালতরি মৌজে লোহাগড় মৌজে বল্লবপুর মৌজে গোয়ালপাড়া মৌজে কোমলাকান্তপুর মৌজে কৃষ্ণনগর মৌজে কাসিমনগড় মৌজে বলুপুরের শ্রীদুর্লভ ঘোষ ও ব্রজ ঘোষ দীগরের আরজ নিবেদন বোনজঙ্গলের মর্দ্দে মাঘনমত গরু চরাই করিআ আসিতেছি মাঘনমত গোপমাহালের জমা দিতেছী সাকীম বড়কুটীর শ্রীবাহাদুর সীংহ তাহার তরফ গোমাস্তা সাকিম গোয়ালপাড়ার শ্রীগোলক রায় জঙ্গল রাখ করিয়া আমাদিগের সকল গ্রেমের গরু চরাই করিতে দেয়ওনা আমরা মাঘনমত গরু চরাইতে পাই না পাই তবে গোপমাহালের জমা খারিজ পাই ইহার জেমত হুকুম হয় ইতা আরজ নিবেদন করিল ইতি সন ১১৮৩ সাল তারিখ ২৯ ভাদ্র—

কীটদষ্ট

॥ ৬ ॥

হিসাব (১১৮৬ সন। প. ৮

তালিকা গহনার। তেনরী, বাঁক, জীজীর, পাচা, আটবাঁকু, টাড়, গটা, কর্ণভুসন, মালা ই. গহনার নাম ও দাম। রামনাথ, বৈষ্ণনাথ গং। সন ১১৮৬ সাল তারিখ ২৪শে অগ্রহায়ন। কাঞ্চনথাল, ঝারি, টুকুনা, অমৃতি ই. তৈজসপত্রের তালিকা। ১৭৩ টাকা ২ আনার হিসাবপত্র। গহনা তছরূপ ও বণ্টন ব্যবস্থায় সর্ত আরোপ।

কীটদষ্ট জীর্ণ।

॥ ৭ ॥

হিসাব (১১৮৭ সন)। প. ৫৪

মৌজা কৃষ্ণনগর। মুসাহাত রায়তি জমির পরিমাণ, বিবরণ ও হিসাব। যুকদেব মণ্ডল, বিজয়রাম, বলরাম ধোবা, স্বরূপ মণ্ডল গং।

জীর্ণ, কীটদষ্ট, জমাটবাঁধা।

॥ ৮ ॥

হিসাব (১১৯৩ সন)। প. ৩

মৌজা : প্রতাপুর। অভিরাম ঘোষ, কানাই ঘোষ গং রায়তি জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব।

কীটদষ্ট

॥ ৯ ॥

হিসাব (১১৯৩ সন)।

মৌজা : সোমসা পরগনে সাবেক মোড়েশ্বর সন ১১৯৩। কাসিনাথ ঘোষ, রামকান্ত গোপ গং মযহাত জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব।

জীর্ণ কীটদষ্ট ও জমাটবাঁধা।

॥ ১০ ॥

হিসাব (১১৯৩ সন)। প. ১। [মৌজার নাম তুম্পাহা]

মৌজা ...। সৈদ গোলাম ... কাবিল মামুদ গং জব্দ জমিজমার হিসাব।

জীর্ণ কীটদষ্ট।

॥ ১১ ॥

হিসাব (১১৯৩ সন)। প. ২৩

মৌজা : দিগ্বুই। গোপী পাল, বৈদ্যনাথ পাল গং মযহাত জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব।

জীর্ণ কীটদষ্ট।

॥ ১২ ॥

হিসাব (১১৯৩ সন)। প. ২৩।

মৌজা কাসিমনগর। সেখ হট্ট, ভাগবত গোয়ালা গং মসহাত জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব।

জীর্ণ কীটদষ্ট ও জমাটবাঁধা।

॥ ১৩ ॥

হিসাব (১১৯৩ সন)। প. ৬১।

মৌজা : বোলপুর। বিশ্বনাথ সর্মা, জগন্নাথ চক্রবর্তী সন ১১৮৮ সালের পতিত। আজমত খাঁ গং মসহাত জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব।

জীর্ণ কীটদষ্ট ও জমাটবাঁধা।

॥ ১৪ ॥

হিসাব (১১৯৩ সন)। প. ১৫০।

মৌজা : কৃষ্ণনগর। গরিয়া আটপহরি (কোটাল), বন্দিয়া আটপহরি, কানাই নাএক, নন্দ বাদ্যকার গং একোয়াল জব্দ জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব।

জীর্ণ কীটদষ্ট ও কিছু কিছু অংশ জমাটবাঁধা।

॥ ১৫ ॥

হিসাব (১১৯৩ সন)। প. ৩০।

মৌজা : সেড়াদী। গঙ্গাধর বানজ্যা, রামহরি ঘোষ গং মসহাত, খয়রাত জমি-জমার বিবরণ ও খাজনাদির হিসাব।

জীর্ণ কীটদষ্ট।

॥ ১৬ ॥

হিসাব (১১৯৩ সন)। প. ৪৭।

মৌজা : সনসত। কাবিল মামুদ চৌধরী, জাইদ মোল্লা গং মসহাত, জব্দ জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব।

জীর্ণ কীটদষ্ট। কিছু কিছু অংশ জমাটবাঁধা।

॥ ১৭ ॥

হিসাব (১১৯৩ সন)। প. ৪।

মৌজা : কোপা। রাধাকান্ত মণ্ডল, জয়দেব মণ্ডল গং মসহাত জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব।

জীর্ণ কীটদষ্ট ও জমাটবাঁধা।

॥ ১৮ ॥

হিসাব (১১৯৪ সন)। প. ২।

মৌজা : বোনমালতী। জমাবন্দী পোতা। মোহন গোপ, সরূপ গোপ গং।

॥ ১৯ ॥

হিসাব (১১৯৫ সন)। প. ১৩।

মৌজা : শোনশত। জয়মন্দী চৌধুরী, ফজর মালিক, প্রশাদ সৌ গং হিশাব বাকী রায়তি দরুণ মেনাহতী সাবিশেম জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব।

জীর্ণ কীটদষ্ট

॥ ২০ ॥

হিসাব (১১৯৫ সন)। প. ১।

মৌজা : রামকান্তপুর। হিসাবপত্র।

॥ ২১ ॥

হিসাব (১১৯৫ সন)। প. ৭১।

মৌজা : মিজ্জাপুর। কৃষ্ণ মণ্ডল, নারায়ন মণ্ডল, দুর্লভ মণ্ডল গং। জমা ওয়াসিল বাকী।

জীর্ণ জমাটবাঁধা।

॥ ২২ ॥

হিসাব (১১৯৫ সন)। প. ১৫।

মৌজা নান্দড়া : তেক পাল, রাজাধর মদক, সেখ মিতু গং অজবর গাজী জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব।

জীর্ণ কীটদষ্ট।

॥ ২৩ ॥

হিসাব (১১৯৬ সন)।

মৌজা : কৃষ্ণনগর। বিপ্রমহল—গোলকনাথ ভট্টাচার্য, সর্বেশ্বর ভট্টাচার্য গং জমি-জমার বিবরণ ও খাজনাদির হিসাব।

জীর্ণ জমাটবাঁধা।

॥ ২৪ ॥

হিসাব (১১৯৬ সন)। প. ২২।

মৌজা : সোমসা। হিসাব বাকীপোতা। শ্রীকান্ত গোপ, হরি গোপ গং। জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব।

॥ ২৫ ॥

হিসাব (১১৯৯ সন)। প. ১।

মৌজা : সেড়াদী। নারায়ণ সেন। সালী সেম জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব।

জীর্ণ ও ছিন্ন।

॥ ২৬ ॥

হিসাব (১১৯৯ সন)। প. ১৭।

মৌজা : দিগঘুই। রঘুনাথ গোপ, বলাই গোপ, গোলক গোপ গং একোয়াল জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব।

॥ ২৭ ॥

হিসাব (১১৯৯ সন)। প. ৮৬।

মৌজা : নান্দরা। খোসাল পাল, গকুলচন্দ্র সম্মা, সেখ মিতু গং একোয়াল, সাবেক পতিত, নমুদার জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব।

জীর্ণ কীটদষ্ট এবং জমাটবাঁধা।

॥ ২৮ ॥

হিসাব (১১৯৯ সন)। প. ১।

মৌজা : কোপা। মসহাত জমিজমার বিবরণ ও হিসাব।

জীর্ণ কীটদষ্ট।

॥ ২৯ ॥

হিসাব (১১৯৯ সন)। প. ২০।

মৌজা : কৃষ্ণনগর। লক্ষ্মণ ভট্টাচার্য, সর্বেশ্বর ভট্টাচার্য, পরেশনাথ বাসুজ্যা গং। জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব।

জীর্ণ কীটদষ্ট।

॥ ৩০ ॥

হিসাব (১১৯৯ সন)।

মৌজা : মোনহরপুর। কেসব গোপ, ভাগবত রায় গং। জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব।

জীর্ণ কীটদষ্ট এবং জমাটবাঁধা।

॥ ৩১ ।

হিসাব (১১৯৯ সন)। প. ৯।

মৌজা : বোনমালডী। রামকান্ত গোপ, লোচন গোপ গং। নমুদার জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব।

জীর্ণ জমাটবাঁধা।

॥ ৩২ ॥

হিসাব (১১৯৯ সন)। প. ২৫।

মৌজা : চক-জগন্নাথপুর রামদাব বৈরাগ্য, গদাধর দাষ গং। একোওাল জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব।

জীর্ণ কীটদষ্ট ও কিছু অংশ জমাটবাঁধা।

॥ ৩৩ ॥

হিসাব (১১৯৯ সন)। প. ৪। [মৌজা আমধারা ইত্যাদি]

জবাবী : পতিত খামার, সম্ভু মুচি, নবন মীর, শেখ জাকীর।

জোত—আমধারা, ভবানিপুর, শেড়াদী। জোত—আমধারা, গকুল দত্ত

জোত—ভবানিপুর—পর্দলোচন চক্রবর্তী—শোনাতন শর

একোয়াল জমী জমুলা, পতিত, সালি, সোম জমিজমার বিবরণ ও হিসাব।

জীর্ণ কীটদষ্ট।

॥ ৩৪ ॥

খরিদিগী পত্র (১১৯৯ সন) প. ১

৭শ্রীশ্রীহরিঃ।— শরণং।—

স্বাঃ শ্রীবিষ্ণুচন্দ্র শর্ম্মা

শ্রীকালীচান্দ শর্ম্মা ন্যায়ালঙ্কার, শ্রীগোলোকনাথ ভট্টাচার্য্য

শ্রীনফর ভট্টাচার্য্য, শ্রীপার্ব্বতিচরণ সর্ম্মা

সাং সুরুল

ইয়াদিকিদ্দ সকল মঙ্গলালয় বাগীচার জমি খরদিগিকারক শ্রীব্রজবল্লভ ঘোষ সরকার ওলদে ৺জাদবেন্দ্র ঘোষ সরকার ইবনে ৺কৃষ্ণহরি ঘোষ।— সচ্চরিতেষু।— লিখিতং শ্রীবিষ্ণুরাম সিদ্ধান্ত ও শ্রীকেলাচান্দ সর্ম্মা ন্যায়লঙ্কার ও শ্রীগোলকনাথ ভট্টাচার্য্য ও শ্রীনফর ভট্টাচার্য্য ও শ্রীপার্ব্বতিচরণ মুখোপাধ্যায় খরদিগীদাদা-পত্রমিদং লিখনং কাজাঞ্চাগে পরগনে বারবকসিংহ মৌজে যুকলী নিজ গায়ে কলা-পুখরের পাহাড় গোড়া সলোয়াতি পতিত ফকীর ভট্টাচার্য্য দরুণ দো পতিত ১। এক বিঘা পাচ কাঠা কানু মুখজ্যা দরুণ দো পতিত ১। এক বিঘা পাচ কাঠা একুনে ২৷৹ দুই বিঘা দস কাঠা জমী আমাদ্দের বাগীচা কারণ বিরভূমে শ্রীযুত মহারাজা সাহেব নিকট সন ১১৭৫ সালে ১ বৈসাখে ২৫ দাগে ৺কৃষ্ণচন্দ্র ভট্টাচার্য্য পরওনা করিয়াছিলেন এ জমী আমরা আবাদ করিয়া বাগিচা লাগাইতে পারিলাম না এবং আবাদ তরদুদ আমাদির্গে হইতে পারে না এ কারণ এই ২৷৹ দুই বিঘা দস কাঠা বাগীচার পতিত জমি আমরা সকলে মেৎস্যাপুর্ব্বক মবলগে সিক্কা পএণ ১৪ চৌদ্দ টাকা দস্তবদস্ত লইয়া হুযুরের পরওানা সমেত জমি ২৷৹ বিঘা তোমাকে বিক্রয় করিলাম দান বিক্রয় সর্ত্ত তোমার আমাদ্দের সহিত কোনো এলাকা ন'ই কালকালাও আমরা আমাদ্দের পুত্র পৌত্রাদী ওয়ারিস ওয়ারিসান কখন কেহো দাওা করে সে ঝুটা এতদর্থে টাকা লইয়া বাগিচার জমি খরিদিগিপত্র দিলাম ইতি সন ১১৯৯। —এগার সও নিনানব্বই সাল তারিখ—১ পহিলা আশাঢ়—

[খ ইসাদী—

শ্রীগোলাবচন্দ্র দাস
সাং সিহালাই
পঃ ভ্রকুণ্ডা

শ্রীসরূপ দত্ত
সাং যুরুলী

শ্রীজগতদুর্ল'ভ দেবশর্ম্মণঃ
সাং যুরুলি

শ্রীস্বরূপচন্দ্র ঘোষ
সাং যুরুলী

শ্রী[লক্ষ্মীকা]ন্ত ভট্টাচার্য্য
সাং [যুরুলী]

কীটদষ্ট

॥ ৩৫ ॥

খরিদিগী পত্র (১১৯৯ সন) : প. ১

৭শ্রীশ্রীহরিঃ ।— শরণং :—

স্বাঃ শ্রীলক্ষ্মীকান্ত শর্ম্মা
সাকিম সুরুল—

ইয়াদিকিদ্দ সকল মঙ্গলালয় বাগীচার জমি খরদিগিকারক শ্রীব্রজবল্লভ ঘোষ সরকার ওলদে ৺জাদবেন্দ্র ঘোষ সরকার ইবনে ৺কৃষ্ণহরি ঘোষ সর্চ্চরিতেষু । —

লিখিতং শ্রীলক্ষ্মীকান্ত সর্ম্মা ভট্টাচার্য্য খরদিগিদাদা পত্র মিদং লিখনং কার্য্যাঞ্চাগে পরগনে বারবকসিংহ মৌজে যুরুলের কলাপুষ্করী পুর্ব্বপাহাড় গোড়া নাগাদী সন ১১৭৪ সালের সলোয়াতি পতিত ২/ দুই বিঘা জমী ৺ঘনরাম ভট্টাচার্য্য বির-ভুমের শ্রীযুত মহারাজা সাহেব নিকট সন ১১৭৬ এগার সও ছেয়া[ত্ত] সালে ৯ নয়ই মাঘে ২৩ তেইষ দাগে ফুলবাগিচার কারণ সনন্দ করিয়াছিলেন আমারা তাহার আবাদ তরদ্দ ফুলবাগীচা লাগাইতে পারিলাম না একারণ এই ২/ দুই বিঘা জমি তোমাকে মবলগে পএন সিক্কা ৭ টাকা দস্তবদস্ত লইয়া হুযুরের সনন্দ সমেত সেংস্থাপুর্ব্বক বিক্রয় করিলাম দান বিক্রয় সর্ত্ত তোমার আমাদের সহিত কোনো এলাকা নাই কালকালাও আমী আমার পুত্র পোত্রাদী ওয়ারিস ওয়ারিসান কখন কেহো দাওা করে সে ঝুটা এতদর্থে টাকা লইয়া বাগীচার জমি খরদিগি দিলাম ইতি সন ১১৯৯ এগার সও নিনানব্বই সাল তারিখ—৩ তেষরা আশাঢ়

[খ ইসাদ—

শ্রীগোলাবচন্দ্র দাস
সাং সিহালাই
পং ভ্রকুণ্ডা

শ্রীসোভারাম মিত্রী
সাং বরাড়ী

শ্রীসরূপ দত্ত
সাং যুরুলী

শ্রীজগদুর্ল'ভ দেবসর্ম্মন
সাং যুরুলি

শ্রীসরূপচন্দ্র ঘোষ
সাং যুরুল

শ্রীনকর ভট্টাচার্য্য
সাং যু[রু]লী

শ্রী.....চন্দ্র শর্ম্মা
সাং .....

শ্রীকালাচান্দ শর্ম্মা
সাং যুরুলী

শ্রীগোলোকনাথ দেবশর্ম্মা
সাং যুরুলী

কীটদষ্ট ।

॥ ৩৬ ॥

হিসাব (১২০০ সন)। প. ২

মৌজা : নান্নুবাজার। ধরনী দত্ত, গোলাম দাস, কৃষ্ণপ্রসাদ দত্ত, নরহরি দাস, কিশোর দাস গং। ধান্যকুত খরচা জমার।

॥ ৩৭ ॥

হিসাব (১২০১ সন)। প. ১১।

মৌজা : মনোহরপুর। গোপমহল চৈতন ঘোষ, আজীজ খাদিম, সাহেবরাম ঘোষ গং হিসাব বাকী জায়।

জীর্ণ কীটদষ্ট।

॥ ৩৮ ॥

হিসাব (১২০১ সন)। প. ২১।

মৌজা : সেড়ান্দী। উত্তম পাল, গিরিধর হালদার, গোবিন্দ ঘোষ গং। হিসাব বাকীপোতা।

জীর্ণ কীটদষ্ট। জমাটবাঁধা।

॥ ৩৯ ॥

হিসাব (১২০১ সন)। প. ১৮।

মৌজা : দিগষুই। পতিত, ওমারিষ পুষ্করিণ, চাকরান, খোদকস্তা, পাইকস্তা। চৌনিবাষ গোপ, শ্রীধর গোপ, রামাচরন পাল গং জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব।

জীর্ণ কীটদষ্ট।

॥ ৪০ ॥

হিসাব (১২০১ সন)।

মৌজা : কৃষ্ণনগর। মানিক নাএক, লাওসেন মোদক, কালিচরন রায় গং হিসাব বাকীপোতা পাতোড়া।

জীর্ণ জমাটবাঁধা।


॥ ৪১ ॥

হিসাব (১২০১ সন)। প. ২৫।

মৌজা : সনসত্ত। ঘনোরাম বিশ্বাষ, বলাই হাজরা, বাহারাম সর গং মসহাত জব্দ জমী, তেরিজ জমা, হস্তবুদ, হিসাব বাকী।

জীর্ণ জমাটবাঁধা।

॥ ৪২ ॥



একজায় জমা—হস্তবুদ (১২০১ সং)। প. ১৫।

৺শ্রীহরি। সন ১২০১ তাং পুরন্দরপুর

তালুক পুরন্দরপুর। গাঙ্গপুর

জের জমা—বেলাবিত—সাবেক পতিত—আবাদী ১১২৪। ১২০১ নমুদার বেশী বেলমোক্তা যুরত ওজাগরি যুরত—সহবেশী—একুন জমা—৪০৩।৶৩

স্বাক্ষর (পার্সী অক্ষর)

সিবিস্তার পাট্টামা—

শ্রীসাধুচরণ দাষ—

[খ পৃঃ সন ১৮২৮ সাল ৪ জুলাই—

শ্রীব্রজমোহন সেন দারোগা জেলা বিরভোম খরিদার শ্রীরাধাবল্লভ রায় দাম ॥৹ আট ষানা ইত্যাদি

॥ ৪৩ ॥

কিস্তিবন্দী পত্র (সন ১২০১ সাল)। প. ১।

মহামহীম শ্রীযুৎশ্রীনিবাষ সরকার বরাবরেষু—

লিখিতং শ্রীকৃষ্ণপ্রসাদ [গুহ] কস্য কীস্তীবন্দী পত্র মিদং সন ১২০১ সাল লিখনং কাজাক আগে আপনি আমার নামে জীলা বিরভোমে শ্রীযুত দেওয়ানি আদালতে ২৪১৭ নম্বরে করজা বাকী ১৩৩৶১০ একত্রিস তেত্রিষ টাকা তিন আমার মকদ্দমার নালিষ করিআছিলেন আমী আপনার কাছে কবুল হইয়া কীস্তীবন্দী করিতেছি ম ফিক কীস্তীবন্দী মাহর মাহ টাকার সরবরাহ করিব এতদর্থে কীস্তীবন্দী [লিখি]য়া দীলাম ইতি সন সদর তারিখ ২১ ফাল্গুন—

করজ বাকী—১৩৩৶১০—ওয়াসীল নগদ—তাং ২১ ফাল্গুন— ১০

মাহ চৈত্রী—৩

কীস্তীবন্দী ·· ১২৩৶১০

[খ পৃষ্ঠায়—মালজামিন পত্র

[স]রূপ দত্ত সাঃ যুরুল—

শ্রীহরি পাল—সাঃ ইলামবাজার

শ্রীরামলোচন গুই সাং সিঙ্গান।

..... লিখিতং শ্রীরামলোচন গুঞি আমি ইহার মালজামিন হইলাম ···· যোক কিস্তিবন্দি মাহর মাহ টাকা শোধ না দেন আমি বিনা উজরে নিজে হইতে টাকা দেব

কড়ার খেলাপ হয় আদালতে কয়েদ হইয়া দিব ইতি সন সদর তা—
ং:—১১১
সন ১২০৫ সাল মাহ বৈশাখ ৩ ... ১২৩৫/১০

মবলগ একশত তেইশ টাকা সাড়ে তিন আনা বাকী ইতি —
দীর্ঘ কীটদষ্ট।

॥ ৪৪ ॥

দরজবাব পত্র সন ১২০১ সাল (১৭৯৫ খ্রী:)। প. ১



শ্রীশ্রীরাম।—

হকিগত ইনফরমশি আমিনিমতে জেলা বিরভুম।—

তালুক যুগুর কৈরিয়াদি শ্রীনিবাশ সরকার আশামি—হিদাম পাল সোপরর্দ্দ ২৮ মাহ শন ১৭৯৫ শাল ইঙ্গরেজী—জেলা বিরভূমের দেওয়ানি আদালতে এককিত্তা আরজী দেয় তাহার মজমুন এই—

পরগনে বারবকশীং মৌজে যুকুলের শ্রীনিবাশ সরকারের আরজ নিবেদন তালুক গুপুর দরুণ সাকিম গুপুরের হিদাম পাল কামিতাতি গড়া কাপড়ের পর্ত্তন শন ১২০১ শালে নেয় তাহার উসুল বাদে মায় মুনাফা বাকী ৪১৮৶০ একচল্লিষ টাকা পোনর আনা আমার পাওনা সরারতি করিয়া দিছি দিবো কহিয়া দেয় না হুকুম হয় আশামি মজকুরকে হজুর তলব করিয়া আমার টাকা দেলাইআ দেন ইত্য আরজ করিল ইতি শন ১২০১ শাল পৌষ

তাহার পর আশামি মজকুর এককেত্তা জে দরজবাব দাখিল করিয়াছিল তাহার পড়া গেল তাহার মজমুন এই—

লিখিতং শ্রীছিদাম পাল কস্য দরজবাব পত্র মিদং কাযাঞ্চাগে পরগনে বারবক শীং দরুণ শাং গুকুলের শ্রীনিবাশ সরকার গড়া কাপড়ের খাতার বাকী ৪১৮৶০ একচল্লীষ টাকা পোনর আনার দাওা করিয়া নালিষ করেণ তাহার জওাব শন ১১৯৮ শালে নাগাইদী শন ১২০১ শাল গড়া কাপড়ের তোলানি বাবুত জে টাকা লইয়াছিলাম তাহার কাপড় দফায় ২ দিয়াছি খাতা বহি মুরত মায় দাদনি হিশাব করিলে জে বাকী হইবেক তাহা দিতে রাজী আছি আমার দালালী মজুরা না দিয়া বাকী করিয়া মির্থা নালিষ করেণ হুজুরে হিশাব করিলে জুনাবে মালুম হইবেক আমি ভাতিলোক না হক দুঃখ পাইতেছি এতদার্থে দরজবাব পত্র দিলাম ইতি শন ১২০১ শাল ২১ ফাগুন—

তাহার পর সন ১৭৯৫ শাল ২৬ জুন ফৈরাদি আপন তরফ উকীল।— গোবিন্দরাম ঘোষকে এককিস্তা ওকালতনামা আপন দস্তখতে দাখিল করিলেক— পরে ফৈরাদি এককেস্তা আশামির হিশাব দাখিল করিল তাহাতে এক পত্রাঙ্ক দেয়া গেল আশামিকে হিশাব দেখান গেল হিশাব দেখিয়া হরতারিখ জমা কবুল করিলেক উসুল নগদ ২১ একুষ টাকা কাপড় ১ এক খান মুনিকির জায় হরতারিখ কাগজ ফরিয়াদির নিকট রুযু হইয়া কবুল করিয়া আশামী মোকাবিলা হইল আশামী দাদন উসুল মোকাবিলা করিয়া খোদ জোবানে ৪১৸৵০ একচল্লীষ টাকা পোনর আনা বাকী কবুল করিল একারণ মকদ্দমা ডিকরি [১৭]৯৫ সাল ২৯ জুন মতাবকে বাঙ্গলা সন ১২০২ শাল তাং ·· ·· আসাড় আশল ৪১৸৵০ একচল্লীশ টাকা পোনর আনা খরচা ৪৸৵০ চারি টাকা নয় আনা একুনে ৪৬৷০ ছচল্লীষ টাকা আট আনা ফরিয়াদি আশামীর পাষ পাইবেক ইতি—

কীটদষ্ট।

॥ ৪৫ ॥

হিসাব (১২০২ সন)। প. ১৫।

মৌজা : মিজ্জাপুর। মহলদার আনন্দ গরাই, রামস্বরন গোপ, যুগধাচরন সর্ম্মা গং তলব বাকীপোতা।

জীর্ণ কীটদষ্ট।

॥ ৪৬ ॥

হিসাব (১২০২ সন)। প. ৬।

চক : কামারডাঙ্গা। হিসাব বাকী কড়চা তালুক কোপা দরুন· চক কামার-ডাঙ্গা সন ১২০২ সাল সরুপ গরাই, রাঘব ভট্টাচার্য গং

জীর্ণ কীটদষ্ট।

॥ ৪৭ ॥

হিসাব (১২০২ সন)

মৌজা : কৃষ্ণনগর। বাহারাম ঘোষ, সেখ বাবু, ধরম কোটাল গং হিসাব বাকীপোতা।

জীর্ণ কীটদষ্ট এবং জমাটবাঁধা।

॥ ৪৮ ॥

হিসাব (১২০২ সন)।

পাভোড়া হিসাব বাকী তালুক কোপা দরুন জোত বাজে গা দীগর সন ১২০২

সাল—আনন্দরাম গোপ, শ্রীকান্ত রায় সাং বদ্দীপুর গং

জীর্ণ কীটদষ্ট ও জমাটবাঁধা।

॥ ৪৯ ॥

হিসাব (১২০২ সন)।

মৌজা : সেড়াদ্দী। হরি মণ্ডল, দুলাল চট্টো গং বিলমোক্তা হিসাব বাকী।

জীর্ণ জমাটবাঁধা।

॥ ৫০ ॥

হিসাব (১২০২ সন)। প ৮

চক : বেল্লাচাতুরি। রাম বাড়ই সাং মদনপুর, গঙ্গাধর ঘোষ, সদারাম ঘোষ গং হিসাব বাকী।

জীর্ণ কীটদষ্ট।

॥ ৫১ ॥

হিসাব (১২০২ সন)। প. ৭।

পাতড়া হিসাব বাকী তালুক কোপা দরুন মোজা বেঙরা সন ১২০২। সদারাম গোপ পাল, রামহরি গোপ, ভারথ পাল গং।

॥ ৫২ ॥

হিসাব (১২০৩ সন)। প. ২।

পাতড়া হিসাব বাকী তালুক কোপা দরুন মৌঃ পলসা সন ১২০২ সাল সেখ খরদ্দী, সেখ শেলামী, শেখ আনন্দী গং।

জীর্ণ কীটদষ্ট।

॥ ৫৩ ॥

হিসাব (১২০২ সন)। প ২

মৌজা : নাকড়া : বাদরাম ঘোষ, শ্রীদাম গোপ গং। নমুদার জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব।

জীর্ণ কীটদষ্ট।

॥ ৫৪ ॥

হিসাব (১২০২ সন)। প. ৪।

চক : নিলাম্বরপুর। রাধাকান্ত রায় দং গতিনাথ রায়, বৈদ্যনাথ ঘোষ, রামকৃষ্ণ ঘোষ গং হিসাব বাকী।

জীর্ণ কীটদষ্ট

॥ ৫৫ ॥

হিসাব (১২০২ সন)। প. ১।

মৌজা : কীটদষ্ট। হিসাব শ্রীরামনারায়ন সরকার ও শ্রীছিনিবাষ সরকার ফাজীল বাবদ খরচ বিলাতবাকী বাবদ খরচ রামকান্তপুর, কাশীনপুর ইত্যাদি জীর্ণ কীটদষ্ট।

॥ ৫৬ ॥

দরখাস্ত ও হুকুমনামা। (সন ১২০২ সাল) প. ১।

৺৺ শ্রীশ্রীদুর্গা

দরখাস্ত পরগনে রারবকসিহর ইজারদার শ্রীপঞ্চানন সর্ম্মা ও শ্রীপতিতপাবন সর্ম্মার আরজ নিবেদন সন ১২০২ সাল।—

১ একদফা পরগনা মজুকুর আমার ইমসন ইজারা হইয়াছে ইহাতে কিরিকা বেসি কাগজ কারন বার রোজ মেয়াদে ইস্তাহার হইয়াছে মপস্বল কটকীনাদার লোক কিরিকা বেসি কাগজ এসেপাছে তমার করিয়া দেয় এমত বুঝি না কীছু মেয়াদ অধিক হয় এবং জে সকল মহলে ·· ··আবাদ গয়না আছে তাহা তজবিজ করিবার হুকুম পাই তবে অনেক জমার কিফাইত হয় ইহার জেমত হুকুম হয় ইতি—

হুকুমস্তদ।

পূর্ব্ব ১২ বার রোজের মিয়াদে কিরিকা খুটের কাগজ দাখিল করিবার ইস্তাহার দেয়া গিয়াছিল তোমার দরখাস্ত মতে কী মিয়াদ জেয়া হইলে এবং মহলের নজর আন্দাজি আবাদী গয়না তজবিজ করিলে করার ও থাকাই হয় অতএব ২৫ পচিস রোজ মিয়াদ দেআ গেল মিয়াদ মধ্যে তজবিজ করিয়া কিরিকা দাখিল করহ ইতি—

২ ·· কুসালি হর ঘোষ ·· ২ পাইয়াছে হস্তবুদ খুটের কাগজ কীরূপ লিখি ইহার জেমত হুকুম হয় ইতি—

হুকুমস্তদ।

খোসবাসি লোক জে আমার হুকুম জমি জেতড় করে না সেই সকল লোক জদি জমীদারের মহর পাট্টা রাখে তাহার জেঞ সালে হক পাইয়াছে তাহার হাল থাকীবেক আর জদি পরগনার কাছারির মহরযুদে পাট্টা রাখে সেই কমীর আন্দাজ সাবেক পতিত তহা পাইবেক পতিত জদি তহা হইয়া পাট্টা হইয়া থাকে তাহার বহাল থাকীবেক জমার কমী জদি দিয়া থাক তাহার হাল থাকীবেক না তাহার আন্দাজ সাবেক পতিত তহা পাইবেক ইতি—

৩ তিন দফার জেয়াদা বেসি বন্দবস্তী জেসকল প্রজার আছে তাহা হস্তবুদের কাগজে চড়াইয়া আনেকী বহাল থাকীবেক ইহার জেমত হুকুম হয় ইতি—

৩ দফার হুকুমবুদ—

জেয়াদা বেসি বন্দোবস্তীর বাহাল থাকীবেক না জমীদারি মহরে জদি বিলমোক্তা পাট্টা পাই থাকে তাহা বহাল থাকীবেক মপস্বলের পরগনার কাছারির মহরবুদের জেয়াদা বেসি বন্দবস্তী দিয়া পাট্টা থাকে তাহা বহাল থাকীবেক না ইতি—

[খ পৃ

৪ দফা রসদের পতিত জে সকল প্রজায় পীছু ২ গারদ কমী লইয়া পাট্টা করি জমী আবাদ করিয়াছে হস্তবুদে খুটে গারদ কমী বহাল থাকীবেক কী বাজে আপ্ত হইয়া কাগজে চড়াইব ইহার জেমত হুকুম হয় ইতি—

হুকুমবুদ

রসদের পতিত গারদ কমীতে সকল প্রজা জমীদারের মহরের পাট্টা রাখে এবং পরগনার কাছারির পাট্টা রাখে তাহার বিলমোক্তার জমীতে দুই আনি কমী বহাল থাকীবেক ইতি।—

৫ দফা সাবিক পতিত জে সকল প্রজায় আবাদ করিয়াছে তাহার জমীদারের মহরের এবং পরগনার কাছারির মহরবুদের পাট্টা রাখে বিলমোক্তা জমা দাখিল দিতে অনেক বেসি হয় পাট্টা বহাল থাকে কী বিলমোক্তা মুরুত জে জমা হয় তাহারি খুট নিকাষ করিয়া কাগজ তৈয়ার করি ইহার জেমত হুকুম হয়—

হুকুমবুদ

সাবেক পতিত জে সকল প্রজা জমীদারের মহরবুদ পাট্টা লইয়া আবাদ করিয়াছে তাহা বহাল থাকীবেক তাহা জে কমী আছে তাহা বাজেআপ্ত হইবেক না মপস্বল পরগনার কাছারির মহর বুদ জে পাট্টা লইয়া আবাদ করিয়াছে তাহা বিলমোক্তার নিরিখ মুরুত জে জমা হইবেক তাহার সিকা জমী মকরা দিয়া কাগজ করিবেক ইতি—

৬ দফার কমার কমী ও খামারের হস্তের কমী জে সকল প্রজার আছে তাহার বহাল রাখিয়া খুটের হস্তবুদে কাগজ তৈআর করি কী বাজেআপ্ত করা জায় ইহার জেমত হুকুম হয় ইতি—

হুকুমদস্ত

কয়ার কমী ও খামারের দস্তুর কমী বহাল থাকিবেক না ইতি—

৭ দফা প্রজা লোক জেমাদা বেসির বন্দবস্তীর জমাতে রসদের পতিত ও সাবেক পতিত জদি তঙ্কা লইয়া থাকে তাহার বহাল থাকীবেক কী না ইহার জেমত হুকুম হয় ইতি—

হুকুমযুদ

জেমাদা বেসির বন্দো ··· আন্দাজ রসদের পতিত ··· লইয়া থাকে তাহার বহাল থাকিবেক না সাবেক পতিত তঙ্কা লইঞা থাকী বহাল থাকীবেক ইতি—

৮ দফা সনন্দী মোকরোরার আসামীমান আবার কমীর সনন্দ রাখে এবং জমাবন্দীতে মোকরোরা যুরত জমী আছে আবার বেসি চড়ে নাই হস্তবুদে কাগজে খুটের কমীত লিখি ইহার জেমত হুকুম হয় ইতি—

হুকুমযুদ

জদী মোকোরোরা আসামীর ও জাচাই বেসি ও আবার বেসি থাকীবক না ইহার মধ্যে সনন্দী সেওায় বেসির জে কীছু মালগুজারির আমলে আসিঞাছে তাহা দিতে হইবেক ইতি—

[ক পৃ হুকুমনামা

পরগনায় ইজাদার তোমার দফাওারি আরজীতে মালুম হইল দফাওারি হুকুমন মতে খুটের হস্তবুদেয়া কাগজ তৈয়ার করিয়া মিয়াদ মাফিক দাখিল করিব এবং রসদের পতিত ও সাবেক পতিত আবাদ নাএক জে গ্রামে জত চাহবে তাহার বিরওয়ারি কাগজ করিয়া এই মিআদ মধ্যে দাখিল করিবা ইতি সন ১৭৯৫ ইঃ তা—২৩ সেপ্তর[র] সন ১২০২ সাল তা—৯ আশ্বিন

কীটদষ্ট

॥ ৫৭ ॥

হিসাব (১২০৩ সন)। প. ৪৬

হিসাব বাকী রুপেয়া মোজে শেড়ান্দী সন ১২০৩ সাল বারশও তিন সাল। পাওড়া—ভাগবত রায়, চৈতন্ত ঘোষ, হরিপ্রসাদ মণ্ডল গং।

জীর্ণ কীটদষ্ট

॥ ৫৮ ॥

হিসাব (১২০৩ সন)।

হিসাব বাকীপোতা পরগনে বারবকসীংহ দরুন মোজা কৃষ্ণনগর সন ১২০৩ সাল। কৃষ্ণকান্ত শর্ম্মা, দুলাল মুদী, দুলাল সৌ গং

জীর্ণ কীটদষ্ট এবং জমাটবাঁধা

॥ ৫৯ ॥

হিসাব (১২০৩ সন)

মৌজা : মনহরপুর। হিসাব বাকীপোতা শ্রীউত্তরাম মণ্ডল, লাঙ্গসেন গরাঞী গং।

জীর্ণ ও কীটদষ্ট

॥ ৬০ ॥

হিসাব (১২০৩ সন)। প. ১৮

৺শ্রীশ্রীহরি। সন ১২০৩।

হিসাব শ্রীরামনারায়ণ সরকার ও শ্রীশ্রীনিবাস সরকার দালাল ১নং উকল সন ১২০৩ সাল ইং মুকলী আখীরি—

শ্রীযুৎ গোশ্বামী মহাশয় গোং শ্রীরামচন্দ্র মজুমদার গং

কুটী মুকলীর পড়া খরিদ বাবুদী বিসাতবাকী ইত্যাদির হিসাব।

জীর্ণ কীটদষ্ট

॥ ৬১ ॥

।। ৫৩৫ ।।

পত্র (সন ১২২৬ সাল) প ১

৭শ্রীশ্রীদুর্গাঃ—

পোর্ম্য শ্রীসদানন্দ দাসস্য—

পরম মুভাসিব্বাদ সিবঞ্চ আগে শ্রীযুং বাবুজিএর পরম রাজযোগী শ্রীচরণে প্রার্থনা করিতেছী তাহাতে অত্রা মঙ্গল বিশেষঃ পত্র পাইয়া সমাচার গ্রাত হইলাম কজ্জার টাকার জন্নে লিখিয়াছিলেন ২০০ দুই সত্র টাকার চলু খরিদ করিয়াছী তাহা মযুদ আছে এক্ষান গ্রাহক কেহ নাই চালু বিক্রী হইলে আপনকার টাকা আগে পাঠাইতাম বিক্রী না হতে পাঠাইতে টাকা পারি নাই রতএব তমশুক লিখিয়া পাঠাই দাখিল করিআ লইবেন ইষ্টাম্পারকাগজ এখানে মযুদ নাই এমতে বাঙ্গলাকাগজে খত লিখিয়া পাঠাই দাখিল করিয়া লইবেন ইহাতে কদাচ ওসআস করিবেন না চালু বিক্রী হইলেই টাকা পাঠাইব আমী আপনকার ভরসা রনেক করি এবং তোমার আমা প্রীতি কমুর নাই তাথাকার বাটীর মঙ্গলাদী সমাচার লিখিবেন ইতি সন ১২২৬ সাল তারিখ— ২ বৈশাখ—

।। ৫৩৬ ।।

হিসাব (১২২৭ সন) প. জমাট

মৌজা : রসুলপুর। গঙ্গাগোবিন্দ ভট্টাচার্য্য, মাণারাম ঘোষা গং। ফিরিস্তী কাগজ তলব বাকীপোতা মোং রসুলপুর সন ১২২৭ সাল।

জীর্ণ, জমাটবাঁধা।

॥ ৫৩৭ ॥

হিসাব (১২২৭ সন) প. জমাট

মৌজা : হুসেনপুর। সেখ গোলাম, সেখ মুনাউল্লা গং। তলব বাকীপোতা পরগনে পুরন্দরপুর মর্দ্দে তালুক নোহনা দরুন তরফ নানুবাজার মোজে হুসেনপুর সন ১২২৭ বার সও সাতাইস সাল।

জীর্ণ ও জমাটবাঁধা।

।। ৫৩৮ ।।

হিসাব (১২২৭ সন) প. জমাট

মৌজা : দিগমুই। জমা ওআসিলবাকী তা ··· গ পরগনে পুরন্দরপুর তালুক নোহনা দরুন তরফ নানুবাজার মোজে দিগমুই জমীদার শ্রীযুত শ্রীনিবাস সরকার দীং সন ১২২৭ বার সও সাতাইস সাল— রাইয়তি— খতয়ার—

জীর্ণ, জমাটবাঁধা।

।। ৫৩৯ ।।

হিসাব (১২২৭ সন) প জমাট

মৌজা : নানুবাজার। হলধর পরাই, রামনারন দত্ত গং। তলব বাকীপোতা, খোদকত্তা, পাইকত্তা, জমা খরচ তঙ্কা, মুমারতঙ্কা, বাকী আলতঙ্কা।

জীর্ণ, জমাটবাঁধা।

।। ৫৪০ ।।

হিসাব (১২২৭ সন) প জমাট

মৌজা : কৃষ্ণনগর। মোহন পরাঞী, জয়হরি শো গং। জমা ওআসীলবাকী পোতা, খিত, আখীত, কৈফিয়ত। পরাঞীমহল— হিসাব বাকী, তলব বাকী রুপেআ, বৃদ্ধিমহল।

জীর্ণ, জমাটবাঁধা।

॥ ৫৪১ ॥

হিসাব (১২২৭ সন) প ৩

৺৭শ্রীশ্রীরামঃ।—

একজায় কাছারিঘরের মিস্ত্রী ও মজুরদীগরের হাজিরি তালুক কৃষ্ণনগর মোজে নিজ কৃষ্ণনগর সন ১২২৭ সাল—

রামলোচন মিস্ত্রী দী০—

জমা— খরচ—

১২ চেত্রী কাষ্ট চেরে— ২

১৩ রোজ কাষ্ট চেরে ২ জন ৮ করে— ১৷৷০

১৪ রোজ ঐ ২

১৫ রোজ মুহুনি গরে— ২

১৬ রোজ মুহুনি গরে

২ জন ৮ করে ১৷৷০ = ৯

২৩বৈসাখ— ৷৷০

৩০ রোজ তালগাছ ফাড়ে— ৷৷০ ... ইত্যাদি ২৯৷৷০

৺৭শ্রীশ্রীরামঃ।—

সন ১২২৭ সাল

কৃষ্ণনগর—

কেনারাম গোপ— হাং পত্যা বাগদী— হাং নন্দ দাই—

হাং শঙ্কর দলুই— হাং গনেষ ঘোষ— হাং কেনারাম গোপ

হাং মোহন বাগদী— হাং হরি ঘোষ—

মাটী কোড়ে— তালগাছ উপড়ে— তালগাছ আনে— মাটী ভরে— ছুতারের সঙ্গে খাটে— কাছারিঘরে ছুতারের সঙ্গে কাজ্য করে— কাছারিঘরে আউর তোলে— ঘর ছাদন করে— মটকা বান্ধে ... ইত্যাদি।

৺৭শ্রীশ্রীদুর্গা—

সন ১২২৭।—

হাং রাম শৌ দীং— হাং লক্ষী হাড়ী— হাং পরান হাড়ী—

মাটী কোড়ে— মাটী বহার— বালি বহার— গুরুল্ বান্ধে— ছুতারের সঙ্গে খাটে— ঘর ছুতুনাম করে— আউর আনিতে মোং তালতড়্যা আর— মোং তালতড়্যা হইতে আউর আনে— ইত্যাদি—

॥ ৫৪২ ॥

হিসাব (১২২৭ সন) প জমাট

মৌজা : জগন্নাথপুর। মোহন মণ্ডল, নফর দালাল গং। তলব বাকীপোতা পরগনে পুরন্দরপুর মর্দ্দে তালুক নোহনা দং ... বাসুবাজার মোর্দ্দে মোজে জগন্নাথপুর সন ১২২৭ সাল পাইকস্তা, রাইয়তি, খতিয়ানজমি।

জীর্ণ ও জমাটবাঁধা।

॥ ৫৪৩ ॥

হিসাব (১২২৭ সন) প ১৪

মৌজা : সনসভ। গকুল শী, শেখ কলবন্দী গং। জব্দজমী, নিকাস রুপেয়া ইঃ যুত পুস্তাহ জমা খরচ রুপেয়া, খোদকস্তা, দিনায় জব্দজমী।

জীর্ণ, ও কীটদষ্ট এবং কিছু অংশ জমাটবাঁধা।

॥ ৫৪৪ ॥

হিসাব (১২২৭ সন) প ১২

মৌজা : মোনহরপুর। মুসহাত জব্দজমী- পাচু মণ্ডল পথআলীপার- ৺ধর্ম্মরাজ মুন্দররায় দিনায় জব্দজমী গঙ্গাধর মণ্ডল গং। বাকী জায় রুপেআ-

জীর্ণ, কীটদষ্ট।

॥ ৫৪৫ ॥

হিসাব (১২২৭ সন) প ৩৬

মৌজা : সেড়াদী। সভারাম চট্ট, সিবু কৌমুদার গং। মযহাত জব্দজমী, জব্দজমী একোত্তালজমী।

জীর্ণ, কিছু অংশ জমাটবাঁধা।

॥ ৫৪৬ ॥

হিসাব (১২২৭ সন) ২৮

মৌজা : ওড়াপুর। সাধুচরন লাহা, কানাই মণ্ডল গং। তলব বাকীপোতা হিসাব বাকীপোতা।

জীর্ণ, কীটদষ্ট ও জমাটবাঁধা।

॥ ৫৪৭ ॥

হিসাব (১২২৭ সন) প ১৪

মৌজা : বোনমালতী। মানিক গোপ, নফর মুত বং রুপু গোপ গং। তলব বাকী রুপেয়া পরগনে পুরন্দরপুর মর্দ্দে তালুক নোহনা তরফ নানুবাজার মোজে বোনমালতি সন ১২২৭ সাল –

॥ ৫৪৮ ॥

চকনামা (সন ১২২৭ সাল) প ১

৭শ্রীশ্রীহরি –

সন ১২২৭। –

চকনামা জমিন বাবুত পুষ্করিণি খনন তালুক কৃষ্ণনগর মোজে নিজ কৃষ্ণনগর প্রজা শ্রীপ্রসাদ রুজ সন ১২২৭ সাল তারিখ ৪ ফালগুন

আসামী – জমুলা জমী –

দুর্গাচরন সরকারের দরুন বাস্তু –

গুরুচরন পরামানিকের কুটীর পূর্ব্ব –

শ্রীনবকৃষ্ণ দাস
শ্রীরামচন্দ্র সোমাতা –

সোলহাত রাস্তার পূর্ব্ব ছোট অস্যাথ্থগাছের দক্ষীন লাগায় ও তালবোনা পুষ্করিণির পশ্চীম পাহাড়ের পশ্চীম ঐ পুষ্করিণির পড় গোড়া আট হাথ সেওাই পশ্চীম ও গোমস্তা রুজ মোদকের দক্ষীনদ্বারি ঘরের উত্তররাস্তা পর্যন্ত চল্লিষ হাতের উত্তর মওজী – পর্যন্ত – ৩/৩

মবলগে জমিন তীন বিঘা তীন কাঠা ইতী –

॥ ৫৪৯ ॥

চকনামা (সন ১২২৭ সাল) প ১

৭শ্রীশ্রীকৃষ্ণঃ

সন ১২২৭। –

চকনামা জমি বাবুত পুষ্করিণি খনন তালুক কৃষ্ণনগর মোজে নিজ কৃষ্ণনগর প্রজা শ্রীপ্রসাদ রুজু সন ১২২৭ সাল তারিখ – ৪ ফাল্গুন –

আসামী – জমুলা জমী –

দুর্গাচরন সরকারের দরুন বাস্তু গুরুচরন প্রামানিকের কুটীর পূর্ব্ব সোল হাথ রাস্তার পূর্ব্ব ও ছোট অস্যাথ্থগাছের দক্ষীন লাগায় ও তালবোনা

পুষ্করিণ্ড পশ্চীমপাহাড়ের পশ্চীম ঐ পুষ্করিণ্ড পক্ব গোড়া ৮ আট হাথ [সে]রাই পশ্চীম ও গোলায় [ক]বু মদকের দক্ষীনয়ারি ঘরের ওত্তর[রা]ভা ... ৪০ চল্লিষ হাতের উত্তর মওজী পত্তীত ৩/১-

মবলগে জমীন তিন বিঘা তিন কাটা ইতী-

মবলগে জমীন তীন বিঘা এক কাঠা ইতী-

॥ ৫৫০ ॥


চিট্টি তলব (সন ১২২৭ সাল) প ১

৺শ্রীশ্রীদুর্গা

৪৮২ নং সন ১২২৭ সাল

২৯ শ্রাবন সন ১২২৭ পং হাবিলি ওপররহ

শুভমস্তু



চিট্টী তলব খাজানা যুত পুন্তাহ সন ১২২৭ বার সও সাতাইষ সাল তারিখ ২৯ শ্রাবন—

আসামী - রুপেয়া -

লাট বুদবুদ—

ভাং নবকীসোর সরকার—

তলব বৈশাখ— ... ...

নাং আসাড়- ২২৯

প্রতি আগে সাইত মাফীক মপয়ল যুত পুন্নাহ করিয়া তলবের বেবাক টাকা দাখিল করহ ইতি-

॥ ৫৫১ ॥

দরখাস্তপত্র (সন ১২২৭ সাল) প ১

৺শ্রীশ্রীকৃষ্ণঃ—

সন ১২২৭।

মোং শোনশত—

শ্রীকাদু মির্জ্যা
সাং সনসত ॥

মহামহিম শ্রীযুৎ শ্রীনিবাষ সরকার জমীদার মহাসয় বরাবরেষু—

লিখিতং শ্রীকাদু মির্জ্যা—

কষ্য দরখাস্তপত্র মিদং কাজ্যনঞ্চা আগে মোজে সোনসত তালুক কৃষ্ণনগর পরগনে বারবক সিংহ মোজে ময়ুকুরের পালাতকা প্রজা বড় খোদার বন্ধ জমার মর্দ্দে ছাতিগড়্যার মাঠ সালি ১।।৩ এক বিঘা তের কাট চকগড়্যা মাঠ ১৩/২ কাঠা একুনে ময়াজি জমী ১৪৸ চর্দ্দ বিঘা পোন্দের কাট কাত জমা ১৬/০ সোল টাকা এক আনা জমাতে এককীস্তা পাটা আমাকে হুকুম হয় তবে আমী আবাদ তবহুদ করিয়া মালগুজারহি সরবরাহ করি এতদর্থে আপন খুসিতে দরখাস্তপত্র লিখিয়া দিলাম ইতি সন ১২২৭ সাল আখেরি তাং ২৮ চেত্রী—

ইসাদ—

শ্রীভৈরবনাথ মুখর্জ্যা	শ্রীলখে খাঁ	শ্রীরাইচরণ খাঁ
সাং সেড়ান্দী	সাং কাসীপুর	সাং সেড়ান্দি

॥ ৫৫২ ॥

কর্জপত্র (সন ১২২৭ সাল) প ১

শ্রীশ্রীকৃষ্ণঃ।—

মহামহিম শ্রীযুত আশানন্দ সরকার বরাবরেষু—

লিখিতং শ্রীনকরচন্দ্র সরকার—

কস্য করজপত্র মিদং কাজ্যনঞ্চা আগে আমী তোমার স্থানে উত্তং সীকা ১৯ ওনিষ টাকা করজ লইলাম উহার যুদ কি তাহে ৴৫ এক পাই করিয়া দিব শোধের ওয়াদা মাহ পোষে যুদ সমেত পরিসোধ করিব এতদর্থে নগদ টাকা পাইয়া খতপত্র লিখিয়া দিলাম ইতি তারিখ ২৩ বৈশাখ সন ১২[২]৭ সাল—

ইসাদ—

শ্রীসিবনাথ ভাণ্ডারি	শ্রীবিরনাথ বন্দপাধ্যায়
সাং মুরুল	সাং মুরুল

।। ৫৫৩ ।।

দরখাস্তপত্র (সন ১২২৭ সাল) প ১

নকল – শ্রীশ্রীকালী জয়তি

দরখাস্তভেস্বা ফিদরি শ্রীবিশ্বনাথ সরকার সাকিনে যুরুলী পরগনে বারবক সীংহ মতালতে জেলা বিরভোম গরিব পরবর সেলামত জেলা বর্দ্ধমান পরগনে বাজে বর্দ্ধমান সাকিম রামচন্দ্রপুরের শ্রীরামকান্ত রাএর স্থানে ১২৫৩ নম্বরের ভিক[রীর] বাদী মায় খরচা [২]৪৭২৷৷৵৮ টাকা পাওনার বিসএ হুযুরের বহির ৩৬০ ··· র পরওয়ানা পএরহাজের মতে জায়দাদ কোরকির দরখাস্ত ··· লাম তাহার পরগনে মজফরসাহি লাট কাশীনাথপুর দরুন মৌজে বঙ্গচত্র দীগর চারি মোজা তাহার আদালত ফৌজদারি বিরভোম জেলা সামিল উহার নিস্পী রকম কোরক বিক্রীর দরখাস্ত সহক্রমে বিরভোম সামিল পষ্ট না থাকায় জেলা বর্দ্ধমানে খোলাসা দ্বারায় ঐ চারি মৌজা [রক]ম কোরক না হইয়া পরওানা সেরেস্তার আশীবাতে নাজের ঐ চারি মৌজা বিরভোম সামিল কহিয়া কৈফিয়ত দীয়াছেন অতএব ঐ চারি মৌজার রকম যেমন কোরক বিক্রয় ফিদরির যেবাক টাকা আদায় হইতে পারে না খোদাওন্দা খামিস্রী এ কারন ঐ সহ দোবস্ত নিমিত্তে উর্ম্মেদোস্তার পরগনে মজফরসাহির মোজে বঙ্গচত্রদীগর ঐ চারি মৌজার বিবরন ও হারহারি সদরজমা বিস্তারিত পূর্ব্ব দরখাস্তে আছে পুনরায় নিচে লিখিতেছি হুকুম হয় কোরকী পরওয়ানা জেলা মযুকুরের ঐ চারি মৌজার নিস্পী রকমে দস্তুরমত জারি পাইয়া কোরক বিক্রী হইয়া মায় খরচা তঙ্কা দেলাইতে হুকুম হয় ইহা দরখাস্ত করিল ইতী সন [১২২]৭ সাল – তারিখ – ৭ শ্রাবণ –

তপশীল – মৌজা –

সামিলে জেলা বিরভোম পরগনে মজফরসাহি লাট কাশীনাথপুর দরুন মোজে বঙ্গচত্র জাহার সদর জমা হারহারি যুরুত – ১১৪৬।৵৬।। টাকা ইহার হিস্যা আশামির রকম ।০ য়ানায় – ৫৭৩৵১৩।

জেলা ঐ মোজে হেয়াতিপুর জাহার সদর জমা হারহারি যুরুত ··· টাকা ইহার হিস্যা আশামির রকম ।৷০ য়ানায়— ৪৩৫৭১৭।৵

জেলা ঐ মোজে নওয়াদা জাহার সদর জমা হারহারি যুরুত ৫৮১৮/১৯।।০ টাকা ইহার হিস্যা আশামির রকম ।৷০ য়ানায়— ২৯০৮৵৯৮

জেলা ঐ মোজে কুল্যা জাহার সদর জমা হারহারি যুরুত ৮৫২।৵১৮। টাকা ইহার হিস্যা আশামির রকম ।৷০ য়ানায় – ৪২৬৵২৵

১৭২৫।৯।৷০

ঐ চারি মৌজা সদর বনাম শ্রীহরমোহন রায় দখলীকার আশামী মতালকে কালেক্টারি জেলা বর্দ্ধমান ইতি—

॥ ৫৫৪ ॥

পত্র (সন ১২২৭ সাল) প ১

শ্রীশ্রীহরিঃ।—

আজ্ঞাকারি নিত্য পোষা শ্রীমাগারাম দেবশর্ম্মণঃ—

চতুর্ব্বেদোক্ত পরম শুভাশীর্ব্বাদ নিবেদনঞ্চাগে মহাশএর পরম রাজোন্নথি শ্রীচরণারায় প্রার্থনা করিতেছি তাহাতে অত্র মঙ্গল বিশেষঃ নিবেদন শন হালের ২০ ফালগুন বেলা আন্দাজী চারি দণ্ডর সমএ সাকীম এতাপুরের শ্রীনফর মণ্ডল আমার নিকট খবর দিলেক সাকীম এতাপুরের সন্যাশী দলুই আমাকে খবর দিলেক সাকীম এতাপুরের শ্রীসরুপ দেওাশীর নদিধারের বাঁশঝাড়ে একটী বাঁশ চুরি গিয়াছে আর ঐ সাকীমের শ্রীমদন পালের নদিধারের ঝাড়ে বাঁশ একটী চুরি গিয়াছে আর ইক্ষু নয় গাছ চুরি গিয়াছে এই খবর নফর মণ্ডল আমাকে দেবা মাত্ত আমা মুখ্যা প্রজা গোলক মণ্ডল কানাই মণ্ডল পেয়ারি পাল মুরুলী সরকার সিবু দলই সন্যাসী দলই মোহন মেট্যা দলই ও মোহন ডোম দলই ওহাদিগে লইয়া সরুপ দেওাশীকে ডাকীঞা জিজ্ঞাশা করিলাম তোমার ঝাড়ে বাঁশ একটা [কী] প্রকার চুরি গিয়াছে তাহাতে কহিলেক জে আমার নদির ধারের ঝাড়ে বাঁশ একটী কাঠা দেখিঞা সন্যাশী দলইকে ও নফর মণ্ডলকে বাঁশ চুরি জাওার খবর দিঞাছিলাম খবর দিঞা আপন ঘরে জিজ্ঞাশা করিলাম আমার পুত্র গুরুচরন দেওাশী কহিলেক জে বাঁশ একটী মোহন ডোম দলইকে আমী দিঞাছী এ কথা না ওআকীব হইয়া চুরি জাওার খবর দিঞাছিলাম আর মদন পালকে জিজ্ঞাশা করিলাম তোমার বাঁশ একটা ও ইক্ষু নয় গাছ কী প্রকার চুরি গিয়াছে তাহাতে কহিলেক আমার নদির ধারের বাঁশঝাড়ে দেখিলাম একটী বাঁশ কাটিয়াছে আর ইক্ষু নয় গাছ আন্দাজ একমেড়া চুরি গিয়াছে এ খবর সন্যাশী দলইকে ও নফর মণ্ডলকে দিঞাছিলাম তাহার পর আপন ঘরে আশীয়া আমার পুত্র রাম পালকে জিজ্ঞাশা করিলাম তাহাতে শে কহিলেক একটী বাঁশ আমী গুরুচরন বাগদীকে দিঞাছী আর ইক্ষু একমেড়া গরুতে খাইয়াছে ইহা না তকরার করিয়া চুরি জাওার খবর দিঞাছিলাম এই কথা দুই জনা কহে ইহার সারেওআর লিখিলাম মহাশয় বুঝিয়া সদয়ে ও থানায় এতালা করিবেন নিবেদন ইতি সন ১২২৭ সাল তাং— ২০ ফালগুন—

॥ ৫৫৫ ॥

হিসাব (১২২৮ সন) প ৩

মৌজা : ডোমনপুর। ৬টবন্দী রুপেয়া পরগনে বারবক সিহ্ তালুক কৃষ্ণনগর মৌজে ডোমনপুর জমিদার শ্রীযুৎ শ্রীনিবাষ সরকারদিগর সন ১২২৮ বারসর্ত আটাষ সাল—

আশামী—	জমী—	কাত জমা—
খোদকস্তা—	৫/৪৫১	১২৮/১২
পাইকস্তা—	৮০/১	৮৫।৵২
	৮৫।৫১	১৮।১৪

খোদকস্তা— বিঃ একোত্তাল— সালি এওল— সালি দোম— সালি সেম— বাস্ত— তরকারি— পুষ্করী— পাইকস্তা— জোঃ সনসত একোত্তাল— সালি দোম— সালি সেম— মসহাত জন্মজমী পরগনে বারবক সিংহ্ তালুক কৃষ্ণনগর মৌজে ডোমনপুর জমীদার শ্রীযুৎ শ্রীনিবাষ সরকারদীগর সন ১২২৮ সাল তা— ১৬ চৈত্রী— খোদকস্তা— পাইকস্তা— চাকরান— পিরত্তর— খয়রাত— খোশবাষ— বেওারিশ পুষ্করি— পতিত— জবাবি পতিত— ...

॥ ৫৫৬ ॥

হিসাব (১২২৮ সন) প ১

মৌজা : গোপালপুর। ... কিস্তী ভাদ্র— কিস্তী আসীন— কিস্তী কাত্তীক— কাত একুন সমমাহি কিস্তী আগ্রহন— কিস্তী পোষ কিস্তী মাঘ কাত কিস্তী ফা[লগুন]...

জীর্ণ, কীটদষ্ট।

॥ ৫৫৭ ॥

হিসাব (১২২৮ সন) প ১৫

মৌজা : নানুবাজার। রামলোচন পাল, শ্রীনিবাস গোপ গং। বুমার তল্লা নাট নোহনা তালুক নানুবাজার পরগনে পুরন্দরপুর জমীদার শ্রীযুৎ শ্রীনিবাস সরকার গী সন ১২২৮ বারসত আটাইস সাল— খোদকস্তা— দিনায় রামদানি জমা, খতিজানজমা, পাইকস্তা, জমা খরচপোতা, ইং মুন্নাহ নাং আখেরি রাইয়তি।

জীর্ণ, কীটদষ্ট।

॥ ৫৫৮ ॥

হিসাব (১২২৮ সন) প ১২

মৌজা : সোমসা। সাকল গরাই, পদ গোপ, গং। ওয়াসিল বাকী, তোজি ভঙ্গী পাইকস্তা, জমা খরচপোতা।

জীর্ণ, কীটদষ্ট ও জমাট।

॥ ৫৫৯ ॥

হিসাব (১২২৮ সন) প ৯

মৌজা : দিগঘুই। সাম গোপ, মহন্তচরণ দাষ গং। তোজি ভঙ্গী। মোজে দিগঘুই পরগনে পুরন্দরপুর লাট নোহনা তরফ নানুবাজার জমিদার শ্রীযুৎ শ্রীনিবাস সরকারগীগর সন ১২২৮ বারসও আঠার সাল— খোদকস্তা— পাইকস্তা—

জীর্ণ, কীটদষ্ট।

॥ ৫৬০ ॥

হিসাব (১২২৮ সন) প ৭

মৌজা : নান্দড়া। সেখ অমরালি, ভাগবত ডোম, কালি ভট্টাচার্য্য গং। তোজি ভঙ্গা, খোদকস্তা, পাইকস্তা।

জীর্ণ, কীটদষ্ট।

॥ ৫৬১ ॥

হিসাব (১২২৮ সন) প ১০

মৌজা : কোপা। হারাধন সেকার, জয়দেব রায় গং। খোদকস্তা জমা ৩০ হিসাব বাকী।

জীর্ণ, কীটদষ্ট ও অগ্নিদগ্ধ।

॥ ৫৬২ ॥

হিসাব (১২২৮ সন) প ৮

মৌজা : হুসেনপুর। মুমার ভঙ্গী মোজে হুসেনপুর পরগনে পুরন্দরপুর মধ্যে লাট নোহনা তরফ নানুবাজার জমীদার শ্রীযুৎ শ্রীনিবাস সরকার মী সন ১২২৮ বারসও আঠাইস সাল। মদন হাড়ী, রাম সো গং। তোজী ভঙ্গা।

জীর্ণ, জমাটবাঁধা।

॥ ৫৬৩ ॥

হিসাব (১২২৮ সন) প ৮৩

মৌজা : গাজপুর। শ্রীনিবাস ঘোষ, তারাচরন সরকার গং। পাতড়া হিসাব বাকীপোড়া তালুক মোহনা দরুন মোজে গাজপুর সন ১২২৮ সাল—

জীর্ণ, জমাটবাঁধা।

॥ ৫৬৪ ॥

হিসাব (১২২৮ সন) প ১০

চক : বৈদ্যনাথপুর। সিবু রায়, শ্রীধর গরাই গং। পাতড়া হিসাব বাকীপোড়া লাখরাজ চক বৈদ্যনাথপুর সন ১২২৮ বারসও আটাস সাল—

জীর্ণ, জমাটবাঁধা।

॥ ৫৬৫ ॥

হিসাব (১২২৮ সন) প

চক : জগন্নাথপুর। রামযোন ভট্টাচাজ্য, চৈইতন গরাই গং। মুমার তর্ফে খতিআন জমী, রাইয়তি, জমা খরচপোতা, খোদকত্তা, পাইকত্তা।

জীর্ণ, কীটদষ্ট।

॥ ৫৬৬ ॥

হিসাব (১২২৮ সন) প ১৫

৺শ্রীশ্রীকৃষ্ণঃ।—

সন ১২২৮।

কৃষ্ণনগর চক রসুলপুর

বিরসিংহ রায়, আসানন্দ সরকার, নফরচন্দ্র সরকার, হিরা আটপহরি, মুন্সরি মেহরান, হইমন আওআওলা, সুধা সহীয়, দিনু খাজাসী, সাদক খলিফা, গরিবউল্লা, খাজাসী, জহুরি মিস্ত্রী, ইমামদী খাঁ পাটনি, দিনু ছুরিয়া গুরুচরন সৌ, নরেন্দ্র সৌ গং। খতীআনজমী, খোদকত্তা, মহাম পাইকত্তা।

জীর্ণ, কীটদষ্ট।

॥ ৫৬৭ ॥

হিসাব (১২২৮ সন) প ৮৬

মৌজা : কৃষ্ণনগর। ভোলানাথ সরকার, তমিস্তা মুরিনী গং। করচা হিসাব পোতা, মুসাহাত জব্দজমী, দিনায় জব্দজমী, জমা ওয়াসীল বাকীপোতা, খোকা হিসাব বাকীপোতা। মদকমহল— কেনারাম চৌধুরি, রামধন মদক গং। নিকাস একোত্তালজমিন মোজে নিজ কৃষ্ণনগর পরগনে বারবক সিংহ তালুক কৃষ্ণনগর সন ১২২৮ বারসও আঠাইশ সাল—

পাইকস্তা— খোদকস্তা— তেরিজ জমাবন্দী রুপেআ—

জীর্ণ, কীটদষ্ট ও জমাটবাঁধা।

॥ ৫৬৮ ॥

হিসাব (১২২৮ সন) প ১০২

মৌজা : সনসত। সেখ মানিক, আকুর সৌ গং। খএরাত, মসহাত জব্দজমী। হিসাব বাকী রুপেয়া— ওআসীল বাকী— মহল খামার শ্রী৺পিরত্তর, শ্রী৺দেবত্তর, পতিত খামার। খোদকস্তা, পাইকস্তা—

জীর্ণ, কীটদষ্ট ও জমাটবাঁধা।

॥ ৫৬৯ ॥

হিসাব (১২২৮ সন) প ১১৭

মৌজা : মোনহরপুর। মসহাত জব্দজমী পরগনে বারবক সিংহ তালুক কৃষ্ণনগর মৌজে মোনহরপুর জমিদার শ্রীযুৎ শ্রীনিবাস সরকারদিগর সন ১২২৮ সাল তারিখ ২ জেষ্ঠী—। রাইয়তি— খামার— চাকরান— নাখরাজ— আসামী— কিস্তা— দির্ঘ— প্রস্ত— সারা জীনিষ— খোদকস্তা— খোসখাস— দেবত্তর— মসহাতজমী। তপ শ্রী৺রানিভলা ঠাকুরের আটন পতিত— কৃষ্ণ পাটক, পেতা সন্নাসী ঘোষ। পতিত খামার— খতিআনজমী— পঞ্চানন মণ্ডল গং।

কীটদষ্ট ও জমাটবাঁধা।

॥ ৫৭০ ॥

হিসাব (১২২৮ সন) প ২৮৫

মৌজা : সেড়াব্দী মসহাত জবজমী পরগনে বারবক সীহ তালুক কৃষ্ণনগর দরুন মোজে সেড়াব্দী সন ১২২৮ সাল— তা ২১ ফাল্গুন— রাইয়তি— বাজেজমা— চাকরান— পতিত খামার— পুষ্করী খামার— খোদকস্তা— দিনায় জবজমী— শ্রীশ্রীদেবত্তর পাইকস্তা— খয়রাত— কৈফিয়ত— আসামী— যমুলাজমী— পতিত বিতং নালাএক পতিত— লাএক পতিত সালি সেম— তারদাদ পুষ্করি— কাত জমি— জল— পাহার— হাসিল বিতং— সালি দোম— সালি সেম— দো কর্প বিতং— দো কর্প এং— দো কর্প দোম— দো কর্প সেম— যুনা কর্প বিতং— যুনা কর্প এওল— যুনা দোম— যুনা কর্প সম— বাগাত— বাদল মজুমদার, বিন্দাবন পোতদার প্রং।

জীর্ণ, কীটদষ্ট ও কিছু কিছু জমাটবাঁধা।

॥ ৫৭১ ॥

মালজামিনপত্র (সন ১২২৮ সাল)

৭শ্রীশ্রীদুর্গা—

মহামহীম শ্রীযুৎ শ্রীনিবাষ সরকার জমীদার মহাশয় বরাবরেষু।—

লিখিতং শ্রীশেখ আলিম—

কস্য মালজামীনতিপত্র মিদং কাজ্যনকআগে তালুক কৃষ্ণনগর মোজে শোনসত ও সেড়াব্দীর পাইকস্তা জমীজমা বাবু চৌধরি করিতেন চৌধরি মযুকুর কোত হইআছে তাহার কবিলা পুনিয়া বিবি ঐ জমীজমা য়াবাদ করিতেছে ইহার মালগুজারির জামীন আমী হইলাম মাকীক কীস্তীবন্দী সহীশীক্কা মালগুজারি করিব বিনা ওজর করিব এতদর্থে আপন খুশীতে মালজামীনতিপত্র লিখিয়া দীলাম ইতি সন ১২২৮ সাল তারিখ— ২৭ বৈশাখ—

শ্রীশেখ আলিমুদ্দী
সাং সনসত

ইশাদ

শ্রীদীনবন্দী চৌধরি
সাং সনসত

শ্রীমির ভিখু
সাঃ সনসত

।। ৫৭২ ।।

মালজামিনপত্র (সন ১২২৮ সাল)

৺শ্রীশ্রীদুর্গা—

মহামহিম শ্রীযুৎ শ্রীনিবাস সরকার জমীদার মহাসঅ বরাবরেষু—

লিখিতং শ্রীঅক্রুর সৌ—

কস্য মালজামিনপত্র মিদং লিখনং কার্য্যনঞ্চী আগে মোজে সোনসতের পালাতকা বর খোদাবস্বর দরুন জমীজমা চকরগড়ার মাট ৮॥ সাড়ে আট বিঘার কাত জমা ৭৷৷৵৫ সাত টাকা এগার আনা এক পাই জমাতে আমার সম্বুর কমল সৌ এক কিত্তা কবুলতি দিএ পাট্টা লইলেক তাহার মালগুজারি মালজামিন আমি হইলাম মাফিক কীস্তীবন্দী বিনা উজর মালগুজারি করিব এতদার্থে আপন খুসিতে মালজামিন হইআ জামিনতিপত্র লিখিয়া দীলাম ইতি সন ১২২৮ সাল যুক্ত তারিখ ৯ বৈসাখ—

শ্রীঅক্রুর সৌ
সাং সনসত

ইসাদী—

শ্রীভৈরবনাথ সর্ম্মা
সাং সেড়ান্দী

শ্রীপরান সৌ
সাং সোনসত

।। ৫৭৩ ।।

কবুলতিপত্র (সন ১২২৮ সাল) প

৺শ্রীশ্রীদুর্গাঃ।—

সন ১২২৮ সাল

STAMP
ONE RUPEE
... ...
... ...
এক টাকা
OFFICE

শ্রীমানিকচন্দ্র দত্ত
সাং মুকুন্দী

মহামহিম শ্রীযুৎ বাবু আসানন্দ সরকার মহাসয় বরাবরেষু—
লিখিতং শ্রীমানিকচন্দ্র দত্তস্য কস্য কবুলতিপত্র মিদং কার্য্যাঞ্চাগে—
আমি মহাসএর সরকারে মোকাম হজরতপুরে কুটীর গোমস্তাগিরি ও তহবিলদারি ও মহুরিগিরি খেজমতে মোকরোর হইলাম দারমাহ মায় খোরাকপোসাক ৪ চারি তঙ্কা হিসাবে পাইব মোকাম মজকুরে বরক্ত হাজির থাকীয়া সরকারি কার্য্য রোবদাদমত করিব জদ্যপী কোন বাবুদে খেতি করি তাহাতে জে লোকসান হইবেক তাহা বিনা উজর দিব নাতআন লোকসান আসামিকে পত্র্ন করিব না জদি করি তাহার যে বাকী হইবেক সে আমার জিম্বা কাপড় আমদানি করিয়া সুরুলের কুটী চালান করিব চুক্তী সদর হইতে জে জাইবেক দাখিসা বিং আসামীলোকে দাম দিব জদ্যপী দাম ছাট করিয়া লই এমত সাবুদ হয় তাহা বিনা উজর নগদ টাকা দিব আর আসামির স্থানে কোন বাবুদে রসিদ লই এমত সাবুদ হয় তাহাতে জে আমার জিম্বা হইবেক তাহা দিব জখন জে টাকা পাঠাইবেন তাহা সাবধানপূর্ব্বক রাখিব শ্রীশ্রী৺করেন নেকীরদ না হয় জদ্যপী নেকরদ হয় তাহা মহাসএর সহিত এলেক্কা নাই আমার জীম্বা আর মহাসএর জদ্যপী নগদ কাপড়ে খরিদ করিবার হুকুম হয় তবে জখন জেমত বাজার বাজার আন্দাজ খরিদ করিব তাহাতে মহাসএর চড় বোধ হয় তাহাতে জে দাম কর্ত্তন করিবেন আমি নিজে হইতে দিব নয়াজিমা কাগজপত্র আমার জীম্বা থাকীল জখন জে দরকার হইবেক তৎক্ষণাত দাখিল করিয়া দিব আখেরিতে হিসাব করিতে বিলাতবাকী জে হইবেক জনাজাত রুজু করিয়া দিব জে গর রুজ হইবেক তাহা আমার জিম্বা মোকাম মজকুরে তহবিল মর্দ্দে কাহাকেও হাওলাত দিব না জদি দিএ তাহা নিজ হৈতে দিব খরচপত্র আন্দাজ সির করিব বেআন্দাজ করিব না জদি করি সে আমার জিম্বা এতদর্থে আপন খুসীতে কবুলতীপত্র লিখিয়া দিলাম ইতি সন ১২২৮ সাল তাং ২৫ শ্রাবন।

ইসাদী

শ্রীচৈতনচরন চন্দ	শ্রীগুরুচরন দত্ত	শ্রীঅচল সিংহ
সাং জামালপুর	সাং জামালপুর	সাং পাএড়

... ...
খজানা আমরা
... ...
TREASURY


[খ— ১০৩৯ নং— বিক্রী মোং মুরুল সন ১৮২১ সাল ছওত্রী আগস্ত শ্রীরাধাকান্ত বরাট

॥ ৫৭৪ ॥

কবুলতিপত্র (সন ১২২৮ সাল) প ১

৺শ্রীশ্রীদুর্গা

প্রতুলকত্তা



শ্রীনফর ধোবা
সাং গোয়ালপাড়া ।।।
শ্রীবক্তনাথ ধোবা
সাং মুরুল
হাল সাং গোয়ালপাড়া

শ্রীসনাতন ধোবা
সাং মুরুলী ।।।
শ্রীনারায়ন ধোবা
সাং গোয়ালপাড়া
।।। নিসান সহী ।।।

মহামহিম শ্রীযুৎ আশানন্দ সরকার মহাশয় বরাবরেষু—

লিখিতং শ্রীসরুপ ধোবা ও নফর ধোবা ও শোনাতন ধোবা ও বক্তনাথ ধোবা ও নারায়ন ধোবা মেহতর—

কস্ত কবুলতিপত্র মিদং কার্য্যনঞ্চ আগে আমরা আপনকার সরকারে মোকাম মুরুলীর কুটীতে ৩৫ হাতা গড়াকাপড় ধোপদাস্ত কারন মেহতর মোকরোর হইলাম বরঞ্চ আপনকার নিকট হাজির থাকীয়া আপনকার পছন্দ মুরত ইয়ামসীর দাস্ত তৈয়ার করিয়া দিব আপুনি ধোপাদাস্ত আপন পছন্দ মাফিক দিথী করিয়া লইবেন আপনকার না পছন্দ জে হইবেক তাহা তৎখনাত ফিরিয়া লইয়া পুনরায় দাস্ত তৈয়ার করিয়া দিব তাহার মুযুরির দণ্ড করিব না দাস্ত কারন আপুনী জখন জত থান কাপড় দিবেন তাহা এবং আমারা জখন জত থান কাপড় দাস্ত তৈয়ার করিয়া দিব এবং পুর্ব্বে জে তঙ্কা দাদন লইয়াছী এবং জখন জে তঙ্কা দাদন লইব তাহা তৎখনাত হাতচিটায় ওটাইয়া লইব আমাদ্দের জে জিম্মার মধ্যে কোন প্রকারে কাপড় তফাত হয় তাহার বিনা ওজর নিজে হইতে আমারা নিসা করিব কোন ওজর করিব না কাপড় দাস্ত করিতে গাফিলী করিব না কলীকাত্তা চালানির উক্তে কিম্বা আপুনি জে সময় হুকুম করিবেন তৎখনাত গাটীবন্দী করিয়া দিব আখিরিতে হিসাব করিতে আমার্দ্দের স্থানে জে বাকী

হইবেক তাহা আমারা বিনা উজর নিজে হইতে নগদ দিব কোন উজর কৈফিয়ত করিব না মযুরি ছি সর্ত থাকে ৯ নয় টাকা হিসাবে পাইব এতদার্থে আপন খুসীতে কবুলতিপত্র লিখিয়া দিলাম ইতি সন ১২২৮ সাল তারিখ ১৯ শ্রাবন—

ইসাদী

শ্রীঅর্দ্দিত ঘোষা	শ্রীঅনুপ মেহতৈরি	শ্রীসরুপ মেহতৈরি
সাং যুরুল	সাং সিলুট	সাং যুরুল

... ...
খজানা আমরা
... ...
TREASURY

[খ— ৯৪৩ নং বিক্রী মোং যুরুলী সন ১৮২১ সাল ১২ বারঞী জুলাই শ্রীরাধাকান্ত বরাট

॥ ৫৭৫ ॥

কবুলপত্র (সন ১২২৮ সাল) প ১

শ্রীশ্রীদুর্গা—

STAMP
ONE ANNA
... ...
... ...
এক আনা
OFFICE

মহামহিম শ্রীযুৎ আশানন্দ সরকার মহাশয় বরাবরেষু—

লিখিতং শ্রীগৌর পরাঞী—

কস্য কল্পত্র মিদং কার্য্যানঞ আগে আমি আপনকার স্থানে জমাটং সীকা ১৫ পোনের টাকা কর্জ লইলাম ইহার সুদ দরমাহা ছি: তাহে ছিদি ।৫০ ছের কড়া হিসাবে দিব

সোধের ওয়াদা মাহ কাত্তনে সুদ সমেত টাকা দিয়া পরিশোধ করিব এতদর্থে নগদ ভক্তা পাইয়া খতপত্র দিল ইতি সন ১২২৮ সাল তারিখ ১১ আশ্বীন—

ইসাদ—

শ্রীঅদ্বীত ঘোষা	মানিক শো	সন্ত গরাই
সাং মুরুলী	সাং মুরুল	সাং মুরুল

... ...
খজানা আমরা
... ...
TREASURY

[খ-৫৩৭২ নং
বিক্রী মোং মুরলি সন ১৮২১ সন ২৬ ছাবিয়া মাই শ্রীরাধাকান্ত বরাট

॥ ৫৭৬ ॥

কবুলিপত্র (সন ১২২৮ সাল) প ১
শ্রীশ্রীদুর্গা শরনং—

STAMP
FOUR ANNAS
... ...
... ...
চারি আনা
OFFICE

শ্রীনকরচন্দ্র মুখোপাধ্যায়
সাং পড়দহা
মোং কেষবপুর

মহামহিম শ্রীযুৎ আশানন্দ সরকার মহাশয় বরাবরেষু—
লিখিতং শ্রীনকরচন্দ্র মুখোপাধ্যায়—
কষ্য কবুলিপত্র মিদং কার্য্যনঞ্চ আগে আমি আপনকার স্থানে অত্রটং পীর্ত্তা ১০১ একসও এক টাকা কবুল লইলাম ইহার সুদ মিঃ সও তঙ্কে এক টাকা হিসাবে দিব শোধের ওয়াদা

মাহ চৈত্রীতে মুদ সমেত নগদ টাকা দিয়া পরিশোধ করিব এতদার্থে দস্তবদস্ত নগদ টাকা লইয়া খতপত্র লেখিআ দিলাম ইতি সন ১২২৮ সাল তারিখ ১৮ পৌষ—

ইসাদী—

শ্রীশ্যামাচরন মুখ্যোপাধ্যায়	শ্রীগুরুচরন দাই	শ্রীসিবু ভাণ্ডারি
সাং মুরুল	সাং মুরুলী	সাং মুরুলী

[খ—৩৩৮৬ নং
বিক্রী মোং মুরুলি
সন ১৮২১ সাল ১৬ সোলঞী আগস্ত
শ্রীরাধাকান্ত বরাট—

... ...
খজানা আমরা
... ...
TREASURY

॥ ৫৭৭ ॥

একরারপত্র (সন ১২২৮ সাল) প ১

মহামহিম শ্রীযুৎ আশানন্দ সরকার মহাসয় বরাবরেষু—

লিখিতং শ্রীগৌর পরাঞী—

কষ্য একরারপত্র মিদং কার্য্যানঞ আগে আমি আপনকার স্থানে এক কেত্তা তমসুক দিয়া ১৫পোনের টাকা কর্জ্জ লইলাম ইহার মুদ তমসুকে কুমপানী দস্তুর লিখিয়া দিলাম এ কারন

শ্রীগৌর পরাঞী
সাং মুরুল

বাহির একরার করিতেছী দরমাহা ফিঃ তঙ্কে প্রিতি ৲৫ এক পাই করিয়া মুদ দিয়া মেয়াদ মাফীক তঙ্কায় পরিশোধ করিব এতদর্থে একরারপত্র দিল ইতি সন ১২২৮ সাল তারিখ—১১ আশ্বীন—

ইসাদী

শ্রীঅদীত ঘোষা	মানিক সৌ	সন্ত বরাই
সাং মুরুলী	সাং মুরুল	সাং মুরুল

॥ ৫৭৮ ॥

একরারপত্র (সন ১২২৮ সাল) প ১

৭শ্রীশ্রীহবিব—

শ্রীসেখ লাল মাহাম্মদ
সাং বিরুলতা

শ্রীযুত মহামহিম শ্রীযুৎ আসানন্দ সরকার
মহাসয় বরাবরেষু—

লিখিতং শ্রীসেখ লাল মাহাম্মদ কষ্য একরারপত্র মিদং কাজ্যানঞ্চ আগে আমী আপনকার স্থানে এক কীত্তা তমযুক দীআ ১০১ এক মণ্ড এক টাকা কজ্য লইলাম তাহাতে সদর হার যুবতে যুদ লিখিয়া দীলাম ঐক্সান একরার করিতেছী কি সদে ১৷৷০ ডেড় টাকা করিয়া যুদ দিব এতদথে একরারপত্র লিখিয়া দীলাম ইতি সন ১২২৮ সাল তা—১৪ কাত্তিক—

ইসাদ—

॥ ৫৭৯ ॥

একরারনামা (সন ১২২৮ সাল) প ১

৭শ্রীশ্রীহরি

শ্রীকৃষ্ণনাথ মেইতর
সাং মুরুলী

মহামহিম শ্রীযুৎ নফরচন্দ্র মেইতর ও শ্রীযুৎ সোনাতন মেইতর ও শ্রীনারায়ন মেইতর বরাবরেষু—

লিখিতং শ্রীকৃষ্ণনাথ মেইতর—

কষ্য একরারপত্র মিদং কাজ্যানঞ্চাগে কুটী মুরুলীতে শ্রীযুৎ বাবু আসানন্দ সরকার মহাসএর গড়া ঘোলাএর মেইতরি কার্জ্য মোকরোর ছিলাম আখেরিতে হিসাব করিতে মবলগে ১৪ চৰ্দ্দ টাকা দেনা হইলাম তাহার অন্দরে ৭ সাত তঙ্কা আমী দেনা হইলাম ...সাত টাকা নাগাইদ সন ১২২৯ সালের শ্রাবন গড়া কাচিয়া পরিশোধ করিব সেওাই বাকি টাকা তোমারা তিন হিশ্যায় পরিসোধ করিবে এতদথে একরারনামাপত্র দিল ইতি সন ১২২৮ সাল তা—২ পৌষ—

[ধ— ইসাদী—

শ্রীপ্রসাদ ঘোষা
সাং অমরপুর

শ্রীযুকলাল ঘোষা
সাং ধুরুন্তা

শ্রীকাফিজত খা
সাং মেটালা

॥ ৫৮০ ॥

কোবালাপত্র (সন ১২২৮ সাল) প ১

শ্রীশ্রীহবিব



শ্রীচাঁদ খাঁ
সাং সনসত
=
লিখা

ইআদীকীদ্দ সকল মঙ্গলালও খরিদীগী মিরজ্জা হোহরাপ ওলদে মিরজ্জ মাহাম্মদ রোষম—

খরিদাগীদাদে লিখিতং শ্রীচাদ খাঁ ওলদে বাহারাম খাঁ—

কস্য গাছ বিক্রীকোওআলাপত্র মিদং কাজ্জনক্ষী আগে পরগনে বারবক সীহ মোজে ডোমনপুরে আমার ইক্ষপারজীত কাটান গাছ ১ একটী ধনা ডোমের বাটীর দখিন মারুপ সেখ বাটীর পছিম ইহার ও আজি বিঃ মূল্য ১৵ এক টাকা দুই আনা সহিসীকা আপনকারও থানে দস্তবদস্ত নগদ লইআ আপন দস্ত কবজে আনীআ তবরুপে লইআ এই গাছ আপনকাকে জড়খরিদ বিক্রী করিলাম আপনে পুত্রপত্রআদক্রমে পরম সুখে ভোগ দখল করিবেন আমী আপন সত্তা ভেআগ করিলাম আপনে দান বিক্রী আদীর ওধীকারি আমী কীম্বা আমার ওআরিষ কস্মসিন কালকলাও দাওআ করি কীম্বা করে সে বাতীল ও নামনযুর ইতদথে আপন খুসীতে গাছ জড়খরিদিগী কোআলাপত্র লিখিআ দীলাম ইতী সন ১২২৮ সাল তারিখ—২৫ জেষ্ঠী—

ইসাদ—

শ্রীমিজ্জা আমীরদ্দী	শ্রীমিজ্জা ওছমান	শ্রীসখাওদ্দী চৌধুরি
সাং সনসত	সাং সনসত	সাং সনসত



[খ ২৯০৩ নং বিক্রী যোং যুকলি সন ১৮২১ সাল ২১ একুষা আপরেল শ্রীরাধাকান্ত বরাট

॥ ৫৮১ ॥

দানপত্র (সন ১২২৮ সাল) প. ১

৭শ্রীশ্রীহরি

যুতাসিব্বাদ শ্রীযুত পতিতপাবন মুখোপাধ্যায় বরাবরেষু—

লিখিতং শ্রীভগবতি দেব্যা—

কস্য দানপত্র মিদং লিখনং কার্য্যনঞ্চ আগে পরগনে বারবক সিংহ সাঃ জগন্নাথ বাটিতে আমার স্বামী ৺ভৈরব বন্দোপাধ্যায়এর নামে ব্রহ্মত্তর সালিজমা ৫ পাচ বিঘা য়াছে আমার স্বামী ৺প্রাপ্তী হইয়াছে আমি আপন স্বামীর স্বর্গাথে তোমাকে ঐ জমি দান করিলাম আপুনি ইহার দান বিক্রয়ের সত্তারিকারি তুই হইলেন পুত্রপোত্রাদীক্রমে জমী আব্বাদ তরতুদ করিয়া ভোগ তরহপাত করিবে এতদর্থে দানপত্র দিল ইতি তারিখ সন ১২২৮ সাল— ১২ আসাড়—

॥ ৫৮২ ॥

পত্র (সন ১২২৮ সাল) প ১

৭শ্রীশ্রীদুর্গা

আজ্ঞাকারি শ্রীঅনন্তরাম দেবসম্মন বিনয়পুর্ব্বক নিবেদনঞ্চ আগে মহাসএর রাজরাজোন্নতি শ্রীশ্রী৺স্থানে সদা সব্বদা প্রাথনা করিতেছি তাহাতে অত্রানন্দ বিসেষ মোজে মনহরপুরের খাজানা জে মযুত হইল তাহা পাঠাই চালান দিষ্টি করিয়া লইবেন বেলকিস্তির বাকী খাজানা কল্য তক যুমার করিয়া পাঠাইব সাবিককিস্তির সমেত দাখিলা পাঠাইতে আজ্ঞা হইবেক আর পুর্ব্বে মহাসয়কে জে বিসয় লিখিয়াছি তাহার বিস্তারিত সমাচার লিখিতে আজ্ঞা হইবেক ইহার নিবেদন করিলাম ইতি সন ১২২৮ সাল তারিখ— ১২ আসাড়—

॥ ৫৮৩ ॥

মালজামিনপত্র (সন ১২২৮ সাল) প ১

৭শ্রীশ্রীহরি—

মহামহিম শ্রীযুং প্রনকৃষ্ণ সরকার মহাসয় বরাবরেষু।—

লিখিতং শ্রীঅনন্তরাম দেবসম্মন—

কস্য মালজামিনপত্র মিদং লিখনং কার্য্যনঞ্চ পরগনে বারবক সিংহ মোজে সেড়াদি সন ১২২৮ সাল সাকিম মোনহরপুরের শ্রীহরিপ্রসাদ সরকারকে এক

সন করারে দিলেন গ্রাম ময়ুকুরের তোল জমা মায় সরঞ্জামি ১১১৭৷৷৵০ এগার সও টাকা মাফিক কিস্তিবন্দী সরবরাহ করিবেন কিম্বা মাল ··· বেবাক আদায় না হইলে জলপি কোন বাবুতি তহরূপাত করিয়া গরহাজির হন তবে আমি সাম্মাক প্রকারের ইজারার লোকসানের নিসা করিব এতদর্থে আপন খুসিতে মালজামিনভিপত্র লিখিয়া দিল ইতি সন ১২২৮ সাল তারিখ— ১৮ আসাড়—

সেবক শ্রী···

সেবক শ্রীকেনারাম দেবসম্মন দণ্ডবৎ প্রণামা নিবেদনঞ্চ আগে মহাসএর এজনার— মহামহিম শ্রীযুত শ্রীনিবাস সরকার—

॥ ৫৮৪ ॥

কর্জ্জপত্র (সন ১২২৮ সাল) প ১

৺শ্রীশ্রীহরি—

ইয়াদিকিদ্দ সাধু—

শ্রীঅনন্তরাম দেবসম্মন বুচরিতেষু।—

খাতক শ্রীভক্তরাম দত্ত কষ্য কজ্জপত্র মিদং সন ১২২৮ সাল আগে লিখনং কাষ্যনঞ্চ আগে আমিহ আপনকার স্থানে ঞত্রটং সিক্কা ৮৯ উননব্বই টাকা কজ্জ লইলাম ইহার বুদ মোওা কি তঙ্কে প্রতি ধান্য করারি ৵ দুই আনা গুড় করারি ৵ তিন আনা করিয়া দিব সোধের ওয়াদা মাহা পোসে মহাজনি দরদস্তারে আটার আনি যুক্তে ৮১ একসট্টি টাকার ধান্য দিব মাহা চৈত্রিতে ২৮ আটাস টাকা গুড় দিআ পরিসোধ করিব এতদর্থে খতপত্র লিখিয়া দিলাম ইতি তারিখ ১৮ আসাড়—

মহামহিম শ্রীযুৎ শ্রীযুনিবাস সরকার মহা—

॥ ৫৮৫ ॥

ব্যবসা সংক্রান্ত পত্র (সন ১২২৮ সাল) প ১

৺৺শ্রীশ্রীহরিঃ।—

সহায়—

অবন্তপোস্ত শ্রীভোলানাথ দাষষ্য—

পরম শুভাশীর্ব্বাদ নিবেদনঞ্চাগে বাবুজী তাহার স্থীর রাজলক্ষ্মী নিয়তো শ্রী৺স্থানে প্রার্থনা করিতেছী তাহাতে অত্র মঙ্গল বিশেষঃ অনেক দিবশ হইল নিজ মঙ্গলাদী পাই নাই শ্রীযুৎ শীংহর পত্রে মঙ্গলাদী পাইয়া স্থীর আছি

অতএব নিজ মঙ্গলাদী বিস্তারিত লিখিয়া চিত্রের পরিতোষ করিতে অবশ্য হইবেক পরে এখানকার সমাচার বাজার বড়ই মন্দা অদ্যাপী কাহারু জাহাজ দুনি আইসে নাই আশীবার শোরত মাত্র আছে মারাকার জাহাজ দুই চারি খান আশীয়াছে এবং আশীতেছে সে আমাদিগের কার্য্যকারক নহে পড়া লইতেছে কীন্তু দর হয় না বাজার ৮০।৮১ তঙ্কা ইহার বেশী আর হয় না বাজার এই প্রকার আপনকার পড়া এবং আমাদিগের পড়া আমারা দুই জনাতে একজোগে বিক্রী করিতেছী অদ্যাপী কোথাও চেষ্টা পাইয়া বিক্রীর ঠিকানা করিএ এবং নমুনা দিয়া দর করি তাহার মর্দ্দে শ্রীযুৎ বন্দোপাধ্যায় মহাশয় তাহার উপর পুনুরায় নমুনা দিয়া না ২ মত ভজকট করিয়া দর ভাঙ্গা নতুবা সওদা ভাঙ্গে এ বড় কাপড় বিক্রীর আপদ হইয়াছে আমাদিগের কর্ম্ম জে প্রতুল মত হয় এমত ইহার বাশনা নাই কী করি আপনকারদিগে লিখিতে হয় ঘরে ২ এখানকার কর্ম্ম এ প্রকার হইলে কীরুপ চলে এখানকার কার্য্য সকলই একমত না হইলে আপনকারদিগের লোকসান হয় কী করি আমরা অর্পভারি শ্রীযুৎ বন্দপাধ্যায় অনেক দিবশ হইতে এখানে আছেন এজন্নে পৃবিনতা হইয়াছেন এমতে অবিজ্ঞা করেন অতএব আপনকাদিগের পুর্ন্ন প্রতাপে কর্ম্ম চলে কাহাও হইতে কীছু হয় না কেবল পরিচয় মাত্র কাপড় জে তৈয়ারি মযুদ হইয়াছে তাহা চালান করিবেন আর এখানকার সমাচার জখন জেমত প্রকার হইবেক তৎক্ষনাত বিস্তারিত নিবেদন লিখীব আমার বাটীর ছওলরা আছেন তওতল্লাষ হামেশা করিবেন আপনকার ভার সকল অধিক পত্রে কী নিবেদন জানাইব আমি কাইক ভাল আছী তথাকার মঙ্গলাদী লিখীতে অবধান হইবেক ইহা নিবেদন ইতি সন ১২২৮ সাল তারিখ ১ অগ্রহায়ন—বুক্রবার—

॥ ৫৮৬ ॥

পত্র ঐ (সন ১২২৮ সাল) প. ১

৭শ্রীকৃষ্ণঃ ।—

সরন ।—

শুভানুধ্যাই শ্রীপতিনাথ দেবশর্ম্মণঃ ॥—

চতুর্ব্বেদোক্ত পরম শুভাশীর্ব্বাদ নিবেদনঞ্চ বিশেষঃ ॥ আপনকার পত্র পাইয়া সমাচার জ্ঞাতো হইয়াছি শ্রীযুৎ গোপাল চট্টোপাধ্যায় ও শ্রীযুৎ রাজচন্দ্র ঘোষ মারফত জে চিনি পাঠাইয়াছিলেন তাহা গতকল্য সন্ধার সময়ে বালির খালে পোহছিয়াছে আমি বালির খাল পর্জ্জন্ত গীয়াছিলাম কীস্তিতে জে মাল বোঝাই

দিয়াছেন বড়ই দাবি বোম্বাই এ সমায়ের ভারি বোম্বাই কর্ত্তব্য নহে আদৌ পথে চড়া হইয়াছে এবং তুফান অতিশয় নৌকা পোহিতে গৌনপক্ষ তাহার কারন এই এ কায়ন দোষরা নৌকায় মাল উদ্ধর করিয়া পরিমীঠের ঘাটে আনিব আগতকল্য নৌকা সমেৎ বালির খালে গীয়া উদ্ধর করিয়া আনিব বাবাজীএর পুত্র অভেষ্ট ইহাতেই জানিলাম এমত ওষয়াস···বোম্বাই আর না দেন সে জেহক চিনির দর অদ্য কষামাজা হইয়াছে ৮৷৵৮৷৵ হর্দ্দ ঘোষজার সহিত কনভাসি হইয়াছে কীন্তু রফা হয় নাই আগতকল্য রফা করিয়া বেওরা সমাচার লিখিব ৮৸ টাকা খারা নগদ হইলেই ছাড়িয়া দিব বাজার বর্ত্তমান দরে কোনমতে লোকসান হইবেক না জানিবেন আর ২ সমাচার পশ্চাৎ লিখিব ইতি সন ১২২৮।—২৫ জৈষ্ঠী—বুধবার-

॥ ৫৮৭ ॥

পত্র ঐ (সন ১২২৮ সাল) প. ১

শ্রীশ্রীদুর্গা —

সরন।—

শুভানুধ্যাই শ্রীগভিনাথ দেবশর্ম্মণঃ —

চতুর্ব্বেদোক্ত পরম শুভাশীর্ব্বাদ নিবেদনঞ্চাগে বাবাজীএর মহদৈশ্বর্য্য ধর্য্য নিয়ত শ্রীশ্রী৺স্থানে প্রার্থনা করিতেছি তাহাতে অত্র মঙ্গল বিশেষঃ॥ বাবাজীএর পত্র পাইয়া সমাচার জ্ঞাতো হইয়াছি এখানকার সমাচার ২৩ আশাড়ের নিবেদনপত্রে শুগোচর আছেন শেষ চালানি চিনি ৭৭ বস্তা শ্রীযুৎ ঘোষজাকে অনেক প্রাআশে গতান চিনি বিক্রির পূর্ব্বে তিন দিন উজনের পর চারি পাচ শাত দিন সাবকায ছিল না পরিমীটের আড়তদার না থাকতে পরিমীটের কর্ম্ম করিতে হইতেছে পরিমীট খিরকীচ বিশেষঃ চিনির বিশয় এ ঝোক আর কেহো লয়না যুতব... অনবকাশে এবং সিবনাথ শীংহ ভায়াকে কহিয়া জাই সরেওয়ার সমাচার বাবাজীকে লিখিবে কহিয়া কাজে গেলাম চিনি বিক্রীর এবং আর ২ সমাচার সীংহজী ঐ ২৩ রোজ লিখিয়াছিলেন তাহাতে আমার নামটা দিলেই ছিল ভাল তাহা না দিলে খালি আপনার নামে লিখিয়েছেন তাহার খেতি নাই কোন প্রকার এখানকার সমাচার পায়া আর কাজে হরকতি না হয় কীন্তু আগে কাজ খাড়া করা পশ্চাৎ লেখাপড়া তাহা বাবাজী সকল জ্ঞাতো আছেন যে দয় জন লোককে পরবয় করিতেছেন ৮তেমতি মতি বুদ্ধি আপনকাকে লোকের রিত ভীত সকল শুগোচর আছে তত্রাপী লিখি আমারা ব্রাহ্মণঃ তাহাতে বয়বাহুল্য তাহাতে চিরদিন প্রতি পালন হইতেছি বিশেষে শ্রীমন্ত লোক আমা হইতে প্রাণ খেলে অন্যত হইতে

পারিবেক না এবং কখন হয় নাই অতএব আমা প্রতি বাবাজী অন্যমত ভাবিবেন না আমি আপনার বিশয় লিখিলাম কীছু সাপরাদি হইয়া লিখিলাম তাহা নহে আর এখানে মোকরোর থাকীবার কারন তাহা জানিবেন না এখানে প্রতি পালন হইতে হিলাম এখানে না হইলে নিকট রাখিয়া প্রতিপালন করতে হইবেক তাহাতে নিশ্চন্দে থাকীবেন না তোমার্দ্দের পূর্ব্বাপর ব্রাহ্মণ প্রতিপালন করিয়ে স্বভাব আছে তাহা কী ত্যাগ করিতে পারিবেন আবষ্যক প্রতিপালন করিতেছন করিবেন শো জেমত করেন এখানে এক্ষেনে গড়ার বাজার খরিদার হইতেছে কীন্তু ৮বৃষ্টি না হয়াতে গড়া ধোলাই হইল না ইহাতে কর্ম্ম খেতি দশীতেছে চিনি...কর্ম্মে কুল দেখে না গড়া কার্জ্জ খিরকীচের নিমিত্রে বাবাজী ..আতমবরি করেন লোক প্রতিপালন আর জথা লাভ কীন্তু গড়ার কার্জ্জ আপনকারদিগোর বুনেদী কর্ম্ম ইহাতে মোনজোগ করিবেন আর কথক চিনি শেখানে এখানে ময়ুদ শ্রীযুৎ দুর্গাপ্রশাদ ঘোষজায় একখান মেরেকীন জাহাজ আশীতেছে আর খানেক কারনের খবর আছে এই জাহাজ পোহছিলে সমাচার লিখিব তবে শেখানকার চিনি পাঠাবেন আর গালার বিশয় একজায়গায় কথা আছে তাহার শেষ করিয়া পশ্চাৎ সমাচার লিখিতেছি আর জলপোলা রঙ্গবটীর কীঞ্চীত নমুনা পাঠাই এ রঙ্গ শেখানে কী দর তৈয়ার হয় তাহা জানিয়া সমাচার লিখিবেন এখানে মেকীনটীন শাহেব ২৫০ সও মোন লইবেন শেখানে আমার এক জানির আত্মহ লোক আছে সদর মেট তিহো ডাকীয়ে কহিলেন বাবাজীর সমাচার পাইলে তবে কথপকথন কহিয়া সমাচার লিখিব আর চিনি শেখানে কত ময়ুদ তাহার সমাচার লিখিবেন চিনি বিক্রীর বিশয় চলত বাজার নহে বত্তমান বাজার জে সামিগ্রীর তাহাতে কমবেষ বিক্রি সকলেই হইতে চলে অস্পষ্ট বাজার হইতে কীছু বাকা ব্যয় চাহি নতুবা লোকসান শে জেহকু বাবাজী জেমত ভাবুন অধর্ম্ম আচরন লোকসান কোনমতে দেখিতে পারিবে নাই পারিব না গ্রাম ঘরের ভাগ্যবন্তলোক তোমারা ৺প্রতুল রাখিলেই এক মুষ্ট লইয়া খাইতে পারিব এই এরেদীতে কোন প্রকার খাবারি কী লোকসান হয় এমত অন্তরন হয় না জানিবেন বাবাজী প্রতিপালক আমারা প্রতিপাল্য তোমারা হিন্দু বড় তোমার্দ্দের ঘরের গরু কসাইয়ের হাথে না প[ড়ে] ... আশীর্ব্বাদক আর প্রাণতুল্য শ্রীযুৎ অক্ষয়রাম সরকার তারা বাবুজীদিগা ৺পুজায়তে একটা ফুল দিয়ে থাকী আর দিতেছী এবং দিব তাঁহারা দীর্ঘজীবি থাকীলে আমার্দ্দের অন্তের ভাব্য নাই এখানে আমি সারিরিক ভালো আছি বাবাজী সকলের কুশলাদি লিখিবেন চিনির টাকা ময়ুদ রাখা গেল বরাতি পোহছিলে টাকা দেওয়া জাইবেক ইতি সন ১২২৮।— ২৯ আশাড়—

॥ ৫৮৮ ॥

পত্র ঐ (সন ১২২৮ সাল) প ১

শ্রীশ্রীকৃষ্ণঃ।—

সন ১২২৮।—

শুভানুধ্যাই শ্রীপতিনাথ দেবশর্ম্মণঃ—

চতুর্ব্বেদোক্ত পরম শুভাশীর্ব্বাদ রাশয়োসন্ন নিবেদনঞ্চা বিশেষঃ। এখানকার সমাচার ১৬ শ্রাবনে ডাকজোগে নিবেদনপত্র লিখিয়াছি তাহাতে গোচর হইয়াছেন পরন্তু বাবাজীয়ের ১৫ রোজে আজ্ঞাপত্র ১৭ রোজে পাইয়া সমাচার জ্ঞাতো হইয়াছি বাবাজী পূর্ব্ব এক আজ্ঞাপত্র লিখিয়াছিলেন জে ৩০০০ হাজার টাকার বরাতি পাঠাইলাম এ বরাতির টাকা দিয়া আর হাজার টাকার নোট এখানে পাঠাইবেন এ চীটী পাইয়া টাকার চেষ্টিত জেখানে পাওনা আছে তাহার তাগাদা আর জদ্যপী হাওলাত মিলে তাহার চেষ্টা তাহার মধ্যে চিনি বিক্রীর অন্দরে ১২৫ বস্তা আগেকার চালানির টাকা পাইলাম তাহাতে কম বেস ২২০০ টাকা অপনকার হিশাবে আর গড়া বিক্রীর টাকা পাঠাইতে পারিলাম না ইহাদিগ্যে তিন হাজার টাকা দিতে হইল টাকা জোটান চাহি তাহাতে ব্যস্ত আর কলিকাত্তায় জে তাগাদি টাকার খেচ জে টাকার ব্যাজ পাচ টাকে ছয় টাকা হোয়ওয়ালার ছিল সে ব্যাজ এককালিন ১০ দষ টাকা হইল কেবল টা[কা]র খিচে আপনাদ্দের এখানে সরাপা নাই সারাপের সহিত খাতা থাকীলে দেনা লেনা চলে জদ্যপী হাজার দুই টাকার দরকার পড়ে তবে আত্মস্থান ব্যতিত অন্য জাইতে পারিয়ে চাহিলেই পাই এমতি জায়গায় জায়া সেযকার ঘরে টাকায় খিচ টাকার চেষ্টিতেই ছিলাম এবং আছি টাকার ঠিকানা করিয়া বাবাজীর পত্রের জবাব লিখিব পরহস্ত কর্ম্ম আয়াষে আজীকালি লিখব মতলব এই বাবাজী ১৫ শ্রাবনে নিজ সাক্ষরে জে আজ্ঞাপত্র লিখিয়েছেন কীছু রাগাসক্ত বোধ হইল কারন টাকার সাইত করিয়া পাঠাইয়েতে পারিয়ে নাই এ নিমিত্রে বেজার হইয়াছেন বাবাজী বিবেচক পরহস্ত জে কর্ম্ম তাহার নিমিত্রে না হইবেক সেটা কেবল হিল্লা মাত্র আর কোন য়ং[শে] আমার ত্রুটী থাকীবেক কীম্বা কলিকাত্তায় কর্ম্মের অক্ষেমতা ঠাহরিয়ে থাকীবেন তাহাতে আমার খেতি নাই কলিকাত্তায় রাখিয়ে প্রতিপালন করিতেছিলেন না হয় সেইখানে বশীয়া ভনখায় সবরূপ লইব বাবাজীকে দিতে হইবেক কমবেস শোল বৎসর কাটাইলাম সমুদ্রে চরন করিয়া বিস খাস পছেন্দ হয় না কলিকাত্তায় থাকীয়া কাজের জখম আর সর্ব্বদা দুর্ভাবনা আর মিহনত ইহাতে ৺পূজা অন্তে ব্যস্ত হইয়া একটা ফুল দিতে হয় সেখানে থাকীলে নিজো জানে ৺পূজাপূর্ব্বক পরি-চর্য্যারূপ আশীর্ব্বাদ করিয়া প্রতিপালন হইব বাবাজী অনয় করেন আর লইবার

স্থান হইয়াছে প্রানতুল্য শ্রীযুৎ অক্ষয়রাম সরকার ভায় দীর্ঘজীবি হকু তাহার কোমর ধরিয়া মাশ ২ তনখা লইব আমিহ কেবল চাকুরি করিতে মতলব করিয়া এখানে থাকা নহে তৎ উপযুক্ত করিলে বাবাজীর পাষ তনখা লইতে হইবেনা আমার অন্তক্করন গ্রামের বাসিন্দা বুনেদিলোক বহু বিরিঞ্জীত এখানে কোন মতে ইহাদিগার মোনে থাকীলেই সম্ভ্রম বহাল রাখিয়া ব্রাহ্মনের পেট ··· ই বস আছি এই প্রকরনে এ নাগদী কাটাইয়াছি এখানে বড় ২ লোকের কাছে প্রকাষ আছে শ্রীযুৎ সরকার মহাশয়দিগ্যের গোমস্তার নায়েবলোক নহেন নিজের লোক বাবাজীর অলপ বয়েশের কালে শ্রীযুৎ মুখোপাধ্যায়ের সহিত..... জে বড় ৺ধর্ম্মাত্মার পুত্র ইহাকে শ্রীশ্রী৺চিরজীবি করুন ইহার বয়েসকালিন আমাদ্দে'র আশ্চএর স্থান ছেলার মধ্যে তখন হইতে নজর টীকী আছে শেই অবধি আশীর্ব্বাদক তুমি ছেলাতুল্য অধিকার আপনি বেজার হইলে ধত্তব্য করিয়ে না সে চাকুরির খোশামুদিতে তাহা অন্তক্করন করিবেন না জাতি ব্রাহ্মণ উদারন্যের নিমিত্রে ল্যালাইত নহেন কান্দে ঝুলি করিয়া ভিক্ষা করিতে প্রতিপন্ন আর ক্রোবেরে... বিছানাতে বশীতেও প্রস্তুত তন্নিমিত্রে বাঞ্ছিত নহি কীন্তু বাবাজী কলিকাতায় গোমস্তা কাখে মোকরোর করেন তাহা দেখিয়া কলিকাত্তার কর্ম্ম মাথায় তুলিয়া নিকট হাজীর হইবগা বাবাজীর কর্ম্ম সকলে আগে প্রানপন চেষ্টায় কোন কারকীত নাই অকাপট্টমতে কর্ম্ম করিয়া আশীতেছী করিব ইহাতে বাবাজী বিহিত বিবেচনা করিয়া দেখিবেন গ্রামের মদা আর মানুশের স্বভাব ধর্ম্মাধর্ম্ম পরজীকী কর্ম্মে না লায়েক জে দষজনকে প্রতিপালন করে তাহাকে উচিত মনিস্যের পরখ সদত পরত করিতে হয় আমার অন্তক্করন সর্ব্বদা তোমাতে বৈরিক্তি নাই বাবাজী এমত মত লিখিয়া কেবল আমার অন্তক্করেন ক্ষুন্য ও হয়া শে জেহকু ব্যবসা বানির্য্য দেস বিদেশে করা কেবল কীছু লাভের নিমিত্রে ইহাতে ওতলা হয়া কেবল লাভাংশের হানি আদৌ কলিকাত্তার বাজারের বদগতিক ব্যবশা বানির্য্য নাই জে ব্যবশা করিতেছ কীছুতেও শুখ নাই আর দিন ২ খরচপত্র বাড়ীতেছে সওদা দিয়া টাকা পায় না মুৎশুদ্দির বাক্যের স্থির নাই বাবাজী বিবেচনাপুর্ব্বক কার্জ্জ করিতেছেন করিবেন এখানে রাখেন না রাখেন লোকসানে বড় লাগে জানিবেন বাবাজী বিবেচনা করিয়া দেখিবেন ডোঙ্গা জান্যা ডিঙ্গী নদী আর কারনে পারওত্তার চলে সমুদ্র বিশেষ হইলে কেনারা ২ ফেরে ভারি জারগায় জাইতে পারে না জদ্যপী পোহুছে তুফানে টল ২ নাকানি চুবনি খাইয়া প্রান লইয়া পালাইয়া আইশে কার্জ্জ কোথায় থাকে এইরুপ জানিবেন শ্রীযুৎ কত্তা সরকার মহাশএর নামের পশ্চাৎ বাবাজীর নামের টল দিয়ে ২ আশীয়া থাকে জদ্যপী

জানেন নামের ওন তবে শ্রীযুৎ নিমাই চক্রবর্ত্তি নামসংকৃত্য করেন আর মথুর দাষ নাম করেন তবে দুই চাহি এ নাগাদী বাবাজী আমি এমত আত্মপৌরষ লিখিবে নাই বাবাজী এ পৌরষ জানিবেন না স্বরূপ লিখিলাম তজবিজ করিলে লাভালাভের কম বেষ আছে জানিবেন আর ২ সমাচার ক্রোবোর পত্রে ওগোচর হইবেন বাটীর মঙ্গলাদি লিখিবেন নিবেদন ইতি - ১৮ শ্রাবন - বুধবার—

॥ ৫৮৯ ॥

পত্র ঐ (সন ১২২৮ সাল) প ১

শ্রীশ্রীকৃষ্ণঃ। -

শুভানুধ্যাই শ্রীপতিনাথ দেবশর্ম্মণ। -

চতুর্বেবদোক্ত পরম শুভাশীর্ব্বাদ নিবেদনঞ্চ বিশেষঃ।। আপনকার পত্র পাইয়া সমাচার জ্ঞাতো আছি এখানকার সমাচার পূর্ব্ব পত্রে ওগোচর আছেন টাকার বিশয় লিখিয়াছিলেন তাহার চেষ্টিত আছি ৮দেবতা পূর্ব্বে বৃষ্টী না হওয়াতে এ সহরের লোক কাজ্জ বন্ধ করিয়াছিলেন এক্ষেনে ১১ তারিখে অবধি বুন্দর বৃষ্টি হইয়াছে সকলে আসিয়াছে তাহার তদবিরে আছি আর শ্রীযুৎ আনন্দ রায়ের বরাতি তিন হাজার টাকা দিয়াছি আর জে চিনি শ্রীযুৎ রাজচন্দ্র ঘোষ মারফত পাঠায়াছিলেন তাহা পরিমাটে দাখিল হইয়াছে আর একখান মেরেকীন জাহাজ আশীয়াছে শেখানে চিনির নমুনা দেখাইয়াছি জে হয় পশ্চাৎ লিখিতেছি আর শ্রীযুৎ দেবিচরন সরকার মহাশএর একখান জাহাজ ফিরিঙ্গীর আশীয়াছে কাপড় খরিদী করিবেন ফিরিঙ্গী জাহাজ আর খানেক দুইখান আইলে রুযুল হইতে পারিবেক বাবাজী বিবেচক শেখানকার কাজ্জ বিবেচনামতে করিতেছেন করিবেন বাটীর মঙ্গলাদি লিখিবেন আর ২ সমাচার শ্রীযুৎ শীংহ ভায়ার পত্রে ওগোচর হইবেন এক সমাচার দুই পত্রে বাহুল্য লেখনের তাৎপর্য্য নাই অতএব সপ্লাক্ষরে নিবেদন জানাইলাম ইতি সন ১২২৮।০ ১৬ শ্রাবন—

[খ— পুন শেখান বৃষ্টী কীরূপ চালের কর্ম্ম আর গড়া ধোলাইয়ের কীরূপ হইতেছে সমাচার লিখিবেন আর প্রানতুল্য শ্রীযুৎ অক্ষয়রাম সরকার ভায়া সারিরিক কেমত আছেন সমাচার লিখিবেন আর শেখানে চিনি কীছু মযুদ আছে কিনা সকল বেওরা আর চিনির বাজার কেমন তাহা লিখিবেন বাবাজী সারিরিক সাবধানপুর্ব্বক থাকীবেন বাবাজী ভাল থাকিলেই আমাদ্দের মঙ্গল ৮দ্বারায় সর্ব্বদা প্রার্থনীয় তব মঙ্গল জানিবেন—

পরম কল্যানবর–
শ্রীযুৎ বাবু আশানন্দ সরকার বাবাজী মহাশয় পরম কল্যানস্পদেষু–
মোং– গুরুলের কুটীতে দেনা–
৭৪৷৷০

।। ৫৯০ ।।

পত্র ঐ (সন ১২২৮ সাল) প ১

৭শ্রীশ্রীকৃষ্ণঃ ।—

সরন ।—

শুভানুধ্যাই শ্রীগতিনাথ দেবসর্ম্মণঃ চতুর্ব্বেদোক্ত পরম শুভাশীর্ব্বাদ নিবেদনঞ্চ বিশেষঃ ॥ আপনকার ৩১ আশ্বীনের আজ্ঞাপত্র ২ কাত্তিকে পাইয়া সবিশেষ সমাচার জ্ঞাতো হইলাম এখানকার সমাচার পুর্ব্ব ২ তারিখে দুই পত্র লিখিয়া ছিলাম তাহার জবার কীছু লেখেন নাই এই কারন আর পত্রাদি লিখিতে না পারিয়া ভাবিতছিলাম এবং আছি বাবাজীর কাছে কী প্রকার ত্রুটি হইল অদ্যাপী ঠাহরিতে পারিয়ে নাই তাহাতে মোনস্থির নাই আর বাবাজী আমাকে একপত্র পুর্ব্ব লিখিয়াছিলেন জে কার্জ্জ প্রার্থক্য করা গেল জনাজাত এক ২ মহুরির দেওয়া গেল তুমি জেমত মোক্তার কর্ম্মকর্ত্তা আছই তাহাই থাকীলে তৎপরে কাপড় পোহছিল এবং পরিমীট আদি খালাষ শে মিহনত করা গেল কাজ্জকালিন বাবাজী ঘনাক্ষরে আর পত্রাদি কোন য়ংশে লিখিলেন না অতএব ইহাতে জানিলাম পুর্ব্বে জে পত্র আমাকে লিখিয়া ছিলেন সে কেবল ব্রাহ্মমজ্রাদা নিরোপরাধি কোনমতে মোনক্ষুন্ন না হয়েন বাবাজী আমাকে কোনমত লিখুন না লেখুন তাহাতে অন্যমত আমা হইতে কী প্রকার হইতে পারিবেক আদৌ ব্রাহ্মণ সন্নির তাহাতে পঞ্চাষ উর্দ্ধ পাচটা দিগদর্শন গোচর আছে বয় বাহুল্য হইলেই বহুদর্শীয় হইতে হয় ইহাতে ধর্ম্মাধর্ম্ম বিবেচনা জাহার মোনে থাকে তাহা হইতে কাহোর খেতি হয় তাহাতে বাবাজী প্রতিপালক অ[ামি প্রতি]পাল্য আমার নজরে খেতি দোষ হইতে পারিবেক না তবে [বাবা]জীর নিজের আত্মহতা কর্ম্মকর্ত্তা আপনকার লেখনানুসারে কর্ম্ম করিবেন অন্তশারের খবরদারি আমা হইতে কী প্রকার হইবেক তবে উপর ২ ... ... সমুদায় কর্ম্ম জানিতে পাইব না শুভঙ্গ অঙ্গ হইতে হইবেক বাবাজী সিশু প্রামানিক বড়লোকের সন্তান বিবেচক আর অনেক দ্রব্যে পরখ আছে মানুশের পরখ আমার মোনে ছিল জানেন

কাজ দ্বারায় বোধ হইতে চলিল বড় পরিপক্ক হয় নাই কীন্তু কালে হইবেক সে জে হকু শ্রীযুৎ মুখোপাধ্যায় মহাশয় প্রার্থক্য কাজ দৈবেই হইল তত্রাপী আমাকে দুই এক পত্রেতে লেখেন জে প্রানতুল্য শ্রীযুৎ সরকার ভায়ার আলাদা কর্ম্ম হইল বলিয়া আপনি ভাটীর কার্য্যে তাচ্ছল্য করিবে না হামেসা নজর রাখিবেন কোনমতে ভাটীর লোকসান না হয় আর বিবাদ কাহাকেও করিবে না শেখানে জে জেমত লোক জাহা হইতে জেমত কার্জ্জ হয় তাহা আমি জানি ভায়া বড় জাতো নহেন অতএব ভাটীর কার্জ্জের উদ্ধার করিয়া পশ্চাৎ আমার কার্জ্জ প্রায় লিখিয়া থাকেন লোকের লস্কর ভাবে লেখেন জানা গেল মুখোপাধ্যায়ের জেমত স্বভাব তাহার মতে কাস নহে তাহা বাবাজী সকল জাতো আছহ আমার লিখনাধিক এখানকার বাজারের গতিক বড় ভাল নাই বিবেচনা করিবেন আর বাবাজীর আদ্য নিবাংশী আমিহইএ তজবিজ নাই জানিবেন প্রানতুল্য শ্রীযুৎ অক্ষয়রাম সরকার ভায়ারদিগ্যের মঙ্গলাদি হামেশা লিখিবেন আমি তাহাদ্দের আশীর্ব্বাদ রাখিবেন বিস্তারিত সমাচার সীংহের পত্রে অগোচর হইতেছেন হইবেন ইতি সন ১২২৮ সাল— ২ আশ্বীন রাত্রী—

।। ৫৯১ ।।

পত্র ঐ (সন ১২২৮ সাল) প ১

৭শ্রীশ্রীকৃষ্ণঃ—

স্বরনং—

আজ্ঞাকারি প্রীতিপাল্লং শ্রীসিবনাথ সীহস্য—

সবিনয়পূর্ব্বক নমস্কারা নিবেদনঞ্চঃ আগে মহাশএর অনুগ্রহতে সমস্ত মঙ্গল বিশেষঃ নিবেদন আজ্ঞাপত্র পাইআ সমাচার জ্ঞাতো হইআহী শ্রীযুৎ মে ইবপাই সাহেবের বাটীতে পূর্ব্বে জে গড়া বিক্রী হইআহীল তাহার মধ্যে মহাশএর ৪০ থান বিক্রী হইআহীল আর সমুদায় শ্রীযুৎ মুখোপাধ্যায় মহাশএর গড়া ঐ চল্লীস থান গড়া বিক্রীর আর ২ রকমের টাকা মযুত হীল অদ্য কোং বেঙ্গরনোট ১ কীতা ২৫০ দুই সও পঞ্চাস টাকা পাঠাই নোট পোহছীলে জমা করিআ লইতে আজ্ঞা হইবেক আর মহাশএর হাল চালানী জে মধ্যম গড়া আশীআহীল তাহা শ্রীযুৎ সরকারজীর বাটীতে বেবাক খাড়া দিআহীলাম তাহাতে খাড়া সহি ৩৫৫ থান হইআহীল তাহার টাকা পূর্ব্বে পাটাইআহী সেই চালানীর মধ্যে স্বরেষগড়া ২ পাটীর কাত ১০০ থান মযুদ আছে স্বরেষ

গঁড়ার নমুনা দেওা পীআছে দরের নিকাষ হয় না খাড়া হইলে শেই সঙ্গে খাড়া দেও জাইবেক আর কোরাগড়ার কোম্পানির খাড়া বাটীতে লইবার গরজ আছে কথোক কোরা গড়া চালান করিলেন আর চিনি এক চালান চালান করিআছেন শে ভালই চিনি পোহছীলে তৎখনাত পোহছা সমাচার লিখিব আর ২ সমাচার শ্রীযুৎ বন্দোপাধ্যায় মহাশএর পত্রে অবধান হইতে আজ্ঞা হইবেক পরে নিজ বাটীর সমাচার পাইএ নাই শ্রীযুৎ বিশ্বনাথ সীহু ভায়াকে একখানি পত্র লিখিলাম অনুগ্রহপুর্ব্বক কোন লোক দারায় পত্রখানি খটঙ্গায় পাটাইতে আজ্ঞা হইবেক কত্তাবাবুজী মহাশয় ইহা নিবেদন করিল ইতি সন ১২২৮ সালা তাং— ৫ জৈষ্ঠী—

পুন নিবেদন কোরাগড়া বিক্রীর টাকা অদ্য কীম্বা কল্ল নাগাদী পাওা জাইবেক টাকা পাইলেই চালান করিআ দিব নিবেদন ইতি—

।। ৫৯২ ।।


পত্র ঐ (সন ১২২৮ সাল) প ১

৭শ্রীশ্রীকৃষ্ণঃ

শ্বরনং —

আজ্ঞাকরি প্রিতিপাল্লঁ শ্রীসিবনাথ সীহুষা—

সবিনয়পুর্ব্বক নমস্কারা নিবেদনঞ্চঃ আগে মহাশএর অনুগ্রহতে সমস্ত মঙ্গল বিশেষঃ নিবেদন শ্রীযুৎ ঘোষ মারফত জে চিনি চালান করিয়াছীলেন তাহাতে কীস্তী অদ্য তারিখে মোং কলিকাতায় পরিমিটের গুদামে দাখিল হইল আর সাবেক চিনি পরিমিটের গুদাম আছে চিনি বিক্রীর গতিক হইয়াছে একখান মারিকিন জাহাজ অদ্য চারি রোজ হইল আশীআ পোহছিয়াছে চিনির নমুনা কল্য তারিখে দেওা পীআছে দরের কিছু খজো হয় নাই জে জাহাজ আশীআছে এ জাহাজে চিনি হাজার বার সত্তঁ মোন লইবেক কহিয়াছেন জে চিনি মযুদ আছে ইহা শীঘ্র নিকাষ হইতে পারে আর শেখানে জে চিনি মযুদ আছে তাহা অতি শীঘ্র চালান করিতে আজ্ঞা হইবেক আর চিনি খরিদী করিতে পহুঁাত গতিক বুঝিয়া মহাশয়কে নিবেদন লিখিব এক্ষানে মযুদ চিনি খাড়া ২ চালান করিবেন চিনি হাজার মোন সওদা করিতে কহেন দরের বিশয় জানিআ জে হয় পহুঁাত নিবেদন লিখিব আর শ্রীযুৎ দেবিচরন সরকারজীর এক ফিরিঙ্গীর জাহাজ আশীআ পোহছীআছে কাপড় এক চালান খাড়া ২ চালান করিতে আজ্ঞা হইবেক কাপড় আইলেই বিক্রী হইবেক এক্ষানে ঘাটে ফিরিঙ্গীর দুই জাহাজ আর



আশানন্দ সরকারকে লিখিত শিবনাথ সিংহের বাণিজ্য সংক্রান্ত পত্র। সন ১২২৮ বঙ্গাব্দ।

আর মারিকিন এক জাহাজ তিন জাহাজ ময়দ কাপড় খাড়া ২ চালান করিবেন আর দুইখানা ফিরিঙ্গীর জাহাজের খপর আছে আশীআ পোহছীলে লিখিব আর বকয়া গড়া মহাশএর মারফায় ৫২ থান ময়ত আছে এক একখান গড়া বিক্রীর চেষ্টাতে আছী বিক্রী করিআ নিবেদন লিখিব আর শুনিলাম সেখানে ৺বিষ্টী ভারি হইআছে অতএব কাপড় রোপ দাস্ত করিতে দিতে আজ্ঞা হইবেক আর গুপুরের শ্রীযুৎ বিপ্রচরন বলকে ৩০০০ তিন হাজার টাকার বরাতি দিআছীলেন সে বরাতি টাকা বেবাক দিআছেন আর ১০০০ হাজার টাকার নোট পাঠাইতে লিখিআছিলেন শ্রীযুৎ ঘোষজার পায় প্রথম রকমে জে চিনি বিক্রী হইআছীল সে রকমের ৫০০০ পাচ হাজার টাকা পাওা পীআছীল তাহার মধ্যে তিন হাজার টাকা বরাতিতে দিআছেন আর বাকী দুই হাজার টাকা শ্রীযুৎ চন্দ্র ময়কুর বরাবর চালান করিআছেন আর শেশ রকমের জে চিনি বিক্রী হইআছে তাহার টাকা পাওা জায় নাই সে টাকার তাগাদা করিতেছী দুই একে পাওা জাইবেক টাকা পাইলেই হিসাব করিআ হিসাব সোধ টাকা ও হিসাব পাঠাইব আর বকয়া কাগজ নিকাষ করিতেছী কাগজ ভয়ারি করিআ পহ'াত বেওরা নিবেদন লিখিব কত্তা বাবুজী মহাসয় ইহা নিবেদন করিল ইতি সন ১২২৮ সাল তারিখ— ১৬ শ্রাবন—

।। ৫৯৩ ।।

৭শ্রীশ্রীকৃষ্ণ—

শরনং

আজ্ঞাকারি প্রীতিপার্ত্র শ্রীসিবনাথ সীহস্য—

সবিনয়পূর্ব্বক নমস্কারা নিবেদক: আগে মহাশএর অনুগ্রহতে সমস্ত মঙ্গল বিশেষ: নিবেদন ১৯ তারিখে ও ২০ তারিখে ২ দুই দফা আজ্ঞাপত্র পাইআ সমাচার জ্ঞাতো হইলাম শ্রীযুৎ চক্রবর্ত্তী ও শ্রীযুৎ চট্টোপাধ্যায় হামরাও গড়া জে চালান করিআছীলেন কাপড়ের কীস্তী কল্য তারিখে মোং কলিকাতা পোহছীআ কাপড় পরিমিটের গুদাম দাখিল হইআছে নাং মঙ্গলবার কাপড় খালাষ করিআ গুদামজাত করিব কাপড় গুদামজাত করিআ নমুনা দিআ কী দর হয় পহ'াত বেওরা নিবেদন লিখিব মহাশয় জেমত ২ লিখিআছেন সেই মাফীক কর্ম্ম করিব আর মহাসএর কর্ম্ম আপন মগজের ভার কসুর করিব না আমি আপন মতমত মতে কর্ম্ম করিব আমি পরিবলোক কোন বিষয় নেজার হইলে ভাল হয় না

পহুঁছ আপনাকে দাএগেস্ত হইতে হয় আমার সকল কর্ম্ম খোলসের উপর আমি কোনমতে গোলমালে জাইব না মহাশয়ের কর্ম্ম জাহাতে প্রতুলমত হয় তাহা প্রাণপনে করিব কোনমতে লোকসান হইতে দিব না আমি ইহাতে কীছু না পাই সে কবুল তথাচ মহাশএর কর্ম্ম জাহাতে শুভিতা হয় তাহা করিব তবে ৺শেহঁা আর আমা হইতে এখানকার কোন কর্ম্ম আটক থাকীবেক না মহাশয় খাতি জমাতে থাকীবেন পরে পরিমিটে ১৩৭ বস্তা চিনি ছিল তাহা কল্প তারিখে ১৩২ বস্তা গুদামজাত করিআছী ৫ পাচ বস্তা বাকী আছে অনেক বস্তা গুদামে চাপান আছে অনেকমত তলাষ করা গেল এক্ষনে মিলিল না দুই একে মাল খালাষ হইলে তলাষ করিআ গুদামে আনিব আর হালের গড়া ভাল লিখিআছেন জেমত কাপড় তদানুজায় বিক্রী করিব আর স্বরেষ মধ্যম তফরিক করিআ বিক্রী করিব তাহার গোলমাল হইবেক না আমার কর্ম্মে কোন গোলমাল কখন হয় নাই এবং হইবেক না মহাশয় খাতি জমাতে থাকীবেন কাপড় ও তহবিল কোন বিশয় হাল হইতে তফাত হইবেক না কাগজপত্র আলাহিদা করিব আর জাহাজ দোনি আশীআ পোহছে নাই খপর আছে আশীআ পোহছীলে নিবেদন লিখিব মারিকীন জাহাজ তিনখানা আশীআছে চিনির নমুনা দুই তিন জায়গাতে দেওা গীআছে চিনির দর ৮ আট টাকার বেশী কেহ বলে না ইহাতেই নিকাষ করা জায় নাই চিনি তিন জাহাজেই লইবেক কীন্তু দর ইহার বেশী কোনমতে বারে না লোকসান করিয়া দিতে পারা জায় না কীছু দর বেশী হয় তাহার চেষ্টাতে আছী চিনিতে অনেক বাজে খরচ হইয়াছে বকয়া কাগজপত্র বাকী টানাও করিআ তয়ারি করিআছী হালের কাগজ তয়ারি আছে কীছু অপীক্ষা আছে দুই তিন জায়গাতে হিসাব নিকাষ হয় নাই ইহাতেই অপীক্ষা আছে নিকাষ হইলেই পাচ সাত রোজ মধ্যে হালের কাগজ তয়ারি করিআ বাকী টানাও করিআ কাগজ পাঠাইব চিনির হিসাব আজী নাগাদী নিকাষ করিআ দেয় নাই রোজ ২ হিসাবের জন্যে তাগাদা করিতেছী দুই একে নিকাষ হইবেক নিকাষ হইলে কাগজ দেনাপাওনা করিআ পাঠাইব আর চিনির সওদার বিশয় লিখিআছীলেন এক্ষানে সওদা করিতে চাহে না কারন বাজারে অনেক চিনি আমদানি আশীআছে কাসীর চিনি ৯ নয় টাকা করিআ লইতেছে ইহাতে খবর আছে আমাদিগোর চিনি বিক্রীর কীরুপ করা জায় তাহার অনুমতি লিখিবেন চিনি আর মজুদ থাকা ভাল হয় না আর জে জে জীনিশের বরাত আশীআছে তাহার মধ্যে প্রানাতিরেক শ্রীযুৎ অক্ষয়কুমার সরকার বাবুজীর তাইজীর কাপড় চান্দার যারফৎ পাঠাইব আর ২ জীনিষ চান্দার লইআ জাইবেন না তোলানাথ মজীর যারফৎ

পাঠাইব আর ২ সমাচার পছাঁত বোধদাদমতে নিবেদন লিখিব বাবুজী মহাশয় কর্ত্তা ইহা নিবেদন করিলা ইতি সন ১২২৮ সাল তাং ২৬ ভাদ্র—

।। ৫৯৪ ।।

পত্র ঐ (সন ১২২৮ সাল) প. ১

৭শ্রীশ্রীকৃষ্ণ

স্বরনং—

আজ্ঞাকারি প্রিতিপাত্র শ্রীসিবনাথ শীহস্ত—

সবিনয়পূর্ব্বক নমস্কারা নিবেদকঃ আগে মহাশএর অনুগ্রহতে সমস্ত মঙ্গল বিশেষঃ নিবেদন ২১ তারিখের আজ্ঞাপত্র পাইআ সমাচার জাতো হইলাম কাপড় জে আশীআহীল পরিমিট খালায করিআ গুদামজাত করিআহী আলাহিদা গুদামে কাপড় ৪৮ আটচল্লীষ গাটী লইআ রাখিআহী গড়ার নমুনা কল্য তারিখে ১ গাটী শ্রীযুৎ সরকারজীর বাটীতে দিআহী অদ্দ নমুনা খুলিআ কীছু দরের কথা হইল না সরকারজীর ভারি ব্যামহ হইআছে কুটী আশীআ কোন বাক্যী কহিতে পারিলেন না এ কারন নমুনা পুনরায় বান্দীআ রাখিলাম সাহেব কহিলেন কাপড় দেখিআ দর রফা করিব জে হয় পছাঁত নিবেদন লিখিব আর দুই এক জায়গাতে খরিদার আছে জেখানে শুভিতা বুঝিব সেইখানে কাপড় বিক্রী করিআ পছাঁত নিবেদন লিখিব আর শ্রীভোলা মাজীর নৌকাতে সরকারি জীনিসের সঙ্গে মহাশএর বরাতি জীনিষ পাঠাইআহী তাহার আর পাঠাই জারমাফীক জীনিষ পোহছীলে মহাশয় আপন জীনিষ লইবেন আর শ্রীযুৎ অক্ষয়রাম সরকার বাবুজী ভাইজীর চাদর তয়ার করিআহী মহাশয় লিখিআহীলেন পাচআঙলি টোরা গোটা দিআ চাদর তয়ার করাইআ পাঠাইবে মহাশয় গোটা সাচা কী ঝুটা তাহা লেখেন নাই এখানে ঝুটা গোটা কহাতে তাবত লোক নিন্দা করিলেক এ কারন সাচা গোটা পাচআঙলি টোরা দিআ তয়ারি করিআহী কীন্তু দাম অনেক পরিআছে গোটা ৭৷৷/ সাত ভরি নয় আনা লাগীআছে গোটার দাম ১১৸৵ এগার টাকা তের আনা আর কাপড়ের দাম মায় রঙ্গ মুজারি ৩৲ তের যুকা আর সীলাই মুজারি ।৵ চারি আনা সর্ব্বসুধ্যা ১৫৲/ পোনর টাকা পাচ আনা হইল আর এক চাদর ঐ রকম তয়ারি করিআ পাঠাইতে লিখিআছেন চাদর ঐ পাচআঙলি গোটা দেআ জায় কী কীছু কম টোরা গোটা দেওা জায় সীর অনুমতি লিখিতে আজ্ঞা হইবেক কাপড় রঙ্গ করিতে দেওা গেল মহাশএর অনুমতি আইলেই গোটা দিআ করিআ করিআ দুই চাদর পাঠাইব পূজার পূর্ব্বে

কাপড় পোহহীবেক আর দুইখানা ফিরিঙ্গীর জাহাজের খপর আছে আশীআ পোহহীলে নিবেদন লিখিব ২১ তারিখে এক মারকীন জাহাজ একখানা আশী আছে মারাকীন জাহাজে কথোক ২ কাপড় লইবেন দুই এক রোজ অগ্র পছাঁত কাপড় বিক্রী হইবেক কাপড় মযুদ থাকিবেক না কাপড় জেমত গুদা...জায় বাজার বত্তমান বিক্রী করিব তাহাতে অন্যমত কোনমতে হইবেক না বাজারে আমারা কোনমতে ঠকীনা মহাশএর কোন ভার্ব্ব নাই কত্তাবাবুজী মহাশয় ইহা নিবেদন করিল ইতি সন ১২২৮ সাল—তারিখ—যুভ ১ আশ্বীন—

চালানি জীনিশের জায়—

৩০ ভোলানাথ মাজী—

বিলাতি কাচিমকুলুপ ৫ পাচটী—

আতর—১ একশীশী—

গোলাপজল— ১ এক কারাবা—

বাকঠার কল বিলাতি মাং ইযকুপ— ১ একটী—

মুকপান— ১ একখানি —

মসলা ১ যুকার—

জায়—

ছোঃ এলাচ—লবঙ্গ—জাইফল—জইত্রী—দারচিনি—কপুর—ছয় মালের এক পুটুলি—৬ ছয় জীনিষ গোলাপ ও আতরে ও মসলাতে মহাশএর নাম লেখা আছে ইতি—

॥ ৫৯৫ ॥

পত্র ঐ (সন ১২২৮ সাল) প. ১

৺শ্রীশ্রীহরি

শ্বরনং—

আজ্ঞাকারি প্রতিপার্ল্ল শ্রীসিবনাথ সীহ্যা—

সবিনয়পুর্ব্বক নমস্কারা নিবেদনঞ্চঃ আগে মহাশএর অনুগ্রহতে সমস্ত মঙ্গল বিশেষঃ নিবেদন ৩ তারিখের এক অজ্ঞাপত্র ৫ তারিখে ডাকমারফত পাইআ সমাচার জ্ঞাতো হইলাম সরকারজীর বাটীতে স্বরেযগড়ার নমুনা একগাটী দিআছীলাম কাপড় খাড়া করিআ দিষ্ট করিআছেন কাপড় তাদিকে স্বরেষ নহে গাটীর মধ্যে ৩ তিন থান গড়া বড় স্বরেষ বটে সকলে দেখিলেন আর ঐ জায়গাতে শ্রীযুৎ ছোট সরকার মহাশএর একগাটী নমুনা দিআছীলাম শে গাটী খাড়া করিআ দেখিআছীলেন শে গড়া আমাদিগ্যের গড়া হইতে কীছু নরম পরিল দোষশের এক আন্দাজ বটে তাহাতে আমার গড়া সাহেবে সহি করিলেন কাপড়ের দর আমী

অনেক কাহিআছিলাম এক্ষানে অদ্য চারি পাচ রোজ অনেক কসামাজা করিআ ৮৭৷৷ সাড়ে সাতাসী টাকা সাহেব কবুল করিআছেন কীন্তু ইহার বেসী আর কোনমতে হইআ উঠে না অনেক সস্তাই করিআ দেখা গেল আর কোনমতে বারে না আর দোশারা খরিদার নাই করি কী সাত পাচ ভাবিআ অদ্য কবুল করিআছী কবুল করিলাম তাহার কারন আমার আছে ১০০০ হাজার থান গড়া দিবো কহিআছী ইহার মধ্যে শরেষ ৫০০ থান আর মধ্যম গোছ গড়া ৫০০ দুই রকমে হাজার থান দিবো একদফা অদ্যাঅদ্দী কথোক কা [ল] খাড়া দীআ দেখিব জদ্যপী যুভিতা হইআ জায় ভালই নতুবা কাপড় ফিরিয়া আনিব জাচন্দারকে আগে থাকীতে যুজোগ করিআছী জাচন্দার খিরকীচ না করিলে আমী চালাইতে পারিব আর ২ সকল সরকারলোক আমার পক্ষে আছে ৺বড় বাদলা করিআছে এ কারন অদ্য কাপড় উঠিআ দিলাম না কল্য নাগাদী কাপড় উঠাইআ দীআ কীমত হইআ জায় পর্ত্যাত নিবেদন লিখিব এইমত জদ্যপী খাড়া বিক্রী হইআ উঠে তবে কীফাতের সওাদা বটে নতুবা যুভিতা নহে এই গড়া জদ্যপী বিক্রী করিতে পারি নতুবা আর এক্ষানে বিক্রী হইনা ৺পুজাবাদ জে হয় আর জাহাজ দোনি কাহারু আইষে নাই খপর আছে এক্ষানে ইহার বেসী বাজার নহে মধ্যম গোছ ৮০৷৮১ টাকার বেশী কেহ বলে না এবং কেহ গরজ করিআ ধরে না কাপড় বিক্রীর কারন সকলে লালাইত আছেন কাহারু হইআ উঠে না আর চিনির বিশয় সচেষ্টীত আছী কীন্তু গরজ নহিলে সওাদা হইআ উঠে না এক সময় এককথা বলে পুনরায় জিজ্ঞাসা করিলে কহে সাহেব লইতে চাহে না আমাদিগ্যের গরজে কীছু হঅ না চেষ্টাতে পুনরায় চাহা করিলে বিক্রী করিব চিনি ময়ুদ থাকীবেক না আর জে জে জীনিষ বরাত লিখিআছেন তাহা পাঠাইব আর ২ সমাচার বোবদাদ মতে নিবেদন লিখিব কত্তাবাবুজী মহাশয় ইহা নিবেদন করিল ইতি সন ১২২৮ সাল ৭ আশ্বীন—

পুং নিবেদন—




মহামহিম শ্রীযুত বাবু আসানন্দ সরকার মহাসয় বরাবরেষু।—

লিখিতং শ্রী—

কস্য কবুলতিপত্র মিদং কার্যানঞ্চ আগে আপনকার সরকারে মোকাম মজুলের কুটীতে কাষ্ঠ ঘুটীঙ্গ ও ইটা ও চুন ও নিলদিগর বাহাড়ি কারন আমাদিগে গাড়য়ান মোকরোর করিলেন আমারা আপন ২ খুসিতে কবুল করি[আ] কবুলতি লিখিয়া দিতেছী আপনকার কুটী মোকামে আমরা নিচে তপসীল গাড়ি ও গরু বরাবর রূযু থাকীয়া জখন তাহা চোলাই করিতে হুকুম দিবেন তখন [তাহাই] চোলাই করিব জাবত আপনকার কুটীর কার্য্য সেস না হইবে তাবত চাস করিতে কিম্বা অন্য কোন কার্য্যে লইয়া জাইব না আমাদ্দের গাফেলিতে আপনকার জে লোকসান হইবে তাহা আমরা বিনা ওজর নিসা করিব মজুরি কি গাড়ি দরমাহা —টাকা হিসাবে পাইব নিজ রোজ জে দাদন লইলাম তাহা জনাজাত নিচের তপসীলে লিখিয়া দিতেছী এবং জখন জে তঙ্গা লইব তাহা হাথচিটায় ওটাএয়া লইব সন আখেরিতে হিসাব করিতে জে বাকী হইবেক তাহা আমারা বিনা ওজর নিসা করিব এতদর্থে কবুলতি লিখিয়া দিলাম ইতি সন ১৩৩২ সাল তারিখ—

তপসীল গাড়ি ও গরু ও দাদন—

আসামী— গরু— গাড়ী— দাদন—




[খ···৪৬৬ নং—

বিক্রী মোং সন ১৮২৫ | ৩০ দিসম্বর শ্রীঈশানচন্দ্র ভট্টাচার্য্য খরিদার রাধামোহন ঘোষ দাম ৵০ আনা মোঃ জেলা বিরভোম—

॥ ৬৯৫ ॥

কবুলতিপত্র (সন ১২৩২ সাল) প ১

৺শ্রীশ্রীকৃষ্ণ।



মহামহিম শ্রীযুৎ বাবু আসানন্দ সরকার মহাসয় বরাবরেষু—

লিখিতং শ্রী—

কষ্য কবুলতিপত্র মিদং কার্যানঞ্চ আগে আপনকার সরকারে মোকাম মন্তলের কুটীতে কাষ্ট ও ঘুটীঙ্গ ও ইটা ও চুন ও নিলদিগর বাহাড়ি কারন আমাদিগ্যের পাঠআন মোকরোর করিলেন আমরা আপন ২ খুসীতে কবুল করিয়া কবুলতি লিখিয়া দিতেছি আপনকার কুটী মোকামে আমরা নিচের তপসীল মত গাড়ি ও গরু বরাবর রুযু থাকীয়া জখন জাহা চোলাই করিতে হুকুম দিবেন তখন তাহাই চোলাই করিব জাবত আপনকার কুটীর কার্য্য সেব না হইবে তাবত চাষ করিতে কীম্বা অন্য কাম করিতে জাইব না আমাদের গাফিলিতে আপনকার জে

লোকসান হইবেক তাহা আমরা বিনা উজর নিসা করিব মুযুরি কি গাড়ি দরমাহা— টাকা হিসাব পাইব নিজ রোজ জে দাদন লইলাম তাহা জনাজাত নিচের তপসীলে লিখিয়া দিতেছি এবং জখন জে তঙ্কা লইব তাহা হাতচিটায় উঠাইয়া লইব সন আখিরিতে হিসাব করিতে যে বাকী হইবেক তাহা আমরা বিনা উজর নিসা করিব এতদর্থে কবুলতি লিখিয়া দিলাম ইতি সন ১২৩২ সাল—তারিখ—

তপসীল গাড়ি ও গরু দাদন—

আসামী— গরু— গাড়ি— দাদন—

... ...
খজানা আমরা
... ...
TREASURY

[খ— ... ৪৫৮ নং—

[বিক্রী মোং সন ১৮]২৫।৩০ দিজম্বর—

খরিদার রাধামোহন ঘোষ দাম ৵০ আনা

॥ ৬৯৬ ॥

একরারপত্র (সন ১২৩২ সাল) প ১

শ্রীশ্রীকৃষ্ণ।—

স্বরন

মহামহিম শ্রীযুৎ আসানন্দ সরকার মহাসয় বরাবরেষু—

লিখিতং শ্রীগোলক ঘেঙ্গড় ও শ্রীবদন ঘেঙ্গড়—

কষ্য একরারপত্র মিদং কাজ্যানঞ্চ য়াগে মহাসএর কুটী মস্তল নিলের হাওজে ও কারখানাতে খাটীবার কারন আমাদিগ্যে সরদার মকরোর করিয়া ২০ কুড়ি জনা কড়ামজুরের দাদন ৫ পাচ [তঙ্কা] দিলেন আমি য়াপন সইছাপূর্ব্বক মজুর উপর দাদন লইলাম [আমি] ৫ মাঘ বিস জন কোড়ামজুর আপনকার কুটী মোকাম মস্তলের [হাজির] করিয়া দিব আপুনি পচন্দ করিয়া জে ২ মুজুরকে রাখিবেন তাহ[রা]—মাহিনা দরমাহা কি মজুর ৩ তিন টাকার হিসাবে পাইবে যওক্ত কুটী]—মোকামে হাজির থাকিয়া আপন ২ কবুলতি আপনকার সরকারে দাখিল করিয়া দিবেক আপনকার হুকুম মতাবেক কর্ম্ম য়ানজামী করিবেক আখিরিতে

হিসাব করিতে আহা স্থানে যে বাকী হইবেক তাহারা নিজে হইতে আদায় না করে আমরা নিজে হইতে দিব তাহারদিগ্যে ওজর আপত্তি করিব না ... তৎখনাৎ ফিরাইয়া দিব বহাল তবিয়তে আপন ... মজুর উপর দাদন পাইয়া একরারপত্র লিখিয়া দিলাম ইতি সন ১২৩২ সাল—

জীর্ণ, কীটদষ্ট।

॥ ৬৯৭ ॥

ব্যবসা সংক্রান্ত পত্র (সন ১২৩২ সাল) প. ১

শ্রীশ্রীকৃষ্ণঃ।—

সন ১২৩২।—

শুভানুধ্যাই শ্রীগতিনাথ দেবশর্ম্মণঃ ॥

চতুর্ব্বেদোক্ত পরম শুভাশীর্ব্বাদ নিবেদনঞ্চাগে বাবাজীর পরম শুভাশীর্ব্বাদৎসব সর্ব্বদা শ্রীশ্রী৺স্থানে বাঞ্ছাভিলষিতে অত্রানন্দ বিশেষঃ ॥ বাবাজীর পত্র পাইয়া সমাচার জ্ঞাতো হইয়া নিরানন্দ আর ২১ রোজের পত্রের সমাচার নিরানন্দময়ঃ আপনি পূর্ব্বে এক পত্র লিখিয়াছিলেন তাহাতে জ্ঞাতো হইয়া শ্রীযুৎ গঙ্গোপাধ্যায় সহিত সচেষ্টিত হইয়া একমত অল্প যে হয় পাঠাইয়াছেন এখানে আপনকারদিগ্যে কাপড়ের কর্ম্ম উঠিয়াছে ই কথা খরিদার এবং আর ২ ভাগ্যবন্ত লোক সকলে শুগোচর আছেন ইহাতে আমার সম্ভ্রমের ত্রুটী আশীয়াছে কেবল তোমারদ্দে কর্ম্মের পশারে আমদানি রপ্তানিতে সরগরম শুতরজ হাজার দুই টাকা হাওলাত পায়া জাইথ এক্ষেনে সেটী নাই বিশেষ কলিকাতা সহর বিত্তন মারগীজ টাকা দেও নেওয়া সরয়া নাই আর আপনকারদিগ্যের টাকা লয়া বড় ছিল না নানানমতে কার্য্যের শুশার না করিতে পারিয়ে আমি আর পত্র লিখিয়ে নাই আমি ক্ষুন ব্রাহ্মণ তাহাতে অধনি প্রতিভূগতা শুশারনের সক্তি থাকীলে না করিলে বাবাজী যেমন ২ লিখিয়াছ তাহা লিখিতে পারেন নতুবা আমাকে এমত লেখার গুণ কী আমী জাগ্রে স্বরূপ বিভম্য জানি না তাহা শ্রীশ্রী৺গোচর আছেন আশীর্ব্বাদক ব্রাহ্মণ শুভ প্রার্থনা সর্ব্বদা তাহাতে অন্যমত নাই বাবাজী এক বৎসর কর্ম্ম প্রার্থক্য করিয়া অবধি আমার উপর দেশ আছে কখন ২ পত্রে যাবায় প্রকাশ পায় সে যেহেতু বাবাজী বালক ছেলার ন্যায়

জানি তোমার পিতৃবয়স্য প্রাচিনলোক পৃকৃতি বিকৃতি হয় না বাবাজীর বোধ এখানে আপনকার কাজ আমি না জাতে হইতেছে এমত মোনে করিবেক না অতশ্চাব শুহাওয়া দেওয়া আছে জানিবেন তোমারা দেশের বদ্রিষ্টলোক তোমাদ্দের শ্রীশ্রী৺প্রতুল করিলেই অনেকের মঙ্গল অনেক ভর্ত্তা অতএব তোমাদ্দর প্রতি তাচ্ছল্য নাই শে জেহকু আপনকার এক বাহ্ক নিল আশীয়াছে কর্ত্তা সরকার মহাশএর নিল কএক বাহ্ক জে দিবষ সওদা করা গেল তখন পরিমীটে দুই দিবষ উঠিয়াছিল পরিমিট বড়ই খিরকীচ দষ দিবষ না হইলে কর্ম্ম নিকাষ হয় না সওদা করা নিল একদিন রাখি তিন চারি টাকা খরচ করিয়া নিল দুই বাহ্ক খালাষ করিবার অন্তক্রয়ণ করিয়া নাং সন্ধা পরিমীটে মিহন করিয়া পারিলাম না ইহাতেই আটক হইয়া গেল ঐ সঙ্গে বিক্রী করিবার আকীঞ্চনা ছিল জানিআ নিলের বাজার আচ্ছা শুগতিক নহে দুই তিন জায়গায় নমুনা দিয়াছি বাজার বত্তমান দরে ছারীয়া দিতে হইবেক তাহার সচেষ্টাত আছি পরার বাজার আচ্ছা নহে এ কর্ম্মের আর ভালো নহে জানিবেন প্রাণতুল্য শ্রীযুত সরকার ভায়াদিগোর মঙ্গলাদি লিখিবেন ইহা জ্ঞাতো কারণ নিবেদন ইতি ২৬ পৌষ রাত্র—

৭৪।০

পরম কল্যানবর—

শ্রীযুৎ বাবু আশানন্দ সরকার বাবাজী মহাশয় পরম কল্যানস্পদবরেষু—

সাং—শুরুলের কুটীতে দেনা

॥ ৬৯৮ ॥

ব্যবসা সংক্রান্তপত্র (সন ১২৩২ সাল) প. ১

শ্রীশ্রীদুর্গা।—

প্রতুলকত্তা —

শুভানুধ্যাই শ্রীগতিনাথ দেবশর্ম্মণঃ—

চতুর্ব্বেদোক্ত পরম শুভাশীর্ব্বাদ নিবেদনঞ্চ বিশেষ। বাবাজীএর পত্রের জবাব এ পর্য্যন্ত লিখিতে পারিয়ে নাই তাহার কারণ একসাফিলার ভয়ে কলিকাত্তা ছারীর্ঢাছিলাম ইতস্তত ভ্রমন করিয়া কম বেষ এক মাহা আমার শেষ বএষ একালে অধর্ম্ম পর্য বড়ই ভাবিতছিলাম তোমার পুন্ন্য প্রতাপে শেটা কাটীয়াছে ৩ রোজ রাত্রি আসীয়া পোহছিয়াছি শ্রীযুৎ গঙ্গোপাধ্যায় সারিরিক বড়ই কাহিল হইয়া নাচারি...বাটী গীয়াছেন আপনকার জে গড়াগুলিন গাটীবন্দী করিয়া গুদামজাতে হেবাজাতে রাখিয়া চাবি বন্ধ করিয়া গীয়াছেন অলপ কাপড় ফেরত কারত আদি সকল আছে এক্ষেণে গঙ্গোপাধ্যায়ের আরাম হইয়াছে নাং ১২ রোজ তক কলিকাত্তা আসীবেন কাপড়ের খরিদার ছিল না এক্ষেণে এক জায়গায় খরিদার হইতেছে ইমসনের রকম ভাল দেখিতেছি অদ্য ১ সন ফিরিঙ্গী কী মেটেকীন কী দিসি কাপ্তান গড়াকাপড়ের নাম করে নাই ইমসন জে আশীতেছে তাহার গড়ার দরকার এবং হৌষওয়ালার ঘরে খরিদার দরকার হইয়াছে ইহাতে বোধহয় বাজার হইতে পারে আর বিরভোমের গড়া কথক শ্রীযুৎ মুখোপাধ্যায় সাঃ মুরুলীর সাবেক ... আর প্রামানিকের জেহকু নতুবা কাপড় আর কাহারো নাই এই ফিরিঙ্গীকাপ্তান খরিদী আরম্ভ করিলেই বাজারের গতিক জানিয়া লিখিব বাবাজী জদ্যপী নিলের কুটী কারণের অন্তক্ররণ হয় তবে এই মরুমুমে অনেক নিলকুটী সেখানে এবং সর্ব্বত্রে অনেক হইয়াছে সে সকল নিল কলিকাত্তা অনেক পোহছিয়াছ এবং আশীতেছে এই সকল নিল বিক্রি কীরূপ হয় ইমসন জতেষ্ট নিল আমদানি বাজারে কীরূপ বিক্রী হয় বাজার টাঙ্গাতো হইয়া কাজ করা আর জদ্যপী কাপড় করিতে অন্তক্ররণ হয় শেখানে বাজার নরম থাকে তবে করার খেতি নাই কএক সন নরম জাইতেছে বাজারের শুবিতা হইতে পারে বাবাজী পুরা ব্যবসীক বিবেচক বিবেচনা করিয়া জে হয় তাহা করিবেন আমী অত্যৈর্য্য পোষ্য আশীর্ব্বাদক বাবাজীএর বালগোপালকে আশীর্ব্বাদ করিতেছি করিব আমরা এই ...জানিবেন আপনকার সারিরিক মঙ্গলাদি আর কীরূপ করিতেছেন কাপড় কীছু করিয়াছেন কী না তাহার বেওারা লিখিবেন তোমারা গ্রামের ভুমিক আর বন্দিষ্টলোক তোমার্দ্দের ক্রটি হইলেই অনেকের পেত্যাশা অন্তভোগীর আকরস্থানাকে মারা তোমার্দ্দের

অন্নপায় প্রাচিন অর্থ ব্যয় করা তাহা ভাল লাগে না নানান প্রকারে খরচপত্র কীরূপ চলে তাহার বিহিত চেষ্টা করিবেন তোমাদিগ্যে ৺আশীর্ব্বাদ আর ৺ব্রাহ্মণের আশীর্ব্বাদ আছে কোন প্রকার মন্দ তোমাদ্দে পক্ষে ৺রাজী আছেন তোমারা রাজী ৺জুধিষ্টিরের মূল দুজ্রোধনের দল প্রদপ্ত হইলে কেবল ব্রাহ্মণ পক্ষে মন্দ তোমাদিগোর বংশের রিত গোব্রাহ্মণ প্রতিপালক আমারা তোমাদ্দে'র পালিত গরু এক্ষেনে গ্রামে বৃচর একজন বদ্দিষ্ট হইয়া সদাই ব্রহ্ম'ণের হিংশা করেন চেষ্টীত তোমাদ্দে'র ক্রোধ জন্মাইলে সে ক্রোধ গো ব্রাহ্ম'ণের প্রতি সম্বরণ করা বুচর লোক ক্রোধিত হইলে তৎক্ষণ্ত হয়েন অতএব নিবেদন আমারা হিন্দু গরু বুচরের হাথে সমপন করিবে না তাহা দণ্ডকর্ত্তা তোমারা জদ্যপী কন তোমারা ব্রাহ্মণ ব্রহ্ম'ন্নতে তাহার দমন না কর কেন তাহার বিশেষ পুর্ব্বে যুগান্তে মুনি সকল অব্যর্থ বাক্য সদাই কাননে তপস্যা করিতেন তাহাদিগো ব্রাঘে ভল্লুকে ভোজন করিতে দন্ত পীড়াতে কাতর হইতেন শেখানে তেজ প্রকাষ করিয়া নষ্ট না করিয়া দেশের রাজার উপর ক্রোধ করিয়া সাপ দিবে নষ্ট করিতে উদ্দত তাহার না পারিয়া সিষ্ট রাজার উপর সাপ শাপান্ত অতএব ইহাতে বোধহয় হিংসক জে মনস্য কী রাক্ষষ ব্রাধ্র' ইহারা ব্রাহ্ম'ণের বাহির ইহাতেই কীছু হয় না তোমাদ্দের উপর অভিমান সকল অতএব নিবেদন দুষ্ট হস্তে পতিত না হই আপনকারা রক্ষন ভরনপোষন দোষ মার্জ্জনা করিয়া আশীতেছেন তোমাদ্দে'র কাছে আমাদ্দে'র দৌরাত্র সর্ব্বদা সষ্টতা করিয়া আশীতেছেন আমাদ্দে'র অহংঙ্কার আছে জানি ৺প্রসাদাৎ তোমাদ্দের উন্নতি হকু কোন কীছু.. দুখ হয় না জানিবেন আশীর্ব্বাদ নিবেদন শুগোচরার্থে লিখিলাম ইতি সন ১২৩২। ৬ অগ্রাহায়ণ—

॥ ৬৯৯ ॥

পত্র ঐ (সন ১২৮২ সাল) ৩ ১

শ্রীশ্রীদুর্গা—

সহায়—

আজ্ঞাকারী প্রতিপাল্য শ্রীরামকুমার দেবশর্ম্মণঃ—

চতুর্ব্বেদক্ত পরম মুভাশীর্ব্বাদ রাশয়সন্ন সিবং শ্রীযুং বাবুজী মহাশয়ের স্থীরভর রাজলক্ষী শ্রীশ্রী৺স্থানে সদত প্রার্থনা করিতেছি তাহাতেই অত্র সিবং বিশেষঃ মহাশয়ের ৬ মাঘের পত্র ৮ রোজ শ্রীযুত রাইচরণ রায়জীর মারফত পাইয়া সমাচার জ্ঞাতো হইলাম ২৭ পৌষে দুই সও টাকার অর্দ্ধেক নোট পাঠাই ২৯ রোজ পৌছে পরে মহাসয়ের ১ মাঘের ঐ অর্দ্ধেক নোট পৌছ সমাচার পাইয়া ২ মাঘে ঐ দুই সও টার অর্দ্ধেক ভুক্তন ২ টুকুরা নোট পাঠাই মহাশয় ৬ মাঘে পত্র লেখেন নোট পৌছে নাই ইহাতে বড় ভাবিত হইলাম কিছু স্থির করিতে পারি না ঐ রোজের ডাকের মোহর সমেত রসিদ পাইয়াছি তবে বোধহয় বুঝি লিখন ডাকের ঘরে গোলোজোগ হইয়া থিরভূম গিয়া থাকিবেক অতএব পত্রপাটে বেওরা সমাচার লিখিবেন পরে নিল বিক্রী কিছুই করিতে পারি নাই নিলের বাজার দিন ২ নরম হইআছে পাচ সাত জায়গায় নমুনা দিয়াছিলাম দং কেহ ২ ১৫০ | ১৬[০] কিন্তু বাক্স দেখীয়া কাহারু পছন্দ হয় না এ নিল ইঙ্গরেজের গোলহৈ এক বাক্স হরি এক রকম বড়ি কালাকরে হাতে বিক্রী হইলে দর কমী হইবেক কালাকরকে চেষ্টা পাই নাই মহাশয় কর্ত্তা বিবেচনা মতে জে হয় লিখীবেন বদনচাঁদ চন্দর নিল | ১৭০ | ১৮০ দর কহেন বাক্স দেখীয়া কেহ লয় না বাজার বড় নরম জে হয় সমাচার লিখীবেন নিলের কুটির আজাম তৈয়ার হইতেছে আর ২ সমাচার পশ্চাৎ লিখীব ইতি— ১ পৌষ—

পুঃ নিবেদন এই চিটীখানি মুখোপাধ্যায় মহাশয়ের হাতে দিবেন।

॥ ৭০০ ॥

পত্র ঐ (সন ১২৩২ সাল) প ঃ

শ্রীশ্রীদুর্গা—

সহায়—

আজ্ঞাকারী প্রতিপাল্য শ্রীরামকুমার সর্ম্মনঃ চতুর্ব্বেদোক্ত পরম শুভাশীর্ব্বাং রাসস্থ সন্ন সিবঞ্চ বাবুজী মহাশয়ের স্থীরতর রাজলক্ষ্মী শ্রীশ্রী৺স্থানে সদত প্রর্থনা করিতেছি তাহাতে অত্র সিবং বিশেষ এখানকার সমাচার গতোকল্য ডাক জোগে পত্র লিখীয়াছি তাহাতেই যুগোচর হইবেন পরে গতোকল্য রাত্রে নিলের কুটীর সরঞ্জাম কারন মিস্ত্রীকে ডাকাইয়াছিলাম দর বড় চড়তা কহিলেক কারণ তামার বাজার বড় গরম ৬২ | ৬৩ কম তামার হাড়ি ডেক হয় না ... ৫০ টাকা দরে ফি মোন খরিদ হইয়াছিল বার তের টাকা বেসী ফি মোন এবং পিতলের মুহরি ৪ খান মহাশয় লেখেন নাই তামা বাজার ও লোহার ও পিতলের বাজার বড় গরম মহাসয় চাক্তা জেমত আজ্ঞা ··· তদনুজাই কর্ম ··· আর হাড়ি বসাবার কারন বড় মোটা গরাদে ১০ হাত লাগিবেক ইহার সমাচার আইলে খরিদ করিয়া পাঠাইব এখানকার সকল মঙ্গল তথাকার মঙ্গলাদী লিখীবেন— ইতি ৫ পোষ—

৭৪।০

পরম প্রতিপালকবর—

শ্রীযুৎ বাবু আসানন্দ সরকার মহাশয় পরম কল্যানবরেষু—

দেনা— কুরুল—

॥ ৭০১ ॥

পত্র ঐ (সন ১২৩২ সাল) প১

শ্রীশ্রীকৃষ্ণ—

সহায়—

শুভানুধ্যাই শ্রীগতিনাথ দেবশর্ম্মনঃ।—

পরম শুভাশীর্ব্বাং রাসয়োসন্ন বিশেষ।— আপনকার ··· পূর্ব্বেতে পাই পরে একত্র তারিখে দুই পত্রে একুনে ... পত্র তাহার মধ্যে পূর্ব্বের পত্রের সমাচার টাকার কারন জানিয়া সচেষ্টীত জথো সম্ভব এখানে শ্রীযুৎ মুখোপাধ্যায়ের রোকড়ের কর্ম্ম সম্পদে করেন নাই বরাত আশীর্বামাত্র দিতে পারিলাম না তাহাতে আপনকার কর্ম্মে আমাকে তাচ্ছল্য বোধ হইল কী প্রকার পশ্চাৎ যে দুই পত্র লিখিয়াছেন তাহাতে

বাবাজীর বড়ই উদ্মাজেমে লিখিয়াছেন এ পরাপর যেনু পরাপমান সে সকল কপাল আমী ক্ষুন্য ব্রাহ্মণ বাবাজী বড় মানুষ জমিদার তোমার কাছে মান্য মান কি তাহার অভিমান কী শে জেহকু টাকাকড়ির বিশয় হঠাৎ আজ্ঞার বকরায় রাখিতে পারা জায় না কেন না আত্মসাত্ত নাই বাবাজীকে সবুর করিয়া লইতে হয় ইহাতে এতাদৃশী লেখনের আবস্যক নাই শ্রীযুৎ মুখোপাধ্যায়কে আমী লিখিয়া ছিলাম [যে] টাকার বরাতি লিখিয়াছ এ টাকা আমি কী প্রকার সরবরাহ করিব তাহাতে মুখ্যোপাধ্যায় লিখিয়াছিলেন শ্রীযুৎ সরকার তায়ার শেখানে দেনা আছে তাহাদিগ্যের সহিত পরিমিত করিয়া পশ্চাৎ শোধ বাকী গড়া ও নিল বিক্রীর চেষ্টা পাইয়া পাঠাইব শেই চেষ্টায় ছিলাম নতুবা হঠাৎ টাকা পাইবেনা চেষ্টা যুদ্দরূপ করিতেছি বাবাজী ওতলা হইবেন না কীঞ্চিত ... সবুর করিবেন ইহাতে কীছু দণ্ডাঘাত করিবেন না তোমার সঙ্গে অনুশায় তোমার কাজে ভাছ্যল্য না করি তাহা শ্রীশ্রী৺গোচর আছেন ইহা জ্ঞাতো কারন নিবেদন ইতি ২৫ মাঘ—

৭৪।০

পরম কল্যানবর—

শ্রীযুত বাবু আশানন্দ সরকার বাবাজী মহাশয় কল্যানবরেষু—

মোঃ গুরুলের কুটীতে—

।। ৭০২ ।।

পত্র ঐ (১২৩২ সাল) প ১

শ্রীশ্রীকৃষ্ণ

সহায়—

আজ্ঞাকার প্রতিপালা—

শ্রীরামকুমার দেবশর্ম্মণঃ চতুর্ব্বেদজ্ঞ পরম যুভাশীষাং রাসয়সন্ন বিং কত্তাবাবুজী মহাশয়ের স্থীর রাজলক্ষী শ্রীশ্রী৺স্থানে সদত প্রার্থনা করিতেছি তাহাতেই অত্র সিবং বিশেষঃ আমী বাটী গিয়া দুই মাষ আপাকের ব্যামহ হইয়া পিড়িত ছিলাম এক্ষেনে ৺প্রসাদাত আরাম হইয়া ২১ অগ্রহায়ন মোঃ কলিকাতা পৌছিয়া মহাশয়ের ১৬ অগ্রায়নের [পত্রে] ওয়াকিব হইয়াছি নিলের কুটীর সরঞ্জম ও সাদা কাগজের বহি ৪ খান জেরুপ লিখীয়াছেন তৈয়ার করিয়া পাঠাইব গড়া জে মজুত আছে খরিদার উপস্থীত হইলেই বাজার বর্ত্তমান দরে বিক্রী করিয়া শ্রীযুৎ বসাখ বাবুজীর জে টাকা বাকী আছে তাহা দিব এবং

নিলের কুটীর সরঞ্জাম তৈয়ার করিতে আগাম কথক টাকা দিতে হইবেক অতএব কাপড় বিক্রীর চেষ্টীত আছি তরায় বিক্রী করিব পরে নিলের বাজার জমুরে ইজরেজের [নিল] অতি সরস নিল ২৫০ টাকা বাজে কুটীর নিল ২৪০।২৩০।২২৫ এই দর হউসওয়ালার ঘরে বিক্রী হইতেছে এক্ষানে বাজার নরম পরে জে হয় সমাচার লিখীব এখানকার সকল মঙ্গল তথাকার মঙ্গলাদী লিখীতে আজ্ঞা হই[বেক] ইতি সন ১২৩২ সাল তা ২৮ অগ্রায়ন —

পুঃ নিবেদন ১ খান চিটী পত্র মর্দ্দে পাঠাইলাম শ্রীযুৎ রামমোহন মুখোপাধ্যায় মহাসয়কে দিবেন ইতি—

জীর্ণ।

।। ৭০৩ ।।

পত্র ঐ (সন ১২৩২ সাল) প ১

৭শ্রীশ্রীদুর্গাঃ—

আজ্ঞাকারী প্রতিপাল্ল শ্রীরামকুমার দেবসর্ম্মণঃ—

চতুর্ব্বেদক্ত পরম যুভাশীষাঃ [রাসয়োসন্ন] সিবং শ্রীযুৎ বাবুজী মহাশয়ের স্থীরতর রাজলক্ষী শ্রীশ্রী৺স্থানে সদত প্রার্থনা করিতেছি তাহাতেই অত্র সিবং বিশেষঃ মহাশয়ের ১৯।২০ মাঘের পত্র ২৩ রোজ পাইয়া সমাচার জ্ঞাতো হইলাম দুই সত টাকার অদ্দেক নোট পৌছিয়াছে শে ভালই ঐ দুই সত টাকার ভুক্তন অর্দ্দেক ৪ টুকুরা অদ্য পত্র মধ্যে ডাকজোগে পাঠাই পৌছ সমাচার লিখিতে আজ্ঞা হইবেক পরে শ্রীযুৎ মুখোপাধ্যায় মহাশয়ের বরাতি টাকা শ্রীযুৎ বন্দোপাধ্যায় সাইত করিয়া দিতে পারেন নাই ইহাতে মহাশয়ের কর্ম্মের হরকিকত হইতেছে এবং আমাকে এ বিসএ সাপরাদী করিয়াছেন মহাশয় কত্তা আমী অধিক কি লিখীব পুর্ব্বে আমাকে লিখীয়াছিলেন জে মুখোপাধ্যায় মহাশয়ের স্থানে আমার কথক টাকা পাওনা আছে বরাতি দিব ... তাহাতে আমী লিখায়াদীলাম জে সেখানে জে দেনাপাওনা থাকে সেইখানে আদায় করিয়া লইবেন তবে আমাকে এত লেখা কেবল দুষ্কীত করা এবং বন্দোপাধ্যায়কে এত লিখীবার জরুর কী মহাশয় অনুগ্রহ করিয়া আমাকে জেরুপ ভার দিয়াছেন শ্রীযুৎ মুখোপাধ্যায় মহাশয়কে এরুপ ভার থাকিলে মহাশয় আমাকে জেমত ২ লিখীয়াছেন

সকল সম্ভব হইত আমী অতি গরিব ব্রাহ্মণ আমার সর্ব্বত এই চিন্তা সকল কর্ম্মে সরকরাত হইয়া মহাশয়ের নিকট প্রতিপালন হইব ১ দফা নিল বিক্রী জন্ত অনেক লিখীয়াছিলেন তাহাতে আমী দুক্ষীত নহি কারন মহাশয় টাকা খবর করিয়া ... য়াছেন লোকসান হইলে ... পিতা হয় শ্রীযুৎ সকলে জাতো আছি কিন্তু মহাশয়ের লিখনানু[সারে] বোধ হইল জে আমার তাহলা নিল বিক্রী বিসয়ে আছে সে আমার অধিষ্ট ২ দফা শ্রীযুৎ বদনচান্দ চন্দের নিল এবং মহাশয়ের নিল প্রথম শ্রীযুৎ রামচন্দ্র মিত্রর বাটীতে নমুনা দিব তাহাতে নমুনার দিষ্টে শ্রীযুৎ চন্দ্রের নিল নমুনার দিষ্টে ১৯০ [টাকার] ... কহিলেক মহাশয়ের নিল ১৬০ দর কহিলেক ইহাতে আমী মৃত্যতুলা হইলাম শ্রীযুৎ কত্তা সরকার মহাশয়ের নিল ২১৫ খারা দরে ... তাহাতে ... বেজার কমী কহে সোমানে বাগস্ত হইয়া আইলাম পরে জত মগন আছে ইহার মধ্যে অনেকের সহিত কোরাগড়া বিক্রী দ্বারায় আলাপ আছে সেই সকল জায়গায় নমুনা দিয়া তাহারদ্দের বাক্স দেখাইলে পরে বেজাথা রঙ্গ দেখিয়া কেহ লয় না আমার সার্দ্দ কী দত্ত মযুকুরের নিল শ্রীযুৎ গোবিন্দ বযুজা লইয়াছিলেন আমী তাহাকে দেখাইয়াছিলাম তেহ ... ...তাহা সেখা বাহাল্য ... হইবেন পুর্ব্বে রামচন্দ্র মিত্রি ১৬০ দর কহিয়াছিল সেই ... তাহার বাটী গমনাগমন করিয়া অনেক মত কহিবাতে কহিলেন জে তোমার ১ বাক্স নিল দেখীতে সাহেব চাইবেন না তুমী বাক্স আনহ সাহেবকে দেখাইয়া নিপত্তা করিয়া লইবা নাচার হইয়া বাক্স লইয়া ঐ বাটীতে গিয়া সাহেবকে দেখাইলাম সাহেব ... দেখিয়া অনেক বেজাথা ... করিয়া লইল না কহিলে এ নিলরঙ্গ বড় খারাপ আমা পরে রামচন্দ্র মিত্রি কহিলেন জে তুমী জাচন্দার লইয়া যদি এই বাক্সর নিল জাচাই করিয়া এওন দম ... করিয়া বাছট আলাদা রাখিয়া বিক্রী করহ তবে ... নতুবা কেহ পছন্দ করিবে না বাচাই করিতে হইল হয় ... হইবেক কারন মুতায় বান্দা ... অনেক আছে এবং কএকখান ভাঙ্গা ... আছে ... হইবেক এবং ... দামে বিক্রী হইবেক আমী কিছুই ... পারিলাম না কিন্তু বাছাই না করিলে এ বাক্স বিক্রী হইবেক না মহাশয় কত্তা ... লিখিলাম বিবেচনা মতে জে হয় সমাচার লিখীবেন এ নিল বিক্রী করা কিবল কলঙ্ক অতএব মহাশয়ের অনুমতি ছাড়া আমী কালাকারের হাতে কিজন্ত বিক্রী করিব আর খরিদার সকল কহে বাছট করহ বেজাথা থাকিলে কালাকার কি জন্ত খরিদার কেহ লইবেক না আর মহাশয় লিখীয়াছেন জে ... মিস্ত্রীতে দস্তর নিল এবং আমার নিল তৈয়ার করে ... কিন্তু নিজের কর্ম্ম রঙ্গ লইয়া মোকোর্দ্দমা এ রঙ্গ ভালো হয় নাই জাহকু বাক্স মযুদ আছে জদি বাছাই করিতে লেখেন তবে

যাহাই করিয়া বিক্রীর চেষ্টা পাইব নতুবা জেমত লিখীবেন সেই মাফিক করিব এখানে নিলের বাজার নরম নহে মর্দ্দে নরম হইয়াছিল এক্ষানে ওজন মান হইলে বিক্রীর জন্ত ভাবা নহে ঘোসাল মহাশয়ের নিল ১৯৬ টাকার দরে রামচন্দ্র মিত্রী লইয়াছেন সে গতকল্য জানিবেন [ফিরি]ঙ্গি জাহাজ পৌছিয়াছে খাড়া যুক্ত হয় নাই শ্রীযুৎ নিলকমল ঘোসের সাহেব হইয়া ... আর এক জাহাজের খবর আছে না পোহছিলে বুঝিতে পারি না জে হয় সমাচার লিখীব মনিলাটারির খেলা ৬ দেবালা হইয়াছে মহাশয়ের খরিদা নর্ম্মর ওটে নাই ৺ইচ্ছা জে হয় পশ্চাৎ লিখীব ৺ভালো করিবেন ইতি ২৪ মাঘ—

পুঃ নিবেদন—


শ্রীযুৎ জজেশ্বর সরকারের ১ খানা ফিরিঙ্গি জাহাজের বিপদ অদ্য হইল জানিবেন ইতি—

পুঃ শ্রীযুৎ রাইচরন রায় মহাশয় চারি পাচ রোজ মর্দ্দে জাইবেন সঙ্গে সকল বরাত পাঠাইব ইতি—

॥ ৭০৪ ॥

বিক্রীকোবালাপত্র (সন ১২৩২ সাল) প ১

৺৺শ্রীশ্রীরাম



শ্রীযুৎ বিশ্বনাথ সরকার বিজয়রেষু—

পরগনে কৃষ্ণপুর দরুন কীং লাট ইন্দাব আমার জমীদারি ঐ লাট মযুকুর সামীল মে'জে ধাত্তধরা গ্রামের দক্ষীন মণ্ডলপুষ্করনীর উত্তর আমার সরকারি খামারি আম বাগীচা ঐ বাগীচা মধ্যে উত্তর তরফ জাহা কমললোচন সরখেল হরেক রকমে বিক্ষাদী নিস্পী পাইয়াছীলেন তাহার মধ্যে তছরূপ বাদে কএকটা বিক্ষাদী আছে ঐ বাগীচার দক্ষীন তরফে আমার ৪৮ আম্বগাছ জাহা মযুদ আছে ঐ আটচল্লীস গাছের মূল্য ১১১ এক সও উনিস টাকা পনবহায় তোমার নিকট বিক্রয় করিলাম ঐ পনবাহার মবলগ মযুকুর তঙ্কা তোমার গোমস্তা শ্রীযুৎ দীননাথ সরকারের মারফত আমার ইন্দাবের কাছারিতে নগদ দস্তবদস্ত পাইলাম তুমি ঐ আম্বগাছ আটচল্লীস সন ১২৩৩ সালের নাং ৩০ জষ্টী ঐ গাছ ছেদন করিয়া লইয়া আমার জায়গা খোলাশা করিয়া দীবেন ইতি সন ১২৩২ সাল তাং—১২ বারই চৈত্রী—

জমীদার—
শ্রীরাজারাম রায় চৌধুরি
সাং বিপ্রটীকুরি
মং শ্রীভাগবত নাথ রায় চৌধুরি হাতে

ইসাদী—
শ্রীরামসন্তী চট্টোপাধ্যায়
সাং বিপ্রটীকুরি

শ্রীরামচন্দ্র মিত্রী	শ্রীরামচন্দ্র দত্ত	শ্রীরুক্মিনীকান্ত সর্ম্মা
সাং বামনিগ্রাম	সাং গোণ্ডা	সাং ভাতীয়া



[খ- ৩১৫৮ নং—

বিক্রী সন ১৮২৬ সাল ২১ মারচ শ্রীশ্যামচাঁদ দত্ত সাং যুরুল জেলা বিরভোম খরিদার অএষরচন্দ্র— দাম ১ এক টাকা

॥ ৭০৫ ॥

একরারপত্র (সন ১২৩২ সাল) প ১

... ...
... ...

মেয়াদ মর্দ্দে হাজীর করিতে না পারি আপনকার কর্ম্মের যে খেশারত হইবেক তাহার নিষা করিব এবং দাদনের টাকা মায় সুদ তৎখনাৎ ফিরিয়া দিব ইহাতে কোন বাবুতে ওজর করিব না এতদার্থে আমরা আপন ২ খুষীতে একরার পত্র লেখিয়া দীলাম ইতি সন ১২৩২ সাল— তাং—

ইসাদী—

শ্রীসীবনাথ ভাণ্ডারি
সাং মস্তুল

শ্রীরাধামোহন ঘোষ
সাং বড় গোপা

শ্রীনারায়ণ ডোম
সাং মস্তুল

॥ ৭০৬ ॥

শ্রীশ্রীকৃষ্ণ :—

খতপত্র (সন ১২৩২ সাল) প ১

STAMP
ONE ANNA
... ...
... ...
এক আনা
OFFICE

শ্রীকমল কেয়
সাং বাইরি
শ্রীরামধন হাজরা
সাং বাইরি

মহামহিম শ্রীযুৎ গুরুচরন সরকার মহাসয় বরাবরেষু—

লিখিতং শ্রীকমল কেয় ও শ্রীরামধন হাজরা কস্য করজ খতপত্র মিদং কার্য্যঞ্চ আগে ... ...

টাকা করজ লইলাম ইহার ... ... টাকার হিসাবে দিব টাকা পরিশোধের ওয়াদা [মাহ] চৈত্রীতে সুদ সমেত বিবাক্ত টাকা পরিসোধ

করিব এতদার্থে নগদ টাকা দস্তবদস্ত পাইয়া খতপত্র লেখিয়া দিলাম ইতি সন ১২৩২ বার সত্ত বত্রিস সাল তারিখ ১০ দসঞী ভাদ্র—

ইঃ—

শ্রীরামচন্দ্র রায়	শ্রীসম্ভুনাথ নাআক	শ্রীগয়ারাম ঘোষ
সাং খুরুল	সাং সরুল	সাং সরুল

... ...
খজানা আমরা
... ...
TREASURY

খ—৩৯১৫ নং—

[বিক্রী মোং] সন ১৮২৫ সাল তারিখ—২৪ আগষ্ট—শ্রীশ্যামচাঁদ দত্ত জেলা বিরভোম মোঃ খুরুলী—

॥ ৭০৭ ॥

দলিল (সন ১২৩২ সাল) প ১

পাসীতে লেখা

মহারাজ জয়া খাঁএর নাম উল্লেখিত দলিত

... ...
... ...

।।৭০৮ ।।

হিসাব (১২৩৩ সন) প ১০৫

মৌজা : কৃষ্ণনগর। রামসুন্দর চক্রবর্ত্তী, রামধন বানজ্যা গং। জমা ওয়াসীলবাকী—খোদকস্তা। মহল পতিত—হিসাব বাকী রুপেআ।

জীর্ণ, জমাটবাঁধা।

।। ৭০৯ ।।

হিসাব (১২৩৩ সন) প ২৬

মৌজা : সনসত। আমদরপ্তী হরেক দফা আউতি জাওতি খরচ—নিকাষ রুপেয়া জমা খরচপোতা ফিরিস্তীকাগজ—জমা খরচ রুপেয়া পরগোনে বারবক সিংহ তালুক কৃষ্ণনগর দরুন মোজে সনসত দীং সন ১২৩৩ সাল শ্রীধনকৃষ্ণ কোঙর সোনসত গং।

জীর্ণ কীটদষ্ট।

।। ৭১০ ।।

হিসাব (১২৩৩ সন) প ১০

মৌজা : সেড়ান্দী। নফর মণ্ডল ভগীরথ ঘোষ গং। হিসাববাকী।

জীর্ণ, জমাটবাঁধা।

।। ৭১১ ।।

হিসাব (১২৩৩ সন) প ২

মৌজা : এতাপুর। জেরবাকী—৮৯৸৵১৭ বিলাতবাকী—৫৮।।১০ তহবিলবাকী ৩১।৵৭ বাজে ইরসাল—।।০ মাহিনা গোমস্তা—৩৬ পুলবন্দী—৪।।০

কর্জ্জ। শোধ ১২।৵=৫৮ —১০

৮৯৸৵১৭

জীর্ণ, কীটদষ্ট।

॥ ৭১২ ॥

হিসাব (১২৩৩ সন) প ১০

তালুক : কোপা। খোকা হিসাববাকী সোধ তালুক কোপা দরুন বাজে রামদ সন ১২৩৩ সাল হিসাব বাকীপোতা—নফর মণ্ডল, মদন ঘোষ গং।

জীর্ণ, জমাটবাঁধা।

॥ ৭১৩ ॥

হিসাব (১২৩৩ সন) প ১৮

মৌজা : নানুবাজার। মহল পতিত—জমা ওয়াসীলবাকীপোতা। নফর পাল, সাম গোপ গং।

শ্রীশ্রীরাধাকৃষ্ণ

চরণ ভরসা

তেরিজ জমা ওয়াশীলবাকীপোতা তালুক পুরন্দরপুর লাট নোহনা তরফ নানুবাজার মৌজে নিজ নানুবাজার সন ১২৩৩ সাল—

আসামী—	জমী তুজস্তা—	খারিজ বিতং-	গত বাইয়তি—	গত পতিত—
স্থিত জমা—	...	...	...	...
অস্থিত—	...	...	...	:::

বাকী জমী—	দাখিলা বিতং—	দরুন রাইয়তি—	দরুন পতিত—	একুন জমা—
...	...	...	...	...
...	...	...	...	...

কমী বিঃ—	বাকী জমী—	বেশী বিতং—	পতিত আবাদী—	একুন জমী—
...	...	...	...	...
...	...	...	...	...

জমা ৩০ করারি—	দরুন বন্দবস্তী—	একুন জমা—
...	...	...

জীর্ণ, জমাটবাঁধা।

।। ৭১৪ ।।

কিস্তীবন্দীপত্র (সন ১২৩৩ সাল) প ১

... ...

... ...

জের দেনা—	[১০২]
[জায় কীস্তী]—	
সন ১২৩৩ সাল—	
মাহ চেইতি—	৭।।
সন ১২৩৪ সাল—	
মাহ আশ্বিন—	৭।।
মাহ চেইতি—	৭।।
সন ১২৩৫ সাল—	
মাহ আশ্বিন—	৭।।
মাহ চেইতি—	৭।।
সন ১২৩৬ সাল—	
মাহ আশ্বিম—	৭।।
মাহ চেইতি—	৭।।
সন ১২৩৭ সাল—	
মাহ আশ্বিন—	৭।।
মাহ চেইতি—	৭।।
সন ১২৩৮ সাল—	
মাহ আশ্বিন—	৭ ।
মাহ চেইতি—	৭।।
সন ১২৩৯ সাল—	
মাহ আশ্বিন—	৭।।
মাহ চেইতি—	৭।।
সন ১২৪০ সাল—	
মাহ আশ্বিন—	৪।।
	১০২

লিখিতং শ্রীশ্রীধর মজুমদার শ্রীপরেমনাথ দত্ত এই কীস্তীবন্দীতে আমরা মালজামিন হইলাম মাফীক কীস্তীবন্দী সরকার মজুকুর সরবরাহ করিবেন না করেন আমরা নিজে হইতে সরবরাহ করিব সরকার মজুকুরের কুল্ল ওজর কৈফিঅত করিব না এতদর্থে মালজামিনতিপত্র লেখিআ দীলাম ইতি— সন ১২৩৩ সাল তারিখ— ২১ পৌষ—

শ্রীশ্রীধর মজুমদার — শ্রীপরেমনাথ দত্ত
সাঃ কুমুদজাত্রা।

মবলগে এক সত্র দুই টাকা মাকীক কীস্তীবন্দী সন ২ মাস ২ বিনা ওজর সরবরাহ করিব কীস্তীবন্দীর মেয়াদ মনকাজী হয় মাকীক আইন মুদ দীব এতদার্থে কীস্তীবন্দী লেখিআ দীলাম ইতি সন তারিখ সদর—

ইসাদী

শ্রীনফর ঘোষ	শ্রীখেত্তনাথ চট্টোপাধ্যায়	শ্রীহরিপ্রসাদ ঘোষ
সাং তিকড়াহার	সাঃ সেড়ান্দী	সাঃ নোহনা

জীর্ণ



[খ— বিক্রী সন ১৮২৬ সাল ৭ দিসম্বর শ্রীশ্যামচাঁদ দত্ত মোং মুরুল জেলা বিরভোম খরিদার লক্ষন সরকার দাম ।। আট আনা—

॥ ৭১৫ ॥

কর্জ্জপত্র (সন ১২৩৩ সাল) প ১

৺শ্রীশ্রীহরি ।—

স্বরনং

মহামহিম শ্রীযুত আসানন্দ সরকার মহাশয় বরাবরেষু—

লিখিতং শ্রীনদাই বাউরি কষ্য কর্জপত্র মিদং কার্য্যনঞ্চ আগে আমি আপনকার স্থানে জতটং শীক্কা ২ দুই টাকা কর্জ লইলাম ইহার মুদ দরমাহা ফি তঙ্কে ৭।। ডেড় পাই হিসাবে দিব শোধের ওয়াদা মাহ ফাল্গুন মুদ সমেত টাকা দিয়া পরিশোধ করিব এতদার্থে দস্তবদস্ত নগদ টাকা পাইয়া খতপত্র লেখিয়া দিলাম ইতি সন ১২৩৩ সন বার সও তেত্তীষ ২৯ সাল কাত্রীক—

শ্রীনদাই বাউরি
সাং মুরুল

ইসাদী

শ্রীশ্রীরাম ভুই	শ্রীআনকনাথ ভট্টাচার্য্য	শ্রীসিবু মণ্ডল
সাং মেলানপুর	সাং মোহুটর	সাং মন্ডলী


।। ৭১৬ ।।

কর্জ্জপত্র (সন ১২৩৩ সাল) প ১

৺৭শ্রীশ্রীহরি । –

স্মরনং

মহামহিম শ্রীযুত আশানন্দ সরকার মহাশয় বরাবরেষু—



শ্রীবিশ্বনাথ রায়
সাং মণ্ডল
বিমানি সহি

.....[বিশ্ব]নাথ রায় –

[কষ্য কা]র্জ্জপত্র [মিদং] কাজ্যনঞ্চাগে [আ]মী আপনকার স্থানে জ[ত] টং শী[কা].....কর্জ্জ লইলাম ইহার যুদ মাফিক দস্তুর দিব শোধের ওয়াদা.....মায় যুদ সমেত বেবাক টাকা দীয়া পরিশোধ করিব এতদার্থে দস্তুরবস্ত নগদ টাকা পাইয়া খতপত্র লেখিয়া দিলাম ইতি সন ১২৩৩ সাল তারিখ ২৪ কাত্রীক—



ইসাদী---

শ্রীরাম ভূই
সাং মেল্যানপুর ।।।

শ্রীরাঘব মণ্ডল
সাং মোস্তলী ।।।

শ্রীলোচন মণ্ডল
সাং মোস্তলী ।।।

শ্রীকৃষ্ণপ্রসাদ মণ্ডল
সাং মোস্তল

[গ—৫৩৪ নং—

সন ১৮২৬ । ৯ জানোরি—শ্রীঈসানচন্দ্র ভট্টাচার্য্য মোঃ জীলা বিরভোম রাধামোহন ঘোষ দাম ৵ আনা ।

॥ ৭১৭ ॥

করজপত্র (সন ১২৩৩ সাল) প ১

৺শ্রীকৃষ্ণ ।-

স্বরনং

মহামহিম শ্রীযুত বাবু আসানন্দ সরকার মহাশয় বরাবরেষু—

STAMP
TWO ANNAS
... ...
... ...
২ই আনা
OFFICE

শ্রীগুরুচরন ঘোষ
সাং আওয়াম

লিখিতং শ্রীগুরুচরণ ঘোষ কস্য করজপত্র মিদং—

কাজ্যনকয়াগে আমি আপনকার স্থানে অত্রটং সীক্তা ৫৲ পাচ টাকা করজা লইলাম ইহার যুদ দরমাহা ফি সদে ১ এক টাকার হিসাবে দিব সোধের অওদা মাহ অগ্রহায়নে যুদ সমেত নগদ টাকা দিয়া পরিসোধ করিব এতদার্থে নগদ টাকা দস্তবদস্ত পাইয়া খতপত্র লিখিয়া দিলাম ইতি সন ১২৩৩ সাল তা—১১ আসাঢ় --

... ...
খজানা আমরা
... ...
TREASURY

ইসাদী—

শ্রীগুরুচরন দাষবৈরাগা নাড়া
সাঃ ভেড়া

শ্রীরাজকীসোর সর্ম্মা
সাঃ বাবলা

শ্রীগোপাল ভাণ্ডারি
সাঃ মুরলী

[খ ৫১৫ নং—

খরিদার—রাধামোহন ঘোষ

সন ১৮২৬ । ৪ জানুয়ারি শ্রীঈশানচন্দ্র ভট্টাচার্য্য

দাম ৶ আনা—


মোঃ জীলা বিঃভোম—

॥ ৭১৮ ॥

কবুলতিপত্র (সন ১২৩৩ সাল) প ১

৺শ্রীশ্রীদুর্গা—

স্মরনং



শ্রীপরানকৃষ্ণ সরকার
সাং কল্যানপুর

মহামহিম শ্রীযুত আসানন্দ সরকার মহাসয় বরাবরেষু—

লিখিতং শ্রীপরানকৃষ্ণ সরকার—

কষ্য কবুলতিপত্র মিদং কার্য্যনঞ্চাগে আপনকার সরকারে কুটী মন্তলে মোকাম চিতুড়াদিগরে নিলের তাগাদাগীরি খেজমতে আমাকে মোকরোর করিলেন আমি আপন খুশীতে মোকরোর হইলাম গ্রাম ২ আসামীর আওহাল মাফীক নিল হওনের উপযুক্ত জমি চিহ্নীত চকনামা করিয়া দাদন দেয়াইব একরারের মেয়াদ মাফিক আসামীহাএর জমি তরুদ আবাদ ও বুনান নিড়ান করাইব মপস্বলের হকীকত জখন জে হইবেক তাহা হুজুরে দরখাস্ত করিব জেমত ২ হুকুম হইবেক সেই হুকুম মাফিক কাজ করিব আমার মাহীনা মায় খোরাক পোসাক সর্ব্বসুদ্ধা দরমাহা ৩ তিন টাকা করিয়া পাইব কোন বিসয়ে আমার খসরদারি না করাতে নিল না হয় কীম্বা আশামীর আবাদের আওহাল কীম্বা খারাপী জমির উপর দাদন দেলাই ও আশামীর জেমত আওহাল তাহা হইতে জেয়াদা দাদন দেলাই এমতে নিল না হইলে আশামীর বাকী আটক হয় তবে দাদনের টাকার মুনফা সমেত আমি নিজে হইতে বিনা ওজর দিব আর আসামীর সহীত কোন কারসাজী করি কীম্বা বিনামী চকনামা করিয়া দাদন দেলাই কীম্বা সরকার হইতে দাদন লইয়া আশামীকে না দিয়া নিজে খরচ করি এবং আসামীহাএর নিজ উসুলের তফাত করি কীম্বা আশামীর নিস অর্দ্ধ কাহাটকে বিক্রী করি কীম্বা আশামীলোকের বাকী আদায় জখন জে হইবেক তাহা বুঝী দাখিল না করিয়া নিজে খরচ করি

এমত সাবুদ হয় তবে কিঃ হুজে ।০ চারি আনা মুনকা ধরিয়া বিনা উজর টাকা দিব আর মোকাম ময়ুরুয়ে নিল বিহন হওনের উপযুক্ত প্রজাহাএর জে জমি থাকীবেক তাহার খবরদারি করিয়া বিহন জে হইবেক তাহা ইয়ামসীর সরকার দাখিল করিয়া দেওাইব কোন বিসয়ে গাফীলী করিব না আর বরক্ত কুমু থাকীয়া হুকুম মাফীক সদর মপস্বল কাজ্য করিব হুকুম মাফিক কাজ্য না করি তবে আমার মাহিনা বাজেআপ্ত করিবেন তাহাতে আমার কোন ওজর নাই এতদার্থে আপন খুশীতে কবুলতিপত্র লিখিয়া দিলাম ইতি সন ১২৩৩ সাল— তারিখ— ১০ দশ চৈত্রী—

GENERAL
1825
ONE RUPEE
এক টাকা
TREASURY

ইসাদ—

শ্রীনন্দকুমার গুপ্তী ভাতি সাং মুরুলী ।।। | শ্রীরাধাগোবিন্দ সরকার সাং বঙ্গচত্র | শ্রীমানিকচন্দ্র শৌ সাং মুরুল


[খ—সন ১৮২৭। ১০ মারচ—শ্রীঈশানচন্দ্র ভট্টাচার্য্য মোঃ জীলা বিরভোম— | খরিদার—প্রানকৃষ্ণ সরকার দাম ১ টাকা—

॥ ৭১৯ ॥

করজপত্র (সন ১২৩৩ সাল) প ১

৭শ্রীশ্রীহরি

মহামহীম শ্রীযুৎ রামকৃষ্ণ সরকার মহাশয় বরাবরেষু—



শ্রীরামকীসোর সরকার
সাং মুকুন্দ

লিখিতং শ্রীরামকীসোর সরকার---

কষ্য কর্জ্জপত্র মিদং কাজ্যনঞ্চাগে আমিহ আপনকার স্থানে সিক্কা ২৭ সাতাশ টাকা কর্জ্জ লইলাম ইহার সুদ দরমহা সদর হারে দিব শোদের ওয়াদা মাহ বৈসাখে সুদ সমেদ বেবাক টাকা দিয়া পরিসোদ করিব এতদর্থে দস্তবদস্ত বেবাক টাকা নগদ লইয়া আপন মুজ্জাস্তকরতো খতপত্র লিখিয়া দিলাম ইতি সন ১২৩৩ সাল তারিখ ৫ চৈত্রী—

ইসাদী—


(ছিন্ন)

॥ ৭২০ ॥

একরারপত্র (সন ১২৩৩ সাল) প ১

৭শ্রীকৃষ্ণ।—

স্বরনং



শ্রীসিবু দাস
সাঃ লিলাড়া

মহামহিম শ্রীযুত গুরুচরন সরকার মহাসয় বরাবরেষু—


লিখিতং শ্রীসিবু দাষ কস্য করারনামাপত্রং মিদং—

কাষ্যঞ্চা য়াগে আমি আপনকার সরকারে গড়াকাপড়ের ওপর দাদন লইয়া কাপড়ের সরবরাহ করিআছিলাম তাহার মোকাবিলা হিসাব বাই সীক্কা ১৩৶ তের তঙ্কা তিন আনা আর ষ্টেমের দাম ৶ দুই আনা একুনে ১৩।৶ তের তঙ্কা পাচ আনা আমি দেনা হইলাম [শোধের] ওআদা মাহ মাষে বেবাক তঙ্কা দিআ পরিশোধ করিব এতদর্থে একরারনামাপত্র লিখিআ দীলাম ইতি সন ১২৩৩ সাল— তারিখ—

ইসাদী—

শ্রীরামকানাই চট্টোপাধ্যায়
সাঃ মুরুলী

শ্রীধমদাস ভাণ্ডারি
সাং সুরুল



[খ— বিক্রী সন ১৮২৬ সাল ২৫ ফেব্রুআরী— শ্রীশ্যামচাঁন্দ দত্ত মো মুরুল জেলা বিরভোম খরিদার পত্রলোচন রায় দাম ৵ দুই আনা—

।। ৭২১ ।।

আদালতের রুবকারি (সন ১২৩৩ সাল) প ১

৺শ্রীশ্রীহরি।—

নং ৫২৬— নকল—

রুবকারি আদালতে দেয়ানি জেলা বিরভোম সন ১৮২৭ সাল তারিখ মং সন ১২৩৩ সাল তারিখ ৫ বৈশাখ—

ফৈ:— শ্রীনিবাষ সরকারদী তালুক কৃষ্ণনগরের তালুকদারান

আসামী— তো[ফেল চো]ধুরী

ইজ্জল মিছিল রুবকার ওক্ত ফরিয়াদীআনের তরফে মোক্তার নফরচন্দ্র সামন্ত ও রামকৃষ্ণ মজুমদার—

হাজীর হইল খোদ আশামী ওফেল চৌধুরী হাজীর হইল আশামীর মোক্তার হেশামদ্দী চৌধুরী হাজীর লইয়া ফরিআদীর মানিত সালিসান বদ্দীনাথ মণ্ডল ও তায়ু মল্লীক হাজীর হইল আশামীর মানিত সালিষ কাঙ্গাল গরাই হাজীর হইল হাজীরান মজলিষ পবন মণ্ডল সাং শেড়ান্দী ও নন্দ দত্ত সাং ঐ হাজীর হইল সওাল ফরিআদীর মোক্তার তোমার মওকেল পরগনে বারবক সিংহর বিলমোক্তার নিরিখনামা ১ কেত্তা দাখিল করিআছে ঐ নিরখনামায় দরিআপ্ত জানা গেল জে পুষ্কন্নীর হায় নিরিখ কীছু নাঞী এ কারন তোমাকে জিজ্ঞাশা জায় পুষ্কন্নী ফি বিঘা দায় কী নিরিখ কী জবাব দেয় আমাদগের মানিত সালি সান মোকরোর করিআ জে হার ফি বিঘায় করিআছিলাম তাহা আমারদিগের কবুল মনজুর সওার আশামী তোমার দখলের পুষ্কন্নীর রকম ।/৬।।/ কাত ৯।৩ বিঘা ইহার ফি হার বিঘা কী জওাব দেয় মানিত ৫১৫।। সালিসান ··· আজেহার করিআছিলাম তাহা আমার কবুল মনজুর—

ফৈঃ—

শ্রীনিবাষ সরকারদী—

আসামী—

ওফেল চৌধরি

বঃ— হেশামদ্দী চৌধরি

মোক্তার

॥ ৭২২ ॥

পত্র (সন ১২৩৩ সাল) প ১

৭শ্রীশ্রীহরি—

শ্রীশ্রী৺ধর্ম্মরাজ ও মোনষা ও ভক্তাদ্দের ...

আজ্ঞাকারি শ্রীগৌরমোহন দাষষা—

প্রণামা সমহ নিবেদনঞ্চী আগে।—

মহাসএর শ্রীচরন কৃপাতে এ জনার প্রানগতিক মঙ্গল বিসেষ নিবেদন গোনডার বাগিচার আম্বকুত করিতে আমি গিয়াছিলাম ১০২ একসও দুই কাহন দুই বাগিচায় হইয়াছে বড় বাগিচায় ১৪৷৷৵ পোন আর ছোট বাগিচায় ৭।/৫ সত্তা তিন গাছ দেবত্তর ইহর এ তিন গাছ বাদে আম্ব খরিদার গ্রেজমতে নয় এমত কেহ উপস্থিত নাই আর শ্রীশ্রী৺বিষ্টী হয় নাই আম্ব ও পাকীয়া রোজ ২ গলন হইতেছে সাকীম ময়ুকুরের শ্রীহারাধন মণ্ডল কহিলেক ৬০ সাটী টাকায় বাগিচা আমাদির্গে দাও তবে আমরা লইতে পারি এমত কথা গাজ্ঞ হইল না খরিদারের চেষ্টা করিতেছি আর গ্রামের লোক সকল বেহায়া গালিগালাজ করা জায় তথাচ বাগিচায় মেয়াছেলা আম্ব কুড়ায়গা আমি জদেষ্ট গালিগালাজ করিয়া আসীয়াছি এবং শ্রীযুৎ কৃষ্টমোহন ঘোষ তাঁইতী সেখানে নিযুক্তী আছেন এবং পাইক দুইজন রক্ষক আছে এক্ষনে চার পাচ রোজ বাদ আম্ব নামিবেক কী প্রকার বিক্রী করিব তাহা লিখিতে আজ্ঞা হইবেক তাতমরা হইয়া অনেক আম্ব রোজ ২ লোকসান হইতেছে মহাসয় কত্তা যুগচর কারন নিবেদন লিখিলাম সরেওয়ার জবাব লিখিতে আজ্ঞা হইবেক ইহা শ্রীচরনে নিবেদন করিল ইতি সন ১২৩৩ সাল তা— ২২ বৌসাক—

পরম বন্দনিয় শ্রীযুত লমকুম সরকার মহাসয় শ্রীচরনেষু—

মোং—বুরুলী

শ্রীশ্রীদুর্গা

॥ ৭২৩ ॥

দলিল (সন ১২৩৩ সাল) প ১

... ...

... ...

[ইংরেজী ও পার্সীতে লেখা]

॥ ৭২৪ ॥

হিসাব (১২৩৪ সন) প. ১

মৌজা : বেড়াব্দী ... সরকার। ওয়াসীল বাকী। হিসাব বাকীপোতা

জীর্ণ, কীটদষ্ট।

॥ ৭২৫ ॥

হিসাব (১২৩৪ সন) প. ৮১

মৌজা : কৃষ্ণনগর। তাভীমহাল—সিবু রক্ষীত জী: খুদী রক্ষীতানি কড়চাহীসাব—খালাসীপাড়া—ইমাম বকস মিস্ত্রী। মহাল খরিদগী খয়রাত—নফর বেহারা। বাইয়তী নিজ গ্রাম চোওাড়মহাল—সার্থকা বাগ্দী—বিপ্রমহাল—পদ্দ'লোচন ভট্টাচার্য্য। গোপীজনমহাল— বাধাবিনদ সরকার।

জীর্ণ, কীটদষ্ট।

॥ ৭২৬ ॥

হিসাব (১২৩৪ সন) প ৩৮

মৌজা : মোনহরপুর। কাসিনাথ দেআসি, ভাগবত রায় গং। হিসাব বাকী।

জীর্ণ, জমাটবাঁধা।

॥ ৭২৭ ॥

হিসাব (১২৩৪ সন) প ৪

মৌজা : পলসা। ভোলা কোটাল, সেখ, গোএমু গং। হিসাব বাকীপোতা।

জীর্ণ, কীটদষ্ট।

॥ ৭২৮ ॥

হিসাব (১২৩৪ সন) প ৪

মৌজা : কোপা। কাশী হাড়ী, দিনু মুখুর্জ্যা গং। হিসাব বাকীপোতা।

জীর্ণ, কীটদষ্ট।

।। ৭২৯ ।।

হিসাব (১২৩৪ সন) প জমাট

মৌজা : সনশত। জমাখরচ রুপেয়া পরগনে বারবক সিংহ তাং কৃষ্ণনগর মোজে সনশত সন ১২৩৪ ইঃ পুন্যাহ নাং আখেরি শ্রীধনকৃষ্ণ কোঙর সোনশত।—

।। ৭৩০ ।।

রোজনামচা (সন ১২৩৪ সাল) প ৪৬

৫৩২ নং

৺৭শ্রীশ্রীদুর্গা--

শ্রীশ্রী৺সিদ্ধীদাতা গনেষ—

রোজনামচা মুসহাত জমজমী—

পরগনে বারবক সিহ দরুন লাট কৃষ্ণনগর দরুণ মোজে সোনশত কৈঃ শ্রীনিবাস সরকারদী আসামী ইআছীল চৌধরিও মহরম চৌধরি সন ১৮২৭ সাল—১০ মুলাই মং সন ১২৩৪ সাল— তারিখ— ২৯ আশাড়—

বি তারিখ— ২৯ আশাড়—

রোজ বৃহস্পতিবার

আশামী—ইআছিল চৌধরিদীং—

।। ৭৩১ ।।

জমাখরচ (সন ১২৩৪ সাল) প ৫

৭শ্রীশ্রীদুর্গা

প্রতুলকত্তা—

মাহ কাত্রীক—

জমা খরচ রুপোয়া কুটী মস্তলী মোং যুরুলী

সরকার শ্রীযুৎ বাবু আশানন্দ সরকার সন ১২৩৪।—

জমা—		খরচ—
মোং যুরুলী খাতে জমা—	২০৲	.....
হাওলাত খাতে জমা—		১৪ কাত্রীক— বিরিকলাই খরিদী
হারাধন বাগ্দী—		৺০ ভাণ্ডারি শীকা—।।০
সাং মস্তলী সীকা—৶		
মাহ অগ্রাহারন—		
নগদ টাকার জমা খরচ—		

জমা— খরচ—

মোং যুরুলী খাতে জমা—৬০৲

মাহ পৌস—

নগদ টাকার জমা খরচ—

জমা— খরচ—

মোং যুরুলী খাতে জমা—১২৫৲

॥ ৭৩২ ॥

হিসাব (সন ১২৩৪ সাল) প ১

৭শ্রীশ্রীহরিঃ

সন ১২৩৪।—

মোং মস্তুল নিলের কুটীর বাকী আদাই জমা খরচ—

জমা— খরচ—

৬ শ্রাবন—

মজুর—

... ...

সাং যুরুলী— ২ —২

১০ শ্রাবন

... ...

সাং— যুরুলী—

নং —২ —২৲

॥ ৭৩৩ ॥

রসীদপত্র (সন ১২৩৪ সাল) প ১

৭শ্রীশ্রীহরি

সরন।

রসীদ রুপেয়া বাবুদী নিল বজ কাটীবার মিস্তীর উপর দাদন—

সন ১২৩৪ সাল— তা— ১৯ আসাড়—

আসামী— আদদ রুপেয়া—

৩০ খোদ সীক্কা—৪৲

মবলগে চার টাকা

টৈরব রক্ষত

সাং ইলামবাজার

ইসাদী—

শ্রীরামসুন্দর চক্রবর্ত্তি	শ্রীগোপাল ভাণ্ডারি
সাং মুকুল	সাং মুকুল

॥ ৭৩৪ ॥

রসীদপত্র (সন ১২৩৪ সাল) প ১

৺শ্রীশ্রীদুর্গা

সন ১২৩৪ সাল

রসীদ রুপেআ গাড়ি দাদন বাবুদি মহাজন শ্রীযুৎ আসানন্দ সরকার

সন ১২৩৪ সাল— তারিখ— ১২ আশাড়—

আশামী— দাদন তঙ্ক —

১২ আশাড়—

৩০ খোদ —১

সাক্ষা—

মবলগা নয় তঙ্কা পাইলাম

ইসাদ—

শ্রীগোপাল সিংহ	শ্রীগোবিন্দ দাষ	শ্রীহরি দাষ
সাং পাঁএড়	সাং মুকুল	সাং মুকুল

॥ ৭৩৫ ॥

রসীদপত্র (সন ১২৩৪ সাল) প ১

৺শ্রীশ্রীহরি

সন ১২৩৪ ।—

রসীদ রুপেয়া বাবুদী গড়া উপর দাদন সন ১২৩৪ সাল—

মহাজন শ্রীযুৎ আসানন্দ সরকার তাং ১৫ আশাড়—

আশামী— আদদ রুপেয়া

দাদন—

দং নাড়ুখা—

সাং কালীপুর

১ খানা গড়া—

কাত দাদন—

শ্রীনরুত্ত সেষ
সাং মুকুলী
মালাসিপা॥

৭৮

মবলগ সাত টাকা—

ইসাদ

শ্রীগোবিন্দদাশ বৈরাগ্য
সাং মুরুলী

শ্রীঠাকুরদাস পাল মুণ্ডধর
সাং মুরুলী

।। ৭৩৬ ।।

রসীদপত্র (সন ১২৩৪ সাল) প ১

৭শ্রীশ্রীকৃষ্ণ

রসীদ রুপেয়া বাবুতে নিলের কুটীর খাটনি
মহাজন শ্রীআশানন্দ সরকার সন ১২৩৪ সাল
তারিখ ১৭ আশাড়—
আশামী— জমুলা রুপেয়া দাদন—
মাং জাবিন
মাতালে সঙ্করে—
উৎসব বাগ্দী—
সাং ডোকরনগঞ্জ—
দরমাহা ২।। টাকা বিসাবে—২
হারাধন বাগ্দী—
সাং ঐ— ২
কালিচরন বাগ্দী—
সাং ঐ—
২। হিসাবে ১
৫৲

শ্রীকালিচরন বাগ্দী সাং ঐ +
শ্রীহারাধন বাগ্দী সাং ঐ +
শ্রীউৎসব বাগ্দী সাং ডোকরডগঞ্জ +

মঙলগে পাচ টাকা লইলাম ইতি—

ইসাদী—

শ্রীহলধর সাধু
সাং মুরুল

শ্রীরাধাবিনদ সরকার
সাং মুরুল

[খ—লিখিতং শ্রীমাতিলে সহরে এই রশীদে আমী মালজামিন হইলাম আসামী মযুকুরকে জখন তলপ করিবেন তৎখনাৎ হাজীর করিআ দীব হাজীর করিতে না পারি তবে কয়েতে খেসারত হইবেক তাহার ও টাকার সরবরাহ আমী বিনা উজর করিব এতদার্থে আপন খুশীতে বাহস বাহালে মালজামিনি লিখিআ দীলাম ইতি সন ১২৩৪ সাল তাং ১৭ আশাঢ়—

শ্রীমাতালে সহরে
সাং মুরুলী +

।। ৭৩৭ ।।

মকদ্দমার রোবকার (সন ১২৩৪ সাল) প ১

৺শ্রীশ্রীকৃষ্ণ—

ফৈঃ শ্রীনিবাস সরকারী
তরফ শ্রীপরেমনাথ ঘোষ
শ্রীরাধাকান্ত বরাট মোক্তার

৫৩২ নং
... সাই দান তরফ ফৈরাদী—
... দেওানি জেলা বিরভূম কাছারি—
... পাইব সন ১২৩৪ সাল— ১৫ শ্রাবন—

১১৭ [দাগে]—	২০৬ দাগে—
সখাওদ্দী চৌধুরী— ১	গোবিন্দ নাএক— ১
অক্রর সৌ— ১	হাসামদ্দী চৌধুরী— ১
তাজু মল্লিক— ১	
৩	২ দুই জন
১৩৭ দাগে—	২৬১ দাগ—
মাউড় চৌধুরি— ১	সখাওদ্দী চৌধরি— ১
হাসামদ্দী চৌধুরি— ১	তাজু মল্লিক— ১
বৈষ্টব গরাঞী— ১	আলিম সেখ— ১
৩ তিন জন	৩ তিন জন
সাং সোনসন্ত	সাং সোনসন্ত

।। ৭৩৮ ।।

একরারপত্র (সন ১২৩৪ সাল) প ৪

৭শ্রীশ্রীহরিঃ ।—

শ্রীনিবাস ঘোষাল সাং সনসত

মহামহিম শ্রীযুৎ শ্রীনিবাষ সরকারদীগর জমীদারআন মহাশয় বরাবরেষু ।—
... ঘোষারাব—
...[কাজ্য]নক্কী আগে ...তালুক কৃষ্ণনগর ... মহাসয়দীগের জমীদারি ...
আমি মালগুজারির জমাজমা রাখি এক্ষনে ... ... এই মোজা ময়ুকুরের শ্রীএআসীল চৌওধরি প্রজাদীগরের নামে জীলা বিরভূমের দেওয়ানি আদালতে ৫৩২ নম্বরে জমা নিস্তস্তবাতে নালিষ করিবাতে সব জমী তহখিকাক পরমাঞীষ কারন আমিন আসীবাতে এই প্রজার দখলের নালিসী জমী পরমাইষ ওক্ত জানা গেল জে অই নম্বরের আদলতের জমী পরমাইষ চৌটার ২৬১ দাগের অই আদালতের পরমাইষ চৌটার ২৬১ দাগের অই আদালতের পরমাইষ যুরত জাহা আমিন যত চৌটাতে ফযুদার মাট লেখা জায় ফসল হইমত ।২৫৪ সাত কাটা চারি গণ্ডা অই জমী আমার জমী সামিল আমি মালগুজারি করিয়া আসিতেছি আপনকার জমীদারি সেরাস্তার কাগজাতে সাবুদ করিয়া দিব অই এককীত্তা জমী জমীদারি চৌটাতে আমার নামে না লেখে আর মালগুজারি সামিল না আনীয়া থাকে তবে পাষআলি বিরনিরিখ যুরত আপন জমা ওপর জমা চড়াইয়া মালগুজারি করিব জমী ময়ুকুর কিমিক আমী দখিলকার আছি এআসীল চৌওধরি সহিত অই জমীর কিছু এলাকা নাই এতদর্থে আপন খোসীতে একরারপত্র লিখিয়া দিলাম মাফিক একরার ১৫ রোজোর মধ্যে তহকীকাকে হাজীর হইয়া অই জমীর বিসয় নিসপত্ত করিয়া দিব ইহাতে কোনু ওজর করিব না ইতি সন ১২৩৪ সাল তাং ১৪ শ্রাবন—

ইত্যাদী—

শ্রীপরমানন্দ দাষ	শ্রীমাউড় চেধুরি	শ্রীনবকৃষ্ণ নাগ
সাং বাহাদুরপুর	সাং সনসত	সাং সোনসত

কীটদষ্ট

। ৭৩৯ ।।

মকদ্দমার রোবকার (সন ১২৩৪ সাল) প ১

৺৺শ্রীশ্রীহরি—

৫৩২ নং—

ব তারিখ—১৩ আসড়—

রোবকারি আদালতে দেওানি জেলা বিরভোম কাছারি আমীন চার জামীন মোং সনসত সন ১২৩৪ সাল—

ফরিআদী—

... মোক্তার...তোমাকে সওাল ... [সন ১২৩২] সাল ও সন ১২৩৩ সাল দুই সনের নকল ইস্তাহার কল্য মিছিল সেরেস্তার হকীত করিয়া জওাব...অতএব দাখিল করহ—

জওাবদেয় করিতেছি—

ফরিআদীআনের মোক্তার... ... রোবকার ওক্রে সন ১২৩২ সালের সন ১২৩৩ সালের দুই সনের ইস্তাহারে নকল ২ কীত্তা দাখিল করিলেন দাখিল করিআ লওা গেল—

সওাল সন ১২৩২ সালের ও সন ১২৩৩ সালের জে দুই সনের দুই কীত্তা ইস্তাহার নকল দাখিল করিলে এই দুই কীত্তা আসল কী নকল দখিল করিলে—

... ফরিআদীআনের মোক্তার দুই সনের আসল ইস্তাহারে নকল দাখিল করিলাম—

ফারিআদীআনের মোক্তারকে সওাল হয় জে সন ১২৩৩ সালের নকল ইস্তারে দস্তখত আছে সন ১২৩২ সালের নকল ইস্তাহারে দস্তখত করেন নাই ইহার কারণ কী জওাব দেয় সন ১২৩২ সালের নকল ইস্তাহারে সই কেনে দস্তখত হয় নাই দস্তখত করিতে সই হইআছে সন ১২৩৩ সালের ইস্তাহারের সাত পাতের নামতে দুই অক্ষর কী বটে জওাব দেয় অক্ষর কাটা বটে সাত পেতের ... অক্ষরের পর তইআর ... কাটা আর দষ পেতের ...—

[খ—ব] তারিখ— ১৪ আসাড়—

সওাল সন ১২৩২ সাল সন ১২৩৩ [সাল]—

... ...

তাহাতে কোন সন কোন তারিখ ... তাহার জবাব দায় জবাব দেয় ইস্তাহারে কোন সন কোন তারিখ মেনে পড়ে না

।। ৭৪০ ।।

হুকুমনামা (সন ১২৩৪ সাল) প ১

৫৩২ নং ৭শ্রীশ্রীদুর্গা

১৬২ নং চরন শরনং

[মহামহী]ম শ্রীউমেশচন্দ্র মজমদার আমিন—

...জেলা বিরভূম মালুম করিবা ফৈরাদি— ... [শ্রীগুরু]চরণ সরকার ও বিশ্বনাথ সরকার ও আসানন্দ [সরকার] ... কৃষ্ণনগরে তালুকদার আপনদিগ্যের করার [মমু]কুরের মতালক মোজে সনসতের প্রজা ইয়াছিল চোধুরি ও মকরোম চৌধুরি ও নাবালক রোমজান চৌধরিআন ঐ ইয়াছিল চৌধরির নামে জমা নিসস্ত বাবত ২০০৶৪ টাকা দাওা করিয়া জেলা মজুকুরে দেওানি আদালতে ৫৩২ নং নালিষ করিয়া আরাজিতে লেখে জে মোজে সোনসতে আসামিআনের দখলে মায় পুস্কনি হরবিব জমি ১৩০৸৩৪ বিঘা জমা বেলমোক্তা ২০০৶৪ টাকা কবুলতি দিয়া পাট্টা লইবার কারন সন ১২৩২ সালের মুরুতে আশামি ইয়াছিল চৌধুরির নামে ইস্তাহার দিয়াছিল পরে সন ১২৩৩ সালে সকল আসামিআনের নামে কবুলতি দিয়া পাট্টা লইবার কারন ইস্তাহার দিয়াছিল আসামিআন তাহা আমলে না আনিয়া জমিতে দখলিকার আছে এ কারন ঐ জমা নিসস্তর নালিষ করে আসামিআন ইয়ানাম নামায় একরার দিয়া জবাব দাখীল করে নাই মিছিল একতরফা বোবকার হইয়া সরেজমিন তহকিক করা জরুর জানিয়া তোমাকে আমিন মোকোরোর করিয়া হুকুম দেওয়া জাইতেছে তুমি হুমুর হইয়া আরজির নকল ও হাত কাটী লইয়া সরেজমিনে পোহছিয়া ফৈরা[দী]আন খোদ কিম্বা মোক্তার ও ফরিআদির তিন চারজন মানিত সালিস লইয়া ই[স্তাহা]র মোকাবিলায় প্রথমত ফরিআদির স্থানে দুই সনের ইস্তাহার ও তাহার জারির সাবুদ লইয়া তাহাতে ইস্তাহার দেওা ... সাবুদ হয় তবে ফরিআদির স্থানে বন্ডওয়ার লইয়া ৮০ আশী হাতের রশী তৈয়া করিয়া ফৈরাদির দেখানো মতে আশামী আনের দখলের মানের জমি জরিপ ও দখলের সাবুদ ও বির তহকিক করিয়া বারবকসিংহ পরগনার নিরিখ মুবাত জমাবন্দী করিয়া দরিআপ্ত করিয়া ... আশামী আনের ... ... কতো জমি ও কতো জমা ইহার করার ও আবকাই কাগজ তৈয়ার করিয়া তাহাতে ফৈারাদিআনের ও সালিসানের দস্তখত করাইবা ইহাতে ... আসামিরআন সরেজমিনে তোমার নিকট হাজির হয় তবে ... আসামির সালিসানের মোকাবিলায় সরেজমিনা তহকিক ... আনের সালি সানের দস্তখত করাইয়া কৈফিয়ত ... নওাজিমা কাগজে ৩০ ত্রিস রোজ মেয়াদ

মধ্যে হজুরে দাখিল করিবে আর তোমার রোজ মায় পেয়াদা মাহিক বরা অদ্য এক্ষনে করিয়াদির স্থানে লইবা ইতি সন ১৮২৭ সাল ৮ জুন মং সন ১২৩৪ সাল ...জৈষ্ঠ—

৺শ্রীশ্রীদুর্গাচরণ স্মরণ

[খ —জী—উমেশচন্দ্র মজুমদার আমীন—
রওনা —১৫ জুন সন ১৮২৭ সাল —মং সন ১২৩৪ সাল— ৩ আসাড়—
রোজ আমিন— ১ এক টাকা
রোজ পেয়াদা— ৵ আনা

১৷৵

এ টাকা দুই আনা
মেয়াদ— ৩০ রোজ
দোং— ১৬ জুন
হাঃ ২৩১ রামসাহায় পোদ্দার

॥ ৭৪১ ॥

একরারপত্র (সন ১২৩৪ সাল) প ১

৺শ্রীশ্রীদুর্গা—

সন ১২৩৪ সাল—

মহামহিম শ্রীযুত আশানন্দ সরকার মহাশয় বরাবরেষু—
লিখিতং শ্রীদ্বারকানাথ মেটে—
কস্য একরারপত্র মিদং কার্যানঞ্চাগে আপনকার সরকারে কুটী মধ্যলীতে টেরা মজুরি কর্ম্মে চাকর ছিলাম তাহার হিসাব করিতে মজুরি বাদে হিসাব করিতে ৮৵০ চন্দ্র আনা বিনা ওজর দেনা হইলাম একারন একরার লিখিয়া দিতেছী আপনকার হৌজের কর্ম্ম জখন চলিবে আমাকে তলব করিলে তৎখনাত হাজীর হইয়া টেরার কর্ম্ম আঞ্জান করিয়া দিব এতদার্থে আপন খুশীতে একরারপত্র লিখিয়া দিলাম— ইতি সন ১২৩৪ সাল তা— ৩ শ্রাবন—

শ্রীদ্বারকানাথ মেটে
সাং বিলসতা

ইসাদ—

শ্রীলক্ষীকান্ত দাশ ভাতি — সাং মুরুলী
শ্রীআমির··· — সাং লহাপড়া
শ্রীনারায়ন ভোম — সাং মন্ডল

।। ৭৪২ ।।

একরারপত্র (সন ১২৩৪ সাল) প ১

৺শ্রীশ্রীদুর্গা—

স্বরন—

শ্রীবদন লোহার সাঃ মহালি ।।।
শ্রীনফর মেটে সাঃ রজতপুর ।।।
শ্রীবালকরাম মচী সাঃ রজতপুর ।।।

মহামহিম শ্রীযুত বাবু আসানন্দ সরকার মহাসয় বরাবরেষু—

লিখিতং শ্রীনফর মেট্যা ও শ্রীবদন লোহার ও শ্রীবালক মচী কষ্য কবুলতিপত্র মিদং কাজ্যনঞ্চাগে আমরা আপনকার সরকারে কুটী কাদিপুরের নিল পারওয়ারি জন্য নৌকার চাকরি উপর দাদনী লইলাম দাদনীর তপসীল টাকা নীচের দীর্ঘ (?) নগদ পাইলাম আর দফা ২ জত টাকা দাদনী লইব তাহা আপন হাতচিট্যায় উটাইয়া লইব দরমাহা ৩।। চর্দ্দযুকা হিসাবে পাইব সরকারি নৌকা আমাদ্দে'র জীন্দা থাকীবেক সর্ব্বদা হেপাজাতে রাখীব নিল পারওয়ারি কারন জখন জে ঘাটে হুকুম দীবে সেই ঘাট জাইয়া পারওয়ারি করিব হুউজচালানি যুরুলা আখেরি কুটীর ঘাটে হাজীর থাকীব আমারা কোন দফায় গাফিলি করিব না জদি আমাদ্দে'র গাফিলিতে [আপন]কারের লোকসান হয় তাহার দাবির নিসা আমরা [করিব] এতদর্থে আপন খুশীতে ··· কবুলতি[পত্র] লিখিয়া দিলাম ইতি ১২৩৪ সাল তারিখ ১২ আসাড়—

তপসীল দাদনী—

আসামী—	আদদ তঙ্কা—
সাং রজতপুর	
নফর মেট্যা—	২
সাং মৌলি	
বদন লোহার—	২
সাং রজতপুর	
বালক মচী—	৩

৭ সাত টাকা

ইসাদ—

শ্রীমথুর মুচি	শ্রীগুরুচরন বিশ্বাস	শ্রীনেচারাম চাটুজ্যা
সাং মুপুর	সাং মুপুর	সাং মুরলী

[খ- এই কবুলতিতে মালজামিন লিখিতং শ্রীমুক্তারাম মুচী—

শ্রীমুক্তারাম মুচী
সাং রজতপুর

॥ ৭৪৩ ॥

কবুলতিপত্র (সন ১২৩৪ সাল) প ১

৭শ্রীশ্রীদুর্গাঃ।—



শ্রীজগদুর্ল্লভ মেট্যা শ্রীবিরু মেট্যা শ্রীকালীচরন মেট্যা শ্রীদ্বারকানাথ মেট্যা শ্রীবলাই মেট্যা
সাং পুরুচা সাং পুরুচা সাং পুরুচা সাং নরসীংহপুর সাং বিলসতা

মহামহীম শ্রীযুত আশানন্দ সরকার মহাশয় বরাবরেষু—
লিখিতং শ্রীদুগদুর্ল্লভ মেট্যা ও শ্রীবিরু মেট্যা ও শ্রীকালীচরন মেট্যা ও শ্রীদ্বারিকানাথ মেট্যা ও শ্রীবলাই মেট্যা—

কষ্য কবুলতিপত্র মিদং কাজ্যনঞ্চাগে মহাশয়ের কুটী মস্তলীর নিল হৌজের টেরার জল উঠাইবার কাজ্য আমাদির্গে চাকর মোকরোর করিলেন আমরা আপন ২ খুশীতে টেড়া ধরা কবুল করিলাম হৌজ চলিবার ওক্ত কুটী মোকামে হাজীর হইয়া আপন ২ কাজ্যে নিযুক্ত হইব হৌজে নিল চড়ান হইলে জদবধি হৌউজে জল না হয় তদবধি টেড়া ধরিয়া জল উটাইয়া দিব জল অপিক্ষায় নিল লোকসান হয় তাহার খেসারতের নিসা করিব আর জখন জে দাদনী লইব তাহা হাতচিটায় উটাইয়া লইব দরমাহা ফি জোন মায় খোরাক পোষাক সর্ব্বষুধ্যা জে পাইব তাহা নিচের তপশীল লিখিয়া দিতেছী নিজ রোজ জে দাদন লইলাম তাহা নিচের তপশীল লিখিতেছি ইস্তক হৌজ যুক্ত নাগাদী হৌজ বন্দ হাজীর থাকীয়া হৌজের কর্ম্ম আঞ্জাম করিব তাহার পর কুটী মোকামে হাজীর হইয়া আপন ২ হিশাব পরিষ্কার করিব হিশাবে জে বাকী হইবেক তাহার মুনাফা ফি তঙ্কে ৵০ দুই আনা হিশাবে দিব এতদার্থে আপন ২ খুশীতে কবুলতি লিখিয়া দিলাম ইতি সন ১২৩৪ শাল তারিখ ২৬ জেষ্টী—

আশামী— দরমাহা মা খোরাক— নিজ রোজ দাদন—
পোষাক সর্ব্বষুধ্যা—

কুড়িধরা মজুর—		
জগদ্বল্লভ মেট্যা—	৩৸০	২
সাঃ পুরুচা—		
বিরু মেট্যা—	৩৸০	২
সাঃ পুরুচা—		
টেঁড়াটানা মজুর—		
কালীচরন মেট্যা—	৩।০	২
সাং ঐ—		
দ্বারকানাথ মেট্যা—		
সাং নরশীংহপুর—	৩।০	২
বলাই মেট্যা—		
সাং বিলশণ্ডা—	৩।০	২
		১০

ইসাদ—

এই কবুলতিতে লিখিতং শ্রীমত্তারাম ভোম সাং বিলসণ্ডা আমী মজুরহারের মালজামিন হইলাম মজুর মজুকুরা কুটীতে বরক্ত হাজীর থাকীয়া মাফিক কবুলতি কাজের আজাম দিবেক গরহাজীর হয় হাজীর করিয়া দিব হাজীর করিতে না পারি তবে গরহাজীর সববে জে হৌউজের লোকসানী হইবেক এবং মজুরহারের জে বাকী পাওনা হইবেক তাহা আমী নিজে হৈতে দিনা ওজর সরবরাহ করিব মজুরহারের ওজর করিব না এতদার্থে আপন খুসীতে বাহস বাহাল তবিয়তে মালজামিনডি লিখিয়া দিলাম ইতি সন ১২৩৪ সাল তারিখ— ২৬ জেষ্ঠী—

শ্রীমত্তারাম ভোম সাং বিলসণ্ডা
সং গোপদুম চাকলে বর্দ্ধমান

শ্রীকাঙ্গালচন্দ বন্দোপাধ্যা সাং বিলসণ্ডা

শ্রীরামমোহন কম্মকার সাং বিলসণ্ডা

শ্রীজগত বাড়ুজ্যা সাং বিলসণ্ডা

GENERAL
1825
TWO ANNAS
দুই আনা
TREASURY

[খ- বিক্রী সন ১৮২৭ সাল ১৮ মার্চ্চ শ্রীশ্যামচাঁদ দত্ত মোং মুরুল জেলা বিরভোম খরিদার হরাধন ঘোষ দাম ✓ দুই আনা

॥ ৭৪৪ ॥

একরারপত্র (সন ১২৩৪ সাল) প ১

শ্রীশ্রীকৃষ্ণ

মহামহিম শ্রীযুত গুরুচরন সরকার মহাসয় বরাবরেষু—

লিখিতং শ্রীলক্ষনচরন দাষ—

কষ্য একড়ারপত্র মিদং কাজ্যনঞী আগে আমিহ আপনকার স্থানে ইষ্টাম্বকাগজে তমষুক লিখিয়া দিয়া ১১ এগার টাকা করজ্যা লইলাম তমষুকে যুদ ৫৩ তের কড়া হিসাবে আছে তমষুক সেওাই ১৮ সাত কড়া করিয়া দিব তমষুকের মেওাদ মাফিক মায় যুদ টাকা দিব এতদর্থে একড়ারপত্র লিখিয়া দিলাম ইতি সন ১২৩৪ সাল তারিখ ১৪ ফাল্গুন—

শ্রীলক্ষনচরণ দাষ
সাং মোষা

ইসাদী—

শ্রীপরেশনাথ ঘোষ
সাং সাল

শ্রীরামকানাই দত্ত
সাং মুকুল
শ্রীদুখু [সীহ]
সাং [বাহা]দুরপুর

॥ ৭৪৫ ॥

ঋণপত্র (সন ১২৩৪ সাল) প ১

৺শ্রীশ্রীহরি—

STAMP
FOUR RUPEES
... ...
... ...
চার টাকা
OFFICE

শ্রীলক্ষনচরন দাষ সরকার
সাং মোষা

মহামহিম শ্রীযুৎ গুরুচরন সরকার মহাশয় বরাবরেষু—

লিখিতং শ্রীলক্ষনচরন দাঁস সরকার—
কস্য কর্জ্জ খতপত্র মিদং কার্জ্জনঞ্চাগে আমীহ আপনকার স্থানে জতটং মূল সিক্কা ১১ এগার টাকা ক[র্জ্জ লইলাম] ইহার যুদ ফি তংঙ্কে প্রতি দরমাহা ৩।০ তেড় কড়া.....ওআদা সন ১২৩৫ সালের মাহ.....সুদ সমেত বেবাক টাকা দিয়া পরিশোধ করিব এতদার্থে নগদ টাকা পাইয়া খতপত্র লিখিয়া দিলাম ইতি সন ১২৩৪ সাল বারসও চওতিষ সাল তারিখ ১৪ ফাল্গুন—

ইসাদী—

শ্রীরামকানাই দত্ত	শ্রীপরেষ ঘোষ	শ্রীদুখু সীহ
সাং যুরুল	সাং সীসা	সাং বাহাদুরপুর

GENERAL
1825
TWO ANNAS
দুই আনা
TREASURY


[খ—সন ১৮২৭ সাল তাং ১৪ দিজম্বর
শ্রী.....শেন জেলা বিরভোম খরিদার নারান সরকার দাম ৵ [আনা]

॥ ৭৪৬ ॥

কর্জপত্র (সন ১২৩৪ সাল) প ১

৺শ্রীশ্রীদুর্গা

প্রতুলকর্ত্তা—



শ্রীআসানন্দ সরকার
সাং যুকুলী
৫০০৲ মবলগে পাচসও টাকা

মহামহিম শ্রীযুত গুরুচরন সরকার মহাশয় বরাবরেষু—

লিখিতং শ্রীআসানন্দ সরকার—

কষ্য কজ্জপত্র মিদং কাজনঞ্চাগে আমি আপনকার স্থানে জত্রটং শীক্কা ৫০০ পাচ সও টঙ্কা কজ্জ লইলাম [ইহার] যুদ কি সএ তঙ্কে দরমাহা.....কা হিসাবে দিব শোধের ওয়াদা সন ১২৩৫ সালের মাহ কাত্রীকে যুদ সমেত টাকা দিয়া পরিশোধ করিব এতদার্থে নগদ তঙ্কা লইয়া খতপত্র লিখিয়া দিলাম ইতি সন ১২৩৪ বারসও চৌত্রীস সাল তারিখ ৭ পৌষ—

টসাদ—

শ্রীরামকৃষ্ণ মজুমদার	শ্রীদিননাথ সরকার	শ্রীরামজয় সরকার
সাং যুকুলী	সাং বঙ্গচত্র	সাং যুকুলী



[ধ—বিঙ্গী সন ১৮২৭ সাল ১৮ ডিসম্বর—

শ্রীচাচাঁদ দত্ত মোং যুকুলী জেলা বিরতোম থানিক দৌ নাম ৪ চারি টাকা—

॥ ৭৪৭ ॥

কবুলপত্র (সন ১২৩৪ সাল) প ১

শ্রীশ্রীদুর্গা—

STAMP
FOUR RUPEES
... ...
... ...
চার টাকা
OFFICE

আসানন্দ সরকার
সাং মুরুলী
৫০০/ মবলগে পাচসও
টাকা পাইলাম

মহামহিম শ্রীযুৎ গুরুচরন সরকার মহাসয় বরাবরেষু—
লিখিতং শ্রীআসানন্দ সরকার—
কস্য কবুলপত্র মিদং লিখনং কাজানঞ্চাগে আমি আপনকার স্থানে সিক্কা ৫০০ পাচ সও তঙ্কা কর্জ্জ লইলাম ইহার যুদ দরমাহা কিঃ সও তঙ্কায় ১ এক টাকা হিসাবে দিব সোধের ওয়াদা সন ১২৩৫ সালের মাহ চৈত্রীতে মুদ্দ সমেত বেবাক তঙ্কা দিয়া পরিসোধ করিব এতদার্থে দস্তবদস্ত নগদ টাকা পাইয়া খত লিখিয়া দিলাম ইতি সন ১২৩৪ সাল তারিখ—২৫ পচিসা পৌষ—

ইসাদী—

শ্রীরামানন্দ রায়	শ্রীরামকৃষ্ণ মজুমদার	শ্রীগৌরহরি মিত্রি
সাং আরঘরি	সাং মুরুলী	সাং বড়ারি

GENERAL
1825
FOUR RUPEES
চার টাকা
TREASURY

[খ—বিক্রী সন ১৮২৮ সাল ৮ জানওারি শ্রীশ্যামদাস দত্ত মোং মুরুল জেলা বিরভোম খরিদার বেচারাম চট্ট দাম ৪ চারি টাকা—

॥ ৭৪৮ ॥

হজপত্র (সন ১২৩৪ সাল) প ১

৭শ্রীশ্রীহরিঃ—



শ্রীকুদ্দুরওল্লা সেখ
সাং সনসত দিলালী

মহামহিম শ্রীযুৎ গুরুচরন সরকার মহাশয় বরাবরেষু—

লিখিতং শ্রীকুদ্দুরওল্লা সেখ—

কস্য কস্যচিৎ পত্র মিদং কার্য্যনঞ্চাগে আমিহ আপনকার স্থানে জত্রটং সিক্কা ২৫ পঁচিস টাকা কর্জ্জা লইলাম ইহার যুদ দরমাহা কি সদে ১ এক ওঙ্কা হিশাবে দীব সোধের ওয়াদা মাহা চৈত্রীতে যুদ সমেত বেবাক দীয়া পরিসোধে করিব এতদার্থে নগদ টাকা পাইয়া খতপত্র লিখীয়া দিলাম ইতি সন ১২৩৪ সন বারসও চৈত্রীয় সাল— তা— ২ দোসরা আশ্বীন—

ইসাদী—

শ্রীপরেষ ঘোষ গোপ	শ্রীগুরুচরন ঘোষ গয়লা	শ্রীভোলা সাঁ
সাং ওরুলী	সাং যুরুলী	সাঃ সনসত



[শ-বিক্রী সন—১৮২৭। ১৬ সেপ্তম্বর খরিদার হজরত ওল্লা
শ্রীশ্যামচাঁদ দত্ত মোং যুরুল মেলা বিরভোম দাম ।০ চারি আনা

।। ৭৪৯ ।।

পত্র (সন ১২৩৪ সাল) প ১

৺শ্রীশ্রীরাম

পোস্ত শ্রীসদানন্দ দাশষা—

পরম যুক্তাসির্ব্বাদ সিবঞ্চী আগে শ্রীযুৎ বাবুজীএর পরম রাজন্নোথী শ্রীশ্রী৺স্থানে প্রার্থনা করিতেছী তাহাতে য়ত্রা মঙ্গল বিসেষঃ—

পত্র পাইয়া সমাচার গ্রাত হইলাম জে বিসয় লিখিয়াছিলেন এতদুর আমাকে লিখিতে হয় না আমার নিজ তহবিলে টাকা মজুত থাকিলে আপনকার নিজের জানিবেন ভলন্দী দুই এক রোজ জাইয়া ইহার চেষ্টা পাইয়াছিলাম শ্রীযুৎ কত্তা সরকার বাবাজীএর বরাত ছিন্ন হইতে পারে নাই আর কোথায় রেমত আত্রিয় স্থান নাই জে চেষ্টা পাইব শ্রীযুৎ ভোলানাথ সরকার ভায়ার জোবানি সমস্ত বিস্তারিত গ্রাত হইবেন বিলাত আদাই সিক্কা বত্রিশ টাকা রাট য়ানা পাঠাই জমা করিয়া লইয়া দাখিলা পাঠাইবেন আমার চক্ষের পিরা বড়ই হইয়াছে বাটী হইতে কোথায় বাহার হইআ জাই এমত সক্তী নাই শ্রীশ্রী৺ধর্ম্মরাজের ঐ যুক্তী লইয়াছী নিরুই জতচিত করিতেছী আপনকার ভরসা য়নেক করি আমী নিতান্ত আপনকার এ সময় ভর্ত্তা করিবেন কেমত থাকী হামেষ সমাচার লিখিব তথাকার বাটীর মঙ্গলাদী সমাচার লিখিবেন ইতি সন ১২৩৪ সাল তাং ৭ বৈশাখ—

চালান রুপেয়া বাবুত বিলাত আদাই সিক্কা ৩২।৷ বত্রীষ টাকা অষ্ট আনা ইতি—

।। ৭৫০ ।।

হিসাব (১২৩৫ সন) প ২

মৌজা : পলসা। সেখ সাহাবদ্দী গং। হিসাব বাকীপোতা।

জীর্ণ, কীটদষ্ট।

।। ৭৫১ ।।

হিসাব (১২৩৫ সন) প ৭

মৌজা : এতাপুর। নিকাশ রুপৌরা মোং লাখরাজ এতাপুর এঃ ঠাকুর দাস ঘোষ। জমা ও— সন ১২৩৪— জের জমা—

।। ৭৫২ ।।

হিসাব (১২৩৫ সন) প ১১

মৌজা : মোহনপুর। রামনিধি যুড় বদন ঘোষ, গনেষ চক্রবর্তী গং। হিসাব বাকী।

জীর্ণ, জমাটবাঁধা।

।। ৭৫৩ ।।

হিসাব (সন ১২৩৫ সাল) প ১

৭শ্রীশ্রীহরি।--

... ... সন ১২৩৫।--

সাদীপুর-- মিজাপুর--

ফৌতি--

সিল মণ্ডল-- (?)

আসামী--	জমি--	দর--	নেটং—
উত্তর মাট দো কর্প--	১৸৩	৩।।	৬।।১৮
যুনা--	।।১	২।।	১।৵
যুনা আওল--	।।২	০	১।।
...	...	...	...
...	...	...	...
	১৫৸২৫।১৩		৪১
মহকুপ বন্দবস্তী—			৮৸১০
	১১৸২ ১৩		৩২৵-০

এই এক চল্লিশ টাকার ইজাহার দেয়া জায় ১১ জৈষ্ঠি--

ইসাদী—

শ্রীকৃষ্ণপ্রসাদ মণ্ডল শ্রীরাজিব মণ্ডল শ্রীমানিক ভূই শ্রীশ্রীনিবাষ চৌকীদার
সাং সাদীপুর

।। ৭৫৪ ।।

হিসাব (১২৩৫ সন) প জমাট

মৌজা: সেড়ান্দী। হিসাব বাকীপোতা পরগনে বারবক সিংহ তালুক কৃষ্ণনগর মোং সেড়ান্দী সন ১২৩৫ সাল--। রামকৃষ্ণ মজুমদার, ধনকৃষ্ণ কোঙর গং। জমা: খরচ রুপেয়া।

জীর্ণ. জমাটবাঁধা।

।। ৭৫৫ ।।

হিসাব (১২৩৫ সন) প ৪৯

মৌজা: কৃষ্ণনগর। করচা হীসাব বাকী চক গোপালপুর। নিজ কৃষ্ণনগর-- সরকার খররাত। গোপীজনমহল-- মধু বেওা। করচা হিসাব বাকী-- চৌধারমহল— ছিদাম বাগদী গং।

জীর্ণ, কিছু কিছু জমাটবাঁধা।

।। ৭৫৬ ।।

কবুলতিপত্র (সন ১২৩৫ সাল) প ১

৺শ্রীশ্রীহরি

সন ২২৩৫।—

৪১৵৫

মহামহীম শ্রীযুৎ শ্রীনিবাষ সরকার জমিদার মহাশয় বরাবরেষু—

লিখিতং শ্রীরামকৃষ্ণ মণ্ডল -

কষ্য কবলতীপত্র মিদং কাজুনক্কাগে পরগনে মনহরসাহী মোজে বেড়গ্রাম মুদাএা সাদীপুর আমার পীতা ৺পিতম মণ্ডল কোতী হইআছে তাহার ওয়ারিষ আমী সন ১৮১২ সালের পঞ্চম কানুন মতাবক আমার পীতার দখলি জমী ১৫৮২১৩ পোন বিঘা সতের কাঠা তের গণ্ডার জদ্দ জমা ৪১ একচল্লিষ টাকার সন ১২৩৫ সালের মুকুই আমে এ জমানামা দীআছেন আমী আপনকার নিকট রুজু হইআ তপসীল মত জমীজমার কবুলতী লিখিআ দীতেছী ইতী সন ১২৩৫ সাল তারিখ— ১৩ আসাড়—

আসামী—	জমী—	সর—	নেট—
...	...	...	...
		১৫৸২৫।১৩	৪০৷৷৶৯৬
ময়ুকুর বন্দবস্তী—			১৸১
			৩৯৶৫

মবলগে পোনর বিঘা সতের কাঠা তের গণ্ডার কাত জমা ... টাকা সহী সীক্যা মালগুজারি করিব তৎ সেওায় কমী জরিফ করিফ কীরাম জারিফ বেসী জে হইবেক তাহার জমা এই কবুলতীর ওপর চঢ়াইআ মালগুজারি করিব এ জমাতে হাজা বুকার নালিষ করিলে ময়ুরা পাইব নাই এতদার্থে আপন খুসীতে কবুলতীপত্র লিখিআ দীলাম ইতী—

।। ৭৫৭ ।।

বিক্রী কবলাপত্র (সন ১২৩৫ সাল) প ১

৺শ্রীশ্রীহরি

সহায়—

চকনামা ওপর ঠাকুরবান্দ পুষ্করিণি মৌজে বেজরা পরগনে খটঙ্গা পোত্রীয় সন্তান শ্রীধর্মদাষ রায় ও শ্রীকালিপ্রসাদ রায় সাকীনান পতিসর খরিদী শ্রীরামকৃষ্ণ সরকার সাকীনা কৃষ্ণনগর ওরফে মুকুলী পং বারবক সিহ সন ১২৩৫ সাল তারিখ—

আশামী-- দীর্ঘ-- প্রস্থ-- সালীজমী--

১ দাগে গ্রামের দক্ষীন নফর মণ্ডলের বাটীর দক্ষীন নাম ঠাকুরবান্দ পুষ্করীর পূর্ব্ব অনন্ত মণ্ডলের যুনাজমীর ওত্তর রামহরি মণ্ডলের ও সক্ষীচরন দাষবৈরাগীর সালীজমীর পছিম ওপর ঠাকুরবান্দ পুষ্করিণি এই পুষ্করিণির ওত্তর পাহাড় মদ্দে কাশী হাড়ীর বসত ও হলা হাড়ীর বসত ও আবাদী ওত জমী অনন্ত মণ্ডলের জোতপাত আবাদী পূর্ব্ব পাহাড় আবাদী পাড় সমেত বিক্রী করিতেছি সন তারিখ-- সদর--

ইসাদী--

।। ৭৫৮ ।।

চকনামা (সন ১২৩৫ সাল) প ১

৺৭শ্রীশ্রীহরি

সহায়--

চকনামা ঠাকুরপুষ্করিণি মৌজে কোপা পরগনে খটঙ্গা পৌত্রীক সন্তাদ শ্রীধর্ম্মদাস রায় ও শ্রীকালিপ্রসাদ রায় সাকীনান পতিসর খরিদী শ্রীরামকৃষ্ণ সরকার সাকীনান কৃষ্ণনগর ওরফে মুরুলী পং বারবক সিহ্ন সন ১২৩৫ সাল--

আশামী— দীর্ঘ— প্রস্ত— সালীজমি—

১ দাগে গ্রামের ওত্তর লোচন মণ্ডলের বাটীর ওত্তর ও শ্রী৺কালিতলার ওত্তর রামকৃষ্ণ মণ্ডলের বুড়র পুষ্করিণির পুর্ব্ব গোপথ রাস্তা পার পুর্ব্ব সরকারি জোল জমীর দক্ষীন কুড়া চোকীদারের চাকরানজমীর পাছিম ঠাকুরপুষ্করিণি--

তক্কা-- ৩।৪ ১।।৩ ৫।।৪

মোত্তাজী পাচ বিঘা চন্দ কাটা ইতি--

সন ১২৩৫ সাল--তারিখ--

ইসাদী--

।। ৭৫৯ ।।

বিক্রয়কবালাপত্র (সন ১২৩৫ সাল) প ১

৺৭শ্রীশ্রীকৃষ্ণচরন


স্বরনং—

STAMP
EIGHT ANNAS
... ...
... ...
-আট আনা
OFFICE

শ্রীধর্ম্মদাস রায়
শ্রীকালি রায়
সাং পতি সর
পরগনে খটঙ্গা

ইয়াদিকিদ্দ সকল মঙ্গলালয় শ্রীরামকৃষ্ণ সরকার ওলদে শ্রীগুরুচরন সরকার ইবনে ৺ব্রজবল্লভ সরকার সাকিনান মৌজে কৃষ্ণনগর ওরফে যুরুলী পরগনে বারবক সিহ মতলকে জেলা বিরভোম বরাবরেষু—

লিখিতং শ্রীশ্রীধর্ম্মদাষ রায় ও শ্রীকালিপ্রসাদ রায় ওলদে ৺রামকান্ত রায় ইবনে ৺রুদ্রচরন রায় সাকিনান মৌজে পাতিসর পরগনে খটঙ্গা মতালতে জেলা বিরভোম— কষ্য পুস্কর্ণি বিক্রয়কবলাপত্র মিদং লিখিনং কার্জ্জনঞ্চাগে পরগনে খটঙ্গা মৌজে বেলরা গ্রামের দক্ষীন নফর মণ্ডল বাটীর দক্ষীন নাম ঠাকুরবান্দ পুস্কর্ণির পূর্ব্ব অনন্তরাম মণ্ডলের যুনাজমীর ওত্তর রামহরি মণ্ডলের ও শিক্ষীচরন দাষবৈরাগীর সালী ৬মীর পছীম আমাদিগ্যের পৌত্রিক সখাদ ওপর ঠাকুরবান্দ পুস্কর্ণি মায় জল পাহাড় মওজি ৸৷৩ ছয় বিঘা তের কাঠা মায় বিক্ষ ও মৎস্যাদী সহিত আপনকার নিকট বিক্রী করিলাম অস্ত পোনবাহা বাবুদী সিক্কা নগদ ৫০ পঞ্চাষ টাকা বাঃজনমলুক পুরা ওজন সহিসিক্কা আপনকার তরফ শ্রীগৌরহরি মিস্তী মারফত কোপা মোকামে দস্তবদস্ত নগদ পাইয়া আমরা আপন ২ কাবেজ তছরুপে আনিলাম আপনী পুস্কর্ণি মজুকুরা আপন দখল কাবেজে আনিয়া দান বিক্রয়ের সত্তাধিকারি হইয়া পুত্রপৌত্রাদীক্রমে পরম সুখে ভোগ দখল করহ পুস্কর্ণি মজুকুর সহীত আমাদ্রের এলাকা নাই কস্মীনকালে আমরা কিম্বা আমাদ্রের ওয়ারিসান কেহ কখন দওা করে কিম্বা করি সে নামঞ্জুর এতদার্থে বাহুষ বহাল তবিয়তে পুস্কর্ণি বিক্রয়কবালা লিখিয়া দিলাম ইতি সন ১২৩৫ সাল— তারিখ—২৪ ফালগুন—



ইসাদী—

শ্রীরামহরিগোপ মণ্ডল, শ্রীনফর মণ্ডল শ্রীরামজিবন পাল

গুরুচরন পাল সাকী—বেলড়া

শ্রীরাসবেহারি দাসবৈরাগ্য শ্রীমথুর দাস ভাতি

সাঃ বেলড়া

শ্রীকাসিনাথ দলুই হাড়ি
সাং—বেজরা
[খ—বিক্রী মোং মুরুলী সন ১৮২৭ সাল ৩ মার্চ জেলা বিরভোম শ্রীকৃষ্ণচৈতন্ত রায় খরিদার সরুপ চৌকীদার দাম ।। আট আনা—

।। ৭৬০ ।।

বিক্রয়কবালাপত্র (সন ১২৩৫ সাল) প ১

৺৭শ্রীশ্রীকৃষ্ণ —

সহায়

STAMP
ONE RUPEE
... ...
... ...
এক টাকা
OFFICE

শ্রীধর্ম্মদাষ রায়
শ্রীকালি রায়
সাঃ পাতিসর
পরগনে খটঙ্গা

ইয়াদীকিদ্দ সকল মঙ্গলালয় শ্রীরামকৃষ্ণ সরকার ওলদে শ্রীগুরুচরন সরকার ইবনে ৺ব্রজবল্লভ সরকার সাকিনান মৌজে কৃষ্ণনগর ওগরফে মুরুলী পরগনে বারবক সিহ্ জেলা বিরভোম বরাবরেষু—

লিখিতং শ্রীধর্ম্মদাষ রায় ও শ্রীকালিপ্রসাদ রায় ওলদে ৺রামকান্ত রায় ইবনে ৺রুদ্রচরন রায় সাকিনান মৌজে পাতিসর পরগনে খটঙ্গা মত্তালকে জেলা বিরভোম—

কস্য পুস্কর্ণি বিক্রয়কবালাপত্র মিদং লিখনং কার্জ্জ নঞ্চাগে পরগনে খটঙ্গা মত্তালকে জেলা বিরভোম মৌজে কোপা গ্রামের ওত্তর লোচন মণ্ডলের বাটীর ওত্তর কিত্তা চৌকিদারের চাকরানজমীর পশ্চিম সরি]কারি জোলজমীর দক্ষীন রামকৃষ্ণ মণ্ডলের বুড়র পুস্কর্ণির পূর্ব্ব গোপথ রাস্তা পার আমাদিগের পৌত্রীক সম্বাদ ঠাকুরপুস্কর্ণি মায় জল পাহাড় মণ্ডাজি ৫।।৪ পাচ বিঘা চর্দ্দ কাটা সমৎসা বিক্ষাদী ও তিলাদী সমেত আমরা আপনকার নিকট বিক্রীয় করিলাম অস্য পোনবাহা বাবুদী নগদ ৭১।। একাত্তরি টাকা আট আনা রায়জন মূলুক পুরা ওজন সহিসির্জ্জা আপনকার তরফ শ্রীগৌরহরি মিত্রীর মারফত কোপা মোকামে দস্তবদস্ত নগদ পাইয়া আপন কাবেজ তহরুপে আনিলাম আপুনি পুস্কর্ণি মজুকুরা মায় জল পাহাড় ও বিক্ষাদী ও মৎস্যাদী সহিত আপন কাবেজে

আনিয়া দক্ষীলকার দান বিক্রয়ের সর্ত্যোদীকারি হইয়া পুত্রপৌত্রাদীক্রমে পরম সুকে ভোগ দক্ষল করহ পুস্কর্নি মজুকুরার সহিত আমাদিগ্যের এ[লা]কা নাই কম্মীনকালে আমরা কিম্বা আমাদিগ্যের ওয়ারিসান কেহ কখন দত্তা করে কিম্বা করি সে নামঞ্জুর এতদার্থে বাহুষ বহাল ভবিয়তে পুস্কর্নি বিক্রয়কবালা লিখিয়া দিলাম ইতি সন ১২৩৫ সাল তারিখ ২৫ ফালগুন—

ইসাদ—

শ্রীপদ্মলোচন দাষবৈ শ্রীমোহন বাড়ই শ্রীভোলানাথ মণ্ডল

সর্ব্ব সাঃ কোপা

শ্রীরামসঙ্কর ঘোষ শ্রীরামলোচন ঘোষ

সাঃ কোপা

শ্রীগোসাইদাষ সরকার

সাং নোয়া

শ্রীঅদ্বৈত পাল

সাং বেঙ্গরা

GENERAL
1825
OEN RUPEE
এক টাকা
TREASURY

[খ—বিক্রী মোং যুরুলি সন ১৮২৯ সাল ৩ মার্চ্চ শ্রীকৃষ্ণচৈতন্য রায় জেলা বিরভোম খরিদার সরূপ চৌকীদার দাম ১ টাকা—

॥ ৭৬১ ॥

পত্র (সন ১২৩৫ সাল) প ১

শ্রীশ্রীহরি—

সরন—

আজ্ঞাকারি—

শ্রীশ্যামাচরণ দাষষা—

প্রণামা নিবেদনঞ্চাগে বিশেষ লিখি মহাসএর আজ্ঞাপত্র পাইয়া সমাচার জাতো হইলাম শ্রীযুৎ পুর্ন্নচন্দ্র চক্রবতী মারফত ২৫ পচিষ টাকা পাঠাই পোহছিবেক পোহছ' খবর লিখিতে আজ্ঞা হইবেক এখানকার সকল মঙ্গল তথাকার বাটীর মঙ্গলাদী লিখিবেন ইহা নিবেদন করিল ইতি সন ১২৩৫ সাল তা— ৮ ভাদ্র—

বন্দনিয় শ্রীযুৎ আসানন্দ সরকার মহাসয় বরাবরেষু—

মোঃ— মুরুলী

৭৪।০

॥ ৭৬২ ॥

পত্র (সন ১২৩৫ সাল) প ১

.....

.....

... ...

[আজ্ঞাকারী] নিবেদনঞ্চাগে মহাসএর শ্রীচরনাশীর্ব্বাদে এ জনের সমস্ত মঙ্গল বিশেষঃ।— শ্রীচরন নিকট হইতে বিদায় হইআ মোকাম মুরশীদাবাদ পোহুছিয়া কোন আজ্ঞাপত্রাদী পাই নাই এবং গাজপুরের মোকদ্দমার দরখাস্তর খসাদা জে করিয়া দিআ আইলাম তাহার কী হইল জানিতে পারিলাম না তাহার বিস্তারিত সংবাদ সম্বলিত মঙ্গলাদী সমাচার লিখিতে আজ্ঞা হইবেক ঠীকানা সাবেক বাসাতে বাসা কাএম আছে হাল দোএম কাঙ্কনের আপীলের মোকদ্দমা জাহা কমিসনরিতে সোপরর্দ্দ আছে তাহার মুদ্দর তদারক করিলাম এতক কমিসনরি কাছারি মোকরোর হয় নাই ··· চিটা কোরটে আশীয়াছিল তাহাতে মালুম হইল জে মোকাম কাশীমবাজারের বান[জা]কোটীর রিসিডেন্ট সাহেবের ভ্যাতা শ্রীযুৎ মনি সাহেব কমিসনরি কাজে মোকরর হইয়াছিল নাগাদী ২০ ফিরবেন এখানে পোহছিবেন পোহছিলে কী প্রকার হয় তাহার বিস্তারিত

নিবেদন লিখিব আর ঐ সাহেবকে জে জে ভার অর্পন ও কোরটের সাহেবলোকের প্রতি জে হকুম ঐ চিটীতে আশীরাছে তাহার বিস্তারিত আলাহিদা নিবেদন করিলাম জ্ঞাতো হইতে আজ্ঞা হইবেক পরন্তু গাজপুরের দোএম কাজনের মোকদ্দমা অতি সিঘ্র রোবকার হইবেক অতএব ইহার আসল বয়নামা সহক্রমে ··· হিসাব আইশে নাই তাহা তারি জরুর অতএব পত্রপাট মাত্র পাটাইতে আজ্ঞা ··· [কালে]কট্টর সাহেবের দস্তখতি হস্তবুদের নকল ১৫ কীতা ··· [রো]ব কার কালে অতি আবিষ্যক দাখিল করিতে হইবে ··· ফিচের টাকা সরকার হইতে পাই নাই দাখিল ··· ··· ··· ··· ত্রিষ টাকা ··· কীতা দরখাস্ত ··· [ই]ষ্টাম্পকাগজের দাম ··· মবলগে ৩৪ চৌত্রীষ টাকা কড়ী দরমাহা পাই নাই সিঘ্র ২ কখন পাইব ··· রোবকার হইবেক ··· অতএব রোবকার ওক্তে এই ··· উপস্থীত বিসয় দরমাহার ভরশায় রাখিতে পারি না ··· নাই আর নিকট নহে তৎ তৎকালে আনাইতে দেরি সহিবেক ··· মোকদ্দমা এক মিছিলেই নিস্পত্য হইবেক দোসরা মিছিল হইবেক না ও থাকী ··· অতএব নিবেদন আসল বয়নামা ও উপরের লিখিত তপশীল মত মবলগে ৩৪ চৌত্রিষ টাকা [পত্র]পাট সীঘ্র পাটাইতে আজ্ঞা হইবেক কদাচ দেরি না হয় আদালতের মোকদ্দমা উপস্থীত ··· সহে না তাহা জ্ঞাতো আছেন অধিক কী নিবেদন করিব তাকীদ পাটাইতে আজ্ঞা হইবেক আর এক আমলালোকের সহিত তদবিরের কথবকথন স্থীর করিয়া রাখিতে হয় কীন্তু মহাশএর বেখন ··· কাহার সহিত কোন কথা কহিতে পারি নাই কহিতে হইলে চারি পাচজন প্রধান আমলাতে ··· মবলগে ১৫০ টাকার কম নহে এখানকার পেট বড় সংক্ষেপে নিবেদন করিলাম বিবচনাপূর্ব্বক] কর্ত্তর্ব্ব অকর্ত্তর্ব্ব এই পত্রের জবাব আইলে সেই মতাবক কাজ্য করিব আর ২ সমাচার উপস্থীত মত নিবেদন লিখিব এখানকার মঙ্গল তথাকার মঙ্গলাদী সংবাদ লিখিতে আজ্ঞা হইবেক শ্রীচরণে নিবেদন করিল ইতি সন ১২৩৫ সাল তারিখ ২৭ মাঘ—

।। ৭৬৩ ।।

হিসাব (১২৩৬ সন) প

৺শ্রীশ্রীহরি ।—

একজায় করজ্যার দেনা পাউনা বাকী জায় বাবুদী সরকারি খাজানা ইয়সাল গয়রহ আবাদী সন ১২৩৬ সাল ইং নাং সন ১২.....সাল মাহ আসাড়— আখেরি—

আসামী--	করজ্যা আদত--	তলপ যুদ—	তঙ্কা করজ্যা—	ওয়াসীল আসল—	বাকী করজ্যা দেনা--
নবকান্ত সরকার	...	...	...	...	...
সাং উঁইী কোপা	...	...	...	...	...
১ দফা ৭০	...	...	...	...	...
	৬২২৸১০	২৯।৫	৬৪১।৸১৫	৩৮২৸১০	১৯।৫	৫৬১।৯৫	২৪০।৸

সরকারি নি জোত—

জিনিষ বিক্রী জমা—২৩৫৸৫

।। ৭৬৪ ।।

হিসাব (১২৩৬ সন) প ১৩

মৌজা : সেড়ান্দী । জমা খরচ রূপেয়া তালুক কৃষ্ণনগর মোং সেড়ান্দীদিগর সন ১২৩৬ সাল— বিলায়তি— করজ্যা কর্দন— তহবিল আদায় । গয়ারাম গরাঞী । করজ্যা শোধ কৃষ্ণকান্ত চট্টপাধ্যায় গং ।

জীর্ণ, বেশ কিছু অংশ জমাটবাঁধা ।

।। ৭৬৫ ।।

হিসাব (১২৩৬ সন) প ৭

শ্রীশ্রীকৃষ্ণঃ—

সন ১২৩৬ ।—

নিজ কৃষ্ণনগর—

ওঃ শ্রীনফরচন্দ্র সামন্ত—

জমা ওঃ সন ১২৩৫—২৭০৪।।/১৫।০

ওঃ কমী— ৫৪২।৸১১

৩২৫৪/।০

সরকারি খয়রাত .. ..

জীর্ণ, কীটদষ্ট ।

নফরচন্দ্র সামন্ত

॥ ৭৬৬ ॥

হিসাব (১২৩৬ সন) প ৫

মৌজা : সনসত। জমা খরচ রুপেয়া তাং কৃষ্ণনগর মোজে সনসাত দী সন ১২৩৬ সাল যুত পুন্যাহ নাং সন ১২৩৭ সালের ১৯ শ্রাবন—

আশামী—	আদদ—	সহী কমী—
বিলায়তি—	১৮৮৩।৫	...
কম্ম কর্দ্দন—	৪৬৸৵	...
	১৯৩০।৵৫	১৯৩০।৵৫

সোরাপ মির্জ্যা, শেখ ধনু, জীঃ শেখ মনিরদ্দী গং।

জীর্ণ, কীটদষ্ট।

॥ ৭৬৭ ॥

দরখাস্তপত্র (সন ১২৩৩ সাল) প ১

৺শ্রীহরি

সহায়

মহামহীম শ্রীযুত শ্রীনিবাস সরকার মহাশয় বরাবরেষু—

লিখিতং শ্রীরামচন্দ্র বাগ ও শ্রীহারাধন সরকার—

কস্য দরখাস্তপত্র মিদং কাজ্যনঞ্চাগে পরগনে সেনভোম দং মোজে এতাপুর আপনকার লাখরাজ ঐ মৌজা আমাদীগে ইস্তক সন ১১৩৬ সাল নাগাদী সন ১২৩৮ সাল তিন সন মেওাদে ইজারাদী জে হুকুম হয় সাকীম রামচন্দ্রপুরের শ্রীপদ্মলোচন ঘোষ ও সাকীম এতাপুরের শ্রীমথুরানাথ সরকারকে মালজামীন দী আর ইজারার মেওাদ তক পেসীসি সন্ন ৪৩০ চারি সর্ত্ত টাকা হুযুরে আনামত করি ঐ পেসীসির মবলগ মজুকুরের ফি সদে...এক টাকা হিসাবে যুদ পাই ইহা জেমত হুকুম হয়.....১২৩৬ সাল যুরুতা ২৫ বেসাখ—

শ্রীরামচন্দ্র বাগ
সাং রামচন্দ্রপুর
শ্রীহারাধন সরকার
সাং এতাপুর

ইসাদী—


শ্রীনফরচন্দ্র মিত্র	শ্রীশিবু চৌকীদার	শ্রীরাম.....
সাং.....	সাং এতাপুর	সাং যুরুল

।। ৭৬৮ ।।

কিস্তীবন্দীপত্র (সন ১২৩৬ সাল) প ১

৺৺শ্রীশ্রীদুর্গা

ভরসা



শ্রীজানকীনাথ সরকার
সাঃ কাটাডিহী

মহামহিম শ্রীযুত শ্রীনিবাস সরকার তালুকদার মহাশয় বরাবরেষু—

লিখিতং শ্রীজানকীনাথ সরকার—

কষ্য কীস্তীবন্দীপত্র মিদং কার্য্যনঞ্চ রাগে আপনকার তালুক পরগনে মোনহর সাহি লাট গোমড়া সামিল মৌজে কাটাডিহি ও হরিদাষপুর ইস্তক সন ১২৩৪ সাল নাগাদী সন ১২৩৫ সাল দুই সন মেয়াদে আমার ইজারা ছিল ঐ দুই সনের ঐ মাহালের ইজারা বাবুদী মালগুজারির বাকী আমার মোকাবিলায় হিসাব বাই মহাসয় বরাবর আমার অজির দেনা ৩০০ তিন সও টাকা বিনফিয়াল না ভাগদী সর্ব্ব একরারগী আদায় করিতে না পারিয়া ঐ ৩০০ টাকার নিচের তপসীল মতাবক কীস্তীবন্দী লিখিয়া দিতেছী মাফিক কীস্তীবন্দী বিনে ওজর সরবরাহ করিব ইতি সন ১২৩৬ সন বারসও ছত্রিস সাল তারিখ—১০ আসাড়—

আসামী—	জমুলা তহা—
জের বাকী—	৩০০
তপসীল কীস্তীবন্দী—	
মাস আশ্বীন—	৫০
মাহ মাঘ—	১০০
সন ১২৩৭ সাল—	
মাহ শ্রাবন—	১০০
মাহ মাঘ—	৫০
	৩০০

মবলগে তিনসও টাকা মাফিক
কীস্তীবন্দী সন ২ মাফিক
কীস্তীবন্দী দিনে ওজর দিব
কীস্তী খেলাপ হয় মাফিক
আইন মুদ দিব ইতি।

লিখিতং শ্রীনারায়ন সরকার আমী এই কীস্তীবন্দীতে
মালজামিন হইলাম মাফিক কীস্তীবন্দী বেবাক টাকা
জানকীনাথ সরকার করিবেন জদী না করেন তবে
আমী নিজে হইতে দিনে ওজর বেবাক টাকাতে সরবরাহ
করিব সরকার মজুরের কোন ওজর করিব না...আপনী
খুসীতে মালজামিনতি লিখিয়া দিলাম ইতি সন ১২৩৬ বার
সর্ত ছত্রিস সাল] তারিখ [১০ আসাড়]—

শ্রীদিগম্বর সরকার	শ্রীহরচন্দ্র ঘোষ	শ্রীরামচরন মধুজ্যা
সাং কাটাডিহী	সাং বেড়ুগ্রাম	সাং কাটাডিহি
শ্রীরুক্মীনিকান্ত ঘোষ		
সাঃ তালতড়া		



[খ -বিক্রী মো মুরুলি সন ১৮২৯ সাল ২০ মুন শ্রীকৃষ্ণচৈতন্ত রায় জেলা বিরভোম খরিদার রামচন্দ্র সরকার দাম ২ দুই টাকা—

।। ৭৬৯ ।।

দরখাস্তপত্র (সন ১২৩৬ সাল) প ১

৭শ্রীহরি

সহায়

মৌজে রামচন্দ্রপুরের শ্রীরামচন্দ্র বাগ ও মৌজে এতাপুরের শ্রীহারাধন সরকার— সদ্বরার চরিতেষু লিখনং কাজানঞ্চাগে পরগনে সেনভূম মধ্যে আমার লাখরাজ মৌজে এতাপুর গ্রাম ইং সন ১২৩৬ সাল নাগাদী সন ১২৩৮ সাল ৩ তিন সন মেয়াদে ইজারা লইবার পার্থনায় রামচন্দ্রপুর সাকিমের শ্রীপদ্মলোচন বাগকে ও মৌজে এতাপুরের শ্রীমধুরানাথ সরকারকে মালজামিন দেওা করার দিয়া দরখাস্ত করিলে এবং ইজারা মেয়াদ তক আমার নিকট ৪০০ চারি সও তঙ্কা পেষগি সব্ব আনামত .....করিলে অতএব তোমাদ্দে'র দরখাস্ত মঞ্জুর .....র সও টাকা আনামত দাখিল করিয়া লওা গেল ইহার বুদ.....ফিঃ সদে ১ তঙ্কা হিসাবে পাইবে ...কবুলতি কিস্তিবন্দিদিগর মিছিল দাখিল কারনের পর দখলে দেওা জাইবেক ইতি সন ১২৩৬ সাল তাং—২৫ বৈশাখ—

॥ ৭৭০ ॥

হিসাব (১২৩৭ সন) প ২০২

মৌজা : কৃষ্ণনগর। জমা ওআসিল বাকী রুপেআ তালুক কৃষ্ণনগর মৌজে নিজ কৃষ্ণনগর পরগনে বারবক সিংহ সন ১২৩৭ সাল থোকা হিসাব বাকী রুপেয়া গোওালামহল-- গুরুচরন গোপ। ফিরিস্তীকাগজ করচাহিসাব বাকি রুপেআ গোপীজনমহল-- রাধাবিনদ সরকার। মদকমহল—কান্ত সেন। বিপ্রমাহাল—নফরচন্দ ভট্টাচাজ্য। সর্বসদর— মহাম হাজীবাত মহাল খোদকস্তা -সফারন্দী খোদকস্তা।

জীর্ণ, বেশ কিছু অংশ জমাটবাঁধা।

॥ ৭৭১ ॥

হিসাব (১২৩৭ সন) প ৫

মৌজা : এতাপুর। নিকামা মোজে এতাপুর— এঃ শ্রীরামচন্দ বাগ—নিকাব রোপেয়া মৌঃ এতাপুর এঃ শ্রীরামচন্দ্র বাগ জমা ৩০ সন ১২৩৬ সাল—

জীর্ণ, কীটদষ্ট।

॥ ৭৭২ ॥

হিসাব (১২৩৭ সন) প ৭

মৌজা : সনসত। কোমল সৌ, কাএম চৌধরি গং। হিসাব বাকী।

জীর্ণ, জমাটবাঁধা।

॥ ৭৭৩ ॥

হিসাব (১২৩৭ সন) প. জমাট

মৌজা : মোনহরপুর। কড়চাহিসাব বাকীপোতা পরগনে বারবক সিহ তালুক কৃষ্ণনগর মৌজে মোনহরপুর সন ১২৩৭ সাল—দুর্গ্যাচরন চট্ট গং।

জীর্ণ, জমাটবাঁধা।

॥ ৭৭৪ ॥

হিসাব (১২৩৭ সন) প ৩২

মৌজা : সেড়ান্দী। এঃ শ্রীহুল্লব সিহ। মোজে সেড়ান্দীর বাজে গা গোমস্তা রামবল্লব বারুজ্যার তহবিল জের—৫৭।৮৫১৮।

জীর্ণ, কীটদষ্ট।

॥ ৭৭৫ ॥

হিসাব (১২৩৭ সন) প. ১

৺শ্রীশ্রীদুর্গা--

৪৩
৶৫ নিজ জোত-

৪/১৫

হিঃ কিসেন শ্রীলখা বাগদি সাঃ যুরুল সন ১২৩৭ সাল-

আসামি—	রায—	হার—	নি মাপ---
১৭ মাঘ—	৸/১	৯৸৶	৬৶...
১৮ রোজ—	৶১৪	১...	৪।/৪৷৷৶
১৯ রোজ—	৷১০	১০৷	৫৷৶২৷১০
			১৬৷৶১০৸৶

কি··· হিসাব ৫৷১৬

খাদ জামা ধান্য— ৪/১৫

॥ ৭৭৬ ॥

হিসাব (১২৩৭ সন) প ১

৭শ্রীশ্রীদুর্গাঃ ।-

সন ১২৩৭ সাল ।—

কল্লা হিসাব মহাজন শ্রীনবকৃষ্ণ সরকার—

খাতক শ্রীহোরাপ মিল্লা সাং সনসত—

আসামী—	দাদন—	সুদ—	একুন—
দাদন সন ১২৩৬ সালের ২১ ভাদ্র—	৭৩	০	৭৩
তলব সুদ—			
ইং সন ১২৩৬ সালের			
মাহ ভাদ্র নাগাদী চৈত্রী---			
৮ মাহার ফি সদে ১টি হিসাবের	০	৯৶	৯৶
	৭৩	৯৶	৮২৶
...	...	...	...
...	...	...	...
...	...	...	ইত্যাদি

।। ৭৭৭ ।।

হিসাব (১২৩৭ সন)

৺৺শ্রীশ্রীদুর্গা

সন ১২৩৭ সাল

জমা—

১৭ই ফাল্গুন—
মাঃ শ্রীধিরসিংহ রায়
সিক্কা— ৩ — ৩

খরচ—

১৮ ফাল্গুন —
কমল মণ্ডল—
সাং মুরুল—
সিক্কা— ২
নিলের বিহন খরিদ—
মোঃ আমিনপুর
সিক্কা— ২ — ২

অতঃপর—লবন ও কলাই খরিদ— শ্রীমতি কাত্তাঠাকুরানি— আমিনপুর হইতে নিলের বিহন আনে— মৎস খরিদ মোঃ উরগ্রাম পাঠাইবার ঠীক— মো ভেদে হইতে পত্র আসে— শ্রীশ্রী৺স্থানে খরচ— সন্দেষ খরিদ— কুড়া খরিদ— খোল খরিদ ইত্যাদি।

।। ৭৭৮ ।।

হিসাব (১২৩৭ সন) প ১

৭শ্রীশ্রীহরি

প্রভুল কত্তা—

শ্রীমানিক...
সোমসা
বং দত্তা...

বাকী জায় রুপেয়া তালুক কোপা দী—
জমীদার শ্রীযুৎ শ্রীনিবাস সরকার দী সন ১২৩৭ সাল ইং শুরু নাং ২৬ চৈত্রী ...

আসামী---	জমুলা জমা—	কোরক - শ্রীশ্রী৺দেবত্তর---	একুন জমা---	খামার—
	মোং পাতোড়া—	৺ভবানন্দ সম্মা—		
নিজ কোপা—	...	...	...	...	...
কামারডাঙ্গা—	...	...	...	...	...
মোং পলসা—	...	...	...	...	...
বেঙ্গরা—	...	...	...	...	...

	তলপ যুদ---	সারাজমী---	ওয়াশীল---	বাকী বিতং—	বাকী তঙ্কা---
নিজ কোপা—	...	...	...	...	...
কামারডাঙ্গা---	...	...	...	...	...
মোং পলসা—	...	...	...	...	...
বেঙ্গরা—	...	...	...	...	...
বাজে পা---	...	...	...	...	...

॥ ৭৭৯ ॥

হিসাব (১২৩৭ সন) প ৪

৭শ্রীরামঃ।—

সন ১২৩৭ সাল।—

হাসামদ্দী চৌধরি— —

ফুলগড়্যার বাগীচা—

অশ্রগাছ ছোট বড় ১২ বাঁরটী আন্দাজী দাম— ২৪ — শ্রীনফর সেখ

বাগীচার জমী ॥৩৫১৫ কাঠ দাম— ৫ — শ্রীরাম পাঠক

খএরাতজমী গ্রামের দক্ষীন কুলুগাছীর মাঠ—

সালী সেম— ১।১ ১৫১৫ দাম— ১৯

৪৮

খারিজ সোভান মিজ্যা গাছ দাম— ১০

৩৮

১৵১— ৭।০

নগদ করারি ৭ — শ্রীনবকৃষ্ণ মদক

৫২।

ইসব চৌধরি—

তালগাছ ৭ জায়—

দে কুড় পুস্কন্নীর এড়া কোন জামাল সেখ বাটীর

ইস্কান কোন তালগাছ— ২

মানীক সেখের বাটীর উত্তর রাস্তার দক্ষীন

রাস্তা মদ্দে তালগাছ— ১

বাগলক্ষীর বাগীচার পছীম তরফে পাহাড়ে তালগাছ— ১

ডোমনপুরের ল পস্কনীর দক্ষীন পাহাড়ে তালগাছ— ১

ইস্কান কোনে পাহাড়ে তালগাছ— ১

২

মোজে সোনসতের উত্তর বান্দের পাহাড়ে তালগাছ— ১

৭ — শ্রীমিজ্ লোহারি

কাত— দাম— — শ্রীপবনচন্দ্র মণ্ডল

লওাপুস্কনির তেতুলগাছ— ৩ ২৫ ১২ ৮ — শ্রীভিক্ষু মির

১০ ২০ — এই সকল লোক খাকীয়া এই সকল খির করিয়া দীলে—

কাম চৌধরি—

বাস্ত বাটী— ।৵১০ কাত— দাম— ১১

॥ ৭৮০ ॥

ইসমল বিসী (সন ১২৩৭ সাল) প ৩

৭শ্রীশ্রীকৃষ্ণ—

৪নং ৯

রেজষ্টরিবহী ইসমল বিসী চৌকিদারান সন ১২৩৭ সাল ৯

নাম পরগনা	নাম মৌজা—	থানা হৈতে কোন তরফ কত তফাত—	জমিদারের ও সরবরাকারের ও গোমস্তার নাম—	মোজার চৌকীদারানের নাম ও জায়গীর জমী ও নগদ মাহীনা ও দার মাসড়া ও প্রজার স্থানে ধান্যের বিড়া ও বস্তু আদী জাহা পাঅ তাহার তায়দাদ—
ঐ	মোজে সেড়ান্দী চ বেদড়া বাদ—	থানা হৈতে পূর্ব্ব তরফ অগ্নীকোন ৬ ক্রোষ তফাত—	জমিদার শ্রীশ্রীনিবাষ সরকার গোমস্তা দুল্লব সিংহ	ছোট কমল চৌকিদার জমী – ধান্যের— কাত বিড়া জমী— জমী— ... ... বিঙাধান্য – ... ... বস্তু – ... ... দুআড় মাসড়া –
থানা মুমারি তায়দাদ— ২০			বাজে কৈফিয়ত গ্রামে চৌকী দেয়— খাজনার আদায় থাকে—	

বড় কমল চৌকিদার ৯ ঐ মত কার্জ্জ করে। রাজিব চৌকিদার – ঐ মত কার্জ্জ করে। হরা চৌকিদার – এ মত কার্জ্জ করে। সরুপ চৌকিদার – ঐ মত কার্জ্জ করে। বনমালি চৌকিদার – ঐ মত কার্জ্জ করে। খেমা কোটাল – ঐ মত কার্জ্জ করে। মানিক কোটাল – ঐ মত কার্জ্জ করে। রাসী কোটাল— ঐ মত কার্জ্জ করে। জিবন কোটাল – ঐ মত কার্জ্জ করে। লোচন কোটাল— ঐ মত কার্জ্জ করে কেসা কোটাল – ঐ মত কার্জ্জ করে।

পরগনে বারবক সিংহ	নিজ কৃষ্ণনগর ওরফে মুরুলি ও চক গোপালপুর ও চক রসুলপুর—	থানার দক্ষীন – আন্দাজ দুই ক্রোষ তরফ—	জমিদার শ্রীশ্রীনিবাষ সরকার গোমস্তা ও নাএব শ্রীনফরচন্দ্র সামন্ত
ঐ	ঐ	ঐ	ঐ

পক্ষা চৌকিদার ৯ ঐ মত কার্জ্জ করে। গজা চৌকিদার – ঐ মত কার্জ্জ করে। ভৈরব চৌকীদার – ঐ মত কার্জ্জ করে। মোহন চৌকীদার – ঐ মত কার্জ্জ করে। শ্রীমন্ত চৌকীদার – ঐ মত কার্জ্জ করে। সরুপ চৌকীদার – ঐ মত কার্জ্জ করে। নিবারন চৌকিদার – ঐ মত কার্জ্জ করে। রামপ্রসাদ চৌকীদার – ঐ মত কার্জ্জ করে।

॥ ৭৮১ ॥

রসিদপত্র (সন ১২৩৭ সাল) প ১


৺শ্রীশ্রীদুর্গা

প্রতুলকত্তা।—

STAMP
TWO ANNAS
... ...
... ...
দুই আনা
OFFICE

শ্রীমিজ্যা মওজদী
সাং সনসত

মহামহীম শ্রীযুৎ শ্রীনিবাষ সরকার ওলদে ৺ব্রজবল্লভ সরকার ইবনে ৺জাদবেন্দ্র সরকার সাং যুরুলী পরগনে বারবক সিহ্ন মতালকে জেলে বিরভোম বরাবরেষু—লিখিতং শ্রীমিজ্রা মৌজদ্দী ওলদে ৺মিজ্রা মুলতান ইবেনে ৺মিজ্রা নেআমত সাকীম সনশত পরগনে বারবক সিহ্ন মতালকে জেলা বিরভোম কস্য লাখেরাজ বাস্তু জবখরিদী সিক্রীর পোনবাহা রসীদপত্র মিদং কাজানঞ্চ আগে পরগনে বারবক সিহ্ন মোজে সনশত মহাশএর তালুক মৌজা ময়ুকুরে আমার পৌত্রিক লাখেরাজ শ্রীরুপু লোহারের বাটীর পূর্ব ও পূর্ব্ব পশ্চীম জাতায়তের রাস্তার দক্ষিন মোহন গোপের বাটীর পশ্চীম অক্রুর শেঁর পুষ্করিনির উত্তর জাহায় গৌরহরি মুখুজ্যা ও গোপাল হালদার বসত ও কাছারিবাটী ঐ বাটী আমার পৌত্রিক লাখেরাজ মৌওাজী।২ সাত কাঠা বাস্তু আমী মহাশএর নিকট ৪৫ পোঞ্চতালিষ টাকা উচিত দামে বিক্রয় করিআ বিক্রীকবালা লিখিআ দীআ পোনবাহা ৪৫ মবলগে পোঞ্চতালিষ টাকা রায়জনমুলুক সহীসিক্কা পুরা ওজন দস্তবদস্ত নগদ লইআ আপন কাবেজ তমুরুপে আনিলাম এতদার্থে আপন খুসীতে বাহুষ বাহাল ভবিয়তে বিনা জবরিতে পোনবাহার টাকা নগদ লইআ রসীদপত্র লিখিআ দীলাম ইতি সন ১২৩৭ বার সও সাঞ্চীত্তিস সাল তারিখ—২৬ শ্রাবন—



ইসাদী—

শ্রীহাছামদ্দী চৌধরি সাঃ সনসত | শ্রীমতি হাফিজা বিবী বঃ মিজ্রা মএজদ্দী ।।। সাং সনসত | শ্রীমির নইমওল্লু গং সাং সনসত


[খ—সন ১৮৩০ সাল ১০ জুলাই জেলা বর্দ্ধমান চৌকীচালক একটিং ইষ্টাম্প তহবিলদার শ্রীব্রজলাল হাজরা খরিদার শ্রীবিপ্রচরণ মুখোজ্যা ৵ দুই আনা—

।। ৭৮২ ।।

বিক্রয়কবালাপত্র (সন ১২৩৭ সাল) প ১

৭শ্রীশ্রীদুর্গা—

প্রতুলকর্ত্তা—



মুস্তি সকল মঙ্গলালয় শ্রীশ্রীনিবাস সরকার—
ওঃদে ৺ব্রজবল্লভ সরকার এবনে ৺জাদবিন্দু সরকার সাকীম মুরলী পরগনে বারবক সিংহ মতালকে জেলা বিরভোম—
লিখিতং শ্রীমিজ্রা মৌজদ্দী ওলদ্দে ৺মিজ্রা মুলতান ইবেনে ৺মিজ্রা মেআমত সাকীম সনসত পরগনে বারবক সিহ মতালকে জেলা বিরভোম—

শ্রীমিজ্রা চৌজদ্দী সাং সনসত

কস্য লাখেরাজ বাস্তু জরখরিদিগী বিক্রয়কবালাপত্র মিদং কাজ্যনঞ্চ আগে পরগনে বারবক সিহ্ মোজে সনসত মহাশএর তালুক মোজা মজুকুরে আমার পৌত্রিক লাখেরাজ শ্রীরুপু লোহারের বাটির পুর্ব্ব ও পুর্ব্ব পশ্চীম জাতায়তের রাস্তার দক্ষিন ও মোহন গোপের বসতবাটীর পশ্চীম অক্রুর শৌর পুষ্করিন্র উত্তর জাহার গৌরহরি মুখুজ্যার ও গোপাল হালদারের বসত ও কাছারিবাটী ঐ বাটী আমার পৌত্রিক লাখেরাজ মওাজি ।২ সাত কাঠা বাস্তু ইহার এওজ মোহন গোপের বাটীর পুর্ব্ব ও পুর্ব্ব পশ্চীম জাতায়তের রাস্তার উত্তর বাবলাপুষ্করিন্র পশ্চীম উত্তর দক্ষীন জাতায়তের রাস্তার পশ্চীম কাম্র শেখর দো জমীর দক্ষীন এই চৌহদ্দীর মদ্দে মানের জায়গা জাহার ৺কানাই শো বসত ছিল ঐ ।২ সাত কাটা এওজ লইয়াছিলাম এক্ষান ঐ মানের জায়গা ছারিআ দীআ আমী আপন ঐ পৌত্রিক লাখেরাজ বাস্তু মহাশএর নিকট ৪৫ পোঞ্চতালিস টাকা উচিত দামে বিক্রয় করিলাম পনরায় টাকা বাএজনমুলুক সহীসিক্কা পুরা ওজন দস্তুরদস্ত পাইআ আপন কাবেজ তমুরুপে আনিলাম মহাশয় মওাজী মজুকুরা দখল ও কাবেজ আনিআ দান বিক্রয়ের সত্বাধিকারি হইআ পুত্রপৌত্রাদিক্রমে ভোগ দখল করহ মৌআজী মজুকুরার ও মানের জায়গার পর আমী কীম্বা আমার ওআরিসান কেহ কখন দত্তা করে কী করি সে নামঞ্জুর এতদার্থে আপন খুসিতে বাহুস বাহাল তবিয়তে বিনা জবরিতে বিনা দাএগেস্তে বাস্তুবাটী জরখরিদী কবালাপত্র লিখিআ দীলাম ইতি সন ১২৩৭ সাল তারিখ- ২৬ শ্রাবন -



ইশাদ -

শ্রীমিজ্জা ছোরহাম বং মিজ্জা লোহারি সাং সনসত

শ্রীগউরহরি মুখুজ্জা বয় শ্রীখেত্তলাল গাঙুলি সাং সনসত

শ্রীবদন ডোম চৌকিদার সাং সনসত

[খ- ১৭৮৭৩ নং সন ১৮৩০ সাল ২১ জোলাই জেলা বর্দ্ধমান চৌকীকান একটীন ইষ্টম্প তহবিলদার শ্রীব্রজলাল হাজরা খরিদার শ্রীখেত্তলাল গাঙুলী ১ এক টাকা

॥ ৭৮৩ ॥

দরখাস্তনামা (সন ১২৩৭ সাল) প ১

শ্রীশ্রীগোবিন্দজী


সহায়—

দরখাস্ত ফিদরি শ্রী ... সরকার জমিদার ... লাট নোহনা সামিল তালুক [কৃষ্ণনগ]র মতালকে জেলা বিরভোম ... পরিব পরবর সেলামত ... ১০ আসাড় তারিখের লিখিত এককেতা পরয়ানা ফিদরির নামে সাদের হয় জে লাট মজুকুর মর্দ্দে নিজ নোহনা ও গাজপুর দিগরুই এইসব মৌজায় ১৭২।১৫।১০ বিঘা জমি সরকারের হক সবব বাজেয়াপ্ত হইয়া ... লাখরাজদার নথ্‌রানির সহিত ২৬০ টাকা জমায় বন্দবস্ত করা গেল ওয়াসিলতের মাজায় ঐ ২৬০ টাকা জমা হিসাবে ইস্তক সন ১২৩১ সালে নাগাদী সন ১২৩৬ সাল মায় সুদ আদায় করন খোদাওন্দা ফিদরি ঐ মুরুত জমা আজী নাগাদী তহসিল করি নাই আর উয়াসীলাতের সাহিয়ত এইজে তহসীল হইয়া তদ্রুপ হইয়াছে তাহারি মায় সুদ ফিদরির দেনা ... এক দফা এই কাছারির নাজিরের নামে উসুলি জমা তহ ... কাতের হুকুম হওয়ায় নাজির সরজমিনে গিয়া জোনাজাত প্রা ... দ্বারায় উসুল তহকীকাত করায় ২১৮।৵৩।। টাকা করিয়া সন ... উসুল ঠাহারি এবং তাহা নাজিরের কৈফিয়তে হুজুরে জাহের এবং ফিদরি ও তাহার জমা ওয়াসিলবাকী কাগজাত ও ই ... নাগাদী সন ১২৩৪ সাল চারি সনের জমা মায় সুদ ৯৭২।। আনামত করিয়াছি কারন সন ১২৩৫ ও সন ১২৩৬ সালের ব ... তাহা ফিদরি ... হাজির আছে তবে এক্ষন ভদ্যপী কেহ পর[ঞ] মতলবে বেসি জমা কবুল করে তাহা আমার দেনা হয় না ফিদরি জে কদর জমা তহসিল করিয়াছে তাহা একদফা নাজিরের কৈফিয়[ত] রোষন আছে বরং পুনুরায় সরজমিন তহকিক হয় খোদাওন্দ মালিক ফিদরি ঐ ২১৮।৵৩। টাকা জমা সেওয়ায় তহসিল করে নাই অতএব ইস্তক সন ১২৩১ সাল নাগাদী সন ১২৩৬ সাল হয়নে ইয়ারে ঐ ২১৮।৵৩।। টাকা জমা হিসাবে আসল ১৩১।। ... টাকা ও সুদ ৩০৩৸৵ ... টাকা একুনে ১৩১৪ ... টাকা দেনা তাহা সন ১২৩৫ সালের ১৬ মাঘ তারিখ ... ৯৭২।। টাকা দীয়াছি সেওয়ায় আসল বাকী ৫৭৮ ... টাকা ও ... টাকা একুনে .... টাকা ফিদারির স্থানে লইতে ... কীম্বা এই দরখাস্ত বেপট হয় পরিবপরবর মালিক দর[খাস্ত] সন ১২৩৭ সাল তা—২৪ আ...

॥ ৭৮৪ ॥

কড়ারনামাপত্র (সন ১২৩৭ সাল) প ১

৺শ্রীশ্রীহরিঃ।—



শ্রীমোহন বাগদী
সাং ধান্যঘরা ॥

মহামহিম শ্রীযুত আসানন্দ সরকার মহাশয় বরাবরেষু—

লিখিতং শ্রীমোহন বাগদী—

কস্য কড়ারনামপত্র মিদং কাজানঞ্চী আগে মহাসএর কুটী মোং মস্তলী সাং ধান্যঘরা গ্রামে নিলখাতায় আশামী শ্রীলবাই ছুতারের মোজা বিনা রাজী ৭।৵১৫ সাত টাকা ছয় আনা তিন পাই দেনা হইল ঐ রাজীর মালজাবিন আমি আপন সহইচ্ছাপূর্ব্বক হইলাম আশামীর সহীত কোন এলাকা নাই সন ১২৩৭ সালের ২৫ চেত্রীতে বিনা ওজর আমি নিজে হইতে টাকা দীয়া পরিশোধ করিব এতদর্থে কড়ারনামাপত্র লিখিয়া দীলাম ইতি সন ১২৩৭ সাল তারিখ—২ চেত্রী—



ইসাদী—


শ্রীচাকর হাড়ী	শ্রীপঞ্চিকান্ত মং	শ্রীসংঙ্কর দাষবৈরাগ্য
সাং সাড়ীপা	সাং সাড়ীপা	সাং সাড়ীপা

[খ—বিক্রী মো মুরলী সন ১৮৩১ সাল ২৬ জানেউরি শ্রীকৃষ্ণচৈতন্ত রায় জেলা বিরভোম খরিদার বৈদ্যনাথ চক্রবর্তি দাম ৵ দুই আন'—

॥ ৭৮৫ ॥

কবুলপত্র (সন ১২৩৭ সাল) প ১

৺শ্রীশ্রীদুর্গা



শ্রীরামনারায়ন সর্ম্মাধীক
সাং লোহাটীর


মহামহিম শ্রীযুৎ কৃষ্ণচন্দ্র রায় বরাবরেষু—

লিখিতং শ্রীরামনারায়ন সর্ম্মাধীক—

কস্য কবুলপত্র মিদং কাজনঞ্চ আগে আমি আপনকার থানে জতটং সিক্কা ৮৵ আট টাকা দুই আনা কর্জ্জ লহিলাম ইহার সুদ দরমাহা সদরহার সুরাত দিব সোধের অঅদা সাল ১২৩৮ সালের মাহা আসাঢ়ে সুদ সমেত বেবাক টাকা নগদ দিএ পরিসোধ করিব এতদার্থে দস্তবদস্ত বেবাক টাকা নগদ পাইএ খতপত্র লিখিএ দিলাম ইতি সাল ১২৩৭ সাল তারিখ ১৯ চৌইতি—

ইসাদী—

শ্রীরামগোবিন্দ চাটুজ্যা	শ্রীভৈরবনাথ রায়	শ্রীলক্ষন মণ্ডল
সাকিম কাজিপুর	সাং মন্ডলী	সাকিম কাজিপুর



খ—সন ১৮৩১।৭ মারচ শ্রীইশানচন্দ্র ভট্টাচার্য্য মোং আর নং জেলা বিরভোম খরিদার জনার্দ্দন চট্টোপাধ্যা দাম ৵ আনা

॥ ৭৮৬ ॥

পত্র (সন ১২৩৭ সাল) প ১

৭শ্রীশ্রীহরিঃ—

পোষ্যা শ্রীপরেমনাথ সর্ম্মণঃ—

পরম শুভাসীর্ব্বাদ নিবেদনকাগে বিসেষ অনেক দিবষ হইল পত্রাদী সম্বলীত কোন সমাচার পাই নাই মঙ্গলাদী বার্ত্তায় পরিতোষ রাখিবেন এখানকার বাটীর সামইক মঙ্গল পরে কর্জ্জ'র টাকা দেওনের বিবচনা মহাসয় কিছু করেন না ইহায় আমি নেহাইত নাচার হইয়াছি সংপ্রতিক একখানি মহল তালুক খরিদের কথা উপস্থীত হইতেছে ইহায় চারি টাকা দোষরা তারিখ দরকার আপনি কথক টাকা সাইত করিয়া এই লোক মারফত পাঠাইবেন টাকা পোহছিলে পোহছা সংবাদ লিখিব চারি টাকা আপনকার পাষ পাওনা এ সময় কথক না দিলে কী প্রকার চলে বিবচনা ... নিবেদন ইতি সন ১২৩৭ সাল ১৮ অগ্রায়ন—

মহামহিম শ্রীযুত বাবু আসানন্দ সরকার মহাসয় পরম কল্যান'য়াষু—

মুর্শদ—

॥ ৭৮৭ ॥

পত্র (সন ১২৩৭ সাল) প ১

৭শ্রীশ্রীকৃষ্ণ।—

মোজে কৃষ্ণনগরের—

... শ্রীনফর সামন্ত জানিবা মোজে মযকুরের আজি নাগাদী মবলগ বাকী তোমা হইতে বাকী আদায় হয় এমত দেখি না এ কারন তোমার এস শ্রীপেমনারায়ন মিত্রীকে মোকরোর করা গেল নয়াজমী কাগজপত্র ও নিকাষ ... রসীদ লইয়ায় ইতি সন ১২৩৭ সাল—তাং—৩ বৈসাখ—

।। ৭৮৮ ।।

পত্র (সন ১২৩৭ সাল) প ১

শ্রীশ্রীহরিঃ

সরনং।—

পোষ্য শ্রীবদনচন্দ্র দাসষ্য—

পরমষুভাসিব্বাদ বিজ্ঞাপনকাগে—

আপনকার রাজন্নতি শ্রীশ্রী৺করিতেছেন তাহাতে অত্রানন্দ বিসেষঃ।— ... সাং ধন্মপুরের ... আমাদ্দে'র ... লোক এ জন্তে লিখিতেছী মণ্ডল মজকুরের হুদাই সহরের মদ্দে' মাসওজারির জমিজমা আছে কীন্তু হুদা মজকুরের তালুক দার আসিয়া জমাতে জলন করিতেছেন এ জন্তে নিবেদন লিখিতেছী আপুনী মোনজোগ করিয়া তালুকের নাএব শ্রীযুত রামচন্দ্র সরকারকে এক পত্র লেখেন তাহাতে এ ... বেহতারি হয় তাহা করিআ দিবেন এখানকার মঙ্গল তথাকার মঙ্গলাদী লিখিবেন ইতি সন ১২৩৭ সাল—২৮ অগ্রান—

পরম পোষ্টাবর শ্রীযুত আসানন্দ সরকার বাবাজীউ— পোষ্টার বরেষু—

মোং—মুরলী—

॥ ৭৮৯ ॥

হিসাব (সন ১২৩৩ সাল) প জমাট

মৌজা : নানুবাজার । মানিক দাষ, কঠা নফর দাষ গং । জমা ওয়াসীলবাকী পোতা ।

জীর্ণ, জমাটবাঁধা ।

॥ ৭৯০ ॥

হিসাব (১২৩৮ সন) প জমাট

মৌজা : দিগমুই । স্যাম গোপ, বলাই গোপ গং । জমা ওয়াসীলবাকী পোতা ।

জীর্ণ, জমাটবাঁধা ।

॥ ৭৯১ ॥

হিসাব (স ১২৩৮ সন) প জমাট

মৌজা : জমা ওআসিলবাকীপোতা পরগনে পুরন্দরপুর লাট নোহনা সামিল তালুক নানুবাজার মর্দ্দে মোং সোমসা জমিদার শ্রীযুৎ গুরুচরন সরকার সন ১২৩৮ সাল—

রাইয়তি— খামার—

জীর্ণ, জমাটবাঁধা ।

॥ ৭৯২ ॥

হিসাব (১২৩৮ সন) প ৩

মৌজা : কোপা । সাকল মুচী, মোহন বাড়ই গং । জমা ওয়াসীলবাকী ।

জীর্ণ, কীটদষ্ট ।

॥ ৭৯৩ ॥

হিসাব (১২৩৮ সন) প ৯৬

মৌজা : কৃষ্ণনগর । খয়রাতমহল-- ঠাকুরদাম বেহরা । ভাতিমহল— চাকর দাষ বৈরাগী । বিপ্রমহল— রামকানাই চাটুজ্যা । মদকমহল— প্রসাদ কুজ । মহল খয়রাত— পাচু বেহারা । গোওালামহল—হিদাম গোপ । হিসাব বাকী রুপেআ ।

জীর্ণ, বেশ কিছু অংশ জমাটবাঁধা

॥ ৭৯৪ ॥

হিসাব (১২৩৮ সন) প ২

মৌজা : মোনহরপুর। ভাগবত গোপ, ঈশ্বর রায় গং। জমা ওয়াবীলবাকী রোপেয়া জীর্ণ, কীটদষ্ট।

॥ ৭৯৫ ॥

হিসাব (১২৩৮ সন) প ১

মৌজা : সনসত। জমা খরচ রুপেয়া তালুক কৃষ্ণনগর পরগনে বারবক শীংহ মৌং সনশতদীগর— সন ১২৩৮ সাল—

আসামী— আদদ রুপেয়া—

... ...

শ্রীহরিহর কোঙর
সনসত

২১৯২৫১০।০

মং দুই হাজার এক সর্ত্ত বিরেনব্বই টাকা দশ গণ্ডা এক করা ইতি--

সখাওন্দী চৌধরি-- মিঞা সোরাপ - গং। খতিআনজমী—বঙ্গর পতিত খামার--

॥ ৭৯৬ ॥

হিসাব (১২৩৮ সন) প ১

৭শ্রীশ্রীহরি

সন ১২৩৮ সাল—

হিসাব শ্রীদিননাথ সরকার সাং বঙ্গচত্র মাহিনা বাবুদী—

[জমা]— খরচ—

... ... ৬ অগ্রাহায়ন

মাহা নাগাদী— ...বিহন খরিদী—

ইং কাত্রীক— শীক্তা—

মাং আশীন— ৩০ মাষ—

১২ মাহার কাত— ৬০ খোদ—

দং...হিসাব— শীক্তা—৩

শীক্তা—১৬ ... ...

বাদ— ... ...

৩ মাহার কাত—২৪ ... ...

॥ ৭৯৭ ॥

হিসাব (সন ১২৩৮ সাল) প ২

৭শ্রীশ্রীকৃষ্ণ

সন ১২৩৮

একজায় নিলপাত খতিয়ান কুটী মস্তলী সন ১২৩৮ সাল—

আশামী—	জমুলা আটীর—	রুক্মনীকান্ত রায়—	পবন সরকার—	গুরুচরন ঘোষ—	মানিক সৌ—
২৯ শ্রাবন	১১১	০	০	০	১১১
৩০ রোজ	১০৪	৩২	২১	২১	৫১
...	...	...	...	...	...
...	...	...	...	...	...
২	২৩১৪৷৵	১০০৫৷৵	২৬৪৷	৯১৷৷	৯...

৭শ্রী শ্রী কৃষ্ণ

সন ১২৩৮

আসামী—	জমুলা নিল আটী—	হওনে বড়ি—	টেডার মজুর—	হওনের মজুর—
২৯ শ্রাবন	১১১	৬৩	৩	১১
৩০ শ্রাবন	১০৪	১২৮	৩	১১

ডেকের মজুর—	কসনদার—	চারো ময়ুর—	বাড়ি কটো মিস্ত্রী—	একুন মজুর—
১	১	১	১	১৮
১	১	১	১	১৮
...	...	...	...	...
...	...	...	...	...
	২৩১৪৷৵	১৯৭৬	৬৯	২২

॥ ৭৯৮ ॥

হিসাব (সন ১২৩৮ সাল) প ১

শ্রীশ্রীহরি—

সহায়—

তালীক কাগজাত তালুকাত সন ১২৩৮ সাল—তা—চোত্রী—

আশামী—	জমলা—
তালুক কৃষ্ণনগর—	...
এক পলিন্দা—	১
তালুক কোপায়--	১
ঐ—	
এতাপুরের ও মেহনার এক পলীন্দা—	১
বাওড়িজোল বন্দীনাথপুর—	১
লাট রামনগর —	১
গোমড়—	১

৬ ছয় পলীন্দা মাত্র—

॥ ৭৯৯ ॥

কবলাপত্র (সন ১২৩৮ সাল) প ১

৭শ্রীশ্রীদুর্গাঃ

প্রতুলকত্তা—

STAMP
EIGHT ANNAS
... ...
... ...
আট আনা
OFFICE

শ্রীরেহামদী চৌধরি
সাং সনসত

বুস্তি সকল মজসালয় খরিদিগীকারক শ্রীনিবাস সরকার ওলদে ৺ব্রজবল্লভ সরকার ইবনে ৺জাদবিন্দু সরকার সাকীম বুরুলী পরগনে বায়বক সিংহ জেলা বিরভোম বরাবরেষু—

লিখিতং শ্রীহেছামদ্দী চৌধরি ওলদে শ্রীহুখাউদ্দী চৌধরি ইবনে ৺কাবিল মাহাম্মদ চৌধরি সাকীম সনসত পরগনে বারবক সিংহ জেলা বিরভোম—

কষ্য লাখেরাজজমী ও বাগিচা মায় আম্বগাছ বিক্রয়কবালাপত্র মিদং লিখনং কাজানঞ্চ আগে মোজে সনশত গ্রামের মদ্দে দক্ষিণ পশ্চীম কোনা কুলগাছি পুস্কন্নির মাঠে শোভন মিজ্রার খয়রাতজমীর পুর্ব্ব নফর শেখের খয়রাতজমীর দক্ষিণ ও পশ্চীম বদন গোপের মালের জমীর উত্তর আমার পৌত্রিক লাখরাজ সালিজমী ১।১ একবিঘা ছয় কাঠা ইহার পোনবাহা মবলগে ১৯ উনিষ টাকা আর মোজা ময়ুকুরের পুর্ব্ব ফুলগড়্যাপুস্কন্নির পুর্ব্ব ও ঐ পুস্কন্নির পাহাড় পতিতের দক্ষিণ জমীয়ত খাঁ চোকীদারের চাকরানজমীর পশ্চীম হুখাউদ্দী চৌধরির লাখরাজ পতিত বাগীচার উত্তর এই চতুসিমার মদ্দে আমার লাখেরাজ খরিদা আম্ববাগীচা জমী ।।৪ চদ্দ কাঠা ইহায় আম্বগাছ ১২ বারটীর পোনবাহা মায় জমী ও গাছ ২৯ মবলগে উনীত্রিস টাকা একুনে জমী মায় বাগীচা ২/ দুই [বিঘা] ও আম্বগাছ ১২ বারটীর পোনবাহা একুনে মবলগে ৬৮ আটচল্লিস টাকা পঞ্চজন ভদ্রলোক থাকীআ উচিত মূল্য করিলেন আমী ঐ পোনবাহার টাকা মবলগ মজুকুর সন ১২৩৭ বারসও সাত্রীত্রিস সালের বকেয়া খাজনা বাকীতে শোধ দীআ আপন শেছাপুর্ব্বক বাহয বাহাল তবিয়তে আপনকাকে বিক্রীর করিলাম আপুনি মওজী ও মায় গাছ বাগীচা মজুকুরের দখিলাকার হইআ পুত্রপৌত্রাদিক্রমে ভোগ তয়রুপ করহ দান বিক্রীর সত্যাধিকারি আপুনি হইলেন কালকালাও আমী কিম্বা আমার ওয়ারিসান কেহ কখন দাওা করে কীম্বা করি সে নামজুর ঐ বাগীচা আমার খরিদা কবলা জে আমার পাষ ছিল তাহা আপনকাকে দীলাম এতদার্থে আপন খুসিতে বাহয বাহাল তবিয়তে বিনা উপরোধে বিনা জবরিতে যুক্ত সলিলে পোনবাহার টাকা সন ১২৩৭ সালের খাজানা বাকীতে শোধ দীআ জমী ও বাগীচা মায় আম্বগাছ বিক্রয় করিআ বিক্রীকবালাপত্র লিখিআ দীলাম ইতি সন ১২৩৮ বারসও আটত্রিস সাল— তারিখ— ৫ ভাদ্র— রশীদ রুপেয়া বাবুদী লাখরাজজমী ও আম্ববাগীচা বিক্রীয় পোনবাহা নিজ রোজ মোজে সনশতের সন ১২৩৭ বারসও সাত্রীত্রিস সালে বকয়া খাজনা বাকী শোদ—

নিজ জমার বকয়া খাজানাতে শোধ— ৩৮

৺০ শোভন মিজ্জার বকয়া খাজনা বাকীতে রুজু— ১০

৪৮

শ্রীহেছামদ্দী চৌধরি
সাং সনসত

মবলগে আটচল্লিস টাকা বকয়া খাজানা বাকীতে শোধ দীআ ওআসলি পাইআ রসাদ লিখিআ দীলাম ইতি—

ইসাদী—

শ্রীছিত্তীধর মণ্ডল
সাঃ সেড়াব্দী আসামী কবুল
শ্রীমিজ্জা লোহারি
শ্রীবিন্দাবন ভাণ্ডারি
শ্রীমিজ্জা হোরহাম
শ্রীনবকৃষ্ণ নাগ
শ্রীসখাউদ্দী চৌধরি
শ্রীবদন চোকীদার
সাং সনসত

শ্রীসেখ নফরুদ্দী
শ্রীতফেল চৌধরি
শ্রীনফর মীআ
সাং সনসত

GENERAL
1829
EIGHT ANNAS
আট আনা
TREASURY

খ—সন ১৮৩১ সাল ১২ আগস্ত জেলা বর্দ্ধমান চৌকীচালক একটিং ইষ্টাম্বর তহবিলদার শ্রীব্রজলাল হাজরা খরিদার শ্রীক্ষেত্রনাথ গাঙ্গুলি ।। আট আনা

।। ৮০০ ।।

কবলাপত্র (সন ১২৩৮ সাল) প ১

৭শ্রীশ্রীদুর্গা।

প্রতুলকত্তা—

STAMP
EIGHT ANNAS
... ...
... ...
আট আনা
OFFICE

শ্রীইয়র চৌধরী শ্রীমুহুদ্দী চৌধুরি
শ্রীমফিজদ্দী চৌধুরী বং শ্রীসখাওদ্দী চৌধুরি
... ...
শ্রীহাবিবদ্দী চৌধরী সাং সনসত

ধুস্তি সকল মঙ্গলালয় খরিদাপিকারক শ্রীশ্রীনিবাস সরকার ওলদে ৺ব্রজবল্লভ সরকার ইবনে ৺জাদবিন্দু সরকার সাকীম যুরুলী পরগনে বারবক সিংহ মতালকে জেলে বিরভোম যুচরিতেষু—

লিখিতং শ্রীকেআমদ্দী চৌধরি শ্রীইছব চৌধরি শ্রীমুফিজদ্দী চৌধরি শ্রীহাফীজদ্দী চৌধরি শ্রীইফাজদ্দী চৌধরি ওলদে সখাউদ্দী চৌধরি ইবনে ৺কাবিল মাহাম্মদ চৌধরি সাকীম সনসত পরগণে বারবক সিংহ জেলে বিরভোম কস্য তেতুলগাছ বিক্রীকবলাপত্র মিদং লিখনং কাজ্যানঞ্চ আগে তালুক কৃষ্ণনগর মোজে সনসত মোজা ময়ুকুরের মর্দ্দে গ্রামের দক্ষিণ আমাদীর্গের পৌত্রীক লওাপুষ্করিনির উত্তরপাহারের ইস্যানকোনের পশ্চীম তরফ তেতুলগাছ ১ একটী আর ঐ পুষ্করিনির পুর্ব্বপাহারে বাহির পারষে ওফেস চৌধরির হিস্যার তেতুলগাছের দক্ষিণ ভিক্ষু মিরের মালের জমীর পশ্চীম নাগাদী পুষ্করিনির অগ্নি কোন তক বিমরজীম তালিকার ফর্দ্দ আমাদীর্গের নিজ হিস্যার তেতুলগাছ ৮ আটটী একুনে তেতুলগাছ ৯ নয়টি ইহার পোনবাহা পঞ্চজন ভর্দ্দলোক থাকীআ মবলগে ২১ একুষ টাকা উচিত মূল্য করিলেন আমরাহ সন্তোহাপুর্ব্বক আপন ২ খুসিতে বাহুষ বাহাল তবিয়তে বিনা উপরোধে বিনা জবরিতে আপন সত্যা তেআগ করিয়া আপনকাকে বিক্রী করিলাম ঐ পোনবাহা মবলগে ২১ একুষ টাকা আমরা আপন জমীর খাজনার বাকীতে শোধ দীলাম আপুনি বিক্যাদীর সত্যাধিকার হইআ পুত্রপৌত্রাদীক্রমে ভোগ তহরূপ করহ দান বিক্রীর সত্যাধিকার আপুনি হইলেন আমরা কিম্বা আমার্দ্দের ওআরিসান কখন কাল কালায় দাওা করে কীম্বা করি শে মিথা ঝুট নামঞ্জুর এতদার্থে আপন খুসিতে বাহুষ বাগাল তবিয়তে বিনা জবরিতে বিনা উপরোধে যুস্ত সলিলে পোনবাহা একুষ টাকা খাজানা বাকীতে শোধ দীআ বিক্যাদী বিক্রী করিআ বিক্রীকবলাপত্র লিখিআ দীলাম ইতি—সন ১২৩৮ বার সও আটত্রিস সাল তারিখ ১১ উনিস্যা আশাড়—

রসীদ রুপেয়া বাবুদী তেতুলগাছ বিক্রী পোনবাহা মবলগে ২১ একুষ টাকা আমরা আপন ২ খাজনা সন ১২৩৭ বার সও সাত্রীত্রিস সালের বাকীতে শোধ দীআ ওয়াশীল পাইআ রসীদ লিখিআ দীলাম ইতি সন তারিখ সদর—

... ...
শ্রীইছব চৌধরি
শ্রীমুফিজদ্দী চৌধরি
শ্রীহাফিজদ্দী চৌধরি
শ্রীমুফিজদ্দী চৌধরি
বং শ্রী সখাওদ্দী চৌধরি
সাং সনসত

ইসাদী—

শ্রীহরগোবিন্দ দত্ত
শ্রীকৃষ্ণ পাঠক
শ্রীহিন্ডীধর ঘোষ
সাং সেড়াদী

শ্রীমিত্র পয়গম্বর
সাং সনসত্ত

শ্রীমিত্র লোহারি
শ্রীমির ভিখু
শ্রীতোকেল চৌধরি
শ্রীহাছামদী চৌধরি
শ্রীওয়াছিল চৌধরি
শ্রীসেখ নফরদী
শ্রীনবকৃষ্ণ নাগ
সাং সনসত্ত




[খ—সন ১৮৩১ সাল ১০ মেই জেলা বর্দ্ধমান চৌকীচালক একটীং ইষ্টামপ তহবিলদার শ্রীব্রজলাল হাজরা খরিদার শ্রীক্ষেত্রলাল গাঙ্গলি ৵ দুই আনা—

॥ ৮০১ ॥

মরথাত্তপত্র (সন ১২৩৮ সাল) প ১

৺শ্রীশ্রীদুর্গা


সহন।—



শ্রীকৃষ্ণরাম সরকার
সাং কুলী

শ্রীযুৎ আশানন্দ সরকার বরাবরেষু—
লিখিতং শ্রীগুরুচরন সরকার—

কষ্য একরারপত্র মিদং কাজ্যনঞ্চাগে তুমি আমার কর্জ্জা বাবুদী ... জ বাই মোকাবিলায় নাকালাম মঃ ১৩৮০ তের সও আশী টাকা দেনা হইয়া আমাদের সাধারণের লাট পরগনে খটজা সামীল লাট কোপা তোমার নিজ হিস্যা বকম ৵৪ তিন আনা শৌল কড়া ঐ বাকী টাকা মধ্যে ১০০০ এক হাজার টাকা সমনে আমার নিকট এই করার দাদে খোশকবালায় বিক্রী করিলে জে লাট মজুকুরার তোমার ঐ নিজ বকমে সদর মালগুজারি ও হরবাব খরচ বাদে মায় নিজ জোত মুনফা জাহা তাহা ঐ উপরের লিখিত সমনের টাকা ও কর্জ্জার বাকী ৩৮০ তিন শএ আশী টাকা পরিশোধে ইঃ সন ১২৩৮ সাল নাগাদী সন ১২৫২ সাল তক মোত্তা চুক্তী করিয়া দিলে আমি সন বসন তোমার ঐ লাটের বকম হইতে লইয়া সমনের টাকা ও কর্জ্জা শোধের পর কওলা ওয়াপেশ দিব লাট মজুকুরের বন্দবস্ত ও উযুল তহশীল ওআবাদ তবদ্বদ ও কেকাইত লোকসান জীম্মা আমার তোমার সহীত এলাকা নাই ইঃ সন ১২৩৮ সাল নাং সন ১২৫২ সাল তক লাট মজুকুরের জে বাকী থাকীবেক তাহা আমার ঐ বাকীর সহিত তোমার এলাকা নাই তুমি ঐ লাটের ওয়াশীলাতের দাবি করহ সে মিথ্যা তোমার জে তমযুক আমার স্থানে ছিল তাহা ফের[ত] দীলাম এতদার্থে আপন খুশীতে একরারপত্র লিখিয়া দিলাম ইতি সন ১২৩৮ সাল বার সএ আটত্রিস সাল তারিখ ৩ তেষরা আশাড়—



ইসাদ—

শ্রীরামকীসোর রায় সাং দারিয়াপুর

শ্রীশ্রীমন্ত রায় সাং কড়য়া

শ্রীদিননাথ সরকার সাং বজ্রচত্র

[শ ৪২৫৫ বিক্রী মোং যুরুলি সন ১৮৩১ সাল ১৫ জুন শ্রীকৃষ্ণচৈতন্য রায় জেলা বিরভোম খরিদার নফরচন্দ্র নাএক দাম আট টাকা—

॥ ৮০২ ॥

কোবালাপত্র (সন ১২৩৮ সাল) প ১

৺শ্রীশ্রীহরি।—

ইয়াদীকির্দ্দ সকল মঙ্গলালয় শ্রীযুৎ গুরুচরন সরকার ওলদে ৺ব্রজবল্লভ সরকার এবনে ৺জাদবিন্দ সরকার সাং কৃষ্ণনগর উরফে মুরুলী পরগনে বারবক সীংহ মতালকে জেলা বিরভোম বরাবরেষু—

লিখিতং শ্রীআসানন্দ সরকার ওলদে ৺রামনারায়ন সরকার ইবনে ৺ব্রজবল্লভ সরকার সাং কৃষ্ণনগর উরফে মুরুলী পরগনে বারবক সীংহ মতালকে জেলা বিরভোম—

কষ্য তালুক বিক্রয় খোসখরিদীপি কবালাপত্র মিদং কাজনক্ষাগে পরগনে খটঙ্গা দরুন লাট কোপা বিং নিচের তপসীল চক বসতে আট মৌজা জাহার সদর মালগুজারি ১২৫০৸৫ বারসও পঞ্চাষ তের আনা একপাই তালুক মজকুর এজমালি ইয়ামে আমার পীতা ৺রামনারায়ণ সরকার সন ১২১১ সালে ১০ বৈসাখ ১১৬০ এগারষ সাট টাকা পোনবহার নিলামে খরিদী করেন

শ্রীআসানন্দসরকার
সাং কৃষ্ণনগর
উরফে মুরুলী পরগনে বারবক সীংহ
জেলা বিরভোম

তালুক মজকুরে আমার হিষ্যা রকম ৵৪ আনা সোল কড়া আমার জেষ্ট প্রিতিবর্ষ ৺বন্দীনাথ সরকার রকম হিষ্যা ৵৪ আনা শোল কড়া ও তিতিয় মর্দ্দম পিতিবর্ষ শ্রীনিবাষ সরকার রকম হিষ্যা ৵৪ আনা শোল কড়া ও চতুর্থ্য মর্দ্দম পিতিবর্ষ শ্রীলক্ষী কান্ত সরকার রকম হিষ্যা ৵৪ আনা শোল কড়া ও কনেষ্ট পিতিবর্ষ শ্রীগুরুচরন সরকার আপনি হিষ্যা রকম ৵৪ আনা শোল কড়া এই মত আপন হিষ্যা হইয়া আমরা পাঁচ সরিকে বিন আখজে দখিলকার থাকিয়া আবাদ মালগুজারির সরবরাহ করিয়া আসিতেছি আমি আপন হিষ্যা রকম ৵৪ তিন আনা শোল কড়া জাহার সদর তাউত জমা ২৫০৸১৩ টাকা লাট মজকুর চতুসিমা বংসিল্য সরহদ্দে সইহা সক্রিদে সপ্রেজে সবিকতে কুল্যাত আরাজিয়াত খামার ও হাসিল ও পাত্তত ও জঙ্গল ও জলকর ও নলকর ও জালকর ও বনকর ও ফলকর ও বিল ও বিল ও তালাবহার সমংষ্য ও তিলাদী সহিতে ও বাগাত পয়রহ বিক্ষীহার ফলা আফলা সওাই মুজরাই কানুষত লাখেরাজ ও বখাস্তী খয়রাত জাবদির হকুক হক জাহা আমার ছিল তাহা বিলকুল আপন সেচ্ছাপুর্ব্বক বাহম বাহাল ভবিষ্যতে বিনা ওপরোধে আপনকার নিকট খোসকয়ালায় ১০০০ টাকা পোনবাহার বিক্রি করিয়া পনবাহার মবলগ মজকুর বায়নাউক পুরা ওজন সহিসিক্তা নগদ হস্ত

বদস্ত পাইয়া আ[প]নকার দেনা শোধে দিলাম আপনি তালুক মজুকুরে দান বিক্রয়ের সত্তাধিকারি হইয়া পুত্রপউত্রাদীক্রমে ভোগদখল করিবেন কস্মিমকালে আমি ও আমার ওয়ারিসানের দওা নাই জদি কেহ কখন দওা করি কীম্বা করে সে ঝুট ও বাতিল এতদার্থে আপন খুসিতে বাহস বাহাল তবিঅতে তালুক বিক্রী খোষ খরিদীপী কোবালাপত্র লিখিয়া দিলাম ইতি সন ১২৩৮ সাল তারিখ—১২ জৈষ্ঠী—

[খ— তফশীল—

লাটকোপা—

পরগনে খটঙ্গা—

নিজ কোপা—১ বেজরা—১ পলসা—১ কামারডাঙ্গাল—১

চঃ নিলাম্বরপুর—১ চঃ বারহাট—১ চঃ বেনাচাতুরি—১ চঃ ভরলিয়া—১

জায়—

মৌজা বসত—৪

চক্—৪

ইশাদ—

শ্রীঅনন্তরাম বন্দপাধ্যায়	শ্রীনকরচন্দ্র সামন্ত	শ্রীগঙ্গারাম সিহ্
সাং শেড়াব্দী	সাং যুরুলী	সাং বাহাদুরপুর
শ্রীরামপ্রশাদ সিংহ		শ্রীপরেশনাথ ঘোষ
সাং রামনগর		সাং সালন
পং গোপভোম		
শ্রীমানিকচন্দ্র হাজরা	শ্রীহরিপ্রসাদ সিংহ	
সাং বিজুরি	সাং নওদা	

ইসাম্পকাগজ নম্বর ১৫০৮

॥ ৮০৩ ॥

তমসুকপত্র (সন ১২৩৮ সাল) প ১

শ্রীশ্রীহরিঃ—

মহামহীম শ্রীযুত বক্রনাথ সরকার মহাশয় বরাবরেষু—

লিখিতং শ্রীআশানন্দ সরকার—

কস্য তমস্তকপত্র মিদং কার্য্যনঞ্চ আগে আমি আপনকার স্থানে সন ১২৩২ সালে এক কেত্তা তমসুক লেখিয়া দিয়া কথোক টাকা কর্জ্জ লইয়াছিলাম তাহার আজী নাগাদী ও সুদ মোকাবিলা বাকী ২৪৮০৷৷৶১৫ চব্বিষ সও আশী টাকা এগার আনা তিন পাই বাকী না দেনা হইল অতএব নগদ টাকা দিতে না

শ্রীআশানন্দ সরকার
সাং যুরুলি
২৪৮০৷৷৶১৫ মঃ চব্বিষ সও আশী টাকা

পারিআ বাকী ঐ ২৬৮০৷৷৶১৫ টাকা শেছ্রাপূর্ব্বক তমযুক লেখিআ দিতেছী সন হালের চৈত্রী মাহায় সদর হার যুদ সমেত বেবাক টাকা পরিশোধ করিব এতদার্থে আপন খুশীতে তমযুকপত্র লিখিআ দিলাম ইতি সন ১২৩৮ সাল তারিখ—১৮ জৈষ্ঠী

ইসাদী

শ্রীনফরচন্দ্র সামন্ত

শ্রীক্ষেত্রনাথ সরকার
সাং যুরুলী

শ্রীখুদীরাম মণ্ডল
সাং যুরুলী

শ্রীরামধোন সরকার
সাং যুরুলী

শ্রীযুকদেব সরকার
সাং যুরুলী

॥ ৮০৪ ॥

কীস্তীবন্দীপত্র (সন ১২৩৮ সাল) প ১

৺শ্রীশ্রীদুর্গা

প্রতুলকত্তা—

STAMP
TWO ANNAS
... ...
... ...
দুই আনা
OFFICE

শ্রীমোনাজ সেখ
সাং বাবুনিয়া
॥

মহামহীম শ্রীযুৎ ক্ষেত্রনাথ চৌধরি মহাশয় বরাবরেষু—

লিখিতং শ্রীমোনাজ সেখ—


কষ্য কীস্তীবন্দীপত্র মিদং কাজ্যানঞ্চাগে মহাসএর কুটী মোকাম মজুলীর আমার নিলখাত্তার হিসাব মোকাবিলায় ৮৷৷৶ আট টাকা এগার আনা বিনা উজোর দেনা হইলাম নিচের তপসিল কীস্তীবন্দী লেখিয়া দিতেছী মাফিক কীস্তীবন্দী আদায় করিব ইহার কোন বাবুদী তক্কাছ করিব নাই এতদার্থে কীস্তীবন্দীপত্র লেখিয়া দিতেছী ইতি সন ১২৩৮ সাল—তাং—১৪ ফাল্গুন—

জের টাকা— ৮৷৷৵৩
জাঁর কীর্ত্তী—
সন ১২৬৮ সাল—
মাহফাল্গুন— ৷৷০
মাহ চৈত্রী— ৷৷
সন ১২৬৯ সাল—
মাহ বৈসাখ— ৷৷
মাহ জেষ্টি— ৷৷
মাহ আশাড়— ৷৷
মাহ শ্রাবণ— ৷৷
মাহ ভাদ্র— ৷৷
মাহ আশ্বীন— ৷৷
মাহ কাত্রীক— ৷৷
মাহ অগ্রাহায়ন— ৷৷
মাহ পৌষ— ৷৷
মাহ মাঘ— ৷৷
মাহ ফাল্গুন— ৷৷
মাহ চেত্রী— ৷৷
সন ১২৭০ শাল—
মাহ বৈশাখ— ৷৷
মাহ জেষ্টী— ৷৷
মাহ আশাড়— ৷৷

৮৷৷৵৩

লিখিত: শ্রীরহীম সেখ কস্য মালজামিনিপত্র মিদং কাজ্যানক্রমে আমি আপন খুসিতে সাং বামুনীগ্রামের শ্রীমোনাজ সেখের কীস্তীবন্দীর মালজামিন হইলাম আসামী মজুকুর মাসিক কীস্তীবন্দী মুরতে আদায় করিবেক না করি আমি নিজে হইতে দিব আসামীর মাইতে কোন এলেকা নাই এতদার্থে মালজামিনতীপত্র লিখিয়া দিলাম ইতি সন ১২৬৮ সাল তা--:৪ ফাল্গুন—

শ্রীরহিম সেখ
সাং বুধমণ্ডে



ইসাদ—

শ্রীনারায়ন ভোম	শ্রীবিনু রায়	শ্রীরামধন মুখজা
সাং মস্তলী	সাং মস্তলী	সাং সালন

[খ—সন ১৮৩২।২৩ ফেব্রুয়ারি—শ্রীঈশানচন্দ্র ভট্টাচার্য্য ... জেলা বিরভোম—খরিদার বিশ্বনাথ রায় দাম ৵ দুই আনা—

॥ ৮০৫ ॥

আরজিপত্র (সন ১২৩৮ সাল) ১

৭শ্রীশ্রীদুর্গা

সহায় ।—

৪৬৪ নং সন ১৮৩১ সাল—

কাগজের দাম ২৫০ টাকা—

... ... তেমাব দাদ খাঁ ফিদরি শ্রীভুবনমোহন সিংহ ।—

সাকীম রাইপুর তালুক যুপুর সামিলে থানা কষবা মতালকে জেলা বিরভূম পরিব পরওর শেলামত থানা কষবা সামিল সাকীম যুরুলীর শ্রীআশানন্দ সরকার সন ১২৩১ সালের ৭ বৈশাখ তারিখে ফিদরির বরাবর এককেতা কজ্‌পত্র অর্থাত তমযুক লিখিয়া দিয়া ঐ যুরুলীর মোকামে আমার তরফ লোক নন্দদুলাল চট্টোপাধ্যায় মারফত মবলগে ১০০০০ টাকা কর্জ্জ লইয়া আদা[য়ের] ওয়াদা করে জে সন মজকুরের মাহ চৌত্রীতে মবলগ মজকুর মায় যুদ পরিসোধ করিব ... ...


... ...সন ১২৩১ সালের মাহ চৌত্রী নাগাদী সন ১২৩৬ সালের মাহ চৌত্রী তক দফা দফায় ৭৪৯৭ টাকা ওয়াসীল দেয় বাদে বাকী ২৫০৩ টাকা আদায় করে না অতএব উহার যুদ ইষ্টাম তমযুকের তারিখ হইতে নাগাইদ সন ১২৩৮ সালের ২০ জৈষ্ঠী ওয়াসীলের হেফাসবন্দী হিসাব সুরত ৩৬৪৪৵১০ টাকা হামগী আসল যুদের বাকী ৬১৪৭৵১০ টাকা ফিদরির ওয়াজিবি পাওনা তলব করিলে দিব দিছি কহিয়া উক্ত টানির পর আদায় করিতেছে না একারণ ঐ ৬১৪৭৵১০ টাকার দাবীতে মতাবক জাবেতা ইষ্টামপা কাগজে আরজী দিয়া নালিস করিয়া উসেদওয়ার জে আশামী সামিলে থানা কষবা সাকীম যুরুলীর আশানন্দ সরকারকে হজুর তলব করমাইয়া মবলগ মজকুর আদায় পর্য্যন্ত যুদ সমেত তহা দেলাইতে হুকুম হয় আর ২ জে দাবি আছে তাহা ... ... আলাহিদা করিব ইহা জোনাবে আরজ ক[রিল] ...ইতি সন ১৮৩১ সাল—তারিখ—৩০ মাই মঃ সন ১২৩৮ সাল ১৮ জৈষ্ঠী—

॥ ৮০৬ ॥

আদালতের আদেশ (সন ১২৩৮ সাল) প ১

নং ৺শ্রীশ্রীহরি

ঘরনং—



ইআমাম ... আদালতে দেওানি জেলা বিরভোম সন ১৮৩১ সাল তারিখ ৩০ মাই মং সন ১২৩৮ সাল তা ১৮ই ৪৬৪ নং সন ১৮৩১ সাল দাবি ৬১৪৭।৶১০ টাকা—

ফৈরাদী— বাবুত কজ্জা—

শ্রীভুবনমোহন সীংহ— আসামী—

সাং রাইপুর— শ্রীআসানন্দ সরকার—

তাং মুপুর— সাং মুরুলি— ১

প্রতী আগে ফৈরাদী মজুকুর তোমার নামে জেলা মজুকুরে দেওানিআদালতে আরজী দীআ নালিষ করিলেক এমতে এতলা দেওা জাইতে[ছে] উচীত জে ১৫ রোজ মেওাদ মর্দ্দে খোদ কীম্বা উকীলের দ্বারায় হজুর আদালতের কাছারিতে হাজীর হইআ ফৈরাদী দাবির জওাব দাখিল করহ—

ফারসী

[খ- টীনবিষ শ্রীনিবচন্দ্র সরকার ১ মুন—

জৈঃ নাজির—

হাং ১ পেওাদা—

মে ৮ রোজ মায় খোরাক— ৶

সন ১৮৩১ সাল তা— ১ জুন—

সন ১২৩১ সাল তা— ২০ জেষ্ঠী—

দো ১ মুন—

হাং— ৩৬ নং মাধব

॥ ৮০৭ ॥

পরহাজিরপত্র (সন ১২৩৮ সাল) প ১

৺শ্রীশ্রীহরি—

শ্রীনকরচন্দ্র সামন্ত গোমাস্তা
শ্রীরামপ্রসাদ চৌকীদার
শ্রীমোহন চৌকীদার
সাং বুরুলি

মহামহীম জেলা বিরভোমের শ্রীযুৎ জজসাহেব বরাবরেষু—
লিখিতং শ্রীনকরচন্দ্র সামন্ত গোমাস্তা ও শ্রীরামপ্রসাদ চৌকিদার ও শ্রীমোহন চৌকিদার—
কস্য পরহাজীরিপত্র মিদং কাজ্ নক্ষাগে করিআদী শ্রীভুবনমোহন সীংহ সাং রাইপুর আসামী শ্রীআ[illegible]দ সরকার সাং বুরুলি এই আসামীর নামে ৪৮৪ নম্বরে দাবি ৫১৪৭।৶১০ টাকা দাবিতে জেলা মজুকুরের দোনিআদালতে আরজী দীআ নালিষ করিবাতে তাহাতে হজুর হইতে নাজীরের তরফ ৩৪ নম্বরের মাধব পেওাদা মপরল এক কীতা ··· নাষা আসীআছীল আমরা হামরায় হইআ আসামীর বাটীতে তলাষ করিণা আসামীর বাটী ··· কহীলেক জে কোথায় গীআছে তাহা আমরা জানি না এতদাথে পরহাজীরিপত্র লিখিআ দীলাম ইতী সন ১২৩৮ সাল তারিখ ২৩ জৈষ্ঠী—

ইসাদ—

শ্রীভারথ আইপ্রহরি
সাং বুরুলী

শ্রীনানায় ঘোষ
সাং বুরুলি

॥ ৮০৮ ॥

পত্র (সন ১২৩৮ সাল) প ১

৺শ্রীশ্রীদুর্গা

সহায়—

আজ্ঞাকারি শ্রীরামকৃষ্ণ দাসস্য।—
বিনয়পূর্ব্বক নমস্কারা নিবেদনঞ্চাগে মহাশয়ের অনুগ্রহতে এ জনের সমস্ত মঙ্গল বিশেষঃ নিবেদন মহাসয়ের ২০ তারিখের পত্র ··· তাক মারফত পাইয়া জাতো হইয়াছী [রা]ইপুর নিবাসীর নালিসী আরজীর নকল পাঠাইতে লিখিয়াছেন অতএব পাঠাই পোহছিবেক এথানকার মঙ্গল তথাকার মঙ্গলাদী সমাচার লিখিতে আজ্ঞা হইবেক নিবেদন— ইতি সন ১২৩৮ সাল তারিখ ২৪ আসাঢ়—

[খ- মহামহীম মহিমাসমূহ।-
শ্রীযুত বাবু আশানন্দ সরকার মহাসয় প্রবল প্রতাপেষু-
যুরুলী-
৭৪।৩

।। ৮[illegible]।

পত্র (সন ১২৩৮ সাল) প. ১

৺শ্রীশ্রীদুর্গা

সরনং

সেবক শ্রীহরনাথ দাসস্য—
দণ্ডবৎ প্রনামা নিবেদনঞ্চাগে—
মহাসএর শ্রীচরন কৃপাতে এ নফরের সমস্ত মঙ্গল বিশেষঃ নিবেদন নিলের বড়ি বাক্স তলায় ও ডালায় বসাইআ সাং কাদপুর বড়ি পাঠাইআছীলাম কিন্তু এখানে শ্রীযুৎ চৌধরি মহাসয়রা বড়ি এখানে পাঠাইতে নিমরাজ এ প্রকার ভাল নহে আর বড়ি খারাপ হইআ জায় এবং বাক্স তলা ডালা জখে মেজে মাল পড়িআ আছে মহাসয় এক পত্র লিখিবেন জে বড়ি কুটীকে পাঠাইআ দিবেন নচেত খারাপ হইবেক আপনী পত্র না লিখিলে ইহারা বড়ি এবং বাক্স পাঠাইবেন না অতএব মহাসয় এক পত্র সির্ঘ্য লিখিতে আজ্ঞা হইবেক নচেত নিলের বড়ি বেবাক খারাপ হইবেক আর শ্রীযুৎ চৌধরি মহাসয়রা সাং রাইপুরেদের সহিত পিরিত রাখেন এমত রকম বটে মহাসয় বিবচনা করিবেন ইহায় শ্রীচরনে নিবেদন করিলাম ইতি সন ১২৩৮ সাল তা—১২ ভাদ্র—
পুং নিবেদন সাং সিহুড়ির খপর মহাসয় হামেসা লিখিতে আজ্ঞা হইবেক জখন জেমত করিতে হইবেক তাহা করা জাইবেক জেএ লোক জাইতেছে ইহাকে অদ্যই পাঠাইবেন—
পরম পুজনিয় শ্রীযুৎ বাবুজী মহাসয় শ্রীচরনকমলেষু—
মোঃ— যুরুলী—
৭৪।০

॥ ৮১০ ॥

পত্র (সন ১২৩৮ সাল) প ১

... ...

... ...

তারিখে এককীতা তমসুক ... টাকা আদাইর কারন সন ১২৩৮ সাল হইতে ... সও একায় টাকা করিয়া ও সন ১২৪৭ সাল ... টাকা ... একরার করিয়া তোমাকে রোকা দিতেছী অতএব উপরের লিখিত আমার একরার মুরত সন ১২৩৮ সাল নাগাদী সন ১২৪৭ সাল বিনা উজর মহাজন শ্রীযুৎ গুরুচরন সরকার নিকট আদায় করিয়া তাহার ... তপশীল করিয়া মায় রশীদ চালান ও ডৌলের বাকী জমা আমার্দ্দের ... কাছারির নাএবের নিকট সন ২ পাটাইয়া নায়েবের দস্তখতি ... লইবা তোমার ডৌল জমায় মজরা পড়িবেক ইতি সন ১২৩৮ সাল তারিখ - ৫ পচই পোষ -

ইসাদী—

শ্রীদিননাথ সরকার গং

সাং বঙ্গচত্র

[খ বিক্রী মোং মুরুল সন ১৮৩১ সাল ২৯ ডিশেম্বর ... পরেষনাথ

।। ৮১১ ।।

হিসাব (১২৩৯ সন) প ৮

মৌজা : মোরগা। নমুদারজমি মৌজে মোরগা পরগনে মোনহরসাহি লাট গোমস্তা সন ১২৩৯ সাল— বি তারিখ—১২ জৈষ্ঠী। রামচন্দ্র মণ্ডল, আনন্দ মণ্ডল গং।

জীর্ণ, জমাটবাঁধা।

।। ৮১২ ।।

হিসাব (১২৩৯ সন) প ১৮

মৌজা : পলসা। গুরুচরন পাল, রামযোন্দর দাসবৈ গং। ঋতিআনজমী।

জীর্ণ, কীটদষ্ট।

।। ৮১৩ ।।

হিসাব (১২৩৯ সন) প ৫২

মৌজা : কৃষ্ণনগর। হিশাব শ্রীহরিদাশ ভাতী শাং মুরুলী কীর্ত্তীবন্দী দং। ভাতী মহল—নিতাই নন্দী। বাজেমহল— বাহারজন্দী জী : আলনন্দী। কড়চাহিসাব রূপেয়া। মহল খয়রাত—পাচু বেহারা। বিপ্রমহল—রামমুক মুখুজ্যা। গরাইমহল—মোহন গরাই গং।

জীর্ণ, কীটদষ্ট ও কিছু কিছু জমাটবাঁধা।

।। ৮১৪ ।।

হিসাব (১২৩৯ সন) প ৭

শ্রীশ্রীকৃষ্ণ—

সন ১২৩৯।—

মোং শেড়ান্দী

বরাবর—

শ্রীযুৎ বাবু আসানন্দ সরকার—

তালুক কৃষ্ণনগর মোং শেড়ান্দীদীগরে মহা শ্রাবন...গোমস্তাদীগর সন ১২৩৯ সাল.

আসামী— আদত তঙ্কা—

... ...

... ...

জীর্ণ, জমাটবাঁধা।

॥ ৮১৫ ॥

হিসাব (১২৩৯ সন) প ২

৭শ্রীশ্রীহরি ।—

সন ১২৩৯ ।—

জমা খরচ রূপেয়া কুটী কোপা ইং ১ শ্রাবন নাং ৪ আশ্বীন—

জমা—		খরচ—	
শুরুলী খাতে জমা—	১৫৪৶	নিল দাদনী খাতে খরচ—	৭১
... ...	১০০।৶১৫	নিলপাত বহাড়ী খরচ—	৭৭৶
ধান্য বিক্রী জমা—	১১৭॥১৫	মজুর দাদনী খরচ—	৯৩/১০
বাকী আদাই জমা—	১৩॥৶	গাজী দাদনী খরচ—	১২।৶
বকয়া খাতে জমা—	৩৬।৶১৫		
	৪২৭।৫		২৬২৶১০
...	...		...
	৪৩৬।৶		৩০৬॥৶৫
জের খরচ—	৩০৬॥৶৫		

মাহিনা খরচ—

নফর মণ্ডল— ১০৶ কাশীনাথ ময়ুমদার—॥ বাহাদুর রায়—১॥

... ...

	৩৪৬।৶১৫
জের খরচ—	৩৪৬।৶১৫
বাশা খরচ শ্রাবন নাং ভাদ্র—	২২৶১৫
... ...	
	৩৮২।৶৫
জের খরচ—	৩৮২ ৶৫
৫ আশ্বীন—	
শুরুলী চালানী আমদুর—	॥
আমট—	॥৫
মোকাবা—	।১০
...	।৶১০
রোক সীকা—	৪৭॥
..	৪৯।৫
	৪৩১॥৶১০

॥ ৮১৬ ॥

করার পাট্টা (সন ১২৩৯ সাল) প ১

৺শ্রীশ্রীকৃষ্ণঃ—

স্মরন

এই পাট্টা ফেরত হইয়া দোসরা হয়—



শ্রীগুরুচরন সরকার শ্রীবীরসিংহ রায়
শ্রীরামতনু সরকার শ্রীরামকুমার সরকার
শ্রীরামচন্দ্র সরকার শ্রীনবকীসোর সরকার
জমীদার

করার পাট্টা বাবুদি মোকরোরা তালুক কৃষ্ণনগর পরগনে বারবকসীহ মৌজে কৃষ্ণনগর ওরফে যুরুলী—সন ১২৩৯ বারসও উনচল্লীষ সাল তারিখ—১৭ অগ্রহায়ন—

প্রজা শ্রীবলরাম কবিরাজ সাং মাহাতা—

আসামী—	জমী—	কাত জমা মোকরোরা—	জের—	কাত জমা মোকরোরা—
চক রসুলপুর—			১১৸১০৫১০	
৺ঠাকুর মহাশএর বান্দের উত্তর সিধু খোপার জমীর পচ্ছীম রাস্তার দক্ষীন রামধন সরকারের আলিবন্দীর জমীর পুর্ব্ব—			চক গোপালপুর— ডাঙ্গার মধ্যে প্রশাদ শৌএর জমীর পছীম নফর সামন্তর দক্ষীন রাস্তার পুর্ব্ব গুরুচরন দত্তের জমীর উত্তর বং—	৪৷৷৩
১ বন্দ বজর পতিত—	২৷৷৪			
তপ্ত তষা বজর পতিত—				
১ বন্দ—	১৷৷২			
তপ্ত তষা ঐ				
১ বন্দ—	১			
তপ্ত তষা ঐ খালা ইটাপাজা—				
১ বন্দ মধ্যে—	১/২৫১০			
	৬৷৷৩৫১০		১৬৷৩৫১০	৫০/২৷৷

ঐ চক খালাপাড়ার মধ্যে মেন্যাবান্দী পুষ্করীর উত্তর দিমু খালাসীর জমীর দক্ষীন ১ বন্দ— ।১

নেমু সীংহর বাটীর দক্ষীন দিমু খালাসীর জমী পচিম ১ বন্দ— ২/২


নিজ কৃষ্ণনগর পচ্ছীম মাট ছোট সরকারের বাগীচার দক্ষীন ১ বন্দ— ।১

তপ জমা ১বন্দ— ।।২

তপ জমা ১ বন্দ— ১৸১

— — ২।৪

১১৸৫।১০



ময়াজী শোল বিঘা আট কাঠা দষ গণ্ডা জমীর কাত জমা মোকোরোর পাচ টাকা দুই আনা দষ কড়া সহিসীক্কা সালীআনা মালগুজারি করিবে এ জমাতে হাজা মুখা গর আবাদী কোন বাবুতে নালিষ করিলে মুজারা পাইবে না আর কখন এ জমাতে কমী বেশী হইবেক না সন ১২৪০ সাল হইতে.....পরগনার কীস্তীবন্দী মুরত সন বসন মালগুজারি করিআ পুত্রপৌত্রাদীক্রমে ভোগ করিবে এতদার্থে কবুলতি লইয়া মোকরোর পাট্টা দীলাম ইতি—

[সন ১৮৩২। ২৯ নবম্বর

শ্রীগুরুপ্রসাদ বসু জেলা বিরভূম মোঃ আদালত খরিদা সেখ হাজাতউল্লা ।। আট আনা

।। ৮১৭ ।।

করজপত্র (সন ১২৩৯ সাল) প ১

৭ শ্রীশ্রীদুর্গা।—

করজ রূপেআ বাবুতে শ্রী৺গোস্বামী টাকা বিত্তি আট কৃষ্ণনগর জমীদার শ্রীযুৎ গুরুচরন সরকার খোদ ৩।/ তিনটাকা পাচ আনা পাইলাম ইতি সন ১২৩৯ সাল—তারিখ ১৯ ভাদ্র

ইসাদী—

শ্রীনকুল সরকার — শ্রী ..... সীহ

সাং নোয়া — সাং পএড়

জীর্ণ, কীটদষ্ট

শ্রীযুৎ নিত্যানন্দ ঠাকুর।
সাং— ...
বং শ্রীরামনন্দ রায় সাঃ পূর্ণী

॥ ৮১৮ ॥

ফারখতিপত্র (সন ১২৩৯ সাল) প ১

৺৺শ্রীশ্রীহরি

সরনঃ

[ইংরেজীতে লিখিত] 1832

যুপ্রীতিষ্টীত।—

শ্রীগুরুচরন সরকার

কষ্য ফারখতিপত্র মিদং কাজ্জনকাগে সন ১২৩৮।১৮৩১ সাল ১০ কাত্তীক ২৫ অক্তুবর তারিখে তুমি আমার স্থানে ১৫০০ পোনর সও টাকা জে কজ্জা লইআছেন তাহা মায় যুদ বেবাক টাকা তোমার পায বুঝিআ পাইয়া ফারখতি লিখিআ দিলাম ঐ টাকার তমুযুক কোন কাগজ সামিল রাখিআহী অদ্য বেলমতে মিলিল না জদি মেলে পছাত পাঠাইবে নতুবা সে খত বাতিল তুমি খালাস ইতি সন ১২৩৯ সাল তা—২৯ অগ্রাহন—১৩ দীজম্বর—

তপিতিষ্টত শ্রীগুরুচরন সরকার তচরিতেষু—

মোং মুকুল—

৭৪৷৷০

॥ ৮১৯ ॥

ফারখতিপত্র (সন ১২৩০ সাল) প ১

৭শ্রীশ্রীদুর্গা

STAMP
FOUR ANNAS
... ...
... ...
চার আনা
OFFICE

শ্রীমহাদি বৈষ্ণবি
সাং মজিদ আমতা

মহামহীম শ্রীযুৎ আসানন্দ সরকার মহাসয় বরাবরেষু—

লিখিতং শ্রীসহচরি বউমী—

কষ্য কারখতীপত্র মিদং কাজানকাগে আমি আপনকার শহীত আপনাই করিয়া পীতা ও মাতা ও ভাত্রা ভেগ করিয়া আপনকার নিকট যুকুলী মোকামে পরম যুখী লীলাম কীত্ত আমার অদিষ্টের গরদীহে আমি আপনকাকে ভেগ করিয়া ভিন্ন গ্রামে গীয়াছী এবং ঐ গ্রামে থাকীয়া পুনুরায় আপনার দেওা নওাজীমা জিনিসপত্র ঐ শোনারুপার অলঙ্কার লইবার কারন পুনুরায় যুকুলী মোকাম আপনকার নিকট আশীয়াছিলাম আপনী আমাকে অনুগ্রহ করিয়া ঐ সকল জীনিসপত্র দিলেন আমীর আপন খুসিতে আপনকার শহীত রাজী হইয়া ঐ সকল নওাজীমা জীনিসপত্র ও শোনারুপার অলঙ্কার আর নগদ ১০ দস টাকা লইয়া আমী ভিন্ন গ্রামে ঘর করিয়া বাস করিয়া থাকীব জদ্যপী যুকুলী মোকামে থাকী তবে আপনকার দেওা নওাজীমা জিনিসপত্র ও শোনারুপার অলঙ্কার ও নগদ ১০ দস টাকা বিনা উজোর আপনকাকে নিচের তপশীল মাফীক ফিরিয়া দিব এবং যে ১০ দস টাকা নগদ দিলেন ঐ টাকা যুদ সমেদ ফিরিয়া দিব ইহাতে কোন উজোর করিব নাই আমী আপন খুসিতে রাজী হইয়া আপনকার নিকট কারখতী দিতেছী আপনকার শহিতে আমার কোন দওা নাস্তী জদ্যপী কোন দওা করি সে বাতীল ও মিথা এতদার্থে আপন খুসিতে রাজী হইয়া যাহুস বাহাল তবিয়তে কারখতি লিখিয়া দিলাম সন ১২৩৯ বার শও উনচল্লীষ শাল—তারিখ—

জীনিষ—	কাত দাম—
সোনার বেশর— ১	৫৲
সোনার ছোট মাদুলী—৩	২৵
রুপার খাড়ু—১	৬॥
রুপার পুইছা—১	২৸
পীতলির ঘড়া—১	৪৵
পীতলির লকী—১	২৵
পীতলির টুকুনা—১	১৲
কাশার অপখরা—১	১॥৵
কাশারবাটী বড়—২	২।৩
কাশারবাটী ছোট—২	॥৩
তৈলভাড়—১	৸৩
১	২৸৸

জের—	জিনিস—	কাতদাম—
	১১	২৮৸
পীতলির বাক্স—		
১ জোড়া—	১	১৲
কাশারঞ্জাল—	১	১৷৷ দেড় টাকা
পাথর—	১	।/
পাথুরির ডাবর—	১	।০
পাথরবাটী—	১	/
লোহার হাতা—	১	/
লোহার বটী—	১	/১০
লোহার জাতী—	১	৵
খাট—	১	১।
পীড়া—	২	।০
চরকা—	১	।।০
লেপ—	১	৩৲
তোষক—	১	২।০
বালীস—	৩	।৵
নগদ রোক—	—	
শীল্লা—	০	১০
	২৫	৪৯৸১০

GENERAL
1825
FOUR ANNAS
চার আনা
TREASURY

[খ— ইসাদ—

শ্রীনফরচন্দ্র সামন্ত	শ্রীনফরচন্দ্র রায়	শ্রীসরূপ দাষবৈরাগী
সাং মুরুলি	সাং দ্রারিয়াপুর	সাং মুরুলা
শ্রীগৌর পরাঞ্জী	শ্রীসরূপ শৌ	
সাং মুরুলী	সাং মুরুলী	

বিক্রী মুরুলী সন ১৮৩২ সাল ২২ জানোউরি—

শ্রীকৃষ্ণচৈতন্য রায় জেলা বিরভোম খরিদার রামমুন্দর চক্রবর্ত্তি দাম । চার আনা

॥ ৮২০ ॥

রসীদ পত্র (সন ১২৩৯ সাল) প ১

৺শ্রীশ্রীহরি—

মহামহী শ্রীযুৎ গুরুচরন সরকার মহাশয় বরাবরেষু—
লিখিতং শ্রীবন্দীরাম সাধু—

শ্রীবন্দিরাম সাহু
সাং ...সাধু
১৬৸৵ ষোল টাকা চৌদ্দ আনা

কষ্য রসীদপত্র মিদং লিখনং কার্জ্জনঞ্চাগে আমী মহাশএর স্থানে নিলবড়ী ১৫॥ সাড়ে তের শেরের দাম ১৬৸৵ শোল টাকা চৌদ্দ আনা লইলাম মাই জৈষ্ঠী পরিশোধ করিব না করি যুদ সমেত বেবাক টাকা পরিশোধ করিব এতদার্থে আপন খুশীতে রসীদপত্র লিখিয়া দীলাম ইতি— সন ১২৩৯ সাল— তা ৪ বৈসাখ কীটদষ্ট।

॥ ৮২১ ॥

পত্র (১২৩৭ সন) প. ১

৺শ্রীশ্রীহরি।—

প্রনামা নিবেদনঞ্চাগে—

বিসেষঃ নিবেদণ আমি এ পাপাণী দাএগ্রস্ত হইয়া দফা ২ পত্র লিখিলাম তাহার মোনজোগ কীছু করেন না মহাসয় মুরুব্বি আপনকার দাএর সম করিয়া আমার দায়কে জানিয়া ছুটা সাইত করিয়া পাঠাইয়া দিবেন জাতো কারণ নিবেদন করিলাম ইতি সন ১২৩৯ সাল—তাং—১৯ আসড়—

শ্রীলক্ষীনারায়ণ রায়—

[খ পরম বন্দনীয়— শ্রীযুৎ আসানন্দ সরকার মহাসয় বরাবরেষু।—

।। ৮২২ ।।

পত্র (সন ১২৩৯ সাল) প ১

শ্রীশ্রীহরিঃ

সহায়

শুভানুধ্যাই শ্রীত্রৈলোক্যনাথ সর্ম্মণ :---

পরম যুভাসীর্ব্বাদ নিবেদঞ্চন বিশেষঃ কএক দিবষ হৈল কুষলাদি সম্বলিত পত্রাদি পাই নাই অতএব কুষলাদি লিখিবেন তষ্যপর খোদাওন্দ ন্যায়ত শ্রীযুত জজসাহেব অদ্য তিন রোজ হৈল দেওানি এজলাষ করিতেছেন এক্ষ্যান হামেসা দেওানি করিবেন অতএব মহাসএর উপস্তীত ভারি .....৪৬৪ নম্বর ফৈরাদীর.....নকল ..... পাঠাইয়াছী .....পাঠাইয়া দীবেন দিতে দেরি করিবেন না.....এখানকার সমস্ত মঙ্গল তথাকার মঙ্গলাদী লিখিবেন নিবেদন ইতি সন ১২৩৯ সাল তাং ৬ পোষ –

ইষ্টাম্পর কাগজের মূল্য.....পাঠাইলাম না অতএব পত্র পাঠ মাত্র···কাগজের...

[খ পরম কল্যানবর শ্রীযুত বাবু আসানন্দ সরকার মহাসয় পরম কল্যানবরেষু যুরুলী---

৭৪।০

।। ৮২৩ ।।

পত্র (সন ১২৩৯ সাল) প ১

৭শ্রীশ্রীকৃষ্ণ।—

শ্বরনং

আজ্ঞাকারী শ্রীদিননাথ দাসষ্য---

নমস্কারা নিবেদনঞ্চ আগে মহাশএর স্থির রাজলক্ষ্মী শ্রীশ্রী৺করিতেছেন তাহাতে অত্র মঙ্গল বিশেষ নিবেদন আজ্ঞাপত্র পাইয়া জ্ঞাতো হইলাম আমার জমার বন্দবস্ত আজিতক রফা করিতে [পারি না] কীছু টাকার গোছ করিআছি [আর] ৩০ টাকা হইলে বন্দবস্ত হইতে পারিবেক তাহার তদবিরে আছি জে হয় দুই [এক রো]জ মদ্দে পরিস্কার করিআ সীহুরির বিষয় ভাবিত লইবেন আমি তরাতেই জাইব আর আমি যুরুলী জাওনকালে সীঙ্গান হইয়া জাইব কোন বিসয় ভাবিত হইবেন না এখানকার মঙ্গল তথাকার মঙ্গলাদী লেখিতে আজ্ঞা হইবেক নিবেদন ইতি তাং ১২ পৌষ---

মহামহীম মহীমাসমুহ।---

শ্রীযুৎ বাবু আশানন্দ সরকার মহাসয় প্রবল প্রতাপেষু –

মোং – যুরুলী

৭৪।০

॥ ৮২৪ ॥

পত্র (সন ১২৩৯ সাল) প ১

৺শ্রীশ্রীদুর্গা

সরনং

.....চরিতেষু

পরম শুভাশীষাং রাসরসস্ত বিজ্ঞাপনঞ্চ বিশেষ :—

তোমার মঙ্গল সদং চাহি তাহাতেই অত্র মঙ্গল পরং পত্র পাইয়া সমাচার জ্ঞাত হইলাম সে দীবষ আসামীর ধোনা মোথালি আমাকে ওকালতনামা দীবার কারন আসীয়াছিল তাহাতে তাহাকে কহিয়াছি জে ফরিয়াদীর নিকট জাইয়া বন্দবস্ত করহ নতুবা তোমাকে মায় খরচা টাকা দীতে হইবেক তাহা শুনিয়া বড় খ্যাপক স্ত্রিলোক না মানিয়া কহিলেক আমী উকীল নায়া মোকর্দ্দমা করিব তাহাতে এ পর্যন্ত উকীল ... জবাব দাখিল করিলেই তৎক্ষনাৎ পাঠাইয়া দীব তদার্থ ভাবিত ..... এখানকার সমস্ত মঙ্গল নিজ মঙ্গলাদী পত্রাঙ্কাতে লিখিয়া সান্তোষ করিবেন ইতি—সন ১২৩৯। তাং ১৫ পৌষ—

শ্রীরাজচন্দ্র সর্ম্মণ

উকিল

[খ—পরম কল্যানীয় শ্রীযুক্ত বাবু আসানন্দ সরকার মহাসয় অশেষ মঙ্গলাস্পদেষু—

দেনা মোং— মুকুল—

৭৪॥

॥ ৮২৫ ॥

পত্র (সন ১২৩৯ সাল) প ১

৺শ্রীশ্রীহরি।—

নিয়ত পীতিপালা।—

শ্রীহরেকৃষ্ণ দাশস্য নমস্কারা বিজ্ঞাপনঞ্চ আগে শ্রীযুত বাবাজীএর পরম রাজন্নোথী শ্রীশ্রী৺ করিতেছেন তাহাতে অত্রানন্দ বিশেষঃ পত্র পাইয়া সমাচার গ্রাত হইলাম শ্রীযুত নফরচন্দ্র রায় বাবাজীকে পাঠাইয়াছিলেন ৩ তিনটী টাকা পাঠাই পোহছিবেক জাতকীস্তী চাসান দিব সাবিক টাকার [জন্ম]। শ্রীঠাকুরদাষ পাল ও পবনচন্দ্র মণ্ডলদীগর জে অজহত করিতেছেন তাহা পত্রে কী নিবেদন লিখিব ... রায় বাবাজী অহত মাক্ষাতে দেখিলেন অনুগ্রহপূর্ব্ব টাকা সির্ধ দিবেন এ সকল লোককে

সির্ধ টাকা দীলে আর জখন ... হয় তাহা রনাআবে জীলিবেক ... আপনকার বরনাগত অধিক কী লিখিব ... হলে লোকসান প্রজার বন্দবস্ত করিতেছী এখানকার বাটীর সকলে ভাল আছেন তথাকার মঙ্গলাদী লিখিতে আজ্ঞা হইবেক ইতি সন ১২৩৯ সাল— তা—২২ অগ্রহায়ন—

পরম পোষ্যাবর—

শ্রীযুত বাবু আশানন্দ সরকার বাবুজী পোষ্যাবরেষু—

৭৪॥

॥ ৮২৬ ॥

পত্র (সন ১২৩৯ সাল) প ১

৭শ্রীশ্রীহরি।—

নিয়ত পীতিপাল্য শ্রীহরেকৃষ্ণ দাশস্য—

নমস্কারা নিবেদনঞ্চ আগে শ্রীযুত বাবু বাবাজীএর পরম রাজরোথী শ্রীশ্রী করিতেছেন তাহাতে অত্রানন্দ বিশেষঃ নিবেদন আপনকার পত্র পাইয়া সমাচার গ্রাত হইলাম ৫ পাচটী টাকার জন্নে লিখিয়াছিলেন অতএব সনশত মহল নিতান্ত লোকসানী এ সময় বেবাক প্রজায় ধান্ত করার করিতেছে তবে দস পাচ টাকা জে আমদানি হয় তাহা নাং ২০ রোজ আমদানি হইবেক এ সময় এ মহলে ধান্ত বিতিত টাকা মেলে না তাহা আপুনি গ্রাত আছেন এবং টাকার জন্নে জেতক তলাষ করিলাম তাহা শ্রীবালকচন্দ্র রায় বাবাজী সাক্ষাতে দেখিলে[ন] ২ দুই টাকা পাঠাই পোহছিবেক আমী নিতান্ত আপনকার অনুগ্রহ ভরসা জেতক ... তাহা পত্রে লিখিব জেটা কত্তা মহাসএর ধান্ত আদী তফাত না হয় তাহার জন্নে শ্রীযুত কত্তামহাসয় আজ্ঞাপত্র লিখিয়াছীলেন আমী ... দীগে ডাকাইআ কহীয়া দিআছি ধান্ত কাটীআ মজুত করিতে তাহার পর ধান্ত বেবাক মজুত হইলেই মড়াইগত করিআ রাখিব বাটীর খোরাকী আন্দাজ দীব এবং শ্রীযুৎ গুরুদাস পাল বাবাজীকে কহীআছী ... কী কোন বাবুদী ধান্ত দীতে পাই ... তাহাতে শ্রীযুত দীগের নিকট জাইব তাহার আজ্ঞামত কার্য্য করি ... কৃষ্ণনারায়ন কোঙর বাবাজীর সাক্ষাতে কহীলে ... করিব এবং কোন বাবুদী এক্ষ্যন ... করিয়াছে তাহা লুকে গিয়াছে আপনকারা জাত আছেন কীন্তু শ্রীযুত অনুপচন্দ্র রায় মজুকুর নিতান্ত নিবোধ লোক কী মতে কর্ম্ম মেলে তাহা জানেন না সর্ব্বদা আপুত্রি করেন আর ... লেখেন ইহারা মনজোগ করে না অতএব এক্ষ্যন

... দাই আটক করিআ রাখা গেরস্থালিতে জে আছে তাহার তাকিত হইবেক না কারন রায় মজুকুররা এক্ষন ইচ্ছুক আছেন আমী গুরুদাব পালজীকে বাটী হইতে বাহার করিব এমতে আমার ... রায় মজুকুর ঐ মতলবে রোজ শ্রীযুৎ কত্তামহাসয়কে লেখেন শ্রীযুৎ আমাকে জেমত ··· ঐমত করিতেছী তাহা জখন না পারিব ততখনাত নিবেদন লিখিব শ্রীযুত কত্তামহাশয়কে কহীবেন রায় মযুকুরের পত্রে আমাকে নাহক বেজার না হন এখানকার মঙ্গল তথাকার মঙ্গলাদী হামেষ লিখিবেন জেটা কত্তামহাসয় বিসয় আমাকে এ জন্নে আপনকাকে লিখিয়াছেন ইহা আমী জতেক্ট সন্তুক্ট আছী আমী পাল মজুকুরদীগে কীছু ... রাখি না তাহাদের কীজন্ন ... করিব—

॥ ৮২৭ ॥

পত্র (সন ১২৩৯ সাল) প ১

শ্রীশ্রীকালী

জয়তি।—

আজ্ঞাকারি সরনাগত শ্রীমহানন্দ দেবসর্ম্মণ।—

সবিনয়া সরনাগতপূর্ব্বক চতুর্ব্বেদক্ত পরম যুডাসীর্ব্বাদ সিবাঞ্চাগে [মহাসএর স্থা]জন্নতি সর্ব্বদা শ্রীশ্রী ... ন্দীনী তারা সমিপে ... তাহাতেই অত্ত মঙ্গল পরন্ত বহু দিবস হইল মহাসএর ··· ভাবিত আছী মঙ্গলাদী লিখিতে আজ্ঞা হইবেক ... ... ॥০ আনা দিতে আজ্ঞা লিখিআছিলেন।— ... ... আর সাবেকের খাজানার তহবিল হইতে ... ... সাড়ে পোনের টাকা হইআছে এ টাকার চালান দিবার কারন কাত্তিক মাহাতে আজ্ঞা ছিল চালান দেওা ... ... টাকার চালান না দিলে সারে না ইহার জেমত রনুমতি ... মহাসএর নিতান্ত আশ্রিত অধিক কী নিবেদন পাইব আর ২ ... তথাকার মঙ্গলাদী সমাচার লিখিতে আজ্ঞা হইবেক্ষ ইতি সন ১২৩৯ সাল—তারিখ—১০ পৌষ—

পুং নিবেদন—

শ্রীযুৎ ছোট কত্তা সরকার মহাসয় দফাত পত্ত লিখিতেছেন জে আমার বেগর চেকীতে কাহকে টাকা দিবে না আমী মহাসএর আশ্রিত মহাসয় জেমত অনুমতি করিবেন তদারক ... কাজ করিব অধিক কী নিবেদন ... ইতি—

মহামহীম মহীমান্বয়হ শ্রীল শ্রীযুক্ত বাবু আসানন্দ সরকার মহাসয় প্রবল প্রতাপেষু—

মোঃ নাবুবাজার হইতে—মুরলীর বাটী পোহছে।—

॥ ৮২৮ ॥

পত্র (সন ১২৩৯ সাল) প ১

৭শ্রীশ্রীহরি ।—

বহার

বুভানুধ্যায়ী শ্রীবিপ্রচরন শর্ম্মা ।—

পরম বুভাশীর্ব্বাদ নিবেদঞ্চাগে আপনকার পরম ... ... স্থানে পার্থনা করিতেছী তাহাতে ... ... করজ্যারি টাকার নিমিত্রে দফা ... মটান করিয়া ... ... ছিল এ জন্নে মনস্থ ... হিসাব করিয়া ... কদাচ মনস্থ ... ... পাঠাইবেন বাকী এখানে ... মঙ্গলাদী লিখিয়া ... ... ১৬ কাত্তীক—

পরম কল্যানীয় শ্রীযুত বাবু আসানন্দ সরকার ...

মোঃ ... ... মুরুল

৭৪৷৷০

॥ ৮২৯ ॥

পত্র (সন ১২৩৯ সাল) প ১

৭শ্রীশ্রীরাম—

আজ্ঞাকারি শ্রীসাধুচরন দাসস্য—

বিনয়পুর্ব্বক নমস্কারা নিবেদনঞ্চাগে মহাসএর অনুগ্রহতে সমইক মঙ্গল বিশেষ আজ্ঞাপত্র পাইয়া জ্ঞাত হইলাম আমাকে ১০ দষ টাকার জন্তে লিখিয়াছিলেন তাহার সাইত করিতে পারিলাম না শ্রীসেখ ... মারফত ৫ পাচ টাকা পাঠাই লইতে আজ্ঞা হইবেক আমী এখানে কেবল নওা ... ... করিয়া চালাই এমত জোগ্র নহে প্রজা ... ... খাজানা দেয় ... হাওলাত ... ... রাখিবার মাব ২ নাই জোগ্র ... জাইতে ... মানাই আছে এ মতে মহাসএর ... পরিবলোক ... বেজার হই ... আমাকে ... ... লিখিবেন না ... আজ্ঞা হইবেক ... ... মুরুলে পোহছিয়া সাক্ষাতে সকল ... করিব নিবেদন করিল ইতি সন ১২৩৯ সাল তা—৫ পৌষ—

পুনুছ নিবেদন—

কুষ্মজাত্রার শ্রীযুৎ ভট্টাচাজ্য মহাসয়কে সাক্ষাতে জে কহিয়াছিলাম তাহা অনেকমত তদবির করিয়াছিলাম কোনুমতে হইল না জ্ঞাতার্থে লিখিলাম নিবেদন করিল ইতি—

মহামহিম মহীমসমুহ—

শ্রীযুত আসানন্দ সরকার বাবুজীউ মহাসয় প্রবল প্রতাপেষু—

মোঃ- মুরুলি

৭৪৷০

॥ ৮৩০ ॥

পত্র (সন ১২৩৯ সাল) প ১

শ্রীশ্রীহরি—

পোষ্ট শ্রীবংশীধর ...
অথাবিহিত সম্ভাসন নিবেদনঞ্চ আগে... ... ...
... ...
পরম পোষ্টাবর [শ্রীযুত] বাবু আসানন্দ সরকারজী মহাসয় পরম ... বরেষু
[মো] ... মুরলি

৭৪।০

জীর্ণ. কীটদষ্ট।

॥ ৮৩১ ॥

পত্র (সন ১২৩৯ সাল) প ১

৭শ্রীশ্রীরামঃ—

আজ্ঞাকারী শ্রীবিষেষর ভুই দাস ... ... প্রনামা নিবেদনঞ্চ ... বিশেষ
... ...
... ... সন ১২৩৯ সাল ...
পরম বন্দনীয় শ্রীযুত আসানন্দ সরকার মহাসয় শ্রীচরনজুগলেষু—
মো— মুরলি—

৭৪।০

॥ ৮৩২ ॥

পত্র (সন ১২৩৯ সাল) প ১

৭শ্রীশ্রীহরি

প্রতুলকত্তা

আজ্ঞাকারি শ্রীঠাকুরদাষ দাষষ্য—
বিনয়পূর্ব্বক নমস্কারা নিবেদনঞ্চ আগে শ্রীযুক্ত বাবুজীএর পরম রাজরেঁষি শ্রী... করিতেছেন তাহাতে অত্রা মঙ্গল বিশেষঃ নিবেদন পত্র পাইয়া সমাচার প্রতো হইলাম আমাকে লিখিয়াছেন ১০ দষ টাকা পাঠাইবেন অতএব এখানে থাকিনা

মজুদ নাই কারন প্রাজালোক দুই এক চালু···লইয়া বিক্রী করিতে কাটআ গিআছে তাহারা কাটআ হইতে আইবে নাই মহাশয় লিখিআছেন শ্রীযুত নফর রায় মারফৎ ৬ ছয় তকা পাঠাই পোহছিবেক দাখিলা পাঠাইবেন আর লোকসানি প্রাজালোকের বন্দবস্ত হইয়াছে এখানকার বাটীর মঙ্গল তথাকার মঙ্গলাদী সমাচার হাবেক লিখিবেন ইহা নিবেদন করিল ইতি সন ১২৩৯ সাল তারিখ ১০ পোষ—

[খজের— ৬

দফে— ১

একুনে সাত তঙ্কা পাঠাই

পোহছিবেক—

এই পত্রে শ্রীগুরুদাষ দাষের প্রনাম কোটী ২ সরকার জানিবেন ইতি—

কীটদষ্ট।

॥ ৮৩৩ ॥

পত্র (সন ১২৩৯ সাল)

৭শ্রীশ্রীহরি

শ্রীচরনেষু—

প্রনাম বাহোবা নিবেদনঞ্চাগে বিশেষঃ নিবেদন বাএকী ।১৯ চারি পোন উনিষ গণ্ডা ও গোরা জাহা মযুদ ছীল পাঠাই পোহছীবেক ধান্ত কাটিতে আন্দাজ ৪/ চারি বিঘা আছে নাং ১৩ পোষ তককে কাটা হইবেক আর ২...সকল জানাই ইহার শ্রীচরনে নিবেদন করিলাম ইতি সন ১২৩৯। ১২ পোষ—

শ্রীরামদয়াল ঘোষ

পরম পূজনীয়—

শ্রী ল শ্রীযুৎ দেওান বাবুমহাশয় শ্রীচরনবোগলেষু

মোং ষুরুলি

।। ৮৩৪ ।।

পত্র (সন ১২৩৯ সাল) প ১

৭শ্রীশ্রীহরি ।—

শ্রীচরনেষু—

প্রনামা বহোবা নিবেদনঞ্চাগে বিসেষঃ নিবেদন গোলাম সেখকে জে পত্র লিখীয়াছেন নীবা করিলাম নাং ৬ ফাল্গুন আদাই টাকা ইরসাল করিব বার সলি চালু দর কথক ৵৩।। কথক ৵৪ কীছু হলধর ও দীনু ঘোসের নামে নালীষ উপস্থীত করায় কী করিয়া চালু নেওা জায় শ্রীযুং জগন্নাথ চট্টপাধ্যায় মহাসএর বাটীতে জে চালু ১০ টাকার আছে দর ৵৪ নমুনা পাঠাই দরকার হয় সংবাদ লিখিবেন সকল চালু মজুদ নাই ক্রেমে পাওা জাইবেক নীল বিহন আমাদীগে নাই বুননের সময় হইলে আসীবেক তৎখনাং গোলাম সেখ আনাইয়া দীবেক ফৈজদারি মোকর্দ্দমা ৮ ফালগুন দীন ধার্য্য আছে ৭ রোজ মোং মানকর ও বুদবুদ জাওা হইবেক বাকী খাজানার মিছীল শ্রীযুং প্রতাপ বাবুর নিকট হইয়াছে মোং বর্দ্ধমান জারির কারন...২৯ মাঘ পাঠান গীয়াছে এ পর্য্যন্ত আইসে নাই আইলে সংবাদ আর লাঙ্গলের গাছের জন্ত লিখীয়াছিলেন কীছু তলাষ করায় না মেলায় শ্রীযুং বাবু... সরকার মহাসএর জন্ত একটী গরু খরিদ করিয়া রাখীয়াছী তাহাই পরুষু তক পাঠাই পরে এখানকার জন্ত লওা জাইবেক ইহার শ্রীচরনে নিবেদন ইতি সন ১২৩৯। তা—৩ ফাল্গুন—

শ্রীরামদয়াল ঘোষ—

পরম পুজনীয় শ্রী ল শ্রীযুং দেওানবাবু মহাসয় শ্রীচরনকমলেষু

মো :- মুরুলী ।

৭৪।

কীটদষ্ট ।

।। ৮৩৫ ।।

পত্র (সন ১২৩৯ সাল) প ১

৭শ্রীগোপালো

জয়তি

যুক্তি অশেষ গুণজয়শঃ—

..... শ্রীযুত আসানন্দ সরকার বাবুজিউ শুভাশীর্ভাজনেষু বিশেষঃ আগ্রাহয়নে ১০০ একশত টাকা দিব নিশ্চয় করার করিয়াছিলেন এ নাগাদী পাঠাইলেন না অতএব ঐ করার ভঙ্গা অদ্যই বশ্যই পাঠাইবেন শ্রীযুত রামসুন্দর চক্রবর্ত্তি মারফতে বিস্তারিত বেদ্য হইবেন বারম্বার করার ব্যতায় উচিত হয় না এ স্থানীয় মঙ্গল তথাকার মঙ্গলাদি লিখিবেন ইতি সন ১২৩৯ সাল তাং ২৮ মার্গশীর্ষস্য

পুনশ্চ করারি ভঙ্গা যদ্যপি না পাঠাও তবে ২ পৌষে নিকট পোহছিব জ্ঞাত কারণ লিখিলাম ইতি—

শ্রীকৃষ্ণচন্দ শর্ম্মণ—পত্র.....

যুক্তি শ্রীযুক্ত আসানন্দ সরকার বাবুজিউ চিরঞ্জীবেষু—

৭৪॥—

।। ৮৩৬ ।।

পত্র (সন ১২৩৯ সাল) প ১

৺৭শ্রীশ্রীদুর্গা

চরণ সহায়—

যুভানুধাই শ্রীগোপালদেব সর্ম্মণ—

পরম যুভাশীর্ব্বাদ সীবঞ্চ আগে বাবাজীএর পত্রে রাজন্নতি সর্ব্বদা বাঞ্ছনা করিতেছী জাহাতে রাজ্ঞা হয় বিশেষ পত্র পাইয়া সবিশেষ জ্ঞাতো হইলাম সাং ..... শ্রীশ্রীনাথ ঘোষজার বিসয় লিখীয়াছিলেন ঘোষ মজুকুর ..... জোগ করিয়াছীলেন ..... জোগ্র জবাব দীয়াছে এক্ষণ আপন বাটীতে চাষ করিতেছে ঘোষ মজুকুরের বাটী গীয়াছিলাম সাক্ষাত হয় নাই তাহার বাটীতে লোক বলিলেক যে বোনগাও গীয়াছে ..... জানিবেন বাটী পোহছিলে তাহাকে ডাকাইয়া বিস্তারিত কহিব ..... পোহছিবেন নিবেদন ইতি সন ১২৩৯ সাল তাং ১ ...

পরম কল্যাণীয়—

শ্রীযুক্ত বাবু আসানন্দ সরকার বাবাজী .....

মোং— মুরলী—

৭৪৷৩

॥ ৮৩৭ ॥

পত্র (সন ১২৩৯ সাল) প ১

শ্রীশ্রীকৃষ্ণ

সহায়—

ভাগ্যহীন শ্রীহরিষচন্দ্র সেনগুপ্ত –

সময় উচিত নিবেদন মিদং বাবাজী লিখিয়াছীলেন যে কল্য তারিখ টাকা সমেত আইব তাহাতে এতক আইলেন না কারণ জানিতে পারিলাম না কেন না আমার যে সময় এ সমস্ত বাবাজীকে নিজে হইতে দীতে হয় তাহাতে আমার পাওনা টাকা দীতে এতক চাতুরি উচিত নহে জদী তোমার কীছু দেওা হয় তবে এই লোকের সঙ্গে পাঠাইবেন ইতি সন ১২৩৯। ২৪ পৌষ –

বাবাজীউ পত্র ..... মনজোগ করিবেন যেন লজ্জা না পাই ..... ইতি –

পোষ্টাবর। –

শ্রীযুত বাবু আসানন্দ সরকার পোষ্টাবরেষু –

মোঃ – মুরুলী

৭৪৷

॥ ৮৩৮ ॥

পত্র (সন ১২৩৯ সাল) প ১

৭শ্রীশ্রীকৃষ্ণ

সহায়—

ভাগ্যহীন শ্রীহরিষচন্দ্র সেনগুপ্ত –

সময় উচিত নিবেদন মিদং শ্রীযুত দীননাথ সরকার মারফত ১০০ একশত টাকা পাঠাইয়াছীলেন তাহার মদ্দে ১ টাকা ফেরত হইল তাহা পাঠাই বাকী ৯৯ নিরানব্বই টাকা এইক্ষান কজ্জার খাতায় জমা হইল না ..... বহাল ..... যার কথোক টাকা তদবির করিয়া ..... কল্য পাঠাইবেন নিবেদন ইতি সন ১২৩৯।

তা ২৫ পোষ—

পোষ্টাবর শ্রীযুত বাবু আসানন্দ সরকার বাবাজী পোষ্টাবরেষু—

মোঃ – মুরুলী –

৭৪।৩

॥ ৮৩৯ ॥

পত্র (সন ১২৩৯ সাল) প ২

৺শ্রীশ্রীদুর্গাচরণ

ভরসা—

ভাগ্যহীন শ্রীহরিষচন্দ্র সেনগুপ্ত—

সমর উচিত মিদং এখানকার খবর পাওয়া জে তক বাহুল্য তাহা আপনকারা জ্ঞাতো আছেন আপনকার্দ্দের নিকট এখানকার কার্জ্জার জে ভঙ্কা পড়্যা আছে তাহা বেবাক.....সাহায্য এজন্তে শ্রীযুৎ সেনকে . [পা]ঠাই অদ্যই এই সঙ্গে টাকা পাঠাইবেন অধিক লেখা বাহুল্য ইতি সন ১২৩৯।—২১ পোষ—

পত্রার্থ জ্ঞাত হইয়াতঙ্কা পাঠাইবেন ইতি—

পোষ্টাবর শ্রীযুৎ বাবু নবকীসোর সরকার—

শ্রীযুৎ বাবু আসানন্দ সরকার বাবাজী পোষ্টাবরেষু—

মোং— যুরলী—

৭৪৷৷০

॥ ৮৪০ ॥

পত্র (সন ১২৩৯ সাল) প ১

৭শ্রীশ্রীহরি—

আজ্ঞাকারি শ্রীরামকৃষ্ণ দাসস্য—

বিনয়পূর্ব্বক নমস্কারা নিবেদনঞ্চাগে বিশেষঃ নিবেদন ২ তারিখ সীহড়ী পোহছিয়াছি মহাশয় নিজ বড় মোকদ্দমার রদ্দ'জওাব দিতে হইবেক আর দেরি করা ভাল নহে জে হয় বিবচনা করিতে আজ্ঞা হইবেক আরনিবেদন গতো সন হইতে সিতবস্ত দিবার হকুম হইয়াছে পুনরায় সিত হইল মহাসএর আজ্ঞা কখন মিথা হয় না অধিক কী নিবেদন করিব আদৌত ইনামী হুকুম.....সিতবস্ত মহাশয় কর্ত্তা এ চাকরের প্রতি জে হয় অনুগ্রহ করিতে আজ্ঞা হইবেক এখানকার মঙ্গল তথাকার মঙ্গলাদী লিখিতে আজ্ঞা হইবেক নিবেদন ইতি সন ১২৩৯ সাল তারিখ ৬ অগ্রহায়ন—

পুঃ নিবেদন—
শ্রীযুৎ জজসাহেব দৌরা করিতেছেন আর এখানকার মেজষ্টরসাহেব বাকড়গঞ্জের জজ ও আশীডেণ্ট মেজষ্টরসাহেব জেলা বর্দ্ধমানের মোজাষ্টার হইআছেন কী একবার বডদিবাদ জাইবেন ইতি—
মহামহীম মহীমাসমূহ শ্রীযুৎ বাবু আশানন্দ সরকার মহাশয় প্রবল প্রতাপেষু—
মুরুলী—
৭৪।।০

।। ৮৪১ ।।

পত্র (সন ১২৩৯ সাল) প ১

শ্রীশ্রীহরিঃ।—
চরণ ভরসা—

আজ্ঞাকারি শ্রীরামকৃষ্ণ দাসষ্য— বিনয়পূর্ব্বক নমস্কারা নিবেদনঞ্চাগে বিশেষঃ নিবেদন নিকট হইতে আশীয়া সীহুড়ী পোহুছিয়া মহাশএর নিজ বড় মোকদ্দমার রদ্দজওাব পারশী ও বাঙ্গালা দুই এবারতে দুই কীতা তৈয়ার করাইআ পাঠাই দিষ্ট করিআ বিবচনা পূর্ব্বক জাহা পছন্দ হয় তাহাই ফের পাটাইবেন দাখিল করিআ দিব আমার এখানে নকল রাখিলাম না জানিবেন আর এক টাকা দামের ইষ্টাম্পকাগজ এক কীতা চাহি তাহার জে হয় সংবাদ লিখিবেন শেইমত করিব আর আরজী ও জওাব ও জওাবদজওাব এই তিন কীতা নকস কাগজ মহাসয় আপন বাকশ হইতে বাহির করিআ রদ্দজওাব লেখাইবার কারণ আমাকে দিআছিলেন ঐ নকল কাগজ তিন কীতা হারাধন দাষ তাতির হাত ফের পাঠাই আপন নিকট রাখিবেন এ কাগজ পোহুছা সমাচার লিখিবেন আর জওাব রদ্দজওাবের লিখিত উমুলের হরতারিখার ফর্দ্দ ও দলিল ও সাবুদ সকল প্রস্তুত রাখিবেন জেন তৎ তৎকালে বেসর হইতে না হয় অধিক কী লিখিব ৮করেন নাং সংক্রান্তী নিকট পোহুছিব কীন্তু মোকদ্দমার সকল তদবির আগে করিআ রাখা চাহি ইহাতে গাফেলী হইবেন না আর শ্রীযুৎ দিননাথ সরকার দাদা মহাশএর এক মোকদ্দমা আপীলে ছিল তাহার উকীল শ্রীযুৎ মুনশী মফিজুদ্দীন সাহেব ছিলেন শেহ আপীলের মোকদ্দমা রোবকার হইআ আপীল ডিসমিষ হইআ সাবিক ফয়সালা বহাল হইয়াছে অতএব নিবেদন এ খবর শ্রীযুৎ সরকার দাদামহাশয়কে জানাইতে আজ্ঞা হইবেক জেন দেরি না হয় আর ২ সমাচার সরকারি পত্রে জাতো হইতে আজ্ঞা হইবেক শ্রীযুৎ জজসাহেব দৌরা করিতেছেন জাতো কারন নিবেদন ইতি সন ১২৩৯ সাল তা ২০—পৌষ

॥ ৮৪২ ॥

পত্র (সন ১২৩৯ সাল) প ১

৺শ্রীশ্রীহরি

আজ্ঞাকারি শ্রীরামকৃষ্ণ দাশস্য—

বিনয়পূর্ব্বক নমস্কার নিবেদনঞ্চ বিশেষঃ মহাসএর নিজ মোদ্দমার আরজী ও জওাব ও জওাবল জওাবের নকল ও রদ্দ'জওাবের মুশাবিদা দুই কীত্তা ও এক নিবেবেদনপত্র হারাধন দাষ ভাতি হাত পাঠাইয়াছি তাহাতে জ্ঞাতো হইয়া বিবচনায় জে হয় করিআ সমাচার .লিখিতে আজ্ঞা হইবেক সেই মত কায্য করিব শ্রীযুত জজ সাহেব দৌরা করিতেছে নিবেদন ... ... ২১ পৌষ—

মহামহীম মহীমাসমূহ—

শ্রীযুত বাবু আসানন্দ সরকার মহাশয় প্রবল প্রতাপেষু—

যুরুল—

৭৪॥

॥ ৮৪৩ ॥

পত্র (সন ১২৩৯ সাল) প ১

৺শ্রীশ্রীহরি

আজ্ঞাকারি শ্রীরামকৃষ্ণ দাশস্য—

বিনয়পূর্ব্বক নমস্কারা নিবেদনঞ্চাগে বিশেষঃ নিবেদন এথানকার সমাচার সরকারি পত্রে জ্ঞাতো হইবেন তদ্ব্যপর শ্রীযুৎ মেজেষ্টর সাহেব অতি [শীর্ঘ] যাকরপঞ্চ জাইবেক এই এরাদায় আছিল কীন্তু সাহেব মজষ্টার এক তদ্বু চৌচালা ... সত্তরজীর বিছানা সমেত বিক্রয় হইবেক দাম সর্ব্বসুদ্ধা ৩০০ টাকা কহিআছেন লইতে হইলে কম বেস হইতে পারে জদী দরকারে হয় শীঘ্র লিখিবেন দাম তবে নিষ্ট করিয়া লিখিব শ্রীযুৎ জজসাহেব এতক দৌরা করিতেছেন জ্ঞাতো কারন নিবেদন ইতি ১৩ অগ্রহায়ন

মহামহীম মহীমাসমূহ—

শ্রীযুৎ বাবু আসানন্দ সরকার মহাশয় প্রবলপ্রতাপেষু—

জোঃ যুরুলী— শ্রীশ্রীহরি

৭৪॥

॥ ৮৪৪ ॥

পত্র (সন ১২৩৯ সাল) প ১

শ্রীশ্রীহরি

আজ্ঞাকারি শ্রীরামকৃষ্ণ দাসষ্য—

বিনয়পূর্ব্বক নমস্কারা নিবেদনঞ্চাগে বিশেষ : আজ্ঞাপত্র পাইআ জ্ঞাতো হইলাম আমার ইমাম পৌষ মাহার পাঠাইবেন সে ভালই আর শ্রীযুৎ মুখোপাধ্যায় মহাশয় পত্তের ডাকের মাসুল ৵ আনা পাঠাই লিখিয়াছেন কীন্তু আমার পত্তে ... কীছু লেখেন নাই আর ... দেয় নাই জানিবেন জে ... দেন নাই জেহ্ন আমী দীব আর শ্রীযুৎ সরকার দাদা ... পাঠাইবেন বেস্ত হওনের দরকার কী শ্রীযুৎ জজসাহেব দৌরা করিতেছেন এখন তক দেরি আছে এখানকার মেজেষ্টর সাহেব জেলা বাকড়গঞ্জের সিসনজজ ও জজ হইয়াছে তাকীদ জাইবেন আসবার ... করিতেছেন জেলা বর্দ্ধমানের মেজেষ্টর সাহেব এখানকার মেজেষ্টর হইয়া কেপ গীআছেন এ[খন] একটীন জেলা নদিআ অর্থাত কৃষ্ণনগরের আশীডেণ্ট কমিসনর সাহেবের ... বাটী সাহেব মোজাষ্টার হইআ আসীতেছেন নিবেদন ইতি ১৩ অগ্রহায়ন—

মহামহীম মহীমাসমুহ—

শ্রীযুৎ বাবু আশানন্দ সরকার মহাশয় প্রবলপ্রতাপেষু —

মুরুল ৭৪৷৷০

॥ ৮৪৫ ॥

পত্র (সন ১২৩৯ সাল) প ১

শ্রীশ্রীহরি—

আজ্ঞাকারি শ্রীরামকৃষ্ণ দাশষ্য—

বিনয়পূর্ব্বক নমস্কারা নিবেদনঞ্চাগে বিশেষঃ সরকারি কাজ্যের জরুরি ... ... সীহুড়ী জাইব বাবুজী ... জওাবের নকল সঙ্গে লইয়া জাইব তথাতে রদ্দজবাব করাইয়া মশাবিদ্যা এক কীতা মহাশয়এর ... পাঠাইব ইতমধ্যে শ্রীযুৎ সরকার দাদা মহাশয় জলী মুরুলী পোহছেন তবে তাহাকে ত্বরায় সীহুড়ী বিদায় করিবেন ... ... নাগাদী সংক্রান্তী ক্ষের আশীব নিবেদন ইতি সন ১২৩৯ সাল তাং ১৫ [পৌষ]

মহামহীমসমুহ শ্রীযুৎ বাবু আসানন্দ সরকার মহাসয় প্রবলপ্রতাপেষু—

মুরুলী—

৭৪৷৷

॥ ৮৪৬ ॥

পত্র (সন ১২৩৯ সাল) প ১

ভরসা।—

সেবক শ্রী[রামকৃষ্ণ] দাসস্য।—
দণ্ডবৎ প্রনামা নিবেদনঞ্চ আগে শ্রীচরন আসীর্ব্বাদে এ নফরের প্রানগতিক [মঙ্গল] বিসেষ কল্য তারিখ শ্রীযুৎ বাবু নবকীসর সরকার ··· তিন টাকা চারি আনা হাওলাত··· পাটাই দাখিল করিয়া দিতে আজ্ঞা হইবেক মহাসএর পায় ২ দুই টাকা হাওলাত লইয়াছিলাম শ্রীযুত রামব্রহ্ম মহাসএর বরাতি ৫ পাচ টাকা একুনে সাত টাকা শ্রীসাধু[চরন] বাউড়ী মারফত পাটাই লইতে আজ্ঞা হইবেক ··· নিবেদন করিলাম ইতি সন ১২৩৯ বার সও উনচল্লিস সাল তারিখ— ২৬ ছাব্বিসা পৌষ—
পরম পূজনীয়—
শ্রীযুৎ বাবু আসানন্দ সরকার মহাসয় শ্রীচরনকমলেষু—

মৌ - মুকুল
৭।।০

।। ৮৪৭ ।।

পত্র (সন ১২৩৯ সাল) প ১

শ্রীশ্রীদুর্গা—
শরনং—

আজ্ঞাকারি শ্রীজানকীনাথ দাসস্য—
সমস্কারা নিবেদনকাগে শ্রীযুত বাবুজীউ মহাসয়র পরম রাজোরাজোয়ন্তি শ্রীশ্রী৺ করিতেছেন তাহাতেই অত্র মঙ্গল বিশেষঃ নিবেদন শ্রীমতি বধু মাতাকে কাটাডিহির বাটী আসিবার দিবষ ২৪ অগ্রাহায়নে স্তির করা ··· য়াছে ঐ দিবষ স্তীর করিয়া আপনি আজ্ঞাপত্র লিখিবেন সেই য়নুসারে ··· মনষ্য পাটাইব ঐ দিবষ স্তীর ··· আজ্ঞাপত্র লিখিবেন পরে শ্রীযুত

ছোট ··· আমাকে না[রান] সিহ মারফত এক আজ্ঞাপত্র লিখিয়াছেন জাইবার কারন জদি সাতমাহালা মজুকুর আমাকে বন্দবস্তা করিয়া খাযে দেয়া হয় তবে মহাসয় ইহার ··· আমাকে বিস্টারিত সমাচার লিখিবেন মহাসয় আমার সর্ব্ব প্রকারের কত্তা আপনকার আজ্ঞা বিতেরেক কোন কর্ম্ম করিব না ইহারা বিবেচনা করিয়া মহাসয় জেমত লিখিবেন সেইমত করিব জদি রামাকে জাইতে লিখেন তবে আমি নাগাদী ২১ তারিখ নিকট পোহুছিবগা এখানকার সকল মঙ্গল গতায়াতে তথাকার মঙ্গলাদি সমাচার লিখিতে আজ্ঞা হইবেক গ্রাপোন ইতি সন ১২৩৯ সাল তা— ১৬ অগ্রাহায়ান—

মহামহিম মহিমাসমুহসাগর –

শ্রীযুত বাবু আসাসন্দ সরকার জীউ মহাসয় শ্রীচরনেষু—

মোঃ – মুরুলী

৭৪।০

।। ৮৪৮ ।।

পত্র (সন ১২৩৯ সাল) প ১

৺শ্রীশ্রীদুর্গা –

জয়তি···

শ্রীকৃষ্ণচন্দ্র দাসঃ ওতাশীর্বাদনমিদং ::

স্বস্তি প্রানাধিক শ্রীযুত বাবু আসানন্দ সরকার চিরজীবেষু পরমাশির্ব্বাদারঃ সর ভবদীয় ভব্য ··· বিশেষ শ্রীযুত মুখোপাধ্যায়কে ···পৌষ মাসে যে টাকা করার করিয়াছেন অবস্ত ২···মুখোপাধ্যায় প্রমুখাত বিস্তারিত বেদ্ত ··· তথাকার মঙ্গলাদি দ্বারা পরিতোষ করিবেন ··· সাল তারিখ ১৭ পৌষস্য –

স্বস্তি ··· শ্রীযুত আসানন্দ সরকার বাবুজিউ শুভাশীর্ভাজনেষু –

··· মুরুলিয়ারাং –

৭৪।।

॥ ৮৪৯ ॥

পত্র (সন ১২৩৯ সাল) প ১

৭শ্রীশ্রীদুর্গা

সরণ—

সেবক শ্রীভবানন্দ দাসস্য—

দণ্ডবত প্রনামা নিবেদনঞ্চাগে মহাসএর শ্রীচরন.....গতিক কুসল বিসেষঃ নিবেদন শ্রীযুত মজুমদার মহাসএর বরতি ৫৲ পাচ টাকা শ্রীবদন ডোমন মারফত পাঠাই লইতে আজ্ঞা হইবেক এ বাটীর সকল মঙ্গল গতায়াতে তৎকার বাটীর মঙ্গল আদী সমাচার লেখিতে আজ্ঞা হইবেক ইহা শ্রীচরনে নিবেদন ইতি—সন ১২৩৯ সাল তারিখ—২৭ পোষ—

পরম পূজনিয়—

শ্রীযুত আসানন্দ সরকার ঠাকুর মহাসয় শ্রীচরনেষু

মোঃ—যুরুলি

৭।।০

॥ ৮৫০ ॥

হিসাব (১২৪০ সন) প ১

মৌজা : কামারডাঙ্গা। কাত্তীক নাই— হিসাব বাকীপোতা

জীর্ণ, কীটদষ্ট।

॥ ৮৫১ ॥

হিসাব (১২৪০ সন) প ৩

৺শ্রীশ্রীদুর্গা

প্রতুলকত্তা।—

শন ১২৪০।—

হিঃ শ্রীদীননাথ সরকার—

শাং বঙ্গচত্র মাহীনা বাবদী—

জমা—		খরচ—	
কুটী মণ্ডলী—	২৭।।	৪ বৈশাখ—	
... ...		৩০ গোপীনাথ ...	
... ...		শাং যুপুর—	।/
... ...		২৭ রোজ কাপড় দরুন—	১৵০
... ...		ইত্যাদি।	

জীর্ণ, কীটদষ্ট।

॥ ৮৫২ ॥

হিসাব (১২৪০ সন) প ৬

মৌজা : বিজ্রাপুর। দ্বারকানাথ সীংহ, দেবাই মণ্ডল গং। দক্ষিনপাড়া, হিসাব বাকীপোতা।

জীর্ণ, কীটদষ্ট।

॥ ৮৫৩ ॥

হিসাব (১২৪০ সন) প ৩

৭শ্রীশ্রীকৃষ্ণ

চালান রুপেআ তালুক কৃষ্ণনগর মোজে সনসত সন ১২৪০ সাল তারিখ- ১৮ ফালগুন :

আসামী— আদদ রুপেআ— সহী কল— দাম

বাবত মুরিলি কাছারি -

৩০ সন্তাসি চোকীদার -

রোক কল -- ৭৫

সবলগে পোচাতর টাকা আদ ইতি -

... ...

॥ ৮৫৪ ॥

হিসাব (১২৪০ সাল) প ৭১

মৌজা : কৃষ্ণনগর। ফিরিস্তীকাগজ থোকাহিসাব বাকী রুপেআ তালুক কৃষ্ণনগর মৌজে নিজ কৃষ্ণনগর সন ১২৪০ সাল। বিপ্রমহল - সিতানাথ বানজ্যা। গোপীমহল - ৺গঙ্গাধর সরকার। গোপীজনমহল - সত্ত ঘোষ মালী। তাতীমহল - নারায়ন লাহা। বাজেমহাল - সেখ কানু।

জীর্ণ, কীটদষ্ট ও কিছু কিছু জমাটবাঁধা।

॥ ৮৫৫ ॥

হিসাব (১২৪০ সন) প জমাট

মৌজা : রামকান্তপুর। জমা গুজস্তা।

জীর্ণ, জমাটবাঁধা।

॥ ৮৫৬ ॥

হিসাব (১২৪০ সন) প ১৯

তালুক : কোপা। নগদী প্যাদা - ফতে খা। মাহিনা খরচ - আকেল খাঁ পেদা - রামদআল ঘোষ। বকআ হাওলাত। ফৌজদারি কাছারি খরচ আদায় - পরেষ মদক। বাজে আদাই - কামারডাঙ্গার শ্রীহরি কেওটা। জমা খরচপোত্তা

জীর্ণ, কীটদষ্ট ও কিছু কিছু জমাটবাঁধা।

।। ৮৫৭ ।।

হিসাব (১২৪০ সন) প জমাট

মৌজা: নানুবাজার। একজায় চালানপোস্তা মোং নানুবাজার সাং সন ১২৪০ সাল- ইঃ পুন্নাহ নাগাদ ৩০ পৌষ-

জীর্ণ, জমাটবাঁধা।

।। ৮৫৮ ।।

হিসাব (১২৪০ সন) প ১১

৺শ্রীশ্রীদুর্গা

চালান রুপেয়া তালুক নোহনা দরুন মৌজে নিজ নোহনাদীঘর সন ১২৪০ বার সও চল্লীষ সাল তা- ১৬ ফালগুন-

আসামী— আদদ তঙ্কা—

বরাবর মুরুলী—

ও০ নারায়ন আবিন্দা—

নগদ— ১২৮

পয়দা— ৸৵০

সাবিক চালান দং— ১

... ... ১২৯৸৵

মবলগে একস উনত্রিস টাকা পনর আনা ইত্তি—

অতঃপর বেশ কয়েকটি জমাটবাঁধা চালান রুপেয়া।

শ্রীকেশবনাথ চট্টোপাধ্যায়

।। ৮৫৯ ।।

হিসাব (১২৪০ সন) প জমাট

মৌজা: সেড়াব্দী। রাধাকান্ত পরাই, নফর পরাই পং। জমা ওআসিলবাকী চালান রুপেয়া।

জীর্ণ, জমাটবাঁধা।

।। ৮৬০ ।।

হিসাব (১২৪০ সন) প. জমাট

মৌজা: এতাপুর। রামচন্দ্র ঘোষ, রাম[illegible] বাগ পং হিসাব বাকী।

জীর্ণ, জমাটবাঁধা।

।। ৮৬১ ।।

হিসাব (১২৪০ সন) জমাট

মৌজা : মোনহরপুর। হিজ্ঞ পাটক, পঞ্চানন মণ্ডল গং। হিসাব বাকীপোড়া

জীর্ণ, কীটদষ্ট

।। ৮৬২ ।।

হিসাব (১২৪০ সন) প. ৫

৭শ্রীশ্রীহরি।—

সন ১২৪০।—

হিঃ শ্রীগোপীনাথ মুদী মোং কলীকাতা—

জমা— খরচ—

... ...

হিঃ মেস্তর—

জমা— খরচ—

... ...

হিঃ জীনিস খরিদী--

জমা— খরচ—

... ...

হিঃ মানিকচন্দ্র সরকার--

জমা— খরচ—

... ...

হিঃ শ্রীকান্ত চাটুজ্যা—

জমা— খরচ—

... ...

হিঃ শ্রীজুগল কাষ্টওয়াল্যা—

মোং কলীকাত্তা--

জমা— খরচ—

... ...

হিঃ পেয়ারি ঘোষাল—

জমা— খরচ—

... ...

হিঃ শ্রীশ্রী৺জন...

জমা— খরচ—

... ...

হিঃ বাজে খরচ—

জমা— খরচ—

... ...

হিঃ বাঁশা খরচ—

জমা— খরচ—

... ...

হিঃ জের বাঁশা খরচ—

জমা— খরচ—

... ...

হিঃ ডাকের খরচ খাতা—

জমা— খরচ—

৩ ফাল্গুন—

শ্রীশ্রী৺সারদার পূজার খরচ...॥/৫

হিঃ নিজ খরচ—
শ্রীদিননাথ সরকার
জমা— খরচ—
হিঃ ঘরভাড়া খাতা—
জমা— খরচ—
... ...

হিঃ শ্রীপরেশনাথ ভট্টাচার্য্য
জমা— খরচ—
... ...

॥ ৮৬৩ ॥

হিসাব (১২৪০ সন) প ১

চালান জিনিষ মোকাম হইতে রপ্ত মোকাম গুরুল বঃ শ্রীযুৎ গুরুচরন সরকার।—
মারফত শ্রীযুৎ কালিপ্রসাদ বন্দোপাধ্যায় সন ১২৪০ সাল তারিখ—১৭ আশ্বীন—

আসামী—	জমুলা জিনিষ—	জমুলা—
সাচা গহনা—		
পা জোর—	৬ খান	
পঞ্চম—	৬ খান	
গুজরি—	৬ খান	
সরল—	১৪ খান	
কাঁকন—	১৪ খান	
চিক—	৩ গাছ	
৺কার্ত্তীকের—		
সেরপেচ—	১ এক	
বায়ু—	২২ খান	
—	১৯ [খান]	
...	...	
জের—	৩৭	
রাজের সাজ—		
পট—	৯০ খান	
কনক—		
৫০ কাত—	১০০ খান	
চালের কাচাল—	৩৫	
ঝালড়—	৩৪	
খুটী—	২৮	
সিংহাসন বড়—	১৬	
মাঝারি—	১৮	
ছোট—	১৬	
	...জের ১ দফা	
পাখটাকীর ঝালড়—	৩২	
হাসিয়া—	২৩	
জের—	২৪	
বালা—	৪ জোড়া	
কুষ্টী—	২ গাছী	
মুক্তামালার কারন—	১৫০০	
... —	৩	
মোমের মালা—	২	
গড়ে		
দোলা—	২	
	১ দফা	
মোমের পদ্ম	৩ ডিনছী	
...	...	
জের—	৫৪	
শ্রীযুৎ শিবনাথ সিংহর		
ফরমাইষ—		
কমমা—	১	
	৫৫	

দিয়া

।। ৮৬৪ ।।

বাকী জায় (১২৪০ সন)

৺শ্রীশ্রীকৃষ্ণ—

বাকী জায় রুপেয়া তাং কৃষ্ণনগর—

সাং সেড়ান্দী সন ১২৪০ সাল—

আসামী—	জমা জায়	ওআসীল বাকী—	হাল বকয়া বাকী—
... ...	বুবতান—	নাং ১৭ বৈশাখ—	বাকী—
মোং সেড়ান্দী—	৩৯৭৪৷৷/১১	২৩৪৪৷৷১৪ ১৬৩০/৪	৫৪১৷/৫৬ ১০৮৮৷৷৶৫৬
মোং মোনহরপুর	২৯৬৯৸৶/১২	১৭২০৷৷৶৫২ ১২৪৯৷/৫১৩	৩৮৫/৩ ৮৬৪৷১০
	৬৯৫৪৷৷৩	৪০৬৫৶/৫১৬ ২৮৭৯৷৷৶/৫১৭	৯২৬৷৶/৫৯ ১৯৫৩/৫৮

।। ৮৬৫ ।।

কবুলতিপত্র (সন ১২৬০ সাল) প ১

৺শ্রীশ্রীদুর্গা—

মহামহীম শ্রীযুত গুরুচরন সরকারদীগর মহাসয় বরাবরেষু—

লিখিতং শ্রীগুরুচরন গোপ—

কস্য কবলতিপত্র মিদং কার্জ্যনঞ্চ আগে তালুক কৃষ্ণনগর মোজে নিজ কৃষ্ণনগর ওরফে মুরুলী গ্রামে জে জমীজমা কিস্তি তাহার তপশীল নিচে লিখীয়া দিতেছি—

শ্রী গুরুচরন গোপ সাং মুরুলী

আসামী—	জমুলা জমী—	দর—	নিট—
...	...	...	...
৮৮৪৫২		০	২০৮১৪
গোপমহল—	০	০	১।/
করার কমী—	৮৮৪৫২		২২/১ ৪
দঃ বাস্তু ছার কমী—			৫৫১৪
	৮৮৪৫২		১৮/০

মবলগে জমী আট বিঘা ওনিস কাটা দুই গোণ্ডা কাত জমা আটার টাকা এক আনা সহীসিক্কা মাকীক কিস্তীবন্দী কিস্তীর কিস্তী মালগুজারি করিব জমী জরীপ বেসী কে হইবেক ও সাবিক পতিত ও রসদের পতিত জখন কে য়াবাদ ... তাহার জমা এই কবলতির ওপর চড়াইআ মালগুজারি করিব এ জমাএ হাজা মুখা গয় আবাদী নালিস করিলে মুজুরা পাইব না ... জখন কে করিবেন তাহা এই কবলতির ওপর চড়াইআ মালগুজারি করিব এতথাতে আপন খোসিতে পাট্টা লইআ কবলতিপত্র লিখীআ দিলাম ইতি—সন ১২৪০ সাল তা—২২ বৈসাখ—

ইশাদ—

শ্রীগৌর গরাই
শ্রীসার্থক মণ্ডল
সাং মুরুলী

শ্রীকুড়ারাম গরাই
শ্রীচাকরদাস বৈরাগী
সাং মুরুলী

কীটদষ্ট।

॥ ৮৬৬ ॥

কবুলতিপত্র (সন ১২৪০ সাল) প ৭

৺৭শ্রীশ্রীকৃষ্ণ—

STAMP
TWO ANNAS
... ...
... ...
দুই আনা
OFFICE

শ্রীসেখ কেলে
সাং সনসত ॥।

মহামহীম শ্রীযুত গুরুচরন সরকার মহাসয় বরাবরেষু—

লিখিত শ্রীসেখ কেলে—

কস্য কবুলতিপত্র মিদং লিখনং কার্যনঞ্চাগে পরগনে বারবক সিহ মৌজে সনসত মৌজে মজুকুরের শ্রীহেছামদী চৌধরির লাখরাজ বাউন্তবাটী আমার ভদ্রাসোন গ্রামের পছীম আমিরগড়ে পুরুনির পূর্ব্ব মাপের খরিদী বাস্তু ৵১৫৩ এক কাঠা বার করা আদী বসবাস করি ইহার মালগুজারি ।।০ অর্দ্ধ টাকা সিক্কা সন ২ মাসিক কিস্তীবন্দী মালগুজারি করিব পতিতগীর মুখ বাবুদের নালিস করিলে মজুরা

পাইব না এতদর্থে স্বাপন খুসিতে কবুলতিপত্র লিখিয়া দীলাম ইতি সন ১২৪০ সাল—
তারিখ ১৫ ছাবন—
জের জমা—।৷০
আয়—
মাহ অবান—।৷০
সবলখে অর্দ্ধ টাকা সন ২ মালগুজারি করিব ইতি—

GENERAL
1829
TWO ANNAS
দুই আনা
TREASURY

ইসাদ—

শ্রীইআছিল চোধরি	শ্রীকাঙ্গাল পরাঞ	শ্রীনফর পরাঞ
সাং সনসত	সাং সনসত	সাং সনসত ।।।

[খ—বিক্রী মোং সীজান সন ১৮৩৩। ৫ মুলাই শ্রীকৃষ্ণচৈতন্য রায় জেলা বিরভুম খরিদা হরেকৃষ্ণ সরকার দাম ৵ দুই আনা—

।। ৮৬৭ ।।

কবুলতিপত্র (সন ১২৪০ সাল) প ১

৺শ্রীশ্রীকৃষ্ণ—

STAMP
1829
TWO ANNAS
... ...
দুই আনা
OFFICE

শ্রীরাম সোনা
সাং সনসত ।।।

মহামহীম শ্রীযুত গুরুচরন সরকার মহাসয় বরাবরেষু—

লিখিতং শ্রীসেখ খোনা কস্ত কবুলতিপত্র মিদং লিখনং কার্য্যনঞ্চাগে পরগনে বারবক সিহ মোজে সনসত মোজে ময়ুকুরের শ্রীহেহামন্দী চোধরির জামির পক্কা পুষ্কনির পূর্ব্ব শ্রীমতি দোমা বিবির দং খরিদা লাখরাজ বাস্তবাটীর আমার ভদ্রাসোন /২ দুই কাঠা আমি বসত করি তাহার মালগুজারি ১ এক টাকা মাফিক কিস্তীবন্দী সন ২ মালগুজারি করিব পতিতদীগর কুন বাবুদে নালীস করিলে মজুরা পাইব না এতদর্থে আপন খুসিতে কবুলতিপত্র লিখিআ দীলাম ইতি সন ১২৪০ সাল তারিখ—২৩ সাবন

জের জমা—

জায়—

কীস্তীবন্দী—

মাহ অগ্রাহন—১

মবলগে এক টাকা মফিক কীস্তীবন্দী ... দীব ইতি—

ইসাদ—

শ্রীইআহাল চোধরি	শ্রীসেখ কানু	শ্রীইছব চোধরি
সাং সনসত	সাং সনসত	সাং সনসত


GENERAL
1829
TWO ANNAS
দুই আনা
TREASURY

[খ বিক্রী মো সীমান সন ১২৩৩। ৫ মুলাই শ্রীকৃষ্ণচৈতন্ত রায় জেলা বিরভূম খরিদা হরেকৃষ্ণ সরকার দাম ৵ দুই আনা

॥ ৮৬৮ ॥

কবুলতিপত্র (সন ১২৪০ সাল) প. ১

৺শ্রীশ্রীহরিঃ—



শ্রীনফর গরাঞ্জ
সাং সনসত ॥

মহামহিম শ্রীযুত গুরুচরন সরকার মহাসয় বরাবরেষু—

লিখিতং শ্রীনফর গরাঞ্জ কস্য—

কবুলতিপত্র মিদং লেখনং আগে পরগোনে বারবক সিহ মোজে সনসত মোজে মজুকুরের শ্রীহেছামদ্দী চৌধরি লাখরাজ খোববাস বাস্তবাটী গ্রামের মদ্দে দেকুড়া পুষ্করিনির পুব্ব রাস্তার পুব্ব উত্তর মহাসএর খরিদা আমার বসতবাটী /১৫১২ এক কাটা বার গোণ্ডা তাহার মালগুজারি ৸ বার আনা সন ২ মাফিক কীস্তিবন্দ মুরত মালগুজারি সহিসিক্কা করিন পতিগুদীগর কুনু দাফায় নালিষ করিলে মুজরা পাইব না এতদর্থে আপন খুসিতে কুবুলতিপত্র লিখিআ দীলাম ইতি সন ১২৪০ সাল তারিখ ১০ শাবণ—


জের জমা—৸

জায়—

কীস্তীবন্দী—

মাহ অগ্রায়ণ—৸

মবলগে বার আনা মালগুজারি করিব ইতি—



ইসাদ—

শ্রীইআহীল চৌধরি সাং সনসত | শ্রীকাঙাল গরাঞ্চ সাং সনসত | শ্রীইছব চোধরি সনসত

[খ- বিক্রী মো সীজান সন ১৮৩৩। ৫ মুলাই শ্রীকৃষ্ণচৈতন্ত রায় জেলা বীরভূম ধরিদার হরেকৃষ্ণ সরকার দাম ৵ আনা—

॥ ৮৬৯ ॥

করজপত্র (সন ১২৪০ সাল) প ১

৭শ্রীরাম—

শ্রীযুত হুকবেহারি গোসাঁই
সাং খোসাকী হুগলীপুর
বং মাণিকচন্দ্র দাস
সাং কালিপুর

করজ রুপেয়া বাবতে ৮গোসাঁই টাকা বিঘি লাট আলায়—বান্দি জমিদার শ্রীযুত নবকীসোর সরকার মারফত খোদ সন ১২৩৯ সাল দরুন ৸৵ পোণর আনা পাইয়া করজপত্র লিখিয়া দীলাম ইতি সন ১২৪০ সাল তা—২৭ আশিন—

কীচমাট

॥ ৮৭০ ॥

করজপত্র (সন ১২৪০ সাল) প ১

৺৭শ্রীরাম—

শ্রীযুত কুঞ্জবিহারি গোস্বামী
সাং গোসাঞী দুর্গাপুর
বং শ্রীমানিকচন্দ্র দাস
সাং কালিপুর

করজ রূপেয়া বাবতে ৺গোস্বামী টাকা বিত্তি লাট কৃষ্ণনগর ও লাট নোহানাদীঘর জমিদার শ্রীগুচরুরন সরকার মারফত শোধ সন ১২৩৯ সালের হিসাব সোদ ৩ তিন টাকা পাইয়া করজপত্র লিখিয়া দীলাম ইতি সন ১২৪০ সাল—তা—২৭ আশ্বীন—

কীটদষ্ট।

॥ ৮৭১ ॥

খতপত্র (সন ১২৪০ সাল) প ১

[মহামহীম শ্রীযুত গুরু]চরন সরকার [জমিদার মহাশয় বরা]বরেষু—

লিখিতং [শ্রীভাগবত রায়]—

শ্রীভাগবত রায়
সাং সেড়া[কী]

কস্য করজ[পত্র] মিদং কাজ্ঞানঞ্চাগে ... ... আমীহ [আপনকার] স্থানে মারফত শ্রীধনকৃষ্ণ [... সিক্কা ২৯ উনত্রীশ টাকা কর্জ্জ লইলাম ইহার যুদ মাফিক জাবিদা নিকাস করিয়া দিব সোধের ওআদা মাহ পোসের মহাজনি দরদস্তুরে ধান্ত দিয়া পরিশোধ করিব এতদর্থে টাকা লইয়া খতপত্র লিখিয়া দিলাম ইতি সন ১২৪০ বারসও চলিস সাল তারিখ—১২ আশ্বিন—

কীটদষ্ট ও জীর্ণ।

॥ ৮৭২ ॥

বিক্রয়কবালাপত্র (সন ১২৪০ সাল) প ১

৭শ্রীশ্রীরাম

STAMP
EIGHT ANNAS
... ...
... ...
আট আনা
OFFICE

শ্রীমতি ভোমা বিবি
বং মুনিরদ্দী চৌধরি
সাং সনসত

ইজাদিকীর্দ্দ সকল মঙ্গলালয় খরিদীগীকারক—

শ্রীযুত গুরুচরন সরকার ওলদে ৺ব্রজবল্লভ সরকার ইবনে ৺জাদবিন্দু সরকার সাকীম মুরুল পরগনে বারবক শীংহ মতালতে জেলা বিরভোম বরাবরেষু—

লিখিতং খরিদীগীদাদে শ্রীমতি ভোমা বিবি ওলদে ৺কফীনদ্দী চৌধরি জরজে চৌধরি মুনিরদ্দী ওলদে চৌধরি হুখাউদ্দী ইবনে চৌধরি ৺কাবিল মহাম্মদ সাকিম সনসত পরগনে বারবক শীংহ সামীলে থানা কষবা মতালকে জেলা বিরভোম—

কষ্য লাখরাজবাস্তু জড়খরিদীগী বিক্রয়কবালাপত্র মিদং লিখনং কার্য্যনঞ্চ আগে পরগনে বারবক সিংহ মোজে সনসত মোজে মজুকুর মধ্যে গ্রামের পচ্ছীম হাসামদ্দী চৌধরির জামীরগড়্যা পুষ্করীর পুর্ব্ব রাস্তার পছীম উত্তর ওকেল চৌধরির লাখরাজবাস্তুর দক্ষীন বাস্তু ১ বাটী /২ দুই কাঠা বসত প্রজা ন··· মলিক আমার পৌউত্রিক লাখরাজ তরফা দরুন আমী আপন খুশীতে সেচ্ছাপূর্ব্বক আপন সত্রা ত্রেগ করিআ পোনবাহা সিক্কা ১০ দস টাকাতে আপনকার নিকট জড়খরিদীগী বিক্রয় করিলাম পোনবাহা মবলগ মযুকুর রাইজনওক্ত পুরা ওজন দস্তবদস্ত নগদ টাকা পাইয়া আপন কাবেজ তহরূপে আনিআ বাস্তু মযুকুর আপনকার নিকট জরখরিদীগী বিক্রয় করিয়া কবালা লিখিয়া দীলাম আপুনি মওজী মযুকুরের দখিলকার হইয়া ও দানবিক্রয়ের সত্রাধিকারি হইআ পুত্রপোউত্রাদীক্রমে ভোগ দখল তহরূপাত করহ কাল-

কালাও আমী কীছা আবার ওআরিষআন কেহ কখন দাবি করে কীছা করি সে ঝটা ও বাতিল নামঞ্জুর এতদার্থে আপন খুশীতে বাহাল তবিয়তে বিনা ওজর বিনা জোর জুলুমে ওপরোধে তস্ত খরিদে লাখরাজ বাস্ত জড়খরিদীগী বিক্রয় করিআ কবালাপত্র লিখিআ দীলাম— ইতি সন ১২৪০ সাল তারিখ— ২৭ জৈষ্ঠী—

ইসাদী—

শ্রীসখারন্দী চৌধরি	শ্রীমিজা খোদাবক্ষ	শ্রীইছফ চৌধরি পং
সাং সনসত	সাং সনসত	সাং সনসত

GENERAL
1829
EIGHT ANNAS
আট আনা
TREASURY

[খ- বিক্রী মোং সিঙ্গান সন ১৮৩৩ সাল ২৭ মাই শ্রীকৃষ্ণচৈতন্য রায় জেলা বিরভোম খরিদার শ্রীকাশীনাথ ঘোষ দাম ॥ আনা—

॥ ৮৭৩ ॥

বিক্রিকবালাপত্র (সন ১২৪০ সাল) প ১

৺শ্রীশ্রীসর্ব্বমঙ্গলা

প্রভুলকত্তা—

STAMP
EIGHT ANNAS
... ...
... ...
আট আনা
OFFICE

ইআদিকীদ্দ' সকল মজলালয় খরিদীগীকারক শ্রীযুত ওররচন সরকার ওলদে ৺ব্রজবল্লভ সরকার ইবনে ৺জাদবিন্দু সরকার সাকিম যুরুল পরগনে বারবক সীংহ সামিলে থানা কবরা মতালকে জেলা বিরভোম বরাবরেষু—

লিখিতং খরিদীগীদাদে শ্রীচৌধরি ইছব ও চৌধরি হাকিজদ্দী ও চৌধরি মকিজদ্দী ও চৌধরি ইফুজদ্দী ওলদে চৌধরি হথাওদ্দী ইবনে চৌধরি কাবিল মহার্ম্মদ চৌধরি সাকীম সনসত পরগনে বারবক সীংহ সামিলে থানা কবরা মতালকে জেলা বিরভোম—

শ্রীহাকিজদ্দী চৌধরি
শ্রীইফু চৌধরি
সাকিম সনসত

শ্রীইছব চৌধরি
শ্রীমকিজদ্দী চৌধরি

কষ্য লাখরাজবাস্তু ও জমী বিক্রী জড়খরিদীখী বিক্রয়কবালাপত্র মিদং লিখনং কাষ্যানঞ্চ আগে পরগনে বারবক সীংহ মোজে সনসত মোজে ময়ুকুরের মধ্যস্থল দেয়াকুড়্যা পুষ্করীর নইরিতকোন বড়গড়্যা পুষ্করীর পূর্ব্ব ভোলা সাহার বসতবাটীর পূর্ব্ব উত্তর নকর মদকের বসতবাটীর পশ্চীম রাস্তার হেড্যাকোন বাস্তু /১৫১০ ডের কাঠা বসত প্রজা সেখ জামাল আর গ্রামের পচ্ছীম ব্রাহ্মণপুষ্করীর মাট হাসামদ্দী চৌধরির পূর্ব্ব জমীর সখাউদ্দী চৌধরির খএরাতজমীর পচ্ছীম ও জষ্য বাগীচার উত্তর ব্রাহ্ম'ণপুষ্করীর নালার দক্ষীন দো কল্লে জমী ॥৪ চন্দ' কাঠা একুনে বাস্তু ও জমী ৮৫১০ পোনের কাঠা দখ গণ্ডা আমাদীগে'র পৌউত্রিক লাখরাজবাস্তু

ও দো কল্লে জমী আমরা আপন ২ খুশীতে আপন ২ সত্তা ত্রেগ করিয়া পোনবাহা সিক্কা ২৫ পচিস টাকাতে আপনকাকে জড়খরিদীগী বিক্রয় করিলাম পোনবাহা মবলগ মযুকুর রায়জনওক্ত পুরা ওজন দস্তবদস্ত নগদ টাকা পাইয়া আপন কাবেজ তহরূপে আনিয়া সেচ্ছাপূর্ব্বক বাস্তু ও দো জমী জড়খরিদীগী বিক্রয়কবালা লিখিআ দিলাম আপুনি বাস্তু ও মওজীর দখিলকার হইআ ও দান বিক্রয়ের সত্রাধিকারি হইআ পুত্রপৌত্রাদিক্রেমে ভোগ দখল তহরূপান্ত করহ কালকালাও আমরা কীম্বা আমাদীগের ওআরিষআন কেহ কখন দাবি করে কীম্বা করি সে ঝুটা ও বাতিল নামঞ্জুর এতদর্থে আপন ২ খুশীতে সেচ্ছাপূর্ব্বক বাহুষ বহাল তবিয়তে বিনা ওজর বিনা জোর জুলুমে বিনা ওপরোধে মুস্তু মরিয়ে লাখরাজবাস্তু জমী জড়খরিদীগী বীক্রয় করিয়া কবালাপত্র লিখিআ দীলাম ইতি সন ১২৪০ বারসও চল্লিষ সাল— তারিখ— ২৭ জৈষ্ঠী—

ইসাদ—

শ্রীচৌধরি সখায়দ্দী
সাং সনসত

শ্রীতোফেল চৌধরি
সাং সনসত

শ্রীনবকৃষ্ণ নাগ গং
সাং সনসত

GENERAL
1829
EIGHT ANNAS
আট আনা
TREASURY

[খ- সন ১৮৩৩ সাল ৮ জুন জেলা বর্দ্ধমান চৌকীচালক একটিং ইষ্টাম্প তহবিলদার শ্রীব্রজলাল হাজরা খরিদার শ্রীশভাশী লোহার ॥ আনা—

॥ ৮৭৪ ॥

কবুলতিপত্র (সন ১২৪০ সাল) প ১

৺শ্রীশ্রীহরিঃ।

চরণ স্মরনং

মহামহিম ৺শ্রীনিবাস সরকার পত্রনিতালুকদার ওয়ারিসান শ্রীযুৎ নবকীশোর সরকার ও শ্রীযুৎ বৈকুণ্ঠনাথ সরকার ও শ্রীযুৎ কৈলাষনাথ সরকার সরিকান শ্রীযুৎ গুরুচরন সরকার ও শ্রীযুৎ বিশ্বনাথ সরকার ও শ্রীযুৎ আসীনন্দ সরকার ও শ্রীযুৎ রামচন্দ্র সরকার মহাসয় বরাবরেষু—

STAMP
FOUR RUPEES
... ...
... ...
চার টাকা
OFFICE

শ্রীমধুরানাথ রায়
সাং বেড়গ্রাম

লিখিতং শ্রীমধুরানাথ রায় কষ্য কবুলতিপত্র মিদং কাজ্যঞ্চাগে আপনকার্দ্দের পত্রনিতালুক লাট গোমড়া সামিল মোনহরসাহি পরগনায় মোজে রতিরামপুর ১ এক মোজা জাহার জমা সালিনা ২০১ দুই সও এক টাকা জমায় মবলগে ১০০ এক সও টাকা পোনে জমা খুব সমঝিয়া মপষলি দরপত্রনিতালুক দস্তখত করিলাম ঐ দুই সও এক টাকা আসল ও মেয়াদ খেলাপী সুদ জে হইবেক তাহা সমেত মালগুজারি করিব মবলগ মজুকুর সিক্কা পরখ সহী মাফিক কীস্তীবন্দী সন ২ মাষ ২ আপন কার্দ্দের তালুকাতের কাছারী বরাবর বিনা ওজর সরবরাহ করিব এই জমাতে কমি ও নাজাই ও হাজা ও মুকা ও নদীসিকস্তী লোকসানি [ওপর] কোন দফায় ওজর নালিষ করিব না মাষ তলপের টাকা মেয়াদ মোনকাজী হইলে দোষরা মাষের পহিলা তারিখ .....মাফিক আইন সুদ দিব এবং মতাবক আইন বাকী দাবি সব্ব আপনকার্দ্দের তালুকাতের কাছারি হইতে ফ্রো.....দেন তাহার মাহিনা ও খরচা বিনা ওজর আমি দিব এবং সাজোআলের নিকট আপন তরফ আমলা তৎক্ষ[নাত] .....দিব সাজোআল জে কাগজ তলপ করিবেক তাহার আজ্ঞায় দিব সাজোআলের তহবিল তহরূপ.....সরকারের মালগুজারিতে খলল করিব না সাজো-আলের উপর কোন দাবি থাকে মতাবক আইন হকীয়তে নালিষ করিব সীকারের

সহিত কোন এলাকা নাই মালগুজারির বাকী থাকীলে মতাবক আইন বঙ্গ-পুরের মর্দ্দে দুই মরতরা কীম্বা ততধিক মরতরা নিলাম বিক্রী করিয়া বাকী আদায় করিয়া লইবেন তাহাতে জদি বেবাক বাকী আদায় না হয় মতাবক আইন আমার স্থানে আদায় করিয়া লইবেন তাহাতে আমার কোন উজর নাই মাহাল মজকুর বাকী দাবিতে মতাবক আইন বিক্রী হইলে আমি সনামি কীম্বা বিনামী ফেরের করিয়া খরিদ করিব না জদি করি সে নামঞ্জুর মপয়ল আমল মামল মাফিক দখল করিব তালুক মজকুরে আমার দস্তখতের পুর্ব্বে পুস্কনি খননদিগর হজুরের সনন্দীমতে ও জে সকল জমিনের মালগুজারি আয়মাদপ্তর সামিল হইয়াছে তাহার সহিত আমার এলাকা নাই আর সরকারি খাস বাগাত ও হেবেলি ও পুস্কনি ও জামিনদিগর জে সকল সরকারের খাসদখলে আছে তাহাতে কোনমতে দস্ত আন্দাজ হইব না আপনকার্দ্দের রক্ষীদপ্তর সামিল পুলিষ মতালক চৌকীদার ওগয়রহ জে আছে তাহা তসীর বহাল করিতে হইলে আমি করিব সরকারের সহিত কোন বিসয় নাই জেলার তহশীলে থানার চাকরানজমি সদর বাজেআপ্তী হইয়া জত টাকা তলপ হইবেক তাহা আলাহিদা সন ২ সরবরাহ করিব মপয়ল ৺সেবা আমল মামল মাফিক জে আছে তাহা বাহাল রাখিব পুলবন্দী সরে চাকলা জেমত হুকুম হইবেক সেই মাফিক আমলে আনিব পুলবন্দীর খেতি খতরা হইলে সরকারের মালগুজারিতে কোন ওজর করিব না মপয়লে বহত্তবুধ জমা ওয়াশীলবাকা কাগজ গয়রহ জখন জাহা তলপ হইবেক তাহা দাখিল করিব এবং আদালতে ফৌজদারি কালেক্টরি ও পুলিষ ও মোনষুর ও কানুনগোউ হরেএক কাছারিতে জখন জে লক্ষা মাফিক কাগজ ও মহরির ও পাঠআরি তলপ হইবেক ও ফোজ আমদরপ্তী রসদের জখন জে হুকুম হাদর হইবেক তাহার সরবরাহ আমি বিনা ওজর করিব এবং শ্রীযুৎ মেজেষ্টর সাহেবের হুকুম মতাবেক মপয়ল মোকাম ২ জেখানে ডাক চৌকী মোকরোর আছে ও আইন্দা মোকরোর হইবেক তাহার মোকাম ২ ডাক চৌকী আমলা মোকরোর করা ও তাহাদিগোর তসীর বাহাল করা এবং দরমাহা দেওা ও খরচ খরচা জে হায় তাহার সরবরাহ ও লেখাবানি করা আমার জিম্মা এবং ঐ সকল কাছারি হায় হৈতে জখন জে বিসয় হুকুমজারি হইবেক তাহা আমলে আনিব আদালত ও ফৌজদারি ও কালেক্টরি ওগয়রহ এলাকা হায় হরেএক মোকদ্দমার জবাব-দিহি আমার জিম্মা ইহাতে অন্যমত করিলে জরিমানা ও খরচা জে দেনা হইবেক তাহা আমি দিব এই সকল বিসয় সরকারের সহিত কোন এলাকা নাই কালেকটরি কাছারি হইতে পাটওআরিদিগর জখন জে মোকরোর হইবেক তাহার মাহিনা

আমি দিব আমার এই তালুকের সরহদ্দের মধ্যে যিহন নিমিকী সাহেবানের হুকুম নিমক মোয়াওান করিতে দিব না অদি দি তাহার জবাবদিহি ও জরিমানা আমার জিম্মা সরকারের সহিত যিসয় নাই ইহা সেওাই সদর হইতে অখন যে আইন হুকুমজারি হইবেক তাহা বিনা ওজর আমলে আনিব আইন বর খেলাপ কোন কাজ্য করিব না অদি করি তাহার জবাবদিহি আমার জিম্মা এতদর্থে আপন খুশীতে কবুলতিপত্র লিখিয়া দিলাম পুনরায় লিখিতেছী সন ১২৩৯ সালের নাগাদী আখেরি প্রজাহার পাম মহাশয়দিগ্যের বাকী জাহা আছে তাহা আমি আপন খুশীতে আমি আপন জিম্মা করিয়া লইলাম মপয়ল তহশীল করিয়া মহাশওর্দ্দের নিকট নাগাদী সন ১২৪১ সালের মাহ আসাড় সরবরাহ করিব কোন ওজর করিব না ইতি সন ১২৪০ সাল তারিখ— ৫ ফাল্গুন—

জের জমা—২০১

তারিখ—

কীস্তীবন্দী—

[বৈসাখ]—৭ জৈষ্ঠী—৮ আসাড়—১৫ শ্রাবন—২০ ভাদ্র—২৫

আশ্বীন—২৫ কাত্তীক—৭ অগ্রহায়ন—৩৩ পোষ—৩৫ মাঘ—১০

ফাল্গুন—৯ চেত্রী—৭=২০১

মবলগে দুই সওা এক টাকা এই কীস্তীবন্দী মুয়ত সন ২ মালওজারি করিব ইতি—

লিখিতং শ্রীমিঞা গোলাম পঞ্জওন—

কষ্য জামিনতিপত্র মিদং কাজ্যাগে আপনকার্দ্দের পত্রনিতালুক লাট গোমড়া পরগহ পরগনে মোনহরসাহী মোজে রতিরামপুর ১ এক মোজা মাহালাতের কাত সালিনা ২০১ টাকা জমায় ঐ মোনহরসহি পরগনার বেড়ুগ্রামের শ্রীমথুরানাথ রায় মপয়লি দরপর্ত্তনিতালুক লইয়া ঐ মহালাতের মালওজারির মালজামিন আমাকে দিলেন আমি আপন সেচ্ছাপূর্ব্বক মালওজারির মাল জামিন হইলাম দরপত্তনিতালুকদার মজুকুর আপন দস্তখতি কবুলতি ও কীস্তীবন্দী মাফিক আপনকার্দ্দের তালুকাতের কাহারি বরাবর সন ২ কীস্তীবন্দী মাফ ২ মালওজারির সরবরাহ করিবেক তাহাতে যে কীস্তী হইতে সরবরাহ না করিবেক সেই কীস্তী হইতে আমি মাহাল মজুকুরের মালওজারির টাকা মাফিক কীস্তীবন্দী সন ২ মাফ ২ কীস্তী ২ আপনকার্দ্দের তালুকাতের কাহারির জায়া বিনা ওজর সরবরাহ করিব ইহাতে কীস্তী খেলাপ হয় আমার পর সন ১৭৯৯ সালের সপ্তম আইন এবং চলিত আইন জারি করিয়া টাকা আদায় করিয়া লইবেন তাহাতে আমার কোন ওজর নাই ইহা সেওাই আমার ঐ মালজামিনির মাল

বরাতির কারন সন ১৮১৯ সালের ৮ আইনের হুকুম মতাবক নিচের তপশীল জায়দাদ লিখিয়া দিতেছী বাকীদারের স্থানে ও আমার স্থানে বাকী আদায় না হইলে উপরন্ত এই জায়দাদ এবং দোষরা আর জে জায়দাদ থাকে তামাম কামাল ঐ বাকীর কারন বিক্রী করিয়া লইবেন জায়দাদ বিক্রীতে আদায় না হইলে জে মুরাত হয় আমি ঐ টাকা আদায় করিব ইহাতে আমি কীম্বা আমার ওয়ারিসান কোন উজর আখেজ করি কীম্বা করে সে নামঞ্জুর মালগুজারি টাকা বেবাক মায় সুদ ও খরচা ও খেসারত আদায় তক আমার হুবসুরা জে দেনা আদালত ও ফৌজদারি ও কালেক্টরি হইতে জখন জে নকষ্যা মাফিক কাগজ তলপ হইবেক ও ফৌজদারি আমলগুর রসদের জখন জে হুকুম হাদয় হইবেক তাহার সরবরাহ বিনা ওজর করিব দরপত্রনি তালুকদারের কোন ওজর করিব না দরপত্রনি তালুকদার মজকুরের কবুলতি আমলে আনিয়া সকল কার্য্য করিব এতদার্থে আপন খুশীতে দরপত্রনি তালুকদার মজকুরের মালজামিন হইয়া জামিনিপত্র লিখিয়া দিলাম পুনুরায় লিখিতেছী সন ১২৩৯ সালের নাগাদী আখেরি বিলাতবাকী জাহা প্রজার স্থানে হইবেক তাহা দরপত্রনিদার আপন দিবে লইয়া নাগাদী সন ১২৪১ সালের মাহ আশাড় বেবাক টাকা আদায় করিবেক না করেন বিনা ওজর নিজ হইতে নগদ তঙ্কা দিব কোন ওজর আপত্ত করিব না ইতি সন ১২৩০ সাল তারিখ— ৫ ফাল্গুন—

GENERAL
1829
FOUR RUPEES
চার টাকা
TREASURY


ইসাদ--

শ্রীগঙ্গানারায়ন সীহ	শ্রীপার্ব্বতিচরন ঘোষ	শ্রীহরিপ্রসাদ সীহ
সাং বাহাদুরপুর	সাং বেড়গ্রাম	সাং নওয়াদা
শ্রীসরূপ সিহ	শ্রীপরেষনাথ নাহা	...
সাং পাএড়	সাং মুকুন্দী	...

[খ—বিক্রী--সন ১৮৩৪ সাল ১১ ফিরুয়ারি মোকাম ... শ্রীযুৎ সদানন্দ ঘোষ জেলা বিরভোম খরিদার ... প্রসাদ রায় ... ... দাম ৪ চারি টাকা—

॥ ৮৭৫ ॥

কবুলতিপত্র (সন ১২৪০ সাল) প ১



[পার্শ্বে শ্রীমিঞা গোলাম পঞ্জন
শ্রীমিঞা তোফেজল হুসেন
ও শ্রীমিঞা মকবল হুসেন]

মহামহীম ৺শ্রীনিবাস সরকার পর্ত্তনিতালুকদার ওয়ারিসান শ্রীযুৎ নবকীশোর সরকার ও শ্রীযুৎ বৈকুণ্ঠনাথ সরকার ও শ্রীকৈলাষনাথ সরকার সরিকান শ্রীযুৎ গুরুচরন সরকার ও শ্রীযুৎ বিশ্বনাথ সরকার ও শ্রীযুৎ আসানন্দ সরকার ও শ্রীযুৎ রামচন্দ্র সরকার মহাসয় বরাবরেষু--

লিখিতং শ্রীমিঞা গোলাম পঞ্জন ও শ্রীমিঞা তোফেজল হুসেন ও শ্রীমিঞা মকবল হুসেন--

কষ্য কবুলতিপত্র মিদং কাজ্যঞ্চাগে আপনকার্দ্দের পত্রনিতালুক লাট গোমড়া সামিল মৌনহরসাহি পরগনার মৌজে চিনিষপুর ১ এক মৌজা জাহার জমা সালিনা ৫৯৫ পাচ শও পচানবই টাকা মায় মবলগে ৩০০ তিন সও টাকা পৌনে জমা খুব সমঝিয়া মপষলি দরপত্রনিতালুক দস্তখত করিলাম ... ... ৫৯৫ টাকা আসল ও মেয়াদ খেলাপী সুদ জে হইবেক তাহা সমেত মালগুজারি মবলগ মযুকুর সিক্কা পরষ সহি মাফিক কীস্তীবন্দী সন ২ মাষ ২ আপনকার্দ্দের তালুকাতের কাছারি বরাবর বিনা ওজর ... এই জমাতে কমি ও নজাই ও হাজা যুকা ও নদীসিকস্তী লোকসানী ওগয়রহ কোন দফার ওজর নালিষ ... মেয়াদ মোনকাজী হইলে ২ মাসের পহিলা তারিখ আইন সুদ দিব এবং খরচা বিনা ... কাগজ তলপ করিবেন ... আইন হকিয়তে নালিষ কীম্বা সরকারের সহিত কোন এলাকা নাই মালজারির বাকী থাকীলে মতাবক আইন বয়ুপুরের মবস্তরা কীম্বা তদধিক মবস্তরা নিলাম বিক্রয় করিয়া বাকী আদায় করিয়া লইবেন তাহাতে জদ্যপী যেবাক বাকী আদায় না হয় ... মতাবক আইন আমারদিগের স্থানে আদায় করিয়া লইবেন তাহাতে আমাদের কোন ওজর নাই মাহাল মযুকুর বাকী

দাবিতে বিক্রী হইলে আমরা সনামি কীম্বা বিনামি ফেরের করিয়া খরিদ করিব না জদি করি সে নামঞ্জুর বাকী দাবি নিলামের তারিখ হইতে মতাবক আইন আমার দান বিক্রী ও বন্দক ও বাটওয়ারা রকমওয়ারি হিষ্যা করিয়া দেওা রদ ও বাতিল আমাদের্ঁর দরপত্রনিতালুক আপনকাদের্ঁর পর্ত্তনিতালুক হইতে খরিজ হইবার নাত্রক কোন প্রকারে নাই তালুকাত সামিল থাকীয়া মালগুজারির সরবরাহ করিব জদি আমরা কীম্বা আমাদির্গ্যের ওয়ারিষমান কোহা কখন খরিজের দরখাস্ত করি কীম্বা করে সে নামঞ্জুর মপস্বল আমল মামল মাফিক দখল করিব তালুক মযকুরে আমাদের দস্তখতের পুর্ব্ব পুস্কনি খননদিগর হুমুরের সনন্দী মতে ও জে সকল জমিনের মালগুজারি খাষ আরমাদপুর সামিল হইয়াছে তাহার সহিত আমার এলাকা নাই আর সরকারি খাষবাগাত ও হাবেলী ও পুস্কনি ও জমিনদিগর জে সকল সরকারের খাষদখলে আছে তাহাতে কোনমতে দস্ত আন্দাজ হইব না আপনকাদের্ঁর বন্দীদপ্তর সামিল পুলিসের মতাবক চৌকীদার ওগয়রহ জে আছে তাহা তগীর বহাল করিতে হইলে আমি করিব সরকারের সহিত কোন বিসয় নাই জেলার তহসীলে থানার চাকরানজমি সদর বাজে আপ্তী হইয়া জত টাকা তলপ হইবেক আলাহিদা সন ২ সরবরাহ করিব মপস্বল সেবা আমল মামল মাফিক জে আছে তাহা বহাল রাখিব পুলবন্দী সরে চাকলা জেমত হুকুম হইবেক সেই মাফিক আমলে আনিব পুলবন্দীর খেতি খতরা হইলে সরকারের মালগুজারিতে জে কোন ... মপস্বলের হস্তবুদ জমা ওয়াশীল বাকী ... গয়রহ জখন জাহা তলপ হইবে তাহা দাখিল করিব এবং মালগুজারির কোন ... জখন জে নকষা মাফিক কাগজ ও আদালত ফৌজদারি ও কালেক্টরি ও পুলিষ ... এবং গাঠওআরি তলপ হইবেক ও ফৌজদারি আমদরপ্তী রসদের ... তাহার সরবরাহ আমরা বিনা ওজর করিব এবং শ্রীযুৎ মেজেষ্টর সাহেবের হুকুম মতাবক মপস্বল মোকাম ২ জেখানে ডাক চৌকী মোকরোর আছে ও আইন্দে মোকরোর হইবেক তাহার মোকম ২ ডাক চৌকীর আমলা মোকরোর করা ও তাহাদিগ্যের তগীর বহাল করা এবং দরমাহা দওা ও খরচখরচা জে হয় তাহার সরবরাহ ও লেখাবানি করা আমাদের্ঁর জিম্বা এবং ঐ সকল কাছারিহার হইতে জখন জে বিসয় হুকুম জারি হইবেক তাহা আমলে আনিব আদালত ও ফৌজদারি ও কালেক্টরি ওগয়রহ এলাকাহার হরেক মোকদ্দমার জবাবদিহি আমাদের জিম্বা ইহাতে অন্যমত করিলে জরিমানা ও খরচা জে দেনা হইবেক এই সকল বিসয় সরকারের সহিত কোন এলাকা নাই কালেক্টরি কাছারি হইতে পাটআরিদিগর জখন জে মোকরোর হইবেক তাহার মাহিনা

আমরা দিব আমাদের এই তালুকের সরহদ্দের মধ্যে যেহুন নিমকীর সাহেবের হুকুম নিমক পোকআল করিতে দিব না জদী দীই তাহার জবাবদীহি ও জরিমানা আমাদের জেম্মা সরকারের সহীত বিসয় নাই ইহা সেওাই সদর হইতে জখন জে আইন হুকুমকারি হইবেক তাহা বিনা ওজর আমলে আনিব আইন বর খেলাপ কোন কার্য্য করিব না জদী করি তাহার জবাবদীহী আমাদের জেম্মা এতদর্থে আপন ২ খুসীতে কবুলতিপত্র লিখীয়া দীলাম পুনুরায় লিখিতেছি সন ১২৩৯ সালের প্রজার স্থানে জে বিলাতবাকী আছে তাহা মপস্বল আদায় করিয়া মহাশয়দ্দের নিকট সন ১২৪১ সালের নাগাদী আশাঢ় বিনা ওজর সরবরাহ করিব কোন ওজর করিব না আপন খুশীতে জিয়া করিয়া লইলাম ইতি সন ১২৪০ সাল তারিখ ৫ ফালুগুন—

জের জমা— ৬৯৫

কীস্তীবন্দী—

তলপ—

বৈসাখ—২১ জৈষ্টী—২৫ আশাঢ়—৪০ শ্রাবন—৭০ ভাদ্র—৮০ আশ্বিণ—৬১৷৷০ কাত্তীক—৩৫ অগ্রহায়ন—১০০ পৌষ—১০০ মাঘ—২৭ ফাগুন—২০ চৈত্রী—১৫৷৷০ =৫৯৫

মবলগে পাচ সও পচানব্বই টাকা কীস্তীবন্দী সন ২ মালগুজারি করিব ইতি--

... সী তালেব হোছেন--


... মিদং কাজানকাগে আপনকার্দ্দের পর্ত্তনি লাট গোমস্তা [পরগনে মনহর] সাহি মোজে চিনিষপুর ১ এক মোজে মাহালের কাত সালীনা ৫৯৫ টাকা [মনোহর]সাহি পরগনার আনখোনা সামীলের শ্রীমিঞা গোলাম পঞ্জগুন [শ্রীমিঞা তোফে]জল হুসেন ও শ্রীমিঞা মকবল হুসেন এই তিন জনার মপস্বলি ... ... ঐ মহাল মজকুরের মালগুজারির মালজামিন আমাকে দিলেন ... পূর্ব্বক মালগুজারির মালজামিন হইলাম দরপত্রনিতালুকদার ... মযুকুরানরা আপন দস্তখতি কবুলতি ও কীস্তীবন্দী ... আপনকাদ্দের তালুকাতের কাছারি বরাবর সন ৩ মাঘ ২ মালগুজারি সরবরাহ করিবেক তাহাতে ... হইতে সরবরাহ না করিবেক সেই কীস্তী হইতে আমি ... মাঘ ২ কীস্তী ২ আপন কার্দ্দের তালুকাতের কাছারি ... সরবরাহ করিব ইহাতে কীস্তী খেলাপ হয় আমার পর সন ১৭৯৯ সালে ... আইন জারি করিয়া টাকা আদায় করিয়া লইবেন তাহাতে ... ইহা সেওাই আমার ও মালজামিন মাতবরদি কারন সন ১৮১৯ ... মতাবক নিচের তপশীল জায়দাদ লিখিয়া দিতেছী বাকী ... আমার স্থানে বাকী আদায় না

হইলে উপরান্ত এই জায়দাদ এবং জায়দাদ থাকে তামাম কামাল ঐ বাকীর কারণ বিক্রয় করিয়া লইবেন···জে জায়দাদ···আদায় না হইলে জে মুরুত হয় আমি ঐ টাকা আদায় করিব ইহাতে আমি কীম্বা আমার ওয়ারিসান কোন ওজর আখেজ করি কীম্বা করে সে নামঞ্জুর মালগুজারির টাকা বেবাক আদায় মুদ ও খরচা ও খেসারত আদায় তক আমার হবমুরতে দেনা আদালত ফৌজদারি ও কালেক্টারি জমিন জে নকষা মাফিক কাগজ তলপ হইবেক ও ফৌজে আমদরপ্তী রসদের জখন জে হুকুম হইবেক তাহার সরবরাহ বিনা ওজর করিব পত্রনিতালুকদারদিগ্যের কোন ওজর করিব না দরপত্রনিতালুকদারান মযুকুরানের কবুলতি আমলে আনিয়া সকল কাজ্য করিব এতদথে আপন খুশীতে দরপত্রনি তালুকদার মযুকুরানের মালজামিন হইয়া মালজামিনপত্র লিখিয়া দীলাম পুনরায় লিখিতেছী সন ১২৩৯ সালের নাগাদী আখেরি বিলাতবাকী জাহা প্রজার স্থানে হইবেক তাহা পত্রনিদার মযুকুরানরা আপন দিবেন ইয়া নাগাদী সন ১২৪১ সালের মাহ আশাড় বেবাক টাকা আদায় করিবেন নাকরেন বিনা ওজর নিজে হইতে নগদ তঙ্কা দিব কোন ওজর আপত্ত করিব না ইতি--সন ১২৪০ সাল—তারিখ ৫ ফাল্গুন--

তপসলি--

হুদা পাচপাড়া তালুকের দাম ৵ দুই আনা

আর মোনহরপুর ওগয়রহ মযুকুরের বিলকুল দীলাম ইতি—



ইসাদ--

শ্রীপরেষনাথ নাহা সাং মুরুলী | শ্রীপার্ব্বতিচরন ঘোষ -সাং বেড়ুগ্রাম | শ্রীহরিপ্রসাদ সীহ সাং নওয়াদা | শ্রীমধুরানাথ রায় সাং বেড়ুগ্রাম

শ্রীসরুপ সিংহ সাং পাএড় | শ্রীব্রজনাগর শর্ম্মা গং সাং আনখোনা

[খ--বিক্রী সন ১৮৩৪ সাল ১ ফিব্রুআরি মোকাম ... জেলা বিরভোম ...

॥ ৮৭৬ ॥

কবুলতিপত্র (সন ১২৪০ সাল) প ১

৺শ্রীশ্রীদুর্গাঃ

প্রত্যুলকত্তা।—



শ্রীরামচন্দ্র সরকার ... সাং পরগনে ... চৌকী ...

মহামহিম ৺শ্রীনিবাস সরকার পত্রনিতালুকদার ওয়ারিসান শ্রীযুৎ নবকীসোর সরকার ও শ্রীযুত বৈকুণ্টনাথ সরকার ও শ্রীযুৎ কৈলাসনাথ সরকার সরিকান শ্রীযুৎ গুরুচরন সরকার শ্রীযুৎ বিশ্বনাথ সরকার ও শ্রীযুৎ আশানন্দ সরকার ও শ্রীযুৎ রামচন্দ্র সরকার মহাসয় বরাবরেষু—

লিখিতং শ্রীরামচন্দ্র সরকার কষ্য কবুলতিপত্র মিদং কাজ্যনঞ্চাগে আপনকার্দ্দের পত্রনিতালুক লাট গোমড়া গয়রহ সামীল মোনহরসাহী পরগনার মৌজে কাটাডিহীদিগর ২ মৌজা জাহার জমা সালীনা ১৭২১ সতের সও একুস টাকা জমায় মবলগে ১৩০০ তের সএ টাকা পোনে জমা খুব সমজীয়া মপয়লী দরপত্রনিতালুক দস্তখত করিলাম ঐ ১৭২১ টাকা আসল ও মেয়াদ খেলাপী যুদ জে হইবেক তাহা সমেত মালগুজারি করিব মবলগ ময়ুকুর সীক্কা পরখ সহী মাফিক কীস্তীবন্দী কীস্তীর কীস্তী সন ২ মাষ ২ আপনকার্দ্দের তালুকাতের কাছারি বরাবর বিনা ওজর সরবরাহ করিব এই জমাতে কমী ও নাজাই ও হাজা ও যুধা ও নদীশীকস্তী লোকসান ওগয়রহ কোন দফার ওজর নালীষ করিব না মাষ তলবের টাকা মেয়াদ মোনকাজী হইলে দোশরা মাশের ১ পহিলা তারিখ হইতে মাফিক আইন যুদ দিব এবং মতাবক আইন বাকী দাবি সবব আপনকার্দ্দের তালুকাত হইতে ... দেন তাহার মাহিনা ও খরচা বিনা ওজর আমি দিব এবং সাজয়ালের নিকট আপন তরফ আমলা তৎখনাত ... সাজয়ালের কাগজ তলব করিবেক তাহার আদায় করিব সাজআলের তহবিল তছরুপাতের কোন ... মালগুজারিতে খলন করিব না সাজআলের উপর কোন দাবি থাকে মতাবক আইন হকীবাতে নালীষ করিব ... সহীত কোন এলেকা নাই মালগুজারিতে বাকী থাকীলে মতাবক আইন

বন্তারের মর্দ্দে দুই মবতরা ... মবতরা নিলাম বিক্রয় করিয়া বাকী আদায় করিয়া লইবেন তাহাতে জন্তপী বেবাক বাকী আদায় না হয় মতাবক ... আমার স্থানে আদায় করিয়া লইবেন তাহাতে আমার কোন ওজর নাই মাহালাত ময়ুকুর বাকী দাবি ... আইন বিক্রী হইলে আমি সনামী কীম্বা বিনামী ফেকের করিআ খরদী জদী করি সে নামঞ্জুর বাকী ... তারিখ হইতে মতাবক আইন আমার দান বিক্রীয় ও বন্দক ও বাটয়ারা রকমওয়ারি হিবা করিয়া দেওা ... আমার দরপত্রনি তালুক আপনকার্দ্দের পত্রনিতালুক হইতে খারিজ হইবার নাত্রক কোন প্রকার নাই তালুকাত ... খাকীয়া মালগুজারির সরবরাহ করিব জদী আমি কীম্বা আমার ওয়ারিশান কেহ কখন খারিজের দরখাস্ত করি কীম্বা করে সে নামঞ্জুর মপস্বল আমল মামল মাফিক দখল করিব তালুক ময়ুকুরে আমার দস্তখতের পুর্ব্ব পুস্কল্পী খাদদিগর হুযুরের সনন্দী মতে জে সকল জমিনের মালগুজারি আয়মাদপ্তর শামীল হইয়াছে তাহার সহিত আমার ও এলাকা নাই আর সরকারি খাশবাগাত ও হেবিলী ও পুস্কল্পী ও জমীনদীগর জে সকল সরকারের খাস দখলে আছে তাহাতে কোনমতে দস্ত আন্দাজ হইব না আপনকার্দ্দের বন্দীদপ্তর সামীল পুলীশের মতাবক চৌকীদার ওগয়রহ জে আছে তাহা তগীর ... করিতে হইলে আমি করিব সরকারের সহীত কোন বিশয় নাই জেলার তহশীল থানার চাকরানজমি সদর বাজেআপ্ত হইয়া জত টাকা তলব হইবেক তাহা আলাহিদা সন ২ সরবরাহ করিব মপস্বল ৮ইশ্বর সেবা আমল মামল মাফিক জে আছে তাহা ... রাখিব পুলবন্দী সরও চাকলায় জেমত হুকুম হইবেক সেই মাফিক আমলে আনিব পুলবন্দীর খেতি খত্তরা হইলে সরকারের ... মালগুজারিতে কোন ওজর করিব না মপস্বলের হস্তবুদ জমা ওয়াশীলবাকীর কাগজ গয়রহ জখন তাহা তলব হইবেক তাহা ... করিব এবং আদালত ফৌজদারি ও কালক্টরি ও পুলীশ ও মোনছোপ ও কাননগো ও হুরেক কাছারিতে জখন জে লস্কর ... ও মহরির ও পাটয়ারি তলব হইবেক ও কজের আমদরপ্তী রসদের জখন জে হুকুম হাদর হইবেক তাহার সরবরাহ ... ওজর করিব এবং শ্রীযুৎ মেজেষ্টর সাহেবের হুকুম মতাবেক মপস্বল মোকাম ২ জেখানে ডাক চৌকী মোকরের আছে... মোকরোর হইবেক তাহার মোকাম ২ ডাক চৌকী আমলা মোকরোর করা ও তাহাদির্গে তগীর বহাল করা এবং দরমাহা ... খরচখরচা জে হয় তাহার সরবরাহ ও লেখাবানি করা আমার জেম্মা এবং ঐ সকল কাছারিহার হইতে জখন জে বিসয় ... জারি হইবেক তাহা আমলে আনিব আদালত ও ফৌজদারি ও কালকষ্টরি ওগয়রহ এলাকাহার হরি রেক মোকর্দ্দমার ... আমার জিম্মা

ইহাতে অন্যমত করিলে জরিমানা ও খরচা যে দেনা হইবেক তাহা আমি দিব এই সকল বিসয় ... কোন এলাকা নাই কালেক্টরি কাছারি হইতে পাটয়ারিদিগর জখন যে মোকরোর হইবেক তাহার বাহিনা আমি দিব এই তালুকাতের সরহদ্দের মধ্যে বিনা নিমকের সাহেবানের হুকুম নিমক পেশ্তান করিতে দিব না জদী ... জওাব দিহি ও জরিমানা আমার জিম্বা সরকারের সহীত বিসয় নাই ইহা সেওাই সদর হইতে জখন যে হুকুম জারি হইবেক তাহা বিনা ওজর আমলে আনিব আইন বর খেলাপ কোন কাজ করিব না জদী করি তাহার ... আমার জিম্বা এতদার্থে আপন খুশীতে কবুলতিপত্র লেখিয়া দিলাম পুনুরায় লেখিতেছি সন ১২৩৯ সালের ... প্রজাহাএর পায় মহাশয়দির্গের বাকী জাহা থাকীবেক তাহা আমী আপন খুশীতে আপন জীম্বা করিয়া লইলাম তহশীল করিয়া মহাশয় দির্গের নিকট নাগাদী আশ্বীন সরবরাহ করিব কোন ওজর করিব না ইতি সন ১২৪০ সাল—তারিখ—৪ বৈসাখ—

জের জমা—১৭২১

কীস্তীবন্দী—

তলব—

বৈশাখ—১৫ জৈষ্টী—১৫৷৷ ০ আশাড়—১৩০ শ্রাবন—১৪০ ভাদ্র—২০০ আশ্বীন—২০০ কাত্রীক—১১০ অগ্রহায়ন—২০০ পৌষ - ২০০ মাঘ--১৪০ ফালগুন--১৩০ চৈত্রী -৪০৷৷ =১৭২১

মবলগে সতের সএ একুস টাকা এই কীস্তীবন্দী মুরত মালগুজারি করিব ইতি--

লিখিতং শ্রীখেত্রনাথ চৌধুরি—

ক্ষত্র চৌধুরি
কাজীপুর
হুগলী

কষ্য মালজামীনিপত্র মিদং কাজ্যনজাগে আপনকার্দ্দের পত্রনিতালুক লাট গোমড়া পরগহ পরগনে মোনহরসাহী মৌজে কাটাডিহীদিগর ২ দুই মৌজা মহালাতের কাত সালিনা ১৭২১ টাকা জমায় ঐ মোনহরসাহী পরগনার ঐ কাটাডিহী সাকীমের শ্রীরামচন্দ্র সরকার মপস্বল দরপত্রনিতালুক লইয়া ঐ মাহালতের মালগুজারির মালজামিন আমাকে দিলেন আমী আপন শেচ্ছাপূর্ব্বক মালগুজারির মাল জামিন হইলাম দরপত্রনিতালুকদার মযুকুর আপন দস্তখতি কবুলতি ও কীস্তীবন্দী মাফিক আপনকার্দ্দের তালুকাতের কাছারি বরাবর সন ২ কীস্তী ২ মাঘ ২ মালগুজারির সরবরাহ করিবেক তাহাতে যে কীস্তী হইতে সরবরাহ না করিবেন সেই কীস্তী হইতে আমী মাহালাত মযুকুরের মালগুজারির টাকা মাফিক কীস্তীবন্দী সন ২ মাঘ ২ কীস্তী ২ আপনকার্দ্দের তালুকাতের কাছারি বরাবর বিনা ওজর

সরবরাহ করিব ইহাতে কীস্তী খেলাপ হয় ... পর সন ১৭৯৯ সালের ৭ সপ্তম আইন এবং চলীত আইন জারি করিয়া টাকা আদায় করিয়া লইবেন তাহাতে আমার কোন ওজর নাই ইহা সেওাই আমার ঐ মালজামিনি মাতববরি কারন সন ১৮১৯ সালের ৮ অষ্টম আইনের হুকুম মতাবক নিচের তপশীলি জায়দাদ লিখিয়া দিতেছি বাকীদারের স্থানে ও আমার স্থানে বাকী আদায় না হইলে উপরন্ত এই জায়দাদ এবং আমার আর জে জায়দাদ থাকে তামাম কামাল ঐ বাকীর কারন বিক্রী করিয়া লইবেন জায়দাদ বিক্রীতে আদায় না হইলে জে মুরতে হয় আমী ঐ টাকা আদায় করিব ইহাতে আমি কীম্বা আমার ওয়ারিসান কোন ওজর ও আপেজ করি কীম্বা করে সে নামঞ্জুর মালগুজারির টাকা বেবাক মায় সুদ ও খরচা ও খেসারত আদায় তক আমার হবমুরতে দেনা আদালত ও ফযুদারি ও কালেক্টরি হইতে জখন জে ... মাফিক কাগজ তলব হইবেক ও ফজুদারি আমদরপ্তী ... জখন জে হুকুম ... হইবেক তাহার সরবরাহ বিনা ওজর করিব ... তালুকদারের কোন ওজর করিব না দরপত্রনিতালুকদার ময়ুকুরের কবুলতি ... সকল কাজ্য করিব এতদর্থে আপন খুশীতে দরপত্রনিতালুদার ... মাল জামিন হইয়া মালজামিনপত্র লেখিয়া দিলাম পুনুরায় লিখিতেছি ... আখিরি বিলাতবাকী জাহা প্রজা স্থানে হইবেক তা দরপত্রনিদার ... মাহ আশ্বীন বেবাক টাকা আদায় করিবেন নাকরেন বিনা ওজর ... নগদ হস্তা দিব ... আপত্র করিব না ইতি সন ১২৯০ বার সএ চল্লীস সাল—

... ... সালীনা— কাত জমা—



ইসাদ—

শ্রীনকরচন্দ্র নাএক শ্রীশ্রীমন্ত রায় শ্রীদিননাথ সরকার শ্রীরামপ্রসাদ নাই
সাং মুরুলী সাং কড়য়া সাং বজ্রচন্দ্র সাং রামনগর সং

[খ— সিজান সন ১৮৩৩ সাল ১০ আপরেল ... তমুরায় জেলা খিরডোম খরিদার ... ... ১২ বার টাকা—

জীর্ণ কীটদষ্ট।

॥ ৮৭৭ ॥

কবুলতিপত্র (সন ১২৪০ সাল) প ১

৺শ্রীশ্রীহরিঃ

চরন ভরসা—

মহামহিম ৺শ্রীনিবাস সরকার পত্তনিতালুকদার [ওয়ারিসান শ্রীযুত নবকীসোর সরকার ও [শ্রীযুত] বৈকুণ্ঠনাথ সরকার ও শ্রীযুত কৈলাসনাথ সরকার সরিকান শ্রীযুত গুরুচরন সরকার ও শ্রীযুত বিশ্বনাথ সরকার ও শ্রীযুত আসানন্দ সরকার ও শ্রীরামচন্দ্র সরকার মহাসয় বরাবরেষু—

মপয়লী দরপত্রনিতালুকের সেনেরবন্দ পরগনে মোনহরসাহী সন ১২৪০ বাংলা সর্ত্ত চল্লিস সাল তারিখ ১৫ শ্রাবন—

আসামী—	মোজা—	কাত জমা—	পোন—
পরগনে মোনহরসাহী—			
লাট গোমড়া সামীল—			
মোজে কুলুটী—	১	১০১৯	৫০০৲

শ্রীরঘুনাথ রায়—
সাং বেড়ুগ্রাম—
পং মোনহরসাহী—
চৌকি কেতুগ্রাম

মোনহরসাহী পরগনার লাট গোমড়া সামীল মোজে কুলুটী এক মোজার কাত সালিনা জমা ১০১৯ এক হাজার উনিস টাকা মবলগে ৫০০ পাচ সর্ত্ত টাকা পোনে জমা খুব সমঝিয়া মপয়লি দরপত্রনিতালুক দস্তখত করিলাম মবলগ মজুকুর সাল তামামি বেবাক মালগুজারি মাফিক কীস্তীবন্দী সরবরাহ করিব মাফিক কবুলতি আমলে আনিয়া কার্য্য করিব ইতি—

ইসাদ—

শ্রীহরিপ্রসাদ সীংহ	শ্রীবিশ্বনাথ সরকার	শ্রীপার্ব্বতিচরন ঘোষ
সাং নওয়াদা	সাং কাটাডিহি	সাং বেড়ুগ্রাম
	কীটদস্ত	

।। ৮৭৮ ।।

কবুলতিপত্র (সন ১২৪০ সাল) প ১

৭শ্রীশ্রীহরি

চরন স্মরনং—

[লিখতং] শ্রীমথুরানাথ রায়—

.....লিখনং কাম্যনক্ষাগে আমাদ্দের পত্রনিতালুক.....ওগয়রহ সামীল মোনহরসাহী পরগনার মোজে কুলুষ্টী ১ মোজা মাহালের কাত সালীনা মালগুজারি ১০১৯ এক হাজার উনীষ টাকা জমায় মবলগে ৩০০ পাচ সর্ত্ত টাকা পোনে তোমাকে মপস্বল দরপত্রনিতালুক পত্রন করিয়া পোনের তঙ্কা বেবাক পাইলাম তুমী মাফিক তপশীল জএন মাহাল মযুকুরে আমগ মামল মাফিক জমীন মালখামার ও চাকরান ও হাশীল ও পতিত ও জঙ্গল ও জলকর ও বনকর ও বাগাত ও ফলকর ও পুস্করনী ও বিল ও ঝিল হদ্দক পত্রনিতালুকদারি জে ২ আছে দখল করিবা সরকারি খাষবাগ ও হাবিলী ও পুস্করনী জে সকল সরকারের খাষদখলে আছে তাহার সহীত তোমার এলাকা নাই মালগুজারির টাকা সীক্কা পরখ সহী সন ২ মাষ ২ কীস্তী ২ মাফিক কীস্তীবন্দী আমাদ্দের পত্রনিতালুকাতের কাছারি বরাবর সরবরাহ করিবা কোনমতে খারিজ হইতে পারিবেক না জে জমায় তোমাকে মপস্বলী দরপত্রনিতালুকদার পত্রন করা গেলো এই জমার পর কখন কোনহমতে কমী বেসী হইবেক না মাফিক কবুলতি আমলে আনিয়া প্রজালোককে নেকসলুকে রাজী সাকীর রাখীয়া পুর্ত্তুপোত্রাদীক্রমে মালগুজারি করিয়া পরম সুখে ভোগ দখল করহ ইতি সন ১২৪০ বার সর্ত্ত চল্লীষ সাল তারিখ— ১৫ শ্রাবন—

... ...

পরগনে মোনহরসাহী—

লাট গোমড়া সামিল—

মোজে কুলুষ্টী ১ মোজা—

এক মোজার কাত জমা— ১০১৯৲

মওজী এক মোজা মাহালের কাত জমা সালিনা মবলগ এক হাজার উনীষ টাকা সন ২ মালগুজারি করিব ইতি—

ইসাদ—

শ্রীপার্ব্বতিচরন মণ্ডল
সাং বেড়ুগ্রাম

শ্রীপরেষনাথ ঘোষ
সাং সালন

শ্রীহরচন্দ্র মণ্ডল
সাং বেড়ুগ্রাম

শ্রীহরিপ্রসাদ সীহ
সাং নওাদা

শ্রীবিশ্বনাথ সরকার
সাং কাটাডিহি

কীটদষ্ট

॥ ৮৭৯ ॥

কবুলতিপত্র (সন ১২৪০ সাল) প ১

৺শ্রীশ্রীকৃষ্ণ

শরণং—

কবুলতিপত্র (সন ১২৪০ সাল) প ১

৺শ্রীশ্রীকৃষ্ণ শরণং—

মহামহীম ৺শ্রীনিবাস সরকার পত্তনিতালুকদার ওআরিসান শ্রীযুৎ নবকিশোর সরকার শ্রীযুৎ বৈকুণ্ঠনাথ সরকার শ্রীযুৎ কৈলাসনাথ সরকার সরিকান শ্রীযুৎ গুরুচরন সরকার ও শ্রীযুৎ বিশ্বনাথ সরকার ও শ্রীযুৎ আশানন্দ সরকার ও শ্রীযুৎ রামচন্দ্র সরকার মহাশয় বরাবরেষু—

মপস্বলী দরপত্তনিতালুকের সেনেরবন্দ পরগনে মোনহরসাহি সন ১২৪০ বারসও চল্লীস সাল তারিখ—৫ ফাল্গুন—

আসামী—	মৌজা—	কাত পোন জমা—
পরগনে মোনহরসাহি—		
লাট গোমড়া সামিল—		
মোং রত্তিরামপুর—	১	২০১৲ ১০০৲

শ্রীমধুরানাথ রায়—
সাং বেড়ুগ্রাম—
পরগনে মোনহরসাহী—
চৌকী কেতুগ্রাম—

মোনহরসাহি পরগনার লাট গোমড়া সামিল মোজে রত্তিরামপুর মৌজা মাহালাভের কাত সালিআনা ২০১ দুই সও এক টাকা জমায় মবলগে ১০০ এক সর্ত্ত টাকা গোনে জমা খুব সমজীয়া মপস্বলী দরপত্তনিতালুক দস্তখত করিলাম মবলগ মজুকুর সাল তামামি বেবাক মালগুজারি মাফীক কীস্তীবন্দী সরবরাহ করিব মাফীক কবুলতি আমলে আনিআ কাজ্য করিব ইতি—

ইসাদ—

শ্রীব্রজনাথ শর্ম্মা	শ্রীহরচন্দ্র ঘোষ	শ্রীহরিপ্রসাদ সীংহ
সাং আনঘোনা	সাং বেড়ুগ্রাম	সাং নওয়াদা
শ্রীসরূপ সীংহ	শ্রীপার্ব্বতিচরন ঘোষ	
সাং পাএড়	সাং বেড়ুগ্রাম।	

॥ ৮৮০ ॥

কবুলতিপত্র (সন ১২৪০ সাল) প ৭১

৺শ্রীশ্রীহরি—

শ্রীকৃষ্ণচরন সরকার শ্রীনবকীসোর সরকার
শ্রীবৈকুণ্ঠনাথ সরকার শ্রীকৈলাশনাথ সরকার
শ্রীবিশ্বনাথ সরকার শ্রীরামচন্দ্র সরকার
শ্রীজগন্নন্দ সরকার—

ইয়াদিকীর্দ্দ শ্রীমথুরানাথ রায় বুচরিতেষু—

লিখনং কাজানকাগে আমার্দ্দের পর্ত্তনিতালুক লাট গোমড়া গররহ সামিল মোনহরসাহি পরগনার মোজে রতিরামপুর এক মৌজার কাত সালিনা মালগুজারি ২০১ দুই সর্ত্ত এক টাকা জমার মবলগে ১০০ এক সর্ত্ত টাকা পোনে তোমাকে মপয়লি দরপত্রনিতালুকদার পত্তন করিয়া পৌনের টাকা বেবাক পাইলাম তুমি মাফিক তপশীল জএন মহাল ময়ুকুর আমল মামল মাফিক জমিন মালখামার ও চাকরান ও হাশীল পতিত জঙ্গল জলকর ও বোনকর ও ও বাগাত ও ফলকর ও পুষ্করিনি ও বিল ও ঝিল হদ্দক পর্ত্তনি তালুকদারি জে আছে তাহা দখল করিবা সরকারি খামবাগ ও হাবেলি ও পুষ্করিনি জে সকল সরকারের খাস দখলে আছে তাহার সহিত তোমার এলাকা নাই মালগুজারির টাকা সিক্কা পরখ সহী সন সন মাঘ ২ কীস্তী ২ মাফিক কীস্তীবন্দী আমার্দ্দের পর্ত্তনিতালুকাতের কাছারি বরাবর সরবরাহ করিবে কোনমতে খারিজ হইতে পারিবেক না জে জমায় তোমাকে মপয়লি দরপত্রর্নিতালুকদার পত্তন করা গেল এই জমার ওপর কখন কোনহ মতে কমি বেশী হইবেক না মাফিক কবুলতি আমলে আনিয়া প্রজালোককে নেক মুলুকে রাজি সাকীর রাখিয়া পুত্রপৌত্রাদীক্রমে মালগুজারি পরম সুকে ভোগদখল করহ ইতি—সন ১২৪০ সাল বারসও চল্লিস সাল তারিখ—৫ ফাল্গুন—

তপশীল—

পরগনে মৌনহরসাহী—

লাট গোমড়া সামিল—

মোজে রতিরামপুর—১

এক মৌজার কাত জমা—২০১

মওজী এক মৌজা মাহালের কাত জমা সালীনা মবলগে দুই সর্ত্ত এক টাকা সন ২ মালগুজারি করিবে ইতি—

ইয়াদ—

শ্রীব্রজনগর সর্ম্মা
সাং আনখোনা

শ্রীকানিকুড়া পেয়াদা
সাং বেড়ুগ্রাম

॥ ৮৮১ ॥

কবুলতিপত্র (সন ১২৪০ সাল) প. ১

৭শ্রীশ্রীকৃষ্ণ—

স্বরনং—

[পরগনে] মোনহরসাহি লাট গোমড়া [সামিল] মৌজা কুলুষ্টি গ্রামের মণ্ডলাল ও মুক্কা [মাতবরান] ও পাইকান ও কোতআলান ও বশীন্দাগান [প্রতী আগে] মালুম করিবা মৌজে কুলুষ্টি সাং বেড়ুগ্রামের শ্রীমথুরানাথ রায়কে দরপত্তনিতালুক দেওা গেল তোমরা রায় মজুকুরের নিকট হাজীর হইয়া [খাজনা] ও আবাদ তবদুদ ও পয়রহ সরবরাহ করিবা কোন বাবুদে পুশীদা করিবে না ইতি সন ১২৪০ সাল তা— ১৫ শ্রাবন—

শ্রীতরুচরন সরকার শ্রীনবকীসোর সরকার
শ্রীবৈকুণ্ঠনাথ সরকার শ্রীকৈলাসনাথ সরকার
শ্রীবিশ্বনাথ সরকার শ্রীরামচন্দ্র সরকার
শ্রীআনান্দ সরকার—

কীটদষ্ট।

॥ ৮৮২ ॥

রসীদপত্র (সন ১২৪০ সাল) প. ১

নং ৭শ্রীশ্রীকৃষ্ণঃ—

ইয়াদীকিদ্দ শ্রীমথুরানাথ রায় বুচরিতেষু—
কষ্য রসীদপত্র মিদং কাজাক আগে আমার্দ্দের পত্রনি তালুক মনহরসাহি পরগনে লাট গোমড়া মধ্যে মৌজে কুলুষ্টি তোমাকে দরপত্তনিতালুক করিআ দীলাম তাহার পোন-বাহা মবলগে ৫০০ পাচ সও টাকা আমার্দ্দের নিকট দাখিল করিলে পোনবাহার তঙ্কা বেবাক পাইআ রসীদপত্র লিখিআ দীলাম ইতি সন ১২৪০ সাল তাং ১৫ শ্রাবন—

শ্রীতরুচরন সরকার শ্রীনবকীসোর সরকার
শ্রীবৈকুণ্ঠনাথ সরকার শ্রীকৈলাসনাথ সরকার
শ্রীবিশ্বনাথ সরকার শ্রীরামচন্দ্র সরকার
শ্রীআনান্দ সরকার—

ইসাদ—

শ্রীপার্ব্বতিচরন মণ্ডল শ্রীহারপ্রসাদ [সীংহ] শ্রীবিশ্বনাথ সরকার শ্রীপরেমনাথ ঘোস
সাং বেড়ুগ্রাম সাং নওাদা সাং কাটাডিহি সাং সালন

।। ৮৮৩ ।।

রসীদপত্র (সন ১২৪০ সাল) প. ১

৭শ্রীশ্রীকৃষ্ণ—

স্বরনং—

শ্রীতরুচরন সরকার শ্রীনবকীসোর সরকার
শ্রীবিশ্বনাথ সরকার শ্রীরামচন্দ্র সরকার
শ্রীআনন্দ সরকার—
১০৫৲ সং তঙ্কা সত্ত টাকা—

ইয়াদীকিদ্দ শ্রীমথুরানাথ রায় যুচরিতেষু—
কষ্য রসীদপত্র মিদং কাজ্যঞ্চ আগে আমার্দ্দের পত্রনিতালুক মৌনহরসাহি পরগনা লাট গোমড়ার মধ্যে মোং রতিরামপুর ১ এক মৌজা তোমাকে দরপত্তনিতালুক করিআ দেওা গেল তাহার পোনবাহা মবলগে ১০০ এক সও টাকা আমার্দ্দের নিকট দাখিল করিলে পোনবাহার তঙ্কা বেবাক পাইআ রসীদপত্র লিখিলাম ইতি সন ১২৪০ বার সও চল্লীষ সাল তারিখ— ২০ মাঘ—

ইসাদী—

শ্রীসিবনাথ সীংহ	শ্রীবৃন্দাবন ঘোষ	শ্রীপাকৃতিচরন ঘোষ
সাং রামনগর	সাং ব্রাহ্মনগ্রাম	সাং বেড়গ্রাম

।। ৮৮৪ ।।

রসীদপত্র (সন ১২৪০ সাল) প. ১

৭শ্রীশ্রীহরিঃ

শ্রীতরুচরন সরকার শ্রীনবকীসোর সরকার
শ্রীবৈকুণ্ঠনাথ সরকার শ্রীকৈলাসনাথ সরকার
শ্রীবিশ্বনাথ সরকার শ্রীরামচন্দ্র সরকার
শ্রীআনন্দ সরকার—

পরগনে মৌনহরসাহি লাট গোমড়া সাবিল মৌজে রতিরামপুরের মণ্ডলাল ও মুর্খা মাতবরান ও পাইকান ও কোতোআলন ও বাশীন্দাগান প্রভী আগে মালুম করিবা মৌজে রতিরামপুর সাকীম বেড়্গ্রামের শ্রীমথুরানাথ রায়কে দরপত্তনি তালুক দেওা গেল তোমরা রায় মজুকুরের নিকট হাজীর হইয়া খাজানা ও আবাদ তবহুদ ও পয়রহ সরবরাহ করিবা কোন বাবতে পুশীদা করিবা না ইতি সন ১২৪০ সাল তারিখ— ১০ ফালগুন—

[ইসাদ]

শ্রীব্রজনাগর সর্দ্দা
সাং আনথোনা


শ্রীকালিকৃষ্ণ পেয়াদা
সাং বেড়্গ্রাম

॥ ৮৮৫ ॥

কবুলতিপত্র (সন ১২৪০ সাল) প ১

৭শ্রীশ্রীসর্ব্বমঙ্গলা—

প্রতুলকর্ত্তা—



শ্রীধনকৃষ্ণ কোঙর
সাং ওকড়াল

মহামহীম শ্রীযুত গুরুচরন সরকার জমীদার মহাসয় বরাবরেষু—

লিখিতং শ্রীধনকৃষ্ণ কোঙর—

কষ্য কবুলতিপত্র মিদং লিখনং কার্য্যনঞ্চ আগে পরগনে বারবক শীহ তালুক কৃষ্ণনগর সামিল মোজে সেড়াশ্বী ও মোনহরপুর আপনকার জমীদারি মোজে মজুকুরানের গোমস্তাগিরি খেদমতে মোকরোর করিলেন আমি আপন সেচ্ছা পূর্ব্বক মোকরোর হইলাম বড়ক্ত মোজে মজুকুরানের কাছারিতে হাজীর ও রুবু থাকীয়া আবাদ তরুদ্দ ও উসুল তহসিল ওগয়রহ রোবদাদমতে কার্য্য আঞ্জাম করিব মহাসএর বেগর অনুমতি ও বেগর মঞ্জুরিতে প্রজালোককে পাট্টা ও রোক দিব না জদি দি সে নামঞ্জুর হরি এক দফা স্থিতের বাকী ইয়ামসির মাকীক কীস্তীবন্দী কীস্তী ২ বেবাক আদায় করিয়া দিব বিলাত বাকী প্রজাহাএর হাল ও বকআ বাকী আওহাল থাকিতে জানের দারি করিয়া আদায় না করি নিজ হইতে নীসা করিব আর মহলাতে মাল ও খামার বিক্রী হরি এক দফাতে জে স্থিত হইবেক তাহা মাফিক কীস্তীবন্দী সরবরাহ করিব সরারতি করিয়া সরবরাহ না করি তাহাতে তলব চিঠী ও পেয়াদা মহসিল হয় তাহার রোজ আমী দিব পূর্ন্নাহ খরচ মধ্যে প্রজাহাএর খরচ মামলী জে থাকে তাহা মহাসএর হুকুম বিভিন্ন দিব না জদি দী তাহা আমী নিজ হইতে দিব বিলাত হাওলাত ও গ্রাম খরচ প্রজাকে কীয়া

কাহাউকে দিব না জদী দী তাহা আমী নিজ হইতে দিব খামারের জমী ও গুজস্তা হাবীল জমী মধ্যে পতিত থাকে তাহা আমী আবাদ করাইব গাফিল করিয়া আবাদ না করাই তবে তাহার আমী নিবা করিব জমা সাঁট ও খামার সাঁট করি ও কোন বাবদী খতরা করি মাহিনা বাজেআপ্ত করিয়া লইবেন তাহাতে বেবাক আদায় না হয় তবে আমার আকর আদী বিক্রী করিয়া লইবেন জখন জে কাগজপত্র তলব করিবেন তাহার সরবরাহ করিব মাহিনা নাগাদী চৈত্রী লইয়া সালীআনা বাকী আদায় করিআ দিব সাল আখিরিতে নিকাম সমঝিয়া দিব হরি এক দফাতে জে আদায় করিব তাহা উতপন্ন আসলে আনিব আমার জীয়াতে তহবিল জে ঠাহরিবে তাহা বিনা ওজর সরবরাহ করিব এবং আদায়ের পজ্যন্ত তারিখ তক মাফিক আইন মুদ দিব মহাসএর অনুমতি বিতিরেক কোন বে জায় খরচপত্র কাগজ লিখিব না জদী লিখি সে নামঞ্জুর বাজেআপ্ত আমলে আনিয়া আদায় করিব মোজে মজুকুরহাএর চুরি ও ডাকাতি গয়রহ কোন ওআরদা উপস্থিত হয় তাহা তত্থনাত থানায় ও মেজষ্টর সাহেবের হুজুর ও মহাসএর বরাবর এতলা করিব এবং কড়ায় যাজাই তদারক করিব কোন বাবদী গাফীলি করিব না জদী করি তবে মেজষ্টর সাহেব হুজুর হইতে তলব হয় এবং জরিমানা হয় তাহা আমী দিব এবং জবাবদিহী আমার জীয়া মহাসএর সহীত এলেকা নাই সরকারি পুস্করী ও খামার বিকাদী হেফাজতে রাখিব কাহাউকে কাটিতে দিব না এবং আমী কাটিব না জদী ঐ সকল বাবদী সাবুদ হয় তবে দো চন্দা নিখা করিব মাহিনা মাকীক সনন্দ পাইব এতদর্থে কবুলতিপত্র লিখিয়া দিলাম ইতি সন ১২৪০ সাল— তারিখ— ১১ ভাদ্র—

লিখিতং শ্রীহরেকৃষ্ণ সরকার—

কস্য মালজামিনতিপত্র মিদং কার্য্যনঞ্চ আগে মহাসএর তালুক মোজে সেড়ান্দী ও মোনহরপুরদীগর সাকিম ওরগ্রামের ধনকৃষ্ণ কোঙরকে গোমস্তাগিরি খেদমতে মোকরোর করিলেন কোঙর মজুকুর আপন খুশীতে মোকরোর হইলেন আমীহ আপন সইচ্ছা পূর্ব্বক মালজামিন হইলাম কোঙর মজুকুর বরক্ত রুমু হাজীর থাকীআ আপন কবুলতি লিখিত সরঞ্জ আসল আনিয়া কার্য্য ও খাজানা আদায় সরবরাহ করিবেক কোন রেআইনী কাজ কী তহবিল তছরূপ কোন বাবদী ভকাত করেন আমী তাহার নিকাম রুমু তহবিল জে ঠাহরিবে তাহা কোঙর মজুকুর সরবরাহ করিবেক না করেন তবে আমী বিনা ওজর

শ্রীহরেকৃষ্ণ সরকার লিং সেড়ান্দী

নিজে হইতে আদায় করিব ও আমার ওআরিষআন আমলে আনিয়া লিসা করিবেক আর কোঙর মজুকুর হাজীর থাকীয়া নওাজীয়া কাগজপত্র সরবরাহ করিবেক না করে আমী নিজে হইতে সরবরাহ করিব তাবত নিকায় লিস পত্রী কোঙর মজুকুরে না হইবেক কায়থতি না পাইবেক তাবত পর্য্যন্ত আমী জামিন থাকীলাম এতদর্থে আপন খুশীতে বাহুষ বাহল তবিয়তে মালজামিনী লিখিয়া দীলাম ইতি—

ইসাদ—

শ্রীহেতামদ্দী চৌধরি	শ্রীলক্ষণচরণ দাষ	শ্রীরামদলাল ঘোষ
সাং সনসত	সাং নোয়া	সাং সালন

GENERAL
1825
ONE RUPEE
এক টাকা
TREASURY


[খ- বিক্রী মোং সন ১৮৩৩। ১ মাই শ্রীকৃষ্ণচৈতন্ত রায় জেলা বিরভোম খরিদার রাধাকৃষ্ণ ঘোষ দাম— ১ এক টাকা

॥ ৮৮৬ ॥

কবুলতিপত্র (সন ১২৬০ সাল) প ১

৭শ্রীশ্রীদুর্গা

প্রতুলকর্ত্তা—



শ্রীসেখ জামাল
সাং সনসত ॥

মহামহীম শ্রীযুৎ গুরুচরণ সরকার মহাশয় বরাবরেষু—

লিখিতং শ্রীশেখ জামাল—

কস্য কবুলতিপত্র মিদং কাজ্যনঞ্চ আগে পরগনে বারবকসিহ তালুক কৃষ্ণনগর মৌজে সনসত মৌজা মজুকুরের মর্দ্দে দেআকুড়ি পুষ্করিণ নৈরিতকোনা ভোলা সাহার বসতবাটীর উত্তর বরগড়্যা পুষ্করিণ পূর্ব্ব লাখেরাজ বাস্তবাটী ৵১ ৫১০ ডের কাঠা সাকীম মজুকুরের শ্রীইছব চৌধরি ও মকীজদ্দী চৌধরিদীগরের পৌত্রীক লাখরাজ আপুনি খোষকবালায় খরিদ করিলেন আমী ঐ বাস্তবাটীতে বসবাষ করি ঐ বাস্তবাটী ৵১ ৫১০ ডের কাঠার কাস্ত জমা ৸ বার আনা সন ২ নিচের তপসীল আপনকার নিকট মালগুজারি সরবরাহ করিব ইহাতে কোন ওজর করিব না এতদার্থে আপন খুসীতে বাহষ বাহাল তবিয়তে কবুলতিপত্র লিখিয়া দীলাষ মাফিক নিচের কীস্তিবন্দি মুরুত মালগুজারি [করিব] ইতি সন ১২৬০ সাল তারিখ ২৭ জৈষ্ঠী—

জের জমা—৸

জার কীস্তিবন্দি—

মাহ কাত্তিক—৸

সবলগে বার আনা করিআ মাহ কাত্তিকে সন ২ মালগুজারি করিব ইতি—

ইনাম

শ্রীঈশ্বর চৌধুরি	শ্রীনিত্য খোলাক	শ্রীরূপ সৌ
শ্রীসেখ কাসু	শ্রীএরাহিল চৌধুরি	সাং সনসত
সাং সনসত	সাং সনসত	

GENERAL
1829
TWO ANNAS
দুই আনা
TREASURY

[খ সন ১৮৩৩ সাল ৮ জুন জেলা বর্দ্ধমান চৌকীচালক একটাং ইষ্টাম্প তহবিলদার শ্রীব্রজলাল হাজরা খরিদার শ্রীসন্যাশী লোহার ৵ দুই আনা

॥ ৮৮৭ ॥

কবালপত্র (সন ১২৪০ সাল) প ১

৭শ্রীশ্রীসর্ব্বমঙ্গলা

পুতলকত্তা

STAMP
ONE RUPEE
এক টাকা
OFFICE

শ্রীচৌধুরি হোসেনী
সাং সনসত

ইয়াদিকীর্দ্দ সকল মঙ্গলালয় খরিদীগীকারক—

শ্রীযুত ওয়চরন সরকার ওলদে ৺ব্রজবল্লভ সরকার ইবনে ৺জাদবিন্দু সরকার সাকিম মুরুল পরগনে বারবক শীংহ সামিল্লে থানা কবষা মতালকে জেলা বিরভোম মরাবরেষু—

লিখিতং খরিদীগীদাদে শ্রীচৌধরি হেছামদ্দী ওলদে চৌধরি হখাওদ্দী ইবনে চৌধরি কাবিল মহার্শ্বদ সাং সনসত পরগনে বারবক শীংহ সামিলে থানা কমবা মতালকে জেলা সিরভোম—

কস্ত লাখরাজজমী ও লাখরাজবাস্ত জড়খরিদীগী বিক্রয়কবালাপত্র মিদং লিখনং কার্য্যনঞ্চ আগে পরগনে বারবক শীংহ মোজে ডোমনপুর মোজে মজুকুরের দক্ষীন আওরিপুস্করীর মাট মনিরদ্দী চৌধরির লাখরাজজমীর পশ্চীম আওরি পুস্করীর উত্তর ওফেল চৌধরির মালের জমীর পূর্ব্ব মহাসয়দীর্গের খরিদা লাখরাজ জমির দক্ষীন সালীজমী ২/ দুই বিঘা আর মোজে মজুকুরের মধ্যে দেওাকুরা পুস্করীর ও রাস্তার পূর্ব্ব উত্তর আমার নিজ দরুন লাখরাজবাস্ত বসত ওরুচরন হালদার তাহার পছীম পরের শৌর বসতবাটীর দক্ষীন বাস্ত /১৫১২ এক কাঠা বার গণ্ডা বসত নফর গরাই আর গ্রামের পছীম জামিরগড়্যা পুস্করীর পূর্ব্ব সেখ খোদা বক্সর বসতবাটীর দক্ষীন আপনকার খরিদা লাখরাজ বাস্তুর দরুন ডোমা বিবি তাহার ও মুচিনি বিবির লাখরাজ বাস্তুর উত্তর রাস্তার পছীম বাস্তবাটী /১৫৩ এক কাঠা তিন গণ্ডা একুনে বাস্তবাটী /২৫১৫ দুই কাঠা পোনের গণ্ডা মবলগে জমী ও বাস্ত ২/২৫১৫ দুই বিঘা দুই কাঠা পোনের গণ্ডা আমার পোউত্রিক লাখরাজ নিজ হিস্যা আমী স্থাপন খুশীতে আপন সত্রা ত্রেগ করিয়া পোন বহা সিক্কা ৩৯ উনচল্লিষ টাকাতে আপনকাকে জড়খরিদীগী বিক্রয় করিলাম পোন বাহা মবলগ মজুকুর রায়জন ওক্ত পুরা ওজন দস্তবদস্ত নগদ পুরা টাকা পাইয়া আপন কাবেজ তছরুপে য়ানিয়া সেচ্ছাপূর্ব্বক ওপরকার লিখীত মাওজী মযুকুর জড়খরিদীগী বীক্রয় করিয়া কবাল লিখিয়া দিলাম আপুনি মস্তাজী মযুকুরের দখিলকার হইয়া পুত্রপোউত্রাদীক্রমে ভোগ দখল তছরুপাত করহ দান বিক্রয়ের সত্রাধিকারি আপুনি কাপকালা ও আমী কীম্বা আমার ওআরিআন কেহ কখন দাবি করে কীম্বা করি সে ঝুটা ও বাতিল নামঞ্জুর এতদর্থে আপন খুশীতে বাহুষ বাহল তবিয়তে বিনা ওজর বিনা জোর জুলুমে বিনা ওপরোধে যুস্ত স্বরিরে লাখরাজজমী ও বাস্ত আমী সেচ্ছা পুব্বক জড়খরিদীগী বিক্রয়কবালপত্র লিখিয়া দীলাম ইতি সন ১২৪০ বারসট চল্লিষ সাল--তারিখ ২১ আসাড়—

ইসাদ—

শ্রীকাম চৌধরি	শ্রীএয়াছিল চৌধরী	শ্রীইছক চৌধরি	শ্রীকাজাল গরাঞী গং
সাং সনসত	সাং সনসত	সাং সনসত	সাং সনসত



[খ ৬৮১৭৮ নং—
সন ১৮৩৩ সাল ১৬ জুন জেলা বর্দ্ধমান চৌকীচালক একটাং ইষ্টাম্প তহবিলদার শ্রীব্রজলাল হাজরা খরিদার শ্রীসিবু ডোম ১ এক টাকা—

॥ ৮৮৮ ॥

কবুলতিপত্র (সন ১২৪০ সাল) প ১

৺৺শ্রীশ্রীরাম—

মহামহিম শ্রীযুৎ ওয়চরণ সরকার বরাবরেষু—

লিখিতং শ্রীদ্বারকানাথ চক্রবর্ত্তি—

কস্য কবুলতিপত্র মিদং কার্য্যনকাগে আমি আপনকার বাটীতে ৺পূজাতে যাত্রা করিব তাহার দক্ষিনা সর্ব্বসারা ৪২ বেয়াল্লিস টাকা পাইব ইহা সেআই খোরাক পাইব যাত্রা চতুর্থি দিন হইতে মাধাণী নবমি ৬ রোজ যাত্রা করিব সম্পদ আর মাল্লিক আনিব ইহার বজনা ১ এক [টাকা] ... ...

শ্রীদ্বারকানাথ চক্রবর্ত্তি
সাং শ্রীরামপুর ...

ছিন্ন, কীটদষ্ট।

॥ ৮৮৯ ॥

একরারপত্র (সন ১২৪০ সাল) প ১

৺শ্রীশ্রীহরিঃ

সাহায়—

মহামহীম শ্রীযুত গুরুচরন সরকার ও নব[কিশোর] সরকার তালুকদার মহাশয় বরাবরেষু—

লেখীতং শ্রীলক্ষীকান্ত বাদ্দী— শ্রী লক্ষীকান্ত বাদ্দী সাং পোয়লা

কষ্য একরারপত্র মিদং কাজনঞ্চ আগে মোজে পোয়লার নগদীগিরি কর্ম্ম সন ১২৩০ সালে বাহাল থাকীয়া ফি মাহা দুই টাকা হিসাবে পাইবার ২৪ চৌবিশ টাকা শ্রীরামজয় সরকার গোমস্তার নিকট পাই রশীদপত্র লেখীয়া দিয়াছী কোন বাবুত ... হয় গোমস্তা সরকারে ... এলাকা আমি নিজে হইতে সরবরাহ করিব এতদার্থে একরারপত্র লেখীয়া দিলাম ইতি সন ১২৪০ সাল তারিখ ২১ ভাদ্র—

ইসাদী—

শেখ আলিবদ্দী	শেখ রুলম	শ্রীখেতু মাজি
সাকীম পোয়লা		সাঃ মোরগ্রাম

কীটদষ্ট

॥ ৮৯০ ॥

প্রতিবেদন (সন ১২৪০ সাল) প ১

৭শ্রীশ্রীহরি

সরনং

মৌজা মিজাপুরদিগরের ইজাদার শ্রীপার্ব্বতিচরণ ঘোষ ও শ্রীহরচন্দ্র ঘোষ ও শ্রীনইমউল্লা শেখ পৃতিবেদানন্দ আগে সাং দেচাপড়ার শ্রীযুত ঠাকুরদাস ঘোষকে মং ১৩৫ একসও পইত্রিস টাকা দিবে এই রোকার পীস্তে ঘোষ মজুকুরের পাস রসীদ লেখাইয়া লইবে চাসান সম্বিলিত রোকা পাঠাইবে রোজনামায় জমা করিয়া লইয়া দাখিলা দেওয়া জাইবেক ইতি সন ১২৪০ বার সও চল্লীস সাল তা—১৬ কাত্তীক—

শ্রীকৃষ্ণচন্দ্র সরকার
১৩৫ একসও পৃইত্রিস
টাকা ...

[খ—পুং লিখি শ্রীঠাকুরদাস ঘোষ অথবা শ্রীধন্নদাস ঘোষ ইহার মধ্যে জে বেক্তী ... লইয়া জাইবে তাহাকেই টাকা দীয়া রসীদ লেখাইয়া লইবেন ইতি—

লিখিতং— শ্রীঠাকুরদাস ঘোষ ও শ্রীধন্নদাস ঘোষ এই ... ... করিয়া বেবাক টাকা পাইলাম ইতি সন ১২৪০ সাল তারিখ—১ ফাল্গুন—

শ্রীঠাকুর ঘোষ
শ্রীধন্নদাস ঘোষ
সাং দে চাপড়া
টাকা তাগাদিতে বেবাক টাকা
পাইলাম

ইসাদ—

শ্রীরামচন্দ্র দত্ত	শ্রীকুনু মুদা	শ্রীশ্রীহরিদাস ভূনী
সাং দেচাপড়া	সাং ঘোরগ্রাম	সাং বথাই

কীটদষ্ট

।। ৮৯১ ।।

পত্র (সন ১২৪০ সাল) প ১

৭শ্রীশ্রীরামঃ—

শুভানুধ্যায় শ্রীপ্রেমনারায়ন দেবসম্মন—

পরম শুভাশীর্ব্বাদ নিবেদনঞ্চ আগে আপনকার মোহত্রান সর্ব্বদা বাসানা করিতেছী তাহাতে অত্রানন্দ বিশেস পত্রপাঠ সমাচার জ্ঞাতো হইলাম করজ্ঞ সোধে বাকী মধ্যে গোলাপ সীহ মারফতে ৫০০ পাচ সও টাকা পাঠাআছীলেন তাহার অন্দরে ২ দুই টাকা ফেরত হইল শেওায় ৪৯৮ চারি সও আটানব্বই টাকা জমা করিআ লইলাম ফেরত ২ দুই টাকা ঐ সীহ মারফতে পাঠাই লইবেন বাকী টাকা সাতমত পাঠাইবেন আর এখানকার ৺পুজা শুদ্ধরূপ হআছেক আর ২ এ বাটীর সব মঙ্গল পতাআতে তথাকার বাটীর মঙ্গল লিখিবেন ইতি সন ১২৪০ সাল তারিখ - ১১ ফাল্গুন—

পরম কল্যানবর—

শ্রীযুত গুরুচরন সরকার পরম কল্যানবরেষু—

মোকাম—সুরুল

কীটদষ্ট।

৭৪।০

।। ৮৯২ ।।

পত্র (সন ১২৪০ সাল) প ১

৭শ্রীশ্রীহরিঃ

সন ১২৪০ সাল—

বিনয় নমস্কারা নি[বেদনঞ্চ] বিসেষ শ্রীযুত সরকারজী মহাসএর পরম ইশ্বর...শ্রীশ্রী৺জীউ করিতেছেন তাহাতে অত্রানন্দ পরং নিবেদন সে দিবষ ডাক মারফত দামের অন্দরে ফেরত এক টাকা পাঠাইয়াছি পোহুচিয়া থাকীবেক অতএব ফেরত দং টাকা এই লোক মারফত পাঠাইবেন এখানকার কাইক মঙ্গল নিজ মঙ্গলাদী সম্বাদে পরম আনন্দীত করিবেন কীমধিকং নিবেদনমিতি তাং—২৬ আশীন রাত্রী।

শ্রীগৌরমোহন দাষ্য

মহামহীম শ্রীযুত গুরুচরন সরকারজী মহাসয় মহোদএষু।

মোঃ— সুরুল

৭৪।০

কীটদষ্ট

॥ ৮৯৩ ॥

পত্র (সন ১২৪০ সাল) প ৮

শ্রীশ্রীরাধাকৃষ্ণ।—

সন ১২৪০ সাল—

বিনয় নমস্কারা নিবেদনঞ্চ বিশেষঃ—

শ্রীযুত সরকারজী মহাশএর মাহসয্য শ্রীশ্রী৺জীউ করিতেছেন তাহাতে অত্র মঙ্গল পরঃ নিবেদন আপনকার ২৫ আশ্বীনের পত্র পাইয়া সমাচার জ্ঞাতো হইলাম মুরুলের বাটীর মঙ্গলাদী সংবাদে পরমানন্দীত হইলাম ডাকের সাজের দং মোঃ কলিকাতা হিসাবে পাওনা ৩৯।৵০ উনচল্লীষ টাকা নয় আনা পাঠাইয়াছীলেন পাইলাম এ বাটীর কাইক কুসল গতায়াতে তথাকার বাটীর মঙ্গলাদী লিখিয়া অনুগ্রহ প্রকাষ রাখিবেন কিমধিকং নিবেদনমিতী সন ১২৪০ সাল তাং ২৫ আশ্বীন—

মহামহিম শ্রীযুৎ গুরুচরন সরকারজী মহাশয় মহোদএষু—

মোং—মুরুল

৭৪৷০

কীটদষ্ট ও জমাটবাঁধা।

॥ ৮৯৪ ॥

পত্র (সন ১২৪০ সাল) প ১

৺শ্রীশ্রীকালী

প্রতুলকত্তা।—

সেবক শ্রীরামচন্দ্র দাষস্ত—

দণ্ডবৎ প্রনামা সতসহস্ত্র নিবেদনঞ্চ য়াগে—মহাসএর শ্রীচরন আশীব্বাদে এ নফরের প্রানগতিক কুসল বিসেষ। সে দিবষ আজ্ঞাপত্র পাইয়া সমাচার যুগোচয় হইলাম শ্রীযুৎ দিননাথ সরকার মহাসয়এর এক পত্র আমাকে লিখিবার জন্যে আজ্ঞাপত্রে লিখিয়াছিলেন সেই অনুসারে শ্রীযুৎ সরকারকে এক পত্র লিখিনাম এই পত্র মহাসএর নিকট পাটাই জদী সরকার মহাসয় না আসীয়া থাকেন তবে তাহার নিকট অন্য মনিষ্য পাটাইয়া দিবেন কদাচ গোল করিবেন নাই তাহার অপেক্ষায় অনেক কাজ আটক এবং তালিবপুর হইতে শ্রীযুৎ কাজী সাহেবের লোক আসীয়াছে সরকারের অপীক্ষায় বসীয়া আছে পূর্ব্ব দিবষ দুই টাকা দামের এক কীতা ইষ্টম্পকাগজ পাটাইয়াছেন তাহা পোহছিয়াছে অতএব এ কাগজ তথায় পাঠাইষ ইহাতে

লেখাপড়া হইতে পারিবেক কি না তাহার জবাব আনাইআ দাম দুই টাকা পাঠাইব এখানকার মঙ্গল গতাআতে তথাকার বাটীর মঙ্গল আদী সমাচার লিখিতে আজ্ঞা হইবেক ইহা শ্রীচরণে নিবেদন করিলাম ইতি সন ১২৪০ সাল আখিরি তারিখ—১০ আসাড়—

পুঃ—নিবেদন মহাসয় শ্রীযুৎ সরকারকে এক পত্র জরুরিয়া লিখিবেন তাহাতে কল্য নাগাদী এখানে আশীয়া পোহছেন সেইমত লিখিতে আজ্ঞা হইবেক—

পরম পূজনিয় শ্রীযুত বাবু আসানন্দ সরকার মহাসয় শ্রীচরণকমলেষু—
মৌং—যুরুলী
৭৪।০

॥ ৮৯৫ ॥

পত্র (সন ১২৪০ সাল) প. ১

৭শ্রীশ্রীকালী

ভরসা।—

সেবক শ্রীরামচন্দ্র দাষষ্য—

দণ্ডবৎ প্রনামা নিবেদনঞ্চ য়াগে মহাসএর শ্রীচরন আসীর্ব্বাদে এ ভিত্তুর সমস্ত মঙ্গল বিসেষ। নিবেদন গতোকল্য আজ্ঞাপত্র পাইয়া সমাচার যুগোচর হইলাম ২১ আসাড় সিহুরী জাইতে হইবে লিখিয়াছেন অতএব শ্রীযুত দিননাথ সরকার যুরুলী আসীয়াছেন কী না আমি কল্য সিহুড়ী জাইতে উপস্থিত আছি শ্রীযুৎ সরকারের অপীক্ষায় আছী আমার নানাপ্রকার কাষ্য আছে মহাসয় ইহার জেমত লিখিবেন সেই অনুজায় সিহুড়ী জাইব সরকার না আইলে কী প্রকার জাইয়া অতএব গতোকল্য তারিখ জে স্ত্রীলোকটী আশীআছীল সে আমাকে কীছু বলে নাই তাভিদিগে কহিয়াছিল জে কত্তাঠাকুরানীর বরাত কাটাল আছে পরে সে লোক বাটী গেলের পর যুনিলাম অতএব শ্রীযুক্তা কত্তাঠাকুরানির বরাতি কাঠাল ২ দুইটী পাঠাই লইতে আজ্ঞা হইবেক মোকাম সিহুড়ীর মোক্তার ... কে লিখিবেন আমী সিহুড়ী জাইআ থাকিতে পাইবো না জাহাতে তরায় মেটে তাহা করিবেন এমত পত্র লিখিবেন আমার জে জহত তাহা পত্রে কী লিখি মহাসএর কাষ্য খেতি হয় এজন্য সহশ্চ কাষ্য খেতি হয় তাহা কত্তর্ব্য কীন্তু সরকারকে আমার নিকট অদ্য পাঠাইবে না তবে কল্য সিহুড়ী জাইব তালিবপুর হইতে যুত পুস্তহ চিঠী আসীয়াছে ২৫ রোজ যুত পুস্তহ হইবেক তরায় আমাকে আসীতে হইবেক ইহা শ্রীচরনে নিবেদন করিলাম ইতি সন ১২৪০ সাল তারিখ—২০ আসাড়—

পরম পূজনিয় শ্রীযুত বাবু আসানন্দ সরকার মহাসয় শ্রীচরণকমলেষু—
মৌং—যুরুলী—
৭৪।০

॥ ৮৯৬ ॥

পত্র (সন ১২৪০ সাল) প ১

৭শ্রীশ্রীকৃষ্ণ—

সরনং।—

সেবক শ্রীদৈবকীনন্দন দাষ্য প্রনামা বহোব নিবেদনঞ্চাগে মহাসএর শ্রীচরন কৃপার্তে এ জনার প্রনপত্তিক মঙ্গল বিসেষঃ। - নিবেদন আপনকার ১১ ভাদ্র তারিখের ডাকজোগের পত্র ১৬ রোজ পাইয়া সকল সমাচার জাতো হইলাম রাইপুর নিবাসির্দ্দের মোকর্দ্দমা ডিগিরি হইয়াছে যুনিয়া জেতক দুক্ষিৎ হইলাম তাহা পত্রে কী লিখিব পরং সদর আপীলের জামিনির নিমিত্তক লিখিয়াছিলেন জামিনির কোন ভাষ্য ছিল না জদিস্যাত কলিকাতায় জায়জাদ ও পাট্টাওয়ালা লোককে জদি লইত তবে কোন তার্ক্ক ছিল না তাহা লয় না কারন তাহাদির্গে জেলা মতালকের আদালতে গ্রর্য্য করে না কেন না তাহাদের জায়জাদ যুপরমক্রোট বেভিত বিক্রয় হয় না এ নিমিত্র তাহাদির্গে মঞ্জুর করে না অতএব তদবির করিআ কালেক্টরি জমিদারি থাকে জেলায় হয় কীম্বা পএর জেলায় হয় এমত লোক মঞ্জুর হয় জদিস্যাত তথায় কাহাকে দিতে পারেন ভালই নচেত জামিনি জন্নে উদবিগ্ন হইবেন্না কিছু খরচ জেয়াদা হইবেক আজ্ঞা হয় জামিনি নিমিত্তক আটক হইবেক না শ্রীযুত বাবু প্রসন্নকুমার ঠাকুর ও শ্রীযুত রাজা য্যামাপ্রসাদ নন্দীদিগরের মোক্তারকে লইয়া তদবির করাতে বুঝায় জামিন হইবেক মোক্তার সিকার হইয়াছেন কীন্তু ফয়সলা না দেখিয়া জামিন হইবেক না জামিনির কথা বিনা ফয়সলায় স্তির হইতে পারে না অতএব ফয়সলা এবং জে ২ দলিল আদি দাখিল করিআছেন তাহার নকল জদি আপনকার নিকট থাকে এ তাবতা পত্রপাঠ মাত্র পাঠাইবেন আমি যুধ্যা সদরের উকী[ল]দ্দের নিকট জাইয়া সকল কথপকথন নিষ্পন্ন করিয়া জে হয় বেওরা লিখিব এখানে জাকে মোক্তার দিতে হইবেক তাহা একেন তথায় কাহকেও দিবেন না আগে ফয়সলা পাঠাইবেন তাহার উদারক দেখিয়া জে হয় লিখিব সদরের আমলাদ্দের সহিত এবং উকী[ল]দ্দের সহিত সলামতে দরখাস্ত উহুহ তৈয়ারি করাইয়া সকল বিসয় বিবচনা করা জাইবেক আমি অধিক দিবস এখানে থাকীব না জদিস্যাত সদর করা নেহাত মস্ত হইয়া থাকে তবায় লিখিবেন আর আপনকার্দ্দের এতাপুরের বিসয় যুনিয়া শ্রীযুত দেওয়ানজী জতেষ্ট দুক্ষিত হইলেন তাহার বেওরা জিজ্ঞাসা করিলেন আমি কীছু কহিতে পারিলাম না কহিলেন তাহার কীরূপ হইয়াছে বেওরা জানিলে জদিস্যাত কোন রাহা থাকে তদবির

করা যাইত আমি সারিরিক ভাল আছি তথাকার মঙ্গলাদি লিখিবেন শ্রীচরনে নিবেদন ইতি—সন ১২৪০ সাল তাং ১৯ ভাদ্র—

শ্রীচরনেষু—

জামিনি জন্যে কোন ভার্য্য নাই জেন জামিন এইখানে করিআ দিবেন নিবেদন ইতি—

[খ— পুনুছ নিবেদন ঐ মোক্তার মজুকুরকে আমলার্দ্দের নিকট পাঠাইতে হইলেই তাহার মান জন্যে পালকীভাড়া দিতে হইবেক লএন না লএন তাহা পছাত জানা যাইবেক তাহার কারণ কীকীত খরচ পাঠাইবেন আমার পাস টাকা নাই এখানে শ্রীযুৎ বাবু দেওানজীর নিকট এক্ষেন কীছু খরচ চাহিতে পারি না কারন কর্ম্মের উমেদার আছি নিবেদনমিতি—

জে পত্র আদি লিখিবেন তাহার ঠিকানা মোং কলিকাতার বাকবাজারের ৺মদনমোহন ঠাকুরের উত্তর শ্রীযুৎ চৌতন্যচরণ ঘোষের বাটীতে আমার বাসা জানিবেন মিতি—

সেখানকার জে সকল চিটী আইসে তাহার মাসুল সেখানে দাখিল হয় কী না জানিতে পারিলাম না জে চিটী আসিআছিল বেরং পোষ্ট মাসুল দিয়াছি কারন চিটীতে কীছু লেখেন নাই নিবেদনমিতি—

কীটদষ্ট।

॥ ৮৯৭ ॥

পত্র (সন ১২৬০ সাল) প ৩

৺শ্রীশ্রীদুর্গা—

প্রভুলকত্তা।—

শুভানুধ্যাই শ্রীগতিনাথ দেবশর্ম্মণঃ—

চতুর্ব্বেদোক্ত পরম শুভাশীর্ব্বাদ নিবেদনঞ্চাগে আপনকার মহদৈশ্বর্য্য নিয়ত শ্রীশ্রী৺ স্থানে প্রার্থনা করিতেছি তাহাতে অত্র মঙ্গল বিশেষ॥ আপনকার পত্র পাইয়া সকল সমাচার জ্ঞাতো হই...দরবার গতিক যেখানে বড়ই...কীন্তু বড়ই দুরময় নেহাত্তি খারাবি হওনের বিশয় গ্রহ বিস্তনের কর্ম্মচারী নাই এখানে সদরে দরখাস্ত প্রার্থনা বিশয় আদালত সন্নিস্থ লোককে জিজ্ঞাসা করাতে কেহো বলে দরখাস্ত করা বটেক কোন ব্যক্তিরা আপনকার পত্র মোনাহিজা করিয়া কহিলেন.....কৈরাদি ব্যক্তিকে সাক্ষি মানা কর্ত্তব্য হয় নাই সে জেহকু আপাত্ত নালিষ করিতে পাচ হয় সত টাকা নগদ চাহি দরখাস্ত মুনসি হইলে জরুপী মঞ্জুর হয় তবে দাবির জামিন চাহি কীন্তু জামিনের বিশয় এখানে চেষ্টার বিশয় আমার্দ্দের সহিত জে সকল লোকের

সঙ্গে কার্জ্জ দ্বারায় আলাপ কৌশল ছিল তাহারা একজন নাই সকল গতো হইয়াছেন একেলে সকল লোক নৌতুন আমার সাত আট বৎসর কর্ম্ম নাই এবং আমি শারিরে চলনশক্তি কম হওয়াতে কুত্তাপী গমনাগমন নাই যনিষ্টতা সর্ব্বদা না করিলে আত্মহত্যা থাকে না অতএব মানুষ নাই বড়ই নিরানন্দ কলিকাতা সে জেহকু ইহার জামিন হওয়া ভূমি সম্পক্ষ না থাকীলে মঞ্জুর হয় না কীছা টাকা অন্নায়ত করিলেও হয় এমন লোক আত্মহকে আমী এ কর্ম্ম নিজের লোক করি না এ সমাচার পিছে ২ লিখিয়াছেন তাহার কারণ শ্রীযুৎ রামতনু রায়জী কহিয়াছিলেন ইহার চেষ্টা.....রায়জী.....লোক গিয়াছিলেন অদ্য ১৫ রোজ..... কলিকাতায় পোহছিয়াছেন তাহা হইতেও জামিনিগিরি হয় এমত বুঝিতে পারি না রায়জী আত্মহত্যা অনেক করিলেন.....উদ্ধার হওয়া ভার ভত্রাপী রায়জীকে ছাড়িয়ে নাই জানিবেন পত্রর জবাব পিছে ২ না লেখার তাৎপর্য্য এই জানিবেন বাবাজীর কর্ম্মে তাচ্ছল্য জানিবেন না আমি এখানে বড়ইআছি কেলশে কেবল শহিল্লায় মুখ মাত্র...সৎ পরামর্শ জে হয় তাহা করিবেন গুরুলোকের সহিত পরামর্শ করিয়া বাড়ান কত্তব্য হয় করীয়াছি বাবাজী বিবেচক বিবেচনাপূর্ব্বক জে হয় তাহাই করিবেন তোমরা দুস্থি হওয়া বড়ই খেদের বিশয় সকল শেচ্ছা এখানে ক্রোরোরপতি মজীয়া গেল বদ হওয়া ধনি লোক সকল খারাপ হইয়াছে সকলের মুখ পোড়া হইয়াছে ইহার লজ্জা থাই জানিবেন আর ২ সমাচার পশ্চাৎ লিখিব ইহা জাতো কারন নিবেদন ইতি—২৮ আশ্বীন সন ১২৪০।

কীটদষ্ট।

॥ ৮৯৮ ॥

পত্র (সন ১২৪০ সাল) প ১

শ্রীশ্রীদুর্গা।—

পরম কল্যানবরেষু—

পরমমুভাসির্ব্বাদ বিজ্ঞাপনকোদো বিসেষ—

ভাইজী তোমার মঙ্গল সদত শ্রীশ্রী-দ্বারায় প্রার্থনা করিতেছি তাহাতে অত্রানন্দ পরং শ্রীযুৎ সরকার মহাসয়কে পত্র লিখিলাম তাহাতে আরেওআর জাতো হইবেন ভাইজী আমি তাহার নিমিত্র জে সকল চিকীছা করাইআছি সেসত চিকীছা বাটীতে কোনমতে ছাড়ত না কারন তাহার পরমাউ নাই সে নিমিত্র ভূমি কাতর হইবে না সকলি পরমেশ্বরের সেচ্ছা ইহা ... পর হইতেছে ভূমি যুবক লোক কোন বিসএ কাতর হইবে না বেটাছেলে তার কী পূর্ব্ব পত্রে জাহা লিখিয়াছিলেন তাহার তদবির আমি করিতেছী সিকার

হইয়াছেন আন্দাজ করি ৺পূজায় এইদিগে এক প্রকার হইবেক তুমি কাতর হইবে না অতি শিঘ্র বাটী জাইতেছী তুমি ৺পূজায় বাটী আসিবে পরামর্স করিয়া সকল বিসয় মুরাহা করা জাইবেক ফলত তুমি কোনমতে উদবিগ্ন হইবে না জাহাতে তোমার কস্ম হয় তাহা আমি সচেষ্টীত মতে করিব ইহা খুব জানিবেন ইতি সন ১২৪০ সাল তাং ২৯ ভাদ্র—শ্রীপরেমনাথ সম্মণঃ -

॥ ৮৯৯ ॥

পত্র (সন ১২৪০ সাল) প ১

৭শ্রীশ্রীদুর্গা

সরন।—

পোষ্য শ্রীপরেসনাথ সম্মনঃ—

পরম মুভাসির্ব্বাদ বিজ্ঞাপনকোদো বিসেষ আপনকাকে ১৯ ভাদ্র তারিখে ডাকজোগে আপনকার মকদ্দমায়ং সমাচার কথক কৌঙর ময়ুকুর লিখিয়াছিলেন তাহার পর ২৩ ভাদ্র তারিখ শ্রীদৈবকীনন্দন কোঙরের ওলাউঠা করিয়া দিবা আড়াই পহরের সমএে শ্রীশ্রী৺তিরে শ্রীশ্রী৺সরনপূর্ব্বক প্রপ্তী হইয়াছে এক্ষেন ২৮ ভাদ্র তারিখে আপনকার এক পত্র ডাক সহজোগে ৺দৈবকীনন্দন কোঙরের নামস্ত আমার বাসায় আসিবাতে আমি লইতে পারি নাই কারন সে চীটী আমার নামের নহে এবং তাহাতে খরচ কীছু আছে এ প্রযুপ্ত আমি লইলাম না আমার নামস্ত হইলে লইতাম এ কারন পুনুরায় সেই চিটী আপনকার নিকট ফিরিয়া গেল লইবেন আপনি পূর্ব্ব পত্রে জামিনের নিমিত্র লিখিয়াছিলেন জামিন হয়নের কোন ভার্ব্ব নাই কীন্তু এক্ষেনকার জামিন দেয়া বড় কটীন হইয়াছে কারন কেলেক্টরি তালুক কীম্বা কেলেক্টরি তায়দাদ বৎনা লাখরাজ দায়গ্রস্তলোক বেতিত মঞ্জুর করে না এমত লোককে এখানে জামিন দিতে হইলে অধিক টাকা খরচ হইবেক ইহার বিবচনা করিয়া জদি আজ্ঞা করেন তবে আমি এ মোকামে অনেক লোক স্থির করিব জদি সে মোকামে কোন লোককে স্থির করিতে পারেন তবে আমাকে লিখিবেন আনি জামিনির মুয্যাবিদা করিয়া ... টাকার ইস্টম্পে লিখিতে হইবেক তাহার সারেওয়ার লিখিয়া পাঠাইব আর আপনকার পত্রে জানা গেল একজনা সাইদকে মাতব্বর করিয়া তিগিরি করিয়াছেন এমত তিগিরি কখন বাহাল থাকীবেক না মহাসয় করসদা পাঠাইলে সদরের আমলা উকলার নিকট জাইয়া তাহাদিগে দেখাইয়া বিবচনা করিয়া সারেওয়ার সমাচার লিখিব আর জদি মেয়াদ করিব হইয়া থাকে তবে পত্রপাঠ পাঠাইবেন কারন টহরম বন্দোবস্তের নিকট হইল বিবচনা

করিবেন নিবেদন এই জে আমার সহিং আপনকার চাখষ কখন নাই ইহাতে আপনকার খাতি জমা কী প্রকার হইবেক আমার বাটী এবং শ্রীউমাচরন কোঙর ভায়ার বাটী এক গ্রামে আমার পরিচয় ... বাচনিক পাইবেন এবং আমি জাহা ২ তরফ এ মোকামে কর্ম্ম করিতেছী তাহার বেওরা পুর্ব্ব পত্রে ... লিখিয়াছেন জদি আপনকার মজ্জী হয় এবং খাতি জমা ... করেন ... পত্রে প্রেরন করিবেন ইহা জ্ঞাতো কারন নিবেদন করিলাম ইতি সন ১২৪০ সাল তাং ২৯ ভাদ্র ... পুনশ্চ লিখি এ পত্রের দোষাদোষ লইবে না কারন কাহারি মোকামে অতিব্যাস্ত হইয়া লিখিলাম· ইতি—

॥ ৯০০ ॥

পত্র (সন ১২৪০ সাল) প ১

শ্রীশ্রীদুর্গা।—

পরম শুভাসির্ব্বাদ বিজ্ঞাপনকোদো—

মহাসএর রাজলক্ষি স্তিরত নিয়ত শ্রীশ্রী·দ্বারায় প্রাথনা করিতেছি তাহাতে অত্রানন্দ পরং ১৬ রোজে এক পত্র ডাকজোগে প্রেরন করিয়াছি আন্দাজ করি নিকট পোহছিআ থাকীবেক ১৭ রোজ শ্রীযুৎ রামপ্রসাদ সিংহ আমার নিকট পোহছিয়াছেন তৎ সমিভারে নগদ ৫ পাচ টাকা আর ফয়সলার নকল পাইলাম এক্ষেন ওকালতনামার জরুরি হইয়াছে পত্রপাঠ ওকালত নামার মুজপ করিয়া পাঠাইবেন আর শ্রীযুৎ রেটরি সাহেবের পেষকার ও মির মনিসি এই দুই জনার নিকট তদবির করা আবিষ্যক জানিবেন কারন তাহাদের দ্বারায় মঞ্জুর হইবেক এক্ষেন কীছু নগদ দিএ বাকী কিছু মঞ্জুরের পর দেয়া জাইবেক এই মাফিক কথা স্তির করা জাইবেক আপনকার অনুমতি বিতিরেক স্তির করিতে পারি না তাহার্দ্দের সলামতে উমুহত দাখিল করিব মহাসয় এখানকার জর্ম্ম চিলার্দ্দ উদবিগ্ন থাকীবে না আমা হইতে আপনকার কোনমতে খয় হইবেক না খুব খাতি জমায় থাকীবেন মঞ্জুর করাইয়া তজবিজের ওক্তে ভাল সাহেবের নিকট লয়া জাইবেক তরফদানির লোক তদবির করিতে শ্রীপবন ঘোষাল আসিআছে শুনিলাম আমার এখানকার ঠিকানা মোং বাকবাজারে শ্রীযুৎ চৈতন ঘোষের বাটিতে বাসা ইহা জ্ঞাতো কারন লিখিলাম—

[খ— পুনশ্চ লিখি উমুহতের ইষ্টমহাগজ ৪ চারি টাকা দামে চাহি জদি দুই কেতা লাগে তবে ৮ আট টাকার লাগিবেক আর ওকালতনামার ইষ্টম্প ২ দুই টাকার তাহার তহদি কেরানিকে ২ দুই টাকা আর মনিসি ১ এক টাকা

আর তহদিয়ওলা ১ এক টাকা আর উকীলের মেহনত আলা[দা] হিসাব করিয়া দিবেন আর বারনা আন্দাজ মাফিক বিবচনা করিয়া পত্রপাট রওনা করিবেন কোনমতে দেরি করিবেন না ইতি—

আমার এখানকার ঠিকানা মোং বাকবাজারে শ্রীযুৎ চৈইতণচরণ ঘোষের বাটী লিখিলে জানি পাইব নিবেদন মিতি—ইতি সন ১২৪০ সাল তাং—১৮ পৌষ—

॥ ৯০১ ॥

পত্র (সন ১২৪০ সাল) প. ১

শ্রীশ্রীদুর্গা

সরন।—

পত্র শ্রীপরেসনাথ সম্মনং।—

পরম মুভাসির্ব্বাদ বিজ্ঞাপনঞ্চোদো আপনকার রাজনতি নিয়ত শ্রীশ্রী৺দ্বারায় প্রাথনা করিতেছি তাহাতে অত্রানন্দ পরং আপনকার ২৯ পৌসের পত্র ৩ মাঘ শ্রীযুৎ রামকীসোর রায় হস্তে পাইয়া সকল সমাচার জ্ঞাতো হইলাম অমুহুত দাখিলের মেয়াদের রুবকারির নকল পাঠাই দিক্ষ করিবেন কৈরাদির লেখা দলিল ঐ কৈরাদির কবুলমতে ১০ দস দফায় সাড়ে সাত হাজার টাকা আর আপনকার কহতমতে ৩ তিন দফায় পাচ হাজার টাকা একুনে তের দফায় সাড়ে বার হাজার টাকা আদায় করিয়াছেন ঐ তের খান চিটী পায়া গেলে বড় মুবিতা হয় আর ঐ কৈরাদির সহস্তের লিক্ষিত জদি হয় তবে ঐ দলিল মাতবর করাইব তাহাতে কীমিথোর ইত্তাদির কোন ওজর হইবেক না আর জদি এ মোকামে বনাদ অবধি রুমুহুত তয়ার করিতে হয় তবে আর গল করার আবিষ্যা হয় না কারন এ মোংমে তয়ারি করিতে দস বার রোজ হইবেক এবং ভাল ২ লোকে দেখাইতে হইবেক বরং আপনকার নিকট ঐ মুষ্যাবিদা পাঠাইতে হইবেক এই সকল করিতে প্রায় মেয়াদ গত হইবেক আর কলিকাতার মকর্দ্দমা খরচ করিতে পারিলে হক নাহক হয় আর নাহক হক হয় ইহা খুব আপনি জানিবেন আর ঐ সাহেবের জে রাত্তিয়লোক তাহার নিকট গিয়াছিলাম তিহ আমায় করিআছেন কম মজুরে দুই সও টাকা চাহে আর আপীলে ডিগিরি করাইতে পাচ সও চাহে কীন্ত বেসক হাসিল করিতে পারে জেমত মজ্জি হয় লিখিতে আজ্ঞা হইবেক আর ২ সমাচার অথন জাহা উপস্থিত] ... লিখিব নিবেদনমিতি—

সন ১২৪০ সাল তাং ৬ মাঘ—

।। ৯০২ ।।

পত্র (সন ১২৪০ সাল) প. ১

শ্রীশ্রীদুর্গা—

সহায়ং—

পত্র শ্রীপরেসনাথ সম্মনঃ পরম যুভাসির্ব্বাদ বিজ্ঞাপনকোদো মহাসএর রাজনতি নিয়ত শ্রীশ্রী৺দ্বারায় প্রার্থনা করিতেহী তাহাতে অত্রানন্দ পরং আপনকার ১৬ রোজের পত্র আর ১৮ রোজের পত্র ডাকজোগে পাইয়া সকল সমাচার জ্ঞাতো হইলাম লিখিয়াছেন জে রাইপুর নিবাসিরা ডিগিরি জারি করিতে উদ্যত হইয়াছে সে কেবল কথার কথা কারন সদর আপীল হইয়াছে তাহা জজসাহেব জানেন এবং আপনকাকে সদর দেয়ানিতে হাজীর হয়নের জন্ন্য এতলানামা দেন ইহাতে কখন জারি করিবেন্না এবং দস্তর নাই বরং দস্তর এই জে জদি কেহ জারির নিমিত্র দরখাস্ত করে তবে সাহেবান জজ আপীল হয়া আর না হয়া খপর না জানিয়া জারি কখন করে না জদি এই সকল না মানিয়া জারির দরখাস্ত লন তবে ঐ জারির দরখাস্ত মোহর দস্তখতে লইয়া আমার নিকট পাঠাইবেন আমি দরখাস্ত সনমিলিত এখানে দরখাস্ত করিয়া এজরায় ডিগিরি মৌধুব রাখাইব আর ডিগিরি জারি করিবেক বলিয়া উমেদের দরখাস্ত এখানে হয় না বরং কীছু খরচ করিয়া পুনুরায় এতলানামা পাঠাইতেহি কারন জজসাহেব ভাল করিয়া জানুন আপনি জারির জন্ন্য কোন ভার্ব্ব করিবে না আর শ্রীযুৎ দিননাথ সরকার আজ নাগাদ এ মোকাম পোহুছেন নাই জানিবেন আর শ্রীযুৎ দেয়ান কাসিনাথ বসুকে জে পত্র লিখিয়াছিলেন তাহা আমি নিজে জাইয়া দেয়াতে আমার নিকট ওআকিপ হইয়া কহিলেন জে রসিদের চিটী আনায় দেখিয়া জাহা উচিৎ হইবেক তাহা কহিব আর সরকার মযুকুর বুঝি আপন বাটীতে বসিয়া আছেন সাধ্য কী আপনি এখানকার জন্ন্য তিলাধ্য চিন্তা করিবেন্না আর রাইপুর নিবাসি শ্রীনিলকণ্ঠ সিংহ এ মোং পোহুছিয়া শ্রীযুৎ বিপ্রপ্রসাদ বাবুর মকর্দ্দমা হারিয়াছেন আমাদের মকর্দ্দমার তদ্বিরে আছেন জানিবেন ইহা জ্ঞাতো কারন নিবেদন করিলাম ইতি তা— ২১ মাঘ—

[খ· পুনুছ নিবেদন আমার নিজ বিষয় একটুকু মনোজোগ করিবেন অনেক মেহনত করিতে হইয়াছে করিব তিন ক্রোষ রাস্তা রোজ ২ গমনাগমন করিআ তদ্বির করিতেছি নিবেদন মিতি— গারি ভাড়া দিতে হইলে ২০ | ২৫ টাকা দিতে হইত ইহা জানিয়া জাহা উচিৎ করিবেন ইতি—

॥ ৯০৩ ॥

পত্র (সন ১২৪০ সাল) প ১

শ্রীশ্রীদুর্গা

সরন ।—

পত্র শ্রীপরেষসাথ সর্ম্মণঃ পরম যুক্তাসির্ব্বাদ বিজ্ঞাপনঞ্চোদো আপনকার রাজ[নি]ভি নিয়ত শ্রীশ্রী৺দ্বারায় প্রাথনা করিতেহি তাহাতে অত্রানন্দ পরং মহাসএর ২২ রোজের ডাকজোগের পত্র ২৪ রোজ পাইয়া সর্ব্ব সমাচার জ্ঞাতো হইলাম আর ২১ রোজ ডাকজোগে সরেওয়ার লিখিয়া পাঠাইয়াছি তাহা আজ তক নিকট পোহছিয়া থাকীবেক আপনি লিখিয়াছেন জে সন ১৮৩৩ সালের ১২ বার আইনের হুকুম মতে মোক্তারের দ্বারায় তাবৎ কর্ম্মের আঞ্জাম হইবেক আর উকীলের মেহনত ... উঠিয়াছে এ কেবল কথার কথা কারন এই জে সন ১৮৩৩ সালের ১২ আইনের ৪ ধারার ২ প্রকরণের হুকুম এই জে জদি ওকালতনামা না দিতে পারেন তবে খোদ হাজীর হইয়া এক ... দরখাস্ত করিবেক জে আমার মোক্তার হাজী[র] হইয়া রয়ুহত জবাব ইত্তাদি জাহা করিবেন তাহা আমার কবুল এমত দরখাস্ত করিলে সাহেবান লোকের এক্তার চাহি মঞ্জুর করেন চাহি নামঞ্জুর করেন জদি নামঞ্জুর করেন তবে এজলাষ কামেনে দরখাস্ত করিলে সকল সাহেবান সেই দরখাস্ত যুনিবেন তাহাতে জদি মঞ্জুর করেন তবে মোক্তারের দ্বারায় হইতে পারে আর উকীলের মেহনত অনেক পুরা আমানত করিতে হইবেক ঠিকার হুকুম ঐ আইনে হয় নাই এখানে ইস্তাহার দিয়াছেন ময়ুৎ আছে বরং ইস্তাহারের নকল পছাত পাঠাইব আর ডিগিরিজারি মৌখুবের দরখাস্ত এখানে এক্কেন খামখা হইবেক না কারন আপীল মঞ্জুর হয় নাই এ[জমর্] উমেদ দরখাস্ত হয় না আপনি সেখানে এককেতা বরং দরখাস্ত করাইবেন জে সন ১৮৩৪ সালের ৫ নম্বরে সদর আপীল করিয়াছি তাহাতে জদি না মানেন তবে ঐ দরখাস্তর নকল মোহর দস্তখতে পাঠাইবেন তবে য়ামি এখানে দরখাস্ত করিতে পারি কীন্তু তাহাড়া তকরির দরখাস্ত না করিলে আপনি দরখাস্ত করিবেন না এখানে ওকালতনামা আর অযুহত দাখিল করা অতি জরুরি হইয়াছে আর সাত রোজ মেয়াদ আছে এই মেয়াদ মর্দ্ধে দাখিল করিতে হইবেক তাহার খরচপত্রের তদবির করিয়া পত্রপাঠ পাঠাইবেন সকল খরচপত্রের সরেওয়ার শ্রীযুৎ দিননাথ সরকারের পত্রে লেখা গেল সেই মাফিক তাকীত পাঠাইবেন না পাঠান ভাল হইবেক না খরচপত্র পাঠাইলে এক প্রকর য়ু[বিত্ত] করিব এখানকার জন্ম আপনি উদ্বিগ্ন থাকীবে না ইহা জ্ঞাতো কারন নিবেদন ইতি সন ১২৪০ সাল— তা— ২৫ মাঘ

বিভিন্নত এখানে অমুহতের মুষ্যাবিদা তয়ারি করান জাইতেছে দুই একের মধ্যে তয়ারি হইতে পারে জানিবেন ইতি—

পুনশ্চ লিখি অদ্য পাচ রোজ হইল এখান হইতে এতলানামা জারি হইয়া জে লকে গিয়াছে কীন্তু জায়া মাত্র তাহার আর মেয়াদ নাই কেবল জজসাহেবের [সর]নার্থে পাঠান জানিবেন—

॥ ৯০৪ ॥

পত্র (সন ১২৪০ সাল) প. ১

শ্রীশ্রীদুর্গা—

সরন।—

পম্য শ্রীপরেমনাথ সম্মণ:—

পরম মুভাসির্ব্বাদ বিজ্ঞাপনঞ্চদো মহাসএর রাজনতি নিয়ত শ্রীশ্রী৺দ্বারায় প্রাথনা করিতেছি তাহাতে অত্রানন্দ পরং আপনকার ডাকজোগের রোজের পত্র শ্রীযুৎ দিননাথ সরকারের নামন্ত পাইয়া সকল সমাচার জ্ঞাতো হইলাম এখানকার সমাচার অমুহতের মুসাবিদা তয়ারি হইয়াছে আপনকার নিকট পাঠাইতাম কীন্ত মেয়াদের করিব হইয়াছে নাগাদ ৪ ফাল্গুন ওকালতনামা দাখিল করিব জদি সেই রোজ মুমুহত দাখিল না করা হয় তবে আপনকার নিকট পাঠাইব আপনকার অনুমতি লইয়া দাখিল করিব আর জদি ঐ রোজ দাখিল হয় তবে দাখিলী মুষ্যাবিদা পাঠাইব আর মোক্তারের পীতি জেমত এখানে ইস্তাহার দিয়াছে তাহার খোলাসা কথ ২ নকল পাঠাই দিক্ট করিবেন জে খরচ বরাতি করিয়া পাঠাইয়াছেন তাহাতে উকিলের বিসয় ব্যাম্মক হইবেক না অতি তরায় খরচ পাঠাইবেন তদ্বিরের সময় হইয়াছে ইহার পর তদ্বিরের গাফেলি হইলে মুবিতা করা তার জে প্রকার তদবির করা জাইতেছে প্রতুল হইলে লইবেক এক্ষেন কেবল আনামত রাখিতে হইবেক তবে বায়না সরুপ দস বিস টাকা খরচ জাহা হইবেক সেইমাত্র আপনকার সময় ভাল নয় তাহা জানিতেছি সাধ্য কী কেবল পরের হস্তে কম্ম লইতে হইয়াছে কীকীৎ কেলেষ পাইয়া খরচপত্রের জোট করিয়া দিবেন পহাত ভাল জে প্রকারে হয় তাহা সচেষ্টিত মতে করিব এখানকার নিমিত্র আপনি উদ্বিগ্ন থাকীবেন্না শ্রীশ্রী৺ ভাল করিবেন তাহার কোন চিন্তা নাই আর জেলার মোক্তারকে কহিবেন জে সকল বিসয় বিবেচনা করিয়া কম্ম করেন এবং আপন হেসিয়ারি করিয়া দরখাস্ত ডিগিরি মৌকুফ

নিমিত্ত করেম কারন তাহার তদবির এই মিছিলের বনিয়াদ অবধি দেখা যাইতেছে তাহাহক শ্রীশ্রী৺ করেন তবে এ কথা আপনকার মোকাবিলায় করা আর ২ সকল সমাচার শ্রীযুৎ দিননাথ সরকার মহাসএর পত্রে জ্ঞাতো হইবেন আমি আপনকাকে তিসন্ধ্যা আসির্ব্বাদ করিতেছি এবং কাইক যে পর্য্যন্ত আপনকার ক্ষেমতা তাহা করিব ইহা জ্ঞাতো কারন নিবেদনমিতি সন ১২৪০ সাল তাং ২ ফালগুন—

পরম কল্যানিয়া শ্রীযুৎ বাবু আসানন্দ সরকার মহাসয় প্রবল প্রতাপেষু—

॥ ৯০৫ ॥

পত্র (সন ১২৪০ সাল) প. ১

৭শ্রীশ্রীদুর্গা—

সরন।—

পরম শ্রীপরেসনাথ সম্মণং।—

পরম শুভাসির্ব্বাদ বিজ্ঞাপনকোদো আপনকার রাজনতি নিয়ত শ্রীশ্রী৺ দ্বারায় প্রার্থনা করিতেছি তাহাতে অত্রানন্দ পরং আপনকার ডাকজোগের পত্র পাইয়া তাবৎ সমাচার জ্ঞাতো হইলাম এখানে যে সকল লোকের সহিৎ তদবিরাত করা গিয়াছে সে কেবল কথার দ্বারায় কীন্তু তাহাদের নিকট যে সকল কথা ধ্যাজ্য করা গিয়াছিল তাহার একবর্ন্ন হয় নাই কারন যে বন্দবস্তা হইল তাহা আমানত করিব আর এক্ষেন কীছু ২ বায়না দিব এই প্রকার কথা স্তির হইয়াছে কথার অন্নথা হয়াতে ভাল হইতেছে না এখানে হাওলাত পায়া তার কারন যে প্রকার তছদি পাইয়া ১৬ টাকা হাওলাত করিয়া ওকালৎনামা ও য়ুযুহত ও মোক্তনামা ৭ রোজ সেরেস্তায় দাখিল করিয়াছি এক্ষেন তদবির না হয়াতে ভাল হইতেছে না হাওলাত কাহার নিকট পাইলা পাইলে আপনকার অনুমতি ভিন্ন তদবির করিতাম আর দুই জনা সরেষ উকীল দেয়নের জন্ন আপনি লিখিয়াছেন দুই জনা সরেষ উকীল দিতে হইলে চারি মোহর বায়নার কম কোনমতে কবুল করে না আর আপনকার সময় ভাল নহে এ কারন এক জনা উকীল শ্রীযুৎ মুনসি গোলাম রসুলের নাম দেয়া গিয়াছে দোষরা উকীলকে দেয়া হইল না কারন গোলাম রসুলের সদির্স লেখনয়ওলা কেহ নাই আর ঐ ব্যক্তিকে লেখাইয়া দোষরা লোককে দেয়া উচিৎ হয় না এবং উহার পীতি সাহেবলোকের অনুগ্রহ আছে এবং সাহেবলোকে সত্তবাধি জান করে এই সকল জানিয়া উহার নামে ওকালতনামা

দিয়াছি সে জন্য আপনি উদ্বিগ্ন হইবে না বরং রমুহইতে মুদ্যাবিদার নকল করাইয়া দুই চার রোজ মধ্যে পাঠাইতেছি আপনি ... পাচ একেশ দুই সত টাকা পাঠাইবেন সেওয়ায় পরে দিলে হইবেক কোনমতে সাতেনি থাকীবে না টাকা না রাইলে আমাদের সাধ্যকী আমি আন্দাজ করি টাকা সিঘ্র আইলে মঞ্জুর হইতে পারে নতুবা কঠিন জানিবেন কারন রাইপুর নিবাসিরা অধিক টাকা খরচ করিতে উদ্যত আছে জমরব যুনা আইতেছে. ইহার বিবচনা করিয়া খাড়া ২ [টাকা] পাঠাইবেন ইহা জ্ঞাতো কারন নিবেদন করিলাম ইতি সন ১২৪০ সাল ৭ ফালগুন—"

পুনুহ নিবেদন— চারি জনা উকীল সরেষ প্রয় একত্তর তাহার মধ্যে গোলাম রস্তম একজোন বটে প্রনপনে কমুর করিবে না এবং অমুহুত যুদ্দের রুপ লিখিয়াছে শ্রীশ্রী৺ প্রতুল করিবেন কোন বিষয় কম হিম্মত করিবে না ইতি—

পরম কল্যানিয় শ্রীযুৎ বাবু আসানন্দ সরকার মহাসয় প্রবল প্রতাপেষু—

পত্র দেনা— মোং— মুকুল

।। ৯০৬ ।।

পত্র (সন ১২৪০ সাল) প. ১

শ্রীশ্রীদুর্গা—

সরন।—

পদ্মা শ্রীপরেসনাথ সম্মপং।—

পরম মুভাসির্ব্বাদ বিজ্ঞাপনঞ্চোদো আপনকার রাজলক্ষি স্তিরত নিয়ত শ্রীশ্রী৺ দ্বারায় প্রার্থনা করিতেছী তাহাতে অত্রানন্দ পরং আপনকার ৭ রোজের ডাকজোগের পত্র ১ রোজ পাইয়া সকল সমাচার জ্ঞাতো হইলাম ১৮৫৩৬ নং খাজাল বেঙ্গনোট ১৬ সোল টাকার পাঠাইয়াছেন তাহা আমাদের নিকট পোহুছিয়াছে আর মকর্দ্দমার তদবিরের নিমিত্র মহাসয় লিখিআছেন জে প্রকার তদবির করিতেছি তাহা শ্রীশ্রী৺ সকল করিলে মাক্যাতে সারেওয়ার নিবেদন করিব দিবারাত্র আমাদের জ্ঞান নাই আমরা সাধ্য রনুসারে কোন বিসএর কোন দফার তদবিরের কমুর করি না এবং করিব না আপনি এখানকার নিমিত্র কোন ভাবি করিবে না আর গতকল্লে এক পত্র ফয়সলার সদ্দই প্রস্তুত লেখা গিয়াছে অদ্য এখানে সেরেস্তা তদারক করিয়া লেখা যেল ফয়সলা দাখিল আছে জানিবেন আর আমি আপনকাকে তীসদ্ধা আসির্ব্বাদ করিতেছি শ্রীশ্রী৺ প্রতুল করিবেন তাহার কোন সন্দেহ করিবে না ইতি সন ১২৪০ সাল তা— ১০ ফালগুন—

॥ ৯০৭ ॥

পত্র (সন ১২৪০ সাল) প ১

শ্রীশ্রীদুর্গা

স্বরন ।—

পত্র শ্রীপরেসনাথ সম্মনঃ পরমযুভাসির্ব্বাদ বিজ্ঞাপনঞ্চোদো আপনকার রাজনতি নিয়ত শ্রীশ্রীৎদ্বারায় প্রাথনা করিতেছে তাহাতে অত্রানন্দ পরং এথানকার সমাচার রাইপুর নিবাসিদের সমিভার আপীলের মকর্দ্দমা সদর দেয়ানি আদালতে জে ৫ নম্বরে রুযু ছিল সে মকর্দ্দমা ১৪ ফাল্গুন সোমবার দিবসে রুবকার হইয়া রিসপাটন্টদের মোকাবিলায় অনেক সয়াল জবাব হইয়া আপীল মঞ্জুর হইয়াছে জানিবেন আপনকাকে দুই তিন দফা পত্র লিখিয়াছী তাহার জবাব আসা দেরি প্রযুপ্ত এবং মকর্দ্দমা তরতিপ নম্বরে নিকট হয়াতে প্রণের বৌকুল্লতায় আপনকার পূর্ব্ব পত্র অনুজাই জে সকল লোকের সহিৎ দরকার করিয়াছিলাম তাহাদের সহিৎ আমানত ভিন্ন কম্মের যুসাইট হয় না এ কারন অনেক কেলেসে আমার আলাপীলোক শ্রীযুৎ বাবু ব্রজমোহন রায়কে দষ টাকা কবুল করিয়া দুই জায়গায় তিন সও টাকার মালজামিন দেয়া গিয়াছে জে আপীল মঞ্জুর হইলেই দিব কল্প টাকা চাহিবেক, নিরুউপায় কারণ নগদ টাকা কোথাও পাইতে পারি না জে তাহাকে টাকা দিই অতএব নিবেদন পত্রপাঠ মাত্র ঐ তিন সও টাকা আর ধরাটী দষ টাকা ডাকজোগে অবিলম্বে পাঠাইবেন কোনমতে দেরী করিবে না দেরি করিলে সভ্রম থাকীবেক না আপনকার অনেক সভ্রম আছে আপনকার নাম প্রযুপ্ত জাবিন হইয়াছে আর রুবকারি সিঘ্র দুরস্ত করাতে হইবেক রুবকারি দুরস্ত সিঘ্র না করাইলে ভাল হইবেক না কাংপে টাকা তাহাদিগে না দিলে তাহাদের নিকট জায়া দুষ্কট ইহার বিবচনা করিবেন এবং জামিন অতি তরায় দিতে হইবেক ঐ এজরায় ডিগিরি মোখুবের দরখাস্ত দিতে হইবেক এবং হুযুরি হরকরারা সকলেই ধরিয়াছে এই সকল খরচ কারণ বিষ পচিষ টাকা ঐ সঙ্গে অতি সিঘ্র পাঠাইবেন আপনকার পক্ষে বড়ই ভাল হইয়াছে এবং আপীল ডিগিরি করাইব খুব খাটি জানিবেন মহাসয় কোন বিসয় উদ্বিঘ্ন হইবে না তরায় ডিগিরিজারির মোখুবি পরআনা পাঠাইব জখন শ্রীজুৎ রেটরি সাহেবের এজলাসে মঞ্জুর করাইআছি তখন এ বিসয় আখেরেও ডিগিরি করাইব জানিবেন এক্ষেন রুবকারি দুরস্ত করাইতে পারিলে অর্দ্ধেক ডিগিরি ইহার বিবচনা করিয়া তরায় টাকা পাঠাইবেন এবং মাতব্বরলোকে জামিন দিয়াছি তাহার নিকট বেহত্তর হইয়া টাকা দিতে জেন না হয় আর তরফদানির ত্যাতয



রায়পুরের ভুবনমোহন সিংহের সঙ্গে আত্মানন্দ সরকারের মোকদ্দমা সংক্রান্ত পত্র। সন ১২৪০ বঙ্গাব্দ। পত্রে ভুবনমোহন সিংহের ভ্রাতুষ্পুত্র শ্রীকণ্ঠ সিংহের প্রসঙ্গ লক্ষণীয়।

মু. ন. স.—পৃ ৫৭৪

পুত্র শ্রীকণ্ঠ সিংহ ও ঘোষাল ও রাধামোহন মিত্রির লোক সমিতার পাচ সাত জনা দোসালা গাএ উড়াইয়া মিছিলের ওক্তে হুজুরে হাজীর হইয়াছিলেন কীন্তু বাক্য প্রওগ করিতে দিই নাই বরং মুখের মত হইয়া আসিআছে ইহা জাতো কারণ নিবেদন মিতি সন ১২৪০ সাল তাং ১৪ ফাল্গুন—

পুনুহ নিবেদন কল্য তারিখে পাচ টাকা হাওলাত করিয়া শ্রীশ্রী৺কালিঘাটে পূজা দিতে জাইব আপনি কোনমতে.....করিয়া থাকিবে ইতি—

॥ ৯০৮ ॥

পত্র (সন ১২৪০ সাল) প ১

শ্রীশ্রীদুর্গা

সহায়

পরম শ্রীপরেসনাথ দেবসম্মনঃ—

পরম শুভাশির্ব্বাদ বিজ্ঞাপনঞ্চোদো মহাসএর রাজলক্ষি স্তিরত নিয়ত শ্রীশ্রী৺দারায় প্রাথনা করিতেছি তাহাতে অত্রানন্দ পরং আমি মোং কলিকাতা ১২ রোজ পোহছিয়া আপনকার এক পত্র শ্রীযুৎ রামকানাই চট্টোপাধ্যায়এর হস্তে পাইয়া সকল সমাচার জাতো হইলাম আপনি লিখিয়াছেন জে ফয়হলার নকল আর খরচ ৫ পাচ টাকা পাঠাই লইবে এই দুই দফার মর্দ্ধে কীছুই পাই নাই ইহাতে তাজব হইলাম কেবল ছয় খানি পত্র পাইয়াছি সে তাহাহক এক্ষেন আমার আসার পুর্ব্বে আমার্দ্দের জে রেটারন আসিয়াছিল তাহা রেজষ্টরসাহেব আপন হস্তে বাটয়ারা করাতে শ্রীযুৎ রেটারি সাহেবের এজলাসে পড়িয়াছে জানিবেন অতএব লিখি ওকালতনামা অতি তরায় দাখিল করিতে হইবেক কোনমতে গাফেলি করিবেন্না পাচ সাত রোজ মর্দ্ধে যায় উয়ুহত উকালতনামা দাখিল করিতে হইবেক জদ্যপী শ্রীযুৎ দিননাথ সরকার তরায় আইসেন তবে তাহাকে পত্রপাঠ রওনা করিবেন নতুবা ডাকজোগে উকীলের মেহনতআনা ও বায়না ও ফয়হলার নকল ইত্যাদি খাড়া ২ পাঠাইবেন আর শ্রীযুৎ রেটারি সাহেবের পেষকার শ্রীযুৎ রাধাকান্ত রায় তাহার সহিৎ কীছু মুজগ করিতে হইবেক জেমত আজ্ঞা করেন আর উকীল শ্রীযুৎ গোলাম রুস্তম মুনিসিকে দিবার কারন লিখিয়াছেন সে জন্য লেখাপড়ায় ভাল কীন্তু সয়াল জবাব করে না জদ্যপী দুই জন উকীল দেখা জায় তবে অধিক বায়না লাগে এই ... স্তির করিতে পারি নাই জেমত অনুমতি করিবেন সেইমত করিব আমিনির বিসয় জদি সে মোকামে স্তির করিতে পারেন তবে অধিক টাকা [কম] হয় না করিব দস হাজার টাকার তাইদের জায়দাদওআলাকে দিতে হইবেক

এই সকল বিবেচনা করিয়া পত্রপাঠ সারেওআর লিখিবেন আর জে সকল পত্র পাঠাইয়াছিলেন তাহা ২ পত্র ... দিআছি ইহা জ্ঞাতো কারন নিবেদন করিলাম ইতি সন ১২৪০ সাল তা—১[৬] ...

পরং মিছিল বাটআয়ার এক্তারে কাহারু নাই কেবল রেজষ্টরসাহেব বেতিত আমলার সাধ্য নাই মঞ্জুরির পর নম্বর পরিলে মিছি[ল] তজবিজের সমএে বিবেচনা করিয়া তাহার নিকট সোপরদ করাইতে হয় কারন জাইবেন—

পুনহু লিখি—

পত্র পাঠাইবার গল হয়নের কারন সদর দেওআনি আদালত ১২।১৪ এই দুই রোজ বড়দিনের ওজেতে বন্দ ছিল এ কারন তদারক করিতে পারি নাই জাহাতেই গল হইয়াছে জানিবেন ইতি—

॥ ৯০৯ ॥

পত্র (সন ১২৪০ সাল) প ১

শ্রীশ্রীদুর্গা

সরন।—

পন্য শ্রীপরসনাথ সন্মণঃ—

পরম যুভাসির্ব্বাদ বিজ্ঞাপনঞ্চোদো আপনকার রাজনতি নিয়ত শ্রীশ্রী৺দ্বারায় প্রাথনা করিতেছী তাহাতে অত্রানন্দ পরং মহাসয়কে পুর্ব্বে দফা ২ পত্র ডাকজোগে প্ররন করিয়াছি তাহার পীতি উত্তর পাই নাই আপীল মঞ্জুরির পর ১৫ রোজ ডাকসহরতে বিস্তারিত করিয়া লিখিয়াছী তাহা নিকট পোহছিয়া থাকীবেক আপনকার আজ্ঞা প্রমান জে সকল লোকের সহিং বরবার করিয়া বন্দবস্তার মাল জামিন এক মাতর্ব্বরলোককে দিয়াছি সে ব্যক্তি দফা ২ লোক পাঠাইতেছে অতএব আপনাদের মান থাকা ভার হইয়াছে কারন এখানকার এ মত দস্তুর নয় কস্ম হাসিল হয়া মাত্র দিতে হয় তাহাতে আজ নাগাদ ৫।৬ রোজ গতিক করিতেছী ইহাতে কেবল মানের খর্ব্বতা বৌ নহে ইহার পর কথার আর বিশ্বাষ করিবেক না এবং আমাকে আকছর মকর্দ্দমার রুবকারি দুরস্ত না করাইলে ভাল হইবেক না এবং ডিগ্রিজারি মৌকুফের দরখাস্ত সিঘ্র করিতে হইবেক তাহাও হইতেছে না কীস্ত টাকা দিতে হইবেক অসভ্রম হইয়া দেয়া ভাল নহে এক্ষেনে আপনাদের মান থাকীয়া দিতে পারিলে ইহার পর আপনাদের কথার ধারায় তদবির হইতে পারিবেক এই সকল বিবেচনা করিয়া পত্রপাঠ তিন সও দস টাকা বন্দবস্তার দরুন পাঠাইবেন কোনমতে আর গল করিবে না ইহা জ্ঞাতো কারন নিবেদন ইতি সন ১২৪০ সাল তাং—১৯ ফালগুন—

পুনশ্চ নিবেদন—

শ্রীশ্রীকণ্ঠ সিংহ কল্য তারিখে বাটী গিয়াছেন এখানে ঘোষাল মহাশয়কে রাখিয়াছেন যে মুহুরির সাহায্যে তদবির করিয়া হাসিল করিয়াছি তাহা ব্যাকাত হইলে বিস্তারিত নিবেদন করিব এবং এ মকর্দ্দমা আখেরেও হাসিল করাইব তাহার কোন সন্দেহ করিবে না খুব খাতি জমায় থাকীবেন নিবেদনমিতি—

।। ৯১০ ।।

পত্র (সন ১২৪০ সাল) প ১

শ্রীশ্রীদুর্গা

সহায়—

পত্র শ্রীপরসনাথ সম্মনঃ—

পরম মুভাসির্ব্বাদ বিজ্ঞাপনকোদো মহাসএর রাজলক্ষি সিরস্ত নিরস্ত শ্রীশ্রী৺দ্বারায় প্রার্থনা করিতেছি তাহাতে অত্রানন্দ পরং আপনকার তিন দফা তাকজোগের পত্রের সনমিলিত বরাতি যেহুনোটদিগরে ২০০ দুই সও টাকা আমরা পাইয়াছি জানিবেন ঐ দুই সও টাকা লইয়া মালজামিনদারের নিকট জায়াছে তিহ কোন মতে টাকা লন না কহেন যে আমি তোমাদের উপগার করিয়াছি সেই ভাল কারন কালের ধর্ম্ম তোমাদের সাধ্য কী আমাকে জদি টাকা দেয়া কর্ত্তব্য হয় তবে ৩১০ তিন সও দস টাকা দায় নতুবা লইব না আমি তাহার ২ নিকট তোমাদের মালজামিন হইয়াছি .....তাহাদির্গে আমি আপন তহবিল হইতে টাকা দিয়াছি তবে.....দের দিএ পীত্ত.....এই সকল কহিবাতে আমি অনেক [কা]কুতী মিনতি করিয়া কহিলাম যে এই দুই সও টাকা লন বাকী ১১০ এক সও দস টাকা দস রোজ মর্দ্দে দিতেছি এবং অনেক কাতর উক্তী করাতে আমি যে নোট তাহার নিকট লিখিয়া দিয়াছি সেই নোটের পীঠে দুই সও টাকা উসুল দিয়া বাকী এক সও দস টাকার দস রোজ মেয়া[দে] লেখাইয়া লইয়াছে এই দস রোজ মর্দ্দে টাকা জদি না দিতে পারি তবে ছোট আদালতে আমার নামে [নালিস] করিয়া আমাকে কএদ করাইবেক পূর্ব্বে জদি এমত জানিতাম তবে কখন এমত.....উপস্থিত হইতাম না কেবল আপনকার ৭ ফাল্গুনের পত্রের দ্বারায় এই কর্ম্ম করিয়াছি মহাসয় জদি পূর্ব্বে আমাদির্গে কোন সেলেহ করিতেন যে ২০০ দুই সও টাকার অধিক তদবির খরচ দিব না এবং দিতে পারিব না তবে ঐ দুই সও টাকার অনুজাই তদবির করিতাম তাহাতে শ্রীশ্রী৺

তাহা করিতেন সেই মাফিক পূর্ব্বে তদবির করিয়া আমলার নিকট না আইয়া দুই সও টাকা স্থির করিয়াছিলাম কীন্তু শ্রীকণ্ঠ সিংহ আসিয়া আমলার সহিং তদবির করাতে আমি সেই খপর শুনিয়া আমলার নিকট এক সও টাকা ধাজ্য করিয়া একুনে তিন সও টাকার মালজামিন দিয়া আমি জামিনদারের নিকট তিন সও দস টাকার নোট লিখিয়া দিয়াছি ইহাতে টাকা হারিয়া দিবার বিসয় কী বরং জামিনদার মযুকুর ঐ টাকার যুদ না লইলে হয় কলিকাতার বেবহার মহাসয় বিসিষ্টরূপে জ্ঞাতো নাই কারণ এক বেক্তির সন্তান পাচ সও টাকা লইয়া পাচ হাজার টাকার কাণ্ডানি কামায় ইহাতে তাহার পীতার মাল আমাল বিক্রী করিয়া টাকা লয় ইহাতে আমার স্তানে নোট লেখাইয়া লইয়াছে অতএব টাকা কোনমতে হারিবেক না আমি এক রুটী আপনকার নিকট পাবার আসা করিয়া এই কম্মে প্রবত্ত হইয়াছিলাম সে জাহুক আমার সাধিক যে রুটী ছিল তাহাও জাইতে উপস্তিৎ হইয়াছে কারণ ঐ দস রোজ মেয়াদ মর্দ্দে টাকা না দিতে পারিলে কএেদ করিবেন যুতরাঙ্গ রুটি ত্যাগ করিয়া পলাইতে হইল ইহাতে আপনকার উচিৎ জাহা হয় করিবেন আমি আপনকার সময় জানিতেছি সাধ্য কী পরের হস্তে কম্ম লইতে হইয়াছে এবং এখানে টাকা ভিন্ন কম্ম হাসিল করা ভার আমার নিকট জদি টাকা থাকীত তবে এ সময় কখন মহাসয়কে টাকার জন্ম লিখিতাম না পরে জাহা হইত তাহাই করিতেন এ কারণ আপনকাকে দকা ২ লিখিতেছি ইহার পর মহাশয়কে আর পত্র লিখিব না আমার অদেষ্টে জাহা থাকে তাহাই হইবেক আর আপনি ডিগ্রিজারি ও ... মোথুবির নিমিত্র তাকীদ লিখিয়াছেন মহাসয় জেমন আপীল মঞ্জরি ... ডিগ্রি[জারি] মৌথুবি করণ দুই কেতা জামিনি দস হাজার টাকার তাইনে এবং ঐ জমা নিজে নাজিরের মঞ্জুরি লেখাইতে হইবেক ঐ সামিলে ডিগ্রিজারি মোথুবি ... এককেতা দরখাস্ত সনমিলিত সেরেস্তায় দাখিল করিলের পর যুনানি হইবেক তাহাতে জদি মুদ্দইয়া জেলায় জারি হইয়াছে এমত কথা দাদবেদাদ করে তবে জারি মৌথুব করা তার এ করণ ইহাতেও আন্দাজ করি ৫০।৬০ পঞ্চাস সাট টাকা খরচ হইবেক আমাকে লেখা ভার হইয়াছে আর আপনি এক কালে টাকার কথায় জবাব দিয়াছেন ইহাতে আমরা কী প্রকার কম্মের আঞ্জাম দিতে পারি এ বিসয় কন্তার এবং মুদ্দইলোক লাগাও আছে তাহারা কেবল হয় হস্তা মেয়াদ গত কবে হইবেক এই গননা করিতেছে কারণ ঐ মেয়াদ মদ্দে জামিন দাখিল করিতে না পারিলে মাকর্দ্দমা নয়র খারিজ করাইবেক এই চেষ্টায় আছে জানিবেন আর পূর্ব্বের পরাত্রামের এক ভট্টাচার্য্য জামিন হইবার কথা কহিয়া ... সেই

বেক্তী জদি জামিন হন তবে ২৫০ আড়াই সও টাকায় হইতে পারিবেক এবং তাহাকে এ মোকাম আসিবার কারণ ২৪ ফাল্গুন তারিখে ডাকজোগে পত্র পাঠাইয়াছি আজ লাগাদ কোন খপরাখপর পাই নাই ইহাতেই ভাবিত আছি জদি এখানকার লোক [জামিন] দিতে হয় তবে আন্দাজ করি পাচ সও টাকার কম কোনমতে হইবেক না এবং ঐ টাকা বেবাক আনামত ভিন্ন জামিনিতে দস্তখত করিবেক না আর ঐ জামিনি মঞ্জুর হইলে আনামতের টাকা লইবেক এ কারণ লিখিতেছি জে তাবৎ বস্তু জে কেলেম করাইবেন এবং আপনকার ৺পীতা ঠাকুর মহাসয় জে সকল বিত্তাদি মহাসয়েএর মা[তা] ঠাকুরানি ... দিয়াছেন আর ঠাকুরানির সোপাজীত জে য়াছে ঐ সকল বস্তু সাবুদ করি[তে] পারিবেন সেই সকল জায়দাদে আপনকার মাতাঠাকুরানির কেলেম করাইবেন ... মঞ্জুর থাকীবেক এবং ঐ সকল জায়দাদকে স্ত্রীধন বলে জানিবেন জদি সকল জায়দাদে কেলেম করাইতে পারেন তবে কোনমতে জায়দাদ বিক্রী হইবেক না এবং কেলেমের মকর্দ্দমা সদর দেয়ানি হুক হইতে পারিবেক তাহার তার্ক্ক নাই আর তাবৎ দাবির জামিনির খরচপত্রের আঞ্জাম দিতে পারেন তবে তরায় ডিগিরিজারি ও হাল ... ক্রোক মোখুবির পরজানা জেলায় পাঠাইতে পারি জদ্রূপী তাবৎ জামিনির ... পত্রের আঞ্জাম সংপাতিক করিতে না পারেন তবে রিমপাটস্টের সদর দেয়[নি] আপীলের খরচা উকীল মেহনতআনা ২৮৪ টাকার আর জাযদা রহ বেসি ৫০ টাকা একুনে ৩৩৪ তিন সও চৌত্তিস টাকার মেকদারের জায়দাদ ওআলা একজোন জামিন স্থির করিয়া ২ দুই টাকা দামের ইষ্টম্বকাগজ লেখাইয়া তাহার দস্তখত করাইয়া এখানে পাঠাইলে আপীল পাকাইয়া নথি তবল করান জায় পহাত পুরা দাবির জামিন দেয়া জায় তবু বেহেতরি আর না দেয়া জায় তবু বেহেতরি মুখ্য ঐ তিন সও চৌত্তিস টাকার জামিন দিতে হইবেক তাহার মেয়াদ মঞ্জুরের তারিখ হইতে ছয় হপ্তা ইতিমদ্ধ্যে দাখিল করিতে হইবেক নচেৎ নম্বর খারিজ হইবেক ইহার বিবচনা করিয়া জাহা কত্তর্ব্য হয় তরায় সমাচার লিখিবেন আর আমি আপনকাকে সদত শ্রীশ্রী৺দ্বারায় জানাইতেছি অবস্যই প্রতুল করিবেন আর আমি পূর্ব্বে আপনকাকে নিবেদন করিয়াছি জে টাকা খরচ করিতে পারিলে এখানে হুক নাহুক হয় আর নাহুক হুক হয় ইহা পূর্ব্ব জানাইয়াছি নিবেদন মিতি সন ১২৪০ সাল তাং ২১ ফাগুন—

পুনশ্চ—১১০ এক সও দস টাকা ছাড়াইবার বিসয় মহাসয় লিখিয়াছেন ইহাতে অমত করিআছে কীন্তু জদি আপনারা জামিন না লইত এবং আমাদের কথার বারায় থাকীত তবে অবস্যই বিস পচাস ছাড়াইতে পারিতাম এক্ষেন তাহারা

জামিনদারের নিকট টাকা লইয়াছে কী প্রকার ছাড়াইতে পারি জামিনদারকে দিবার কথা কহা সে কেবল আপনাদের পরিচয় দেয়া...নিবেদনমিতি—
মহামহীম শ্রীযুত বাবু আসানন্দ সরকার মহাসয় প্রবল প্রতাপেষু—

॥ ৯১১ ॥

পত্র (সন ১২৪০ সাল) প ১

শ্রীশ্রীদুর্গা

স্বরন।—

পদ্য শ্রীপরেসনাথ সম্মুণঃ—
পরম যুভাসির্ব্বাদ বিজ্ঞাপনঞ্চোদো মহাসএর রাজনতি নিয়ত শ্রীশ্রী৺দ্বারার প্রাথনা করিতেছী তাহাতে অত্রানন্দ পরং আপনকার ২ রোজের ডাকজোগের পত্র ৪ রোজ পাইয়া সকল সমাচার জ্ঞাতো হইলাম ইতি—
১ দফা ৩০ ফাগুন তারিখে ডাকজোগে বেঙ্কনোট ও বরাতিদিগরে দুই সও টাকা প্রাপ্ত আর এখানকার সারেওয়ার বিস্তারিত লিখিয়াছি তাহা পোহছিয়া থাকীবেক ইতি—
২ দফা ডিগিজারি মৌখুব করার বিসয় সমুদায় দাবির জামিন ভিন্ন হইতে পারে না আপীলের মকর্দ্দমার তজবিজ হয়নের মিমিত্র রিসপাটন্টের সদর দেয়ানির আপিলের খরচা ৩৩৪ তিন সও চৌতিষ টাকার জামিন দিলে জেলাকে নতি তলব ও এতলানামার পরআনা জাইতে পারে এবং তজবিজ আমলে আইসে জামিন বেতিরেক মঞ্জুরি হয়া মির্থা জানিবেন এক্ষেনকার তত্তবির কেবল জামিন ইতি—
৩ দফা ক্রোরকী ও ডিগিরিজারি মৌখুব করিতে মহাসয় পারিবেয়া কারন পুরা দাবির জামিন দিতে করিব চার পাচ সও টাকা খরচ হইবেক এ কারণ লিখিতে খরচার জামিন অতি কম আপনকার জদি কেহ আত্তিয়লোক থাকে তাহার নামে জামিনি পাঠাইবেন তবে জেলাকে রুবকারি সিঘ্র পাঠাইব ইতি—
৪ দফা জদি আপনকার কোন আত্তিয়লোকের তালুক পত্তনি কীবা দরপত্তনি অওলা কেহো থাকে এবং সেই তালুক দস হাজার টাকায় বিক্রী হয় এ মত লোকের নামে জদি জামিনি সিঘ্র পাঠাইতে পারে তবু ঐ জামিনি মঞ্জুর করাইতে পঞ্চাস সাট টাকা খরচ হইবেক নিবেদন মিতি—
৫ দফা শ্রীযুৎ দিননাথ সরকার মহাসয়কে বাটী বিদায় করিতে লিখিয়াছেন অতার্থ কীন্তু ঐ জামিনদারের বাকী ১১০ এক সও দস টাকা যে রাহে তাহাকে আমি

প্রথম লিখেছি যে মুনিবের তরফ মাএব এখানে আছেন টাকার তার্দ্ধ কী এবং সরকার ... নিকট লইয়া যাইতেছি এই খাতি জমায় জামিনদার স্তুতি আছেন সরকারের যাটী জায়া মুনিবামাত্র আমার নামে সমন করিবেক এবং এ সহরে তিলার্দ্ধ থাকিতে পারিব না সরকার মহাসয়কে মকর্দ্দমার তদবির কারন রাখি নাই সে নিমিত্র উকীল এবং আমি আছি ঐ টাকার এবং টাকাকড়ি যেখানে যে তদবির করিতেছি তাহার .. মতে করিতেছি তিহ এ সময় না থাকীলে আপনকার নিকট সলা আনিয়া কম্ম করিতে হইলে কম্ম হাসিল করা ভার আদালতের কম্ম কখন কী উপস্থিত হয় তাহার অন্ত নাই এ কারন দস পাচ রোজ থাকীয়া এই সকল কম্মের বন্দোবস্ত হইলে জারন হইলে ভাল হয় এই সকল বিবচনা করিবেন নিবেদনমিতি তাং ৫ চৈত্র—

পুনশ্চ নিবেদন এখানে দুই তিন জনা জামিনের স্থির করিয়াছি কীন্তু তাহাদের অধিক টাকার আকাঙ্খা এক্ষেন পারিবে না নিবেদনমিতি—

পরম কল্যানিয় শ্রীযুৎ বাবু আসানন্দ সরকার মহাসয় প্রবল প্রতাপেষু—

॥ ৯১২ ॥

পত্র (সন ১২৪০ সাল) প ১

শ্রীশ্রীদুর্গাঃ

স্মরণ

পম্যা শ্রীপরেসনাথ সম্মৎং—

পরম মুভাসির্ব্বাদ বিজ্ঞাপনাঞ্চোদো মহাসএর রাজলক্ষি স্থিরত নিয়ত শ্রীশ্রীদ্বারায় প্রাথনা করিতেছি তাহাতে অত্রানন্দ পরং আপনকার ১৯ রোজের পত্র ২২ রোজ শ্রীযুৎ রামকীসোর রায় মারফত পাইয়া আর ২১ রোজের ডাকজোগের পত্র ২৩ রোজ পাইয়া সকল সমাচার জ্ঞাতো হইলাম ইতি—

১ দফা আপনি লিখিয়াছেন যে জেলা বিরভোম হইতে এতলানামা আসিয়াছিল কীন্তু সে এতলানামা সদর দেওয়ানি আদালতের নহে কারন আপনকার আপীলের যে সাট্টপীকীট জেলা হইতে আসিয়াছিল সে সট্টপীকীট ২৪ পোষ তারিখে রেজিষ্টরি সাহেবের নিকট দরপেষ হইয়া ছয় হপ্তার মেয়াদে এতলানামার হুকুম দিয়াছেন ইতি—

২ দফা খালি রুযুহত ও সয়াল ও জবাব কারন উকীল দিবার বিসয় যে লিখিয়াছেন তাহা হইবেক না কারন এ নয়বি মকর্দ্দমা লাখি ভিন্ন হইতে পারে না অতএব লাখির আপীলত যেহেতুআলা লাখিল করিয়া উকীল দিতে হইবেক ইতি—

৩ দফা আমার নামে যে মোক্তারনামা পাঠাইয়াছেন তাহা দাখিল করিতে পারি নাই কারন অদি ওকালতনামা তহদি করাইতে হয় সেকালে মোক্তারনামা ভিন্ন রেজষ্টর সাহেব তহদি করে না একারণ দাখিল করি নাই জানিবেন ইতি—
৪ দফা শ্রীযুৎ রেটরি সাহেবের পেষকার ঔমির মনিসি এই দুই জনার সহিত বন্দবস্তা করিবার কারন যে লিখিয়াছেন তাহাদের সহিং বন্দবস্তা করিয়া আটা তার কিছু ২ নগদ টাকা হস্তে লইয়া খাজিজি মিনতি করিয়া তাহাদ্দের সহিং সলা রাখিতে হইবেক আন্দাজ এক সও টাকার উপর ইহাতেও অদি সলা করিতে পারি তবু ..... তং সেওআর আর এক তদ্বির করিতেছি ঐ সাহেবের .....কোন লোক আছে তাহার কথায় অন্নথা করে না তাহার.....সলা করিতে পারি তবে কোন তার্ক্ক নাই তাহার স্তির করিয়া পহাত সারেওআর লিখিব ইতি—
৫ দফা আমাদ্দের এই সাট্টপিকীট আসার পর রিষপাটণ্টেরা এক চিটী রামনগর নিবাসি শ্রীযুৎ রাধামোহন মিত্রকে লিখিয়াছিলাম ঐ মিত্র ময়ুকুর ঐ চিটী পাইয়া .....করিয়া ঐ সাহেবের নিকট লইয়াছে.....মঞ্জুর করে না ···· ঐ সাহেবের... তদ্বির বেতিত.....

১১ দফা রাইপুর নিবাসীদের মোক্তার শ্রীযুৎ পবনচন্দ্র ঘোষাল আসিয়া শ্রীযুৎ রাধামোহন মিত্রর বাসায় বাসা করিয়াছেন এবং ঐ মিত্রর সহিং সলা পরামর্শ করিতেছেন এক্ষেন তদ্বির করিবেন একারন আমাদ্দের তদ্বিরের আগে করিতে... জেমত মজ্জি হয় ইতি—

১২ দফা শ্রীযুৎ রামপ্রসাদ সিহর সারিরিক ব্যারাম কীছু বোধ হয়াতে এ মোকামে থাকীতে পারিলেন না এবং রাখিলাম না বড় মাড়ি ভয় হইয়াছে কল্লতক বাটী রওনা করিব ইহ ২ টাকা আপনকার নিকট হইতে আনিয়াছিলেন তাহার মদ্দে রাহা খরচ দব আনা করিয়া এ মোকাম আনিয়াছিলেন এ মোকামের বাসা খরচ মুদির হিসাব রোই ১। পাচ সিকা দেনা সোধ দিয়া আমার স্তানে রাহা খরচ কারন ।। আনা লইলেন জানিবেন আর সিংহ মজকুরের বাচনিক এখানকার সারেওয়ার জাতো হইআ তাহাতে সকল কম্মের মুবিতা হয় তাহা করিবেন ইতি—

... ...
... ...

১৩ দফা এতাপুরের বিসয় যে লিখিয়াছিলেন তদরমুজায় এখানকর অনেক আমলাও ওকলায় ও মোক্তারলোক সেখানকার হকীয়ত অনুমাই সকলকে জিজ্ঞাসা করাতে তাহারা কহিলেন যে সদর কমিসেনর উপর গবনর সাহেব যেতিত আর কেহ নাই কীন্ত দুএর কানুনের মনস্ত মতালক দুরস্ত কানুনে নালিস হইতে পরে

আর আমিনের রোবদাদের পর ঐ মহল বন্দবস্তা করিবার কালে এক ইস্তাহার তোমাদের নামে হইবেক জদি তোমরা বন্দবস্তা করিয়া লয় তবে অন্য লোকে পাইবে না...কি সত দম টাকা কমি পাইবে ইহার বন্দবস্তা .....করিতে হইবেক... কোন ২ আমলায় কহে জে ওয়াসিলাতের নালিষ করিবেক তোমরা পোন বাহার টাকা ফিরিয়া পাইবার কারন শ্রীযুৎ গবনর জানরেল বাহাদুরের নিকট এককেতা দরখাস্ত করগ্যা আন্দাজ করি পোনবাহার টাকা পাই...তাহাতেই ওআসিলাতের.....সাহেব.....নিকট দর... ... ...

॥ ৯১৩ ॥

পত্র (সন ১২৪০ সাল) প ১

৺শ্রীশ্রীদুর্গা

পথ্য শ্রীপরসনাথ সম্বণঃ—

পরম যুভাসির্ব্বাদ বিজ্ঞাপনকোদো মহাসএর রাজলক্ষি স্তিরত শ্রীশ্রী৺দারায় প্রার্থনা করিতেছি তাহাতে য়ত্রানন্দ পরং আপনকার ১৮ রোজ ও ১৯ রোজ দুই রোজের ডাকজোগের পত্র ২১ রোজ পাইয়া সকল সমাচার জ্ঞাতো হইলাম শ্রীযুৎ দিননাথ সরকারের নামস্ত ১৯ রোজের পত্রের সামিল জে ৫০ পঞ্চাষ টাকার হাপ নোট পাঠাইয়াছেন তাহা আমরা পাইয়াছি জানিবেন আপনি লিখিয়াছেন জে পুর্ব্বে আমি মহাশয়কে তদবির কারন ২০০ দুই সও টাকার কথা লিখিয়াছিলাম এক্ষেণ ৩০০ তিন সও টাকা পাঠাইতে লিখিয়াছী মহাসয় পুববূ পত্র রিসি[ষ্ট]রূপে দরিয়াপ্ত করিলেন কী লিখিয়াছি জে সকল তদবির করিয়াছি তাহা শ্রীশ্রী৺ জানেন কারন শ্রীযুৎ রেটরি সাহেবের জমাদারের দ্বারায় ২০০ দুই সও টাকা ধাজ্য করিয়া মালজামিন শ্রীযুৎ রায় মহাসয়কে দিয়াছি আর ঐ সাহেবের সেরেস্তাদার ও পেষকার এই দুই জনার সহিত ধাজ্য করিয়া ১০০ এক সও টাকার মাল জামিন ঐ রায়কে দিয়াছি এক্ষেণ আমি আন্দাজ করি আপনকার সন্দেহ হইয়াছে কীন্তু আমি ঐ সকল তদবিরাত শ্রীযুৎ দিননাথ সরকার ভিন্ন হয় নাই আমি একক তদবির করি নাই আর আপনকার অজতার্থ এক পয়সা খরচ করি নাই করিব না তাহা আপনি খুব খাটী জানিবেন তবে আমলার সহিত তদবির করা তাহার কারনে জে সাহেব কীছু বিবচনায় কম আর তরফদানির আমলাদের সহিত লাগাও হইয়াছিল আর ঘরভেদি জে রাবন নষ্ট হইয়াছে এ কারণ তাহাদের সহিং বন্দবস্তা করিয়া জামিন দিয়াছি ঐ সকল বন্দবস্তার টাকা না দেয়াতে অসন্তস হইতেছী টাকা কোনমতে হারিবেক না এবং তাবৎ কর্ম্মের খলস হইতেছে

মহাসয় ডিগিরিজারির জর্ন্ত আজ উবধিয় কেন হইতে হইবেক ঐ সকল টাকা পাঠাইলে এত দিবস তদবির করিয়া ডিগিজারি মৌখুবের পরআনা পাঠাইতাম তাহাদের বন্দবস্তার বেবাক টাকা না দিলে কোন কম্ম হইবেক না প্রথমত বন্দবস্তার টাকা দিতে গেলে ভেতো হয়া ভাল নহে কারন আর আমাদের কথায় কেহ বিশ্বাস করিবেক না এবং জে জামিন..... সে এমত গোলজোগ শুনিলে কথার জারায় কোন .....মানিবেক না ইহার বিবচনা করিবেন জামিনের বিষয় .....এখানে নাই তাহাকে আসিবার কারন ডাকযোগে.....পাঠাইব কীন্তু তিহ আপন জায়দাদের ফর্দ্দ.....নম্বর আমাকে দিয়া গিয়াছেন জামিনের... .....করিবে না জামিন একপ্রকার স্তির করিয়া..... টাকা সিঘ্র পাঠাইবেন কোনমতে গল[জোগ].....দির্গে কম্ম ত্যাগ করিয়া কলিকাতা.....কারন জামিন্দার মযুকুর আমা[দের]..... হইবেক.....ফালগুন

॥ ৯১৪ ॥

একরারনামা (সন ১২৪০ সাল) প ১

৫৯ নং—[পার্সীতে লিখিত]

... ...

... ...

একরারনামা বনাম আশানন্দ সরকার আপীলন্ট সাকীম মুরল সামিল থানা কশবা মতালক জেসা বিরভোম ... ... জে সন ১৮৩৩ সালের ৪৮৪ নম্বরের ফয়শলায় নারাজ হইয়া এই আদালতে এককিত্তা শদর পাঠাইবার কারন সদর মজকুরের আফিলের দরখাস্ত এই আদালতে উকীল ত্রৈলক্যনাথ মধুপাধ্যায় আপন উকালতিতে দাখিল করে তাহার পর সদর দেওানীর রেজেষ্টর সাহেবের চিটীর হুকুম মতাবক জে তোমার দরখাস্ত মাত্র ফয়শালা সন ১৮৩৩ সালের ২৮ নম্বরে সদর দেওানী সাহেবানের নিকট পাঠাইয়া জে তোমাদীর্গে এতলা দেওা জাইতেছে জে এই এতলা পাইবার তারিখ হইতে ছয় হপ্তার মর্দ্দে কলীকাতার সদর দেওানীতে হাজীর হইয়া আপন মকর্দ্দমার তদবির করহ জদী ঐ মেআদ মর্দ্দে তদাবির না করহ তবে তোমার উপর অগ্যায্য হইয়া মকর্দ্দমা ডিসমিষ হইবে ইহাতে তাগীদ জানিবা ইতি সন ১৮৩৩ সাল তা—২৮ নম্বর—

[ঘ—লিখিতং শ্রীআশানন্দ সরকার কষ্য একরারপত্র মিদং কাজ্যকাগে এই এতালানামা নাজীরের তরফ ২৭ নং হুকুম ... পেয়াদা মারফত পাইয়া একরার লিখিয়া দিতেছী

শ্রীআশানন্দ সরকার সাং মুরলী — ৫ — ১৮৩৩ সাল ২৮ নম্বর

মেয়াদ মধ্যে সদর দেওানী কাছারিতে হাজীর হইয়া আপন মকদ্দমা তদবিরাত করিব এতদার্থে একরারপত্র লিখিয়া দিলাম ইতি সন ১২৪০ সাল—১৭ পৌষ—

ইসাদী—

শ্রীরামমোহন চাটুজ্যা
সাং মুরুলী

শ্রীহরিপ্রসাদ সীহ
সাং নওাদা

॥ ৯১৫ ॥

হুকুমনামা (সন ১২৪০ সাল) প. ১

৺শ্রীশ্রীদুর্গা—

সহায়—

... ...
মহর মনশফি
থানা কসবা
জেলা বিরভূম
১৮৩২

হরিনারায়ন মিত্র
মুনসেফ থানা কসবা
নোং সিজান

২৭১ নং সন ১৮৩৩।—

খোলাসা ডিকরি আদালত দেওানী কাছারি মোনছবি এলাকা থানা কসবা মোকাম সীজান মতালক জেলা বিরভূম তদবিদ্ধ শ্রীহরিনারায়ন মিত্র মোনসুফ মোকাম মজুকুর সন ১৮৩৩ তারিখ— ১৬ মুলাই মং সন ১২৪০ সাল তারিখ— ২ শ্রাবন—

ফরিয়াদী—
ওরুচরন সরকার
ও রামচন্দ্র সরকার
ও রামকুমার সরকার
ও রামতনু সরকার
ও নবকীসোর সরকার
ও বিরসীংহ রায়
তালুকদার মৌজে সনসড
পরগনে বারবক সীংহ।—

আসামি—
মির ডিকু—
সাং সনসড
পং বারবক সীংহ—

দাবি ৩৩৮/১০ টাকার
খাজানা বাকী খারুক—

অন্ত মিছীল রোবকার ওক্তে ফরিয়াদীয়ানের উকীল মুনশী মজহরুদ্দীন ও আসামির উকীল রাজচন্দ্র মুখোপাধ্যায় ও গোপীনাথ মিত্র হাজীর আরজী ১ নং কৈরাদীআনের ওকালতনামা ২ নং ইয়ানামনামা মায় গরহাজারিপত্র ২ কেতা ৩ নং ইস্তাহার মায় রসীদ ২ কেতা ৪ নং আসামির ওকালতনামা ২ কিতা ৫ নং জওাব ৬ নং জওাবন জওাব ৭ নং সন হাল ২৫ আপরেল তারিখের রোবকারি ১ বন্দ ৮ নং ও ৭ মাই তারিখের রোবকারি ১ কেতা ৯ নং আসামির সাইদানের ইসমনবিসী ১০ নং আসামির দাখিলী রশীদ মায় ফিরিস্তী ৫ কেতা ১১ নং সন মজকুর ১৩ মাই তারিখের রোবকারি ১ কেতা ১২ নং কৈরাদীর সাইদানের ইসমনবিসী ১৩ নং কৈরাদীর দাখিলী হিসাব ১৪ নং কৈরাদীর সাইদান তলবি সাকিনা ১৫ নং কৈরাদীআনের নং ১ সাইদের জোবানবন্দী ২ বন্দ ১৬ নং ও নং ২ সাইদের জোবানবন্দী ২ বন্দ ১৭ নং ও নং ৩ সাইদের জোবানবন্দী ১ বন্দ ১৮ নং আসামির সাইদান তলবি সালীনা ২ কেতা ১৯ নং সন মজকুর ১৩ যুলাই তারিখের রোবকারি ১ কেতা ২০ নং ও ১৫ যুলাই তারিখের রোবকারি ১ কেতা ২১ নং ইমফরসালী রোবকারি ২ বন্দ ২২ নং মিছীলের এই সকল কাগজাত দীকে বোধ হইল জে এই মোকদ্দমায় ফরিয়াদীয়ান সন ১৮৩২ সালের ১২ দীজম্বর তারিখ নালীষ করিবাতে মোকদ্দমা মজকুর তোরফেয়ানের উকীলের মোকাবেলায় সন হাল ২৫ আপরেল তারিখ রোবকারে তোরফেয়ানের উকীলের স্থানে সাবুত ইসবাত তলব হওায় ৭ মাই তারিখ আসামির উকীলান সন ১২৩৬ সালের মৌজে সনসন্তের ধনকৃষ্ণ কোঙর বকলম হাসাবদ্দীন চৌধুরি গোমস্তার দস্তখতি ইজাহারে ৬৪৷৷৵১৮ টাকা মালগুজারি আদাএর রশীদ এককেতা ও সন ১২৩৭ সালের ধনকৃষ্ণ কোঙর গোমস্তার দস্তখতি ২৩৵৬ টাকার রশীদ এককেতা ও ঐ সনের ১৫৷৷৵১৬ টাকার রসীদ এককেতা ও সন ১২৩৮ সালের হরেকৃষ্ণ চৌধরি গোমস্তার দস্তখতি ইজাহার ১২৵৷৷ টাকার রসীদ একাকেতা বিমলীম ফিরিস্তী চারিকেতা রশীদ ও ৬ জন সাক্ষির ইসমনবিসী ও ফরিয়াদীয়ানের উকীল ১৩ মাই তারিখ সন ১২৩৯ সালের ৫ বৈসাখের লিখিত আসামির দস্তখতি ইজাহার হিসাব এক ফর্দ ও ১১ জন সাক্ষির ইসমনবিসী দাখিল করায় মজাবক আবতা তোরফেয়ানের তরফ সকীলাজারি হওায় করিয়াদীর তরফ নং ১।২।৩ সাইদের জোবানবন্দী তদ্রকীক হয় পরে আসামি পেয়াদার রোজ দাখিল করিয়া সকীলাজারি না করাইআছে সকীলা গরজারিতে নথী সামীল থাকে যাত—

ফরিয়াদীআনের আরজী খোলাসা এই যে ফরিয়াদীআনের তালুক মৌজে সনসতের আসামি মজকুরের দখলী জমিন ৪৮৬৫১১ বিঘার কাত জমা ৫৫ টাকা ও পুষ্করী টাকা ।। আনা একুন ৫৫।। টাকার আসামির কনেষ্ট ভ্রাতা মির নইমের হিস্যায় জমি ১৬/১৫১২ বিঘার কাত জমা ২১৸/ টাকা ও মির মেহবের হিস্যায় জমা ২১৸/ টাকা সেওায় আসামির জমা ২১৸/ টাকার সন ১২৩৮ সালের বাকী ২৬৸৵৫ টাকা একুন ৪৮৸৫ টাকা ও সুদ ২/ টাকা হাম ৫০৸৵৫ টাকা ও ওজন কমি ।১৫ আনা একুন ৫১/ টাকার উসুলই শুক মুরুল নাগাদী সন ১২৩৯ সালের ৫ বৈসাখ শুক ১৯।/০১৭।। টাকা বাদে বাকী ৩১৸২।। টাকার হিসাবে দস্তখত করিয়া দীয়া টাকা আদায় না করায় ঐ টাকার সুদ ইস্তক হিসাবের তারিখ নাগাদী সন ১২৩৯ সাল কাত্তিক মাহা শুক ২৫৭।। টাকা একুন ৩৩৸/১০ টাকা পাওনা আদায় না ... আদাএর তারিখ শুক সুদ সমেত পাইবার প্রার্থনায় সালীষ করে মাত্র।—

আসামী মজকুর আপন জবাবে ফরিয়াদীর লিখিত হিসাবে দস্তখত করিয়া দেওা মোনকীর হইয়া আপন দখলী জমিনের জমা ২১৸/ টাকা মান্দবজে সন ২ বেবাক টাকা ও সন ১২৩৮ সালের ঐ জমা ২১৸/ টাকা আদায় করা ও তাহার ১২৸/১৭।। টাকার রসীদ পাওা সেওায় ২।৵২।। টাকার রসীদ না পাওা লেখে মাত্র—

জওাবন জওাবের খোলাসা এইজে আসামির দখলী জমিন ১৬/১৫১২ বিঘার কাত জমা ২১৸/ টাকা আর মোট জমি ৪৮/৪৫১৬ বিঘা কীত দস্তখতি হিসাবের টীকা হী থাকায় ৪৬৸৪৫১৬ বিঘা আরজীতে লেখা জায় আর আসামি মজকুর বাদ নালীষ ঐ বাকার কীস্তীবন্দী লিখিয়া দীতে চাহিয়াছীল মাত্র—

রদ্দ'জওাব দাখিল করে না মাত্র—

ফরিয়াদীর তরফ নং ১ সাদে সেখ নকরদ্দীন বাহনক জাহেরকার আসামি মজকুর সন, ১২৩৯ সালের বৈসাখ মাহায় মৌজে সনসতের আপন জমায় খাজনায় বাকী ৩১ টাকা কএক আনার হিসাবে দস্তখত করিয়াছিল তাহাতে আমি সাক্ষি হইয়াছিলাম আর হিসাব দীঈ করিয়া কহে এই হিসাব আসামি লিখিয়া দেওা বটে ইতি—

নং ২ সাইদ রাজকীসোর সৌ নং ১ সাইদের ইজাহার মতাবক বাহনক জোবানবন্দী দেয় কেবল হিসাব তহকীক করে না—

নং ৩ সাইদ লক্ষন ঘোপ নং ২ সাইদের ইজাহার মতাবক বাহনক ইজাহার দেয় মাত্র—

ইজ্জত তজবিজ মিছীলের কাগজাত ও ফরিয়াদীর দরপেসী হিসাব ও মোওাহালের জোবানবন্দী মোনাহেজায় জানা গেল যে আসামির জমার বাজানার উশুল বাদে বাকী ৩১৮২।। টাকা হিসাবে আসামি মজকুরের দস্তখত করিয়া দেওা সাফ প্রমান ইহায় আসামি মজকুর যে ৪ চারি কেস্তা রসীদ দরপেস করে তাহা দস্তখতি হিসাবের পূর্ব্বকার অতএব ঐ রসীদায় তল্লা দস্তখতি হিসাবের পর উশুল মিলাই পাইতে পারে না অতএব আসামির ওজবাত অগ্রাজা হইয়া ফরিদীয়ানের দাবি আসামির দেনওয়ালায় একতরফা হুকুম হইল—

যে মোকদ্দমা ডিকরি ফরিয়াদীয়ান দাবি মায় আদালতের খরচা নিচের তপসীল মত ও আদাএর তারিখ তক যুদ আসামি মজকুরের স্থানে পাইবেক ইতি—

দাবি—	৩৩৮/১০	
তরফ ফৈরাদী—	তপসীল খরচা—	তল্লা আসামি—
আরমা কাগজের দাম—	৪৲	
উকীল খরচ—	১৷৷৵৮	
সফীলা পেয়াদার মেয়াদা—	৷৷/	উকীল খরচ— ১৷৷৵৮
সাক্ষির খোরাকী—	৵০ মং এক টাকা দস আনা আট গণ্ডা মাত্র—	
	৬৷৵৮	
	৪০৵১৮	

মং চল্লীস টাকা তিন আনা আটস গণ্ডা মাত্র—

॥ নির্ঘণ্ট ॥

(শব্দকোষ)

॥ অ ॥

অওদা/ওআদা—(আ) প্রতিশ্রুতি, অঙ্গীকার।

অকর্ত্তুর্ব্ব - অকর্তব্য।

অজহত/অজুহাত—(আ) কারণ, অছিলা।

অজবর—(আ ইজবার) বলপূর্বক, জোর করে।

অজির—(আ) মজুর, অর্থের বিনিময়ে নিযুক্ত মজুর।

অপাকের ব্যামহ—বদহজম, অজীর্ণজনিত রোগ।

অমৃতি—অমিত্তি (অমত্র) গলা সরু জলাধার তৈজস পাত্র বিঃ।

অমল সনন্দ—আসল সনন্দ।

অয় পোনবাহা বাবুদী—(অসা) এই পণ বাবদে।

॥ আ ॥

আইন মোতাবেক—(আ) আইন অনুযায়ী।

আএমা—(আ) মুসলমান নবাবদের প্রদত্ত পুরস্কার বা বৃত্তি স্বরূপ নিষ্কর ভূমি।

আকচর/আকছার - (আ) হামেশা, প্রায়ই।

আকীঞ্চনঃ—অকিঞ্চন, দীনতা।

আখেজ—(আ) বিরোধিতা; বিদ্বেষ; বিবাদ। চলতি 'আড়ি আকজ'।

আখেরি—(আ) শেষ।

আজীমামত—(আ) নথিভুক্ত নয় এমন কাগজ; আইনের দৃষ্টিতে বাজে কাগজ।

আজেহার—এজাহার (Statement)।

আঞ্জাম—(ফা) নির্বাহ, সরবরাহ।

আটপ্রহরী—অষ্টপ্রহর ধরে, দিবারাত্র।

আটবাঁকু—আট প্যাঁচের গহনা বিঃ।

আড়াআড়লা—ডিম সরবরাহকারী।

আত্তহলোক—আত্মীয় ব্যক্তি।

আদত—(আ) মূল।

আন—(ফা) সে।

আনামত/আলামত—(আ) চিহ্ন।

আপখরা—(আবখরা) পাত্র বিঃ।

আপরিল—এপ্রিল (ইং মাস) April।

আপ্রনি—আপনি।

আপেস তবহুদ—পরস্পর পরিশ্রম, চেষ্টা।

আপ্ত—আত্ম, আপনার, আত্মীয়।

আপ্ত/ইয়াপ্ত—(ফা) পাওয়া।

আবকাই—(ইবকা আ) স্থায়ী।

আমলনামা—(আ) অধিকারপত্র।

আমলালোক—(ফা) কর্মচারী।

আমীন—(আ) রাজস্ব বিভাগের কর্মচারী; জরিপকারী।

আম্র নামিবেক—আম পাকবে।

আয়হাল—(আ) অবস্থা।

আরজি—(আ) নিবেদন, অনুরোধ।

আরাজিরাত—(আ) আরজি মতে।
আলতমগা—রাজকীয় মোহর।
আলত মগাকি জায়গীর—রাজকীয় আদেশনামায় দেওয়া ভূমি।
আশ্রাল—(হি) ধনী।
আশনাই—(ফা) ভালোবাসা; অবৈধ প্রণয়।
আশীডেন্ট -রেসিডেন্ট।
আশী হাতের রশী—৮০ হাত পরিমিত মাপের চেন, শিকল বা দড়ি।
আসলি—(আ) আসল, খাঁটি।
আসার—(আ) সহি, স্বাক্ষর।
আসামীহার/আন— (আ) আসামীর নাম বা বিষয় সমূহ।

।। ই ।।

ইজ্জত আসার—(আ) মর্যাদা চিহ্নাঙ্কিত, সম্মানীয়।
ইজ্জল মিছিল রুবকার ভুক্ত— আদালতে পেশ করা কাগজ।
ইজারা—(আ, ফা) ঠিকা ; নির্দিষ্ট খাজানায় জমি বা অন্য কোন অধিকার পত্তন।
ইজাদার—(আ, ফা) ঠিকাদার।
ইটা—ইঁট।
ইনটর মেডিয়ট মটেসন—(মেয়াদী পঞ্চশালা) Inter Mediate / Mutation।
ইনফয়শলি—(আ) মীমাংসা।
ইনাম—(আ) পুরস্কার।
ইবনে (আ) পুত্র।
ইয়াদীকীর্দ—(ফা) স্মারকপত্র।
ইয়ামে—(আ) দীর্ঘকাল।
ইরসাল—(আ) প্রেরিত খাজানা, সরবরাহ।
ইষ্টাম্প/ইষ্টাম্বর কাগজ—টিকিট মূল্যের কাগজ।
ইসমনবিশী—(ফা) নামের তালিকা।
ইসাদ/ইসাদী—(আ) সাক্ষী।
ইস্তক—(হি) এই পর্যন্ত।
ইস্তফা- (আ) পদত্যাগ।
ইস্তাইন দস্তখত—স্থায়ী স্বাক্ষর।
ইস্তাহারনামা—(আ) লিখিত ঘোষণা; বিজ্ঞাপন।

।। উ ।।

উচ্চ মূলের—উচ্চ মূল্যের।
উজন—ওজন।
উজারি জমী—ভাড়া করা জমি।
উপস্থিত—উপস্থিত।
উম্মেদওার—(ফা) আশান্বিত, প্রার্থী (Candidate)
উরফে/ওরফে—(আ) ডাকনাম, নামান্তরে।
উলদে—(আ) পুত্র।
উলিজমা—(আ) সংগ্রহ প্রাপ্ত জমা।
উস্মাক্রেমে—ক্রুদ্ধ হয়ে, কুপিত হয়ে।

।। এ ।।

এওজ (আ) পরিবর্ত।
এওয়াজ—ঐ অর্থে।
এজাসীল—(আ) আদায়।

একটিং—কর্মরত (acting)।
একজার (ফা) একত্র, মোট হিসাব।
একমাসে—একবারে।
একমেড়া—প্রথমবারের বাড়াই করা ধান্য ইঃ।
একরারনামা -(আ) স্বীকার ; কবুলতিপত্র
একামতনামা—অবস্থানের অনুমোদন।
একুন—[একু-মিলিত ; (মারাঠি) একুন,-ন] সমষ্টি ; যোগ ; একীকরন।
একোয়ালজমি--মোট জমি বা একত্র করা জমি।
একসফিলা—একজিমা জাতীয় ছোঁয়াছে রোগ বিঃ।
এজমালি—(আ) সমান অধিকারভুক্ত।
এজলাস—(আ) আদালত।
এডমামদার—(আ) বন্দবস্তকারী।
এত্তালা—(আ) বিজ্ঞাপন ; খবর।
এবাদার/এরাদার—(আ) মতলব।
এলাকা—(আ) সীমানা, পরিধি।

।। ঐ ।।

ঐওজ—দ্র এওজ।

।। ও ।।

ওক্ত—(আ) সময় ; নির্দিষ্ট কাল।
ওগয়রহ—(আ) ইত্যাদি ; প্রভৃতি।
ওপরোধে/উপরোধে—সনির্বন্ধ অনুরোধে, সুপারিশ
ওয়াকিপ—(আ) অবগত, অভিজ্ঞ, দক্ষ
ওয়াজিবি—(আ) ন্যায়সঙ্গত ; ঠিক।
ওয়াদা—(আ) অঙ্গীকার; প্রতিশ্রুতি।
ওয়ারিশান—(আ) উত্তরাধিকার।
ওয়াশীল—(আ) ভূসম্পত্তির আয় অথবা লভ্যাংশ, মুনফা।
ওলদে—(আ) পুত্র।
ওয়ুল—(আ) উসুল, গ্রহণ, আদায়।
ওসআস—(আ) ভয়, সন্দেহ।

॥ ক ॥

কওলা—(ফা) অঙ্গীকারপত্র, চুক্তিপত্র
কটকিনা—কঠিন নিয়ম, বাঁধাবাঁধি
কটকীনাদার—স্বল্প মেয়াদী পাট্টাদার
কণ্ঠারীপথ—(রাজপথ ; যে পথে নিরাপত্তা থাকে ; রাজপথ কান্টার দ্রঃ চ. প. মতান্তরে কাণ্ডারীপথ অর্থাৎ জলপথ (?)
কবুল—(আ) অঙ্গীকার, স্বীকার।
কবিলা—(আ) স্ত্রী।
কবুলতি—দ্র কওলা।
কমিসনারি—আদালতের জজ (Commissioner)।
কমী—অপ্রচুর, বাদ,
কয়েদ—(আ) জেল, কারা, ফটক,
কর্ণভূষণ—অলংকার বিঃ
কষম—(আ) শপথ
কসুর—(আ) ত্রুটি, খুঁত, ভুল
কাএম—(আ) দৃঢ়
কাগজাত—(আ) কাগজ
কাঞ্চনথাল—ঢালু ঢেউ খেলানো ও চওড়া কানাযুক্ত কাঁসার থাল বিঃ।
কাত—পরিমাণ, দফা।
কানুমত—(আ) আইন অনুসারে।
কাবেজ—(আ) আয়ত্ত, করতলগত; দখল
কামিঠাঁতি—কর্মে নিযুক্ত তাঁতি।
কারকুন—(ফা) জমিদারী দপ্তরের নথিরক্ষক।
কালক্রমাও—কালেকালে অর্থাৎ কোনও সময়ে।
কিফাইত—(আ) সস্তা; লাভ; দরকার মতো পাওয়া।
কিসমত- (আ) খণ্ড। দুই জমিদারের উভয় তালুকের অধীন জমি।
কিতা/কীতা—(আ) ভূমিখণ্ড।
কীমত (ফা) দাম; মূল্য
কুত—(আকুত-অভিপ্রায়, হি কুত) আনুমানিক সংখ্যা, মূল্য, পরিমান
কুম্পানী দস্তুর—গভর্ণমেণ্ট দস্তুর—(ফা) প্রথা, নিয়ম (ইস্ট ইণ্ডিয়া কোম্পানির আইন অনুযায়ী)
কুশালী/কুশারী—রাঢ়ীয় শাণ্ডিল্যগোত্রের ব্রহ্মাণের উপাধি বিঃ
কোটাল/(কোষ্ঠপাল,ফা কোটবাল) নগররক্ষক।
কোনকার/খোনকার—কৃষক ; মুসলমান উপাধি।
কোরাগড়া—আধোয়া মাড়যুক্ত গড়াকাপড়।
কোরক—(তু, কুর্ক) ক্রোক, আটক সম্পত্তি

॥ খ ॥

খতরা—(আ) বিপদ, ভয়।
খপর—(আ) খবর।
খয়রাত—(আ)সুখ স্বাচ্ছন্দ, দান, বিতরণ।
খরিদাবন—(ফা) ক্রেতা
খলিফা—(আ) খলিফা, উত্তরাধিকারী।
খসারা/খসারা—(আ) ক্ষতি।
খাড়াখাড়া—শীঘ্র।
খাড়ু—করভূষণ, কঙ্কণ বিঃ

খানদামা—(ফা) রন্ধন ব্যবস্থাপক।
খারিজ—(আ) বাতিল, বাহির।
খালাসী—(আ) দায়মুক্ত, রেহাই
খিরকীচ—গোলমাল
খুটের কাগজ—ভূমিসংক্রান্ত কাগজ (?)।
খেজমতে/খেদমতে—(আ) সেবা।
খেলাজি—(আ) খাজানা মুক্ত।
খেসারত—(আ) ক্ষতিপূরণ
খোসবাস—(ফা) খুশি।

।। গ ।।

গং—গয়রহ এর সংক্ষেপ
গড়াকাপড়—মোটা থান, বস্ত্র বা বুনানি বিঃ লেপ তোষকের খোলের কাপড়।
গভান—অনিচ্ছা সত্ত্বেও গ্রহণ করানো
গয়রহ—(আ) ইত্যাদি, প্রভৃতি
গরদীহ—(আ) পরিবর্তন, প্রতিকূলভাগ্য—
গরিব পরবর সেলামত—(আ, ফা) দরিদ্রপালকের প্রতি সবিনয় সালাম নিবেদন।
গলন—গলে নষ্ট হওয়া, দ্রব হওয়া
গাঞ্জ—(ফা) ধনাধক্ষ্য। গাঞ্জ—গ্রাহ্য-যোগ্যম।
গট্যা—গাট্, বোমরের। গহনা বিঃ
গাফেলি—(আ) অবহেলা।
গিরদী—(ফা) ফসলের হিসাব।
গিরিন্দী—(ফা) সংগ্রহ।
গুজরান—(ফা) পেশা, জীবিকা।
গুজরা—দৈনিক জীবিকা নির্বাহের বা গুজরানের জন্ত প্রদত্ত ভূমি। ভূ দেবত্র
গুঃ/গুজস্তা—(ফা) অতীত, ভূত।
গ্রাভ—জ্ঞাত

।। ঘ ।।

ঘরজালানি—গৃহে অগ্নি সংযোগ করণ।
ঘুটিন—পাথর বিঃ যা থেকে চুন তৈরি হয়

।। চ ।।

চক—চতুষ্কোনক্ষেত্র; জমিদারির অধীনে গ্রাম বা গ্রাম সমষ্টি
চক—(ফা) বিচারকের লিখিত ভাষণ, দলিল
চকনামা—(চক+নামহ) গ্রামের চকের জমি সমূহের ফর্দ।
চত্তাগর্ত—চওড়া গর্ত
চতুর্ব্বেদোক্ত—চারি বেদে কথিত
চাকরানজমি—(ফা) বেতনের পরিবর্তে প্রদত্ত ভূমি।
চাকলে—(ফা) পরগণা সমষ্টি।
চারিমুরে—চারিদিকে।
চালু—চাউল, চাল। (হি) প্রচলিত
চাষ বিক্রী—চাষ বা কৃষিকাজই জীবিকা।
চিটা—ফর্দ, চিরকুট
চোওড়—প্রাচীন কালের জাতি বিঃ (অশ্লীল গালি 'গালচোওারি' দ্বারা পূর্বে এদের মধ্যে হতে বারয়েসে অর্থাৎ বাঁধা 'জুয়ার' নিযুক্ত করা হত।
চৌধুরি—চতুর্ধুরীন—প্রধান, মোড়ল উপাধি বিঃ।

।। ছ ।।

ছর্প—ছাউনি

ছাওাল—শিশু. সন্তান, ছেলে

ছিটাম করে—চিত্রময় করে, বাঁশের বা কাঠের কাঠামো, চাল বেতের বুনানি দ্বারা নানা আকৃতিতে চিত্রিত করে (ছিটে যাওয়া —কার্যক্ষম হওয়া)—দ রা

ছানি—(আ) মোকদ্দমার পুনর্বিচারের জন্ত আবেদন।

।। জ ।।

জওাব—(আ) উত্তর

জড়খরিদগি—(ফা) ক্রীত সম্পত্তি

জত্রটং—যে টাকা

জদ্দজমী—(আ)বাজেয়াপ্তী জমী

জমূলা—(আ) মোট

জয়ন্তী/জয়ত্রী—জাতিপত্র; জায়ফলের ছাল বি. mace (মসলা)

জরিপ—(আ) জমির আয়তন ; মাপ

জরুর—(আ) দরকার. আবশ্যক

জলহরি—জলাশয় নদী ইঃ র খাজানা

জলহরি—(জলভরিক) সংসারে প্রতিদিনের ব্যবহারের যোগ্য গৃহ পার্শ্বস্থ জলাশয় খিড়কী পুকুর।

জলহাপা—ছোট কূপ বা কুণ্ড বিঃ (?)

জয়ুরে—যশোরের উৎপন্ন

জহুত—(ফা) জন্ত, নিমিত্ত

জাবেতা/জাবেদা—(আ) দৈনিক হিসাবের খাতা

জামিন—(আ) একের পক্ষে দায় স্বীকার

জালকর—জেলেদের নিকট প্রাপ্ত রাজস্ব।

জাহির—(আ) সুস্পষ্ট; খ্যাত; প্রকাশিত

জিবন্তমান—জীবদ্দশায়

জিজির (জিঞ্জির)—ঘুঙুর বাঁধা কোমর বন্ধ বা কটিভূষণ।

জিলা—(আ) জেলা

জিলান—জিবন্ত অবস্থায় অন্ত জলাশয়ে স্থানান্তরিত।

জুনাবে—(আ) মান্ত ব্যক্তির সম্বোধন, মহাশয়।

জেয়াদা—(আ) অধিক, বেশী।

জেম্মা—(আ) তত্ত্বাবধান, দায়িত্ব, হেপাজৎ

জোলজমি—বৃহৎ জলোজমি, রসাল উর্ব্বর জমি।

।। ঝ ।।

ঝট/ঝুটা—(হি) মিথ্যা

ঝারি—জলপাত্র বিঃ ভৃঙ্গার, গাড়ু

ঝিল—(হি) বড় জলাশয় বিল।

ঝোক—(হি) প্রবণতা

।। ট ।।

টাড়—ভাড়বালা

টুকুনা—কাশীর নির্মিত ঘটি বিঃ

।। ঠ ।।

ঠক—প্রতারক

ঠাহর—দৃষ্টি, উপলব্ধি

ঠাহরিতে—জানতে বা উপলব্ধি করতে পারা।

॥ ত ॥

তহর—দহ, গর্ত। রাঢ়দেশে গোচরভূমি, অনাবাদী স্থান

তাবর—বড় বাটি, গামলা

তুরিয়া/তুলিয়া—তুলিবাহক, কাহার (?)

তৌল—(আ) দৌল-সম্পত্তি, হি তৌল-আকার, প্রকার, ব্যবস্থা ইং dole -আশ্রিত বা আর্তে সাময়িক দান)

॥ ত ॥

তকরার—(ফা) বিবাদ, ঝগড়া,বচসা

তকসিম—(আ) বিভাগ, ভাগ বাঁটোয়ারা

তকশীর—(আ) অপরাধ, দোষ

তঙ্কা—টাকা

তছরুপ—(আ) অধিকার, আত্মসাৎ

তজবিজ—(আ) তদন্ত, অনুসন্ধান

তপশীল—(আ) বিস্তারিত বিবরণ, বিভাগ, বণ্টন

তফাওত—(আ) ব্যবধান, পার্থক্য

তবহুদ/তরহুদ—(আ) চেষ্টা, পরিশ্রম

তবিয়ত—(আ) স্বাস্থ্য, মেজাজ

তমসুক—(আ) ঋণপত্র

তম্বি/তম্বি—(আ) তর্জন, ভৎসনা, জুলুম

তলব—(আ) উপস্থিত হবার নির্দেশ, বেতন

তহকিক—(আ) সত্য নির্ধারণ, মিলিয়ে দেখা।

তহবিল—(আ) ভাণ্ডার

তহশীল—(আ) রাজস্ব আদায়

তাইন—(আ) নিয়োগ

তাকিদ—(আ) জোর দিয়ে বলা।

তাগদগিরি—(আ) বার বার চাওয়া বা মনে করিয়ে দেওয়ার কর্ম

তাতমরা—রৌদ্রতাপে নষ্ট হওয়া

তাবৎ—সমুদায়, সেই সমস্ত

তামাম—(আ) সমস্ত, সম্পূর্ণ।

তালাব—(হি) পুকুর

তালুক—(আ) বন্দবস্ত দেওয়া জমি

তাহত/তাহুত—(আ) অঙ্গীকার, রাজস্ব সম্বন্ধীয় স্বীকৃতি।

তেজারতি—(ফা) ঋণ দেওয়ার ব্যাবসা, কুসীদ ব্যবহার

তেরিজ—[গণিত] অঙ্ক-যোগ, সংকলন

তেলানি—(তেলাবনী) মাটির ছোট হাড়ি বিঃ

তোলানি—(আ) দীর্ঘাভাস

॥ থ ॥

থান্দার—থানদার, দারোগা

॥ দ ॥

দং—দরুন

দএম—(আ) স্থায়ী

দখল—(আ) হস্তক্ষেপ, অধিকার

দফা/দফাওরি—(আ+ফা) দফায় দফায়

দফাদার—(আ+ফা) নিম্নশ্রেণী ভুক্ত পাহাড়াদার

দর—(ফা) অধীন

দরজবাব—(ফা) উত্তর

দরপত্তনি—(ফা) পত্তনির অধীন পত্তনি

দরপেশ—(ফা) সম্মুখে

দরবস্ত—(ফা) সমগ্র, সম্পূর্ণ
দরমাহা—(ফা) মাসিক বৃত্তি বা বেতন
দরি—(ফা) অধীন
দরিআপ্ত—(ফা) অনুসন্ধান, বিবেচনা
তদন্ত
দস্ত—(ফা) হাত
দস্তখত (ফা) হস্তাক্ষর
দস্তবদস্ত (ফা) হাতেহাতে
দস্তবিজ/বেজ (ফা) দলিল, লিখিত অঙ্গীকৃতি
দাএগেস্ত—দায়গ্রস্ত
দাওা—(আ) দাবী
দাখিলা—(আ) হিসাবপত্রের মধ্যে উল্লেখ
দাদন (ফা) ঋণ হিসাব অগ্রিম দেওয়া
দাদে (ফা) দেওয়া
দালাল—(আ) ক্রয় বিক্রয়ের
যোগাযোগকারী
দাস্ত (ফা) মলত্যাগ, ভেদ। দুরস্ত (?)
দিগর—প্রভৃতি, ইত্যাদি।
দিজম্বর—ডিসেম্বর (December)
দিনেমার—ডেনমার্ক
দিনায়/দিলায় জব্দজমি—বাজেআপ্ত
জমীর বিলি ব্যবস্থা
দুআক্রোশ—দুই ক্রোশ
দুনাপণ—দ্বিগুন মূল্য
দৌরা—ভ্রমণ, ছোটাছুটি
দো— (দ্বি) দুই ফসলের জমি

॥ ধ ॥

ধন্বআন/আল—পেয়াদা (?)
ধেনু পরমান—ধেনু প্রমাণ

॥ ন ॥

নও—(নব) নতুন : চতুর্থ বা সেজর
পরবর্তী ব্যক্তি।
নওাজিমা—(আ) প্রয়োজনীয় জিনিসপত্র
নজর—(আ)সম্মানিত ব্যক্তিকে উপহার
নদীসিকস্ত—(ফা) নদীর ভাঙন।
নবাব গবনর জানরেল—Governor
General
নমুদার—(ফা) প্রকাশ্য
নহা জরিপ—নতুন জরিপ।
নাএব—(আ) জমিদারী সেরেস্তার কর্মী।
নাচার—(ফা) অসহায়
নাজাই—অনাদায়ী, বে কৈফিয়ৎ
নাজীর—(আ) আদালতের কর্মচারী
নালায়েক—(আ) অপদার্থ ; অনুপযুক্ত (ফা)
অযোগ্য ; নাবালক
নালিশ—(ফা) অভিযোগ
নাহক—(ফা) অকারণ, অসত্য
নিদর্শন—দৃষ্টান্ত, প্রমাণ, চিহ্নলিখন
নিমরাজী—(ফা) আধারাজী
নিমিত্তে ঠাহরিয়ে—প্রয়োজন উপলব্ধি করে
নিরীখ—(ফা) দর, হার
নিরীখনামা—(ফা) মূল্যতালিকা
নিল বিহন—নীলের বীজ
নিলের হাওজ—নিলের [হাওজ (আ)]
নীলের কুণ্ঠী
নিসা—(আ) তামিল, পালন
নিস্পী (আ) অর্ধেক
নিসনিলিখন—পতাকা, চিহ্ন লিখন
নিসাদা—(ফা) সীমানা দেখানো
নিসনি—(ফা) চিহ্ন স্বাক্ষর, পতাকা চিহ্ন
নিস্তারতি—পার, ত্রাণ, নিষ্কৃতি

নেক—(ফা) অনুগ্রহ
নেকরদ/নেকরদি—(ফা) ভালো মন্দ [?]
নেজার—ঝামেলা, আনুষঙ্গিক উপসর্গ।

॥ প ॥

পউত্রাদী—পৌত্রাদি
পণবাহা—মূল্য সমূহ।
পএশ—(ফা)পণ, মূল্য
পতিত—(ফা) অকর্ষিত, অব্যবহৃত
পত্তন—প্রতিষ্ঠা স্থাপন,
পত্রাঙ্ক—পত্র সংখ্যা
পরখ সহী—(হি)সাক্ষর পরীক্ষা বা যাচাই করে
পরগণা—(ফা) গ্রাম সমষ্টি
অথবা (স. প্রগন) জেলার অংশ
পরিপক্ক হুকুম—পরিষ্কার ভাবে বা পূর্ণমাত্রার নির্দেশ
পরিপোসানার্থে—পরিপোষণ নিমিত্ত
পরিমিট—পারমীট Permit
পরোয়ানা—[আ]আজ্ঞাপত্র
পলীন্দা—(হি) একত্রবদ্ধ দ্রব্য
পরমাইষ—ফরমাইষ (ফা) পরিমাপ আজ্ঞা, হুকুম
পশিন্দা/পুশিদা—(ফা) গোপন
পাইকস্তা—(ফা) এক জমিদারের অধীনে বাস করে যে রায়ত অন্য জমিদারের অধীনে জমি চাষ করে
পাকী—(ফা) সঠিক
পাট্টা—(হি)জমি ভোগকরার দলিল।
পাটোয়ারীলাল—(হি)জমির হিসাব রক্ষক
পাহাড়—(হি) পার, পর্ব্বত, তীর hill
পিরোত্তর—(ফ) পীরের সেবার্থে প্রদত্ত নিষ্করভূমি
পেসিদি—(ফা) অগ্রিম, Advance
পোষ্টাবর—প্রতিপালক
পোতদার/পোদ্দার—(আ ফা)যে নোট টাকা, ইঃ ভাঙিয়ে বা সোনা রূপা যাচাই করে কর্জ দেয়
প্রআশে—প্রয়াসে পরিশ্রমে
প্রকত—প্রকৃত
প্রশ্চাদে—পশ্চাতে
প্রতিবর্ষ—প্রতিবর্ষ

॥ ক ॥

ফজ্দার—(আ, ফা) ফৌজদার, সৈন্য দলের দলপতি (Superintendent of military force)
ফরমাইষ—(ফা) আজ্ঞা, হুকুম
ফরাশীষ—ফ্রান্স দেশীয়, ফরাসী
ফরিয়াদ—(ফা) অভিযোগ, দোহাই
ফসলি সন—(আ) আকবর প্রবর্তিত অব্দ বিঃ
ফাজিল—(আ) অধিক, অতিরিক্ত।
ফারখতি—(আ) সম্বন্ধ ত্যাগ, ছাড়পত্র
ফিদরি/ফিদাব—(ফা) ভৃত্য।
ফিবরেন/ল—February ইংরাজ বিঃ
ফিরিস্তীকাগজ—(অ) তালিকা কর্দ, নির্ঘণ্ট
ফিরিঙ্গি—ইউরোপীয় জাতি বিঃ
ফৌজ—(আ) Military সৈন্যসামন্ত
ফৌত/ফৎ—(আ) মৃত ;কপর্দকহীন

॥ ব ॥

বকরা/বখরা—(ফা) অংশ
বজ্জাত—(ফা) অসৎ প্রকৃতির লোক, বদমাশ
বদমাইশ—(ফা) ঐ
বদিউজ্জমা বন্দেয়দরগা—(আ) বিশিষ্ট ব্যক্তি ; দুয়ারে অপেক্ষমান দাস
বদ্রিষ্টলোক—বর্ষিষ্ণুলোক
বন্দওয়ার (ফা) দাস সদৃশ
বন্দবস্ত—(আ) ব্যবস্থা, অঙ্গীকার
বয়নামা—(আ) বিক্রয়পত্র
বরকন্দাজ—(আ,ফা) বন্দুকধারী সিপাহী বা প্রহরী
বরক্ত—(ফা,আ) প্রতিদিন, সময়মত, নিয়মিত
বরখেলাপ—(ফা,আ) বিরোধিতা, অন্যথা
বরতরফ—(ফা,আ) পদচ্যুত
বসত—(ফা) মাধ্যম, বাসস্থান
বহাল—(ফা) নিযুক্তি, প্রতিষ্ঠিত
বাউটী—(বাহু পট্টক) বাহুর অলংকার বিঃ
বাওস্তবাটী—বাস্তবাড়ি
বাঁকু—বাকমল
বাকালাম—(আ) অন্যের নামে
বাগাত—(ফা) বাগান
বাগদী/বাগ্দিতি—হিন্দু 'লাঠি'য়াল জাতি বিঃ
বাঙ্গালী কাগজ—বাঙ্গালার অর্থাৎ পূর্ববঙ্গের কাগজ বা কাগজ প্রস্তুতকারীদের তৈরী দলিলের কাগজ
বাটা—প্রাপ্য মূল্য হতে অংশ বাদ যায় (discount, brokerage)
বানুজ্যা—বন্দঘটি, বাতুজ্যা
বান্দপাএ— ঐ
বাবুত—(ফা) জন্য
বারজনওজ্ন—(ফা) পুরা ওজন
বারস্ত—বাস্ত
বারকষ/শি—(ফা) ভারবাহী/কাষ্ট নির্মিত পাত্র বিঃ।
বাহুসে বাহাল তবিয়তে—(আ,ফা) সন্তুষ্ট চিত্তে
বিং গুজস্তা—(ফা) বকেয়া বাবদ
বিতং—বিবরণ
বিতিত—ব্যতীত
বিত্তি—মাস, বৎসর ইঃ অন্তর প্রদেয় অর্থ মাসোহারা
বিত্তিস্যামী—বৃত্তিপ্রাপক
বিনমোক্তা/বেলমোক্তা—(আ) সর্বসমেত, মোট
বিমজিম—(ফা) অনুযায়ী
বিল—বৃহৎ জলাশয় বিঃ
বিলাত—(আ) এলাকা, গভর্ণমেণ্ট। (ফা) অনাদায়, বাকী
বিলাবন্দী—(ফা) যে বন্দবস্তী, যে হিসাবী
বিষ্টপ্রীত—বিষ্ণুপ্রীতি
বিষ্টারিত—বিস্তারিত, প্রসারিত
বুনেদীকর্ম—(ফা) বনেদীকাজ, পুরুষানুক্রমিক জাতব্যবসা।
বে আন্দাজ—(ফা) অপরিমিত, সমাজ বিরোধী, গর্হিত

বেওা/বেওয়া—(ফা) বিধবা
বেওয়া—(হি) ঘটনা, বৃত্তান্ত
বেগর/বেগার—(আ) বিহীন, ব্যতীত, অভাব।
বেয়রনোট—ব্যাঙ্কনোট
বেজার—(ফা) বিরক্ত, দুঃখিত
বেয়রংপোষ্ট—বিয়ারিং পোষ্ট বিনা মাসুলে প্রেরিত Bearing Post ;
বেলকিস্তি—(আ) মোট কিস্তী
বেসনাদ—(আ. ফা) প্রমাণ ছাড়া
বেহতারি—(ফা) মঙ্গল, উন্নতি
বৈরাগ্য—বৈষ্ণব (এখানে স্বামী অর্থে প্রযুক্ত)।
ব্যামহ—অন্যথা, দুঃখ বিমুক্ততা
ব্রহ্মক্রমে—ব্যক্তক্রমে
ব্রহ্মত্তর—ব্রাহ্মণের ভোগার্থ প্রদত্ত নিষ্কর ভূমি।

॥ ভ ॥

ভর্ত্তা—স্বামী
ভাও—(হি) চলতি হার
ভুক্তন—পূরণ
ভূম্যাধিকারী—জমির মালিক, জমিদার
ভোমি—ভূমি
ভ্যাতা—ভ্রাতা

॥ ম ॥

মং 'মতাবেক' 'মবলগ'—এর সংক্ষেপ
মওজী—(আ) সর্বসুদ্ধ, একুন
মওকেফ/মতাকেফ—(আ) বিষয়, মোকদ্দমা, অনুসার
মজকুর—(আ) উক্ত ; পূর্ব কথিত
মজরা/মুজরা—(আ) বিয়োগ, রেহাই
মজমুন—(আ) পত্রের বিষয়
মজলিস—(আ) সকলের উপস্থিতি
মঞ্জুরিতে—(আ) অনুমোদনে
মড়াই—ধান্যাধার বিঃ
মতাবক—(আ) অনুসারে
মতালক—(আ) অধীন, সংযুক্ত
মনকাজি—শেষ হওয়া, চুক্তি ভঙ্গ হলে
মনস্য- মানুষ
মপয়লি—(আ) বিস্তৃত, বিভক্ত গৌনার্থে, গোপন, একান্ত
মবলগ—(আ) নগদ টাকা, পরিমাণ
মরজি—(আ) সম্মতি, সন্তোষ
মধ্যম—মধ্যম
মরযুম -(আ) চিহ্নিত, নির্দিষ্ট
মরহম/মরহুম—(আ) মৃত
মসহাত—(ফা) মাপা জমি
মহকুপ -(আ) পরিত্যক্ত, বন্ধ, স্থগিত
মহর -(ফা) মুদ্রা
মহল—(আ) প্রাসাদ, তালুক, জমিদারী
মহলদার—(আ) প্রাসাদরক্ষী
মহশীল—(আ) পেয়াদা, আদায়কারী
মহাত্রান/মহোত্রান—শূদ্র বা দাসকে ভোগার্থ প্রদত্ত নিষ্কর ভূমি
মহাফেজ—(আ) পুস্তপাল, Record-Keeper

মহামহীম--সম্মানসূচক বিশেষণ
মহাম্মদ জমাখাঁ বাহাদুর--অষ্টাদশ ও উনিশ শতকের বীরভূমের রাজনগরের শাসনকর্তা
মাকবুল--(আ) বিশ্বাসযোগ্য, সম্মানিত
মানিত সালিস/সান--(আ) বিশ্বাস, কর্তৃত্ব মানে এমন
মান্দবাজি/মামদবাজি--ভূতযোনি প্রাপ্ত মুসলমানের আত্মা, গালি বিশেষ
মাফিক--(আ) অনুযায়ী, অনুসারে
মামল মত--(আ) প্রচলিত নিয়ম বা পদ্ধতি মত
মারফত--(আ) দ্বারায়
মার্দ--(ফা) পুরুষ
মাল--(আ) অর্থ, খাজনা ; জমির মাপ বি:
মালগুজারি--(আ) রাজস্ব প্রদান
মালজামিন--(আ) কারো নিকট হতে কিছু আদায় করে প্রতিশ্রুত স্থানে জমা দেওয়া বা দেবার জন্য ঠিকা নেওয়া
মালুম--(আ) জ্ঞাত
মাহ্--(ফা) মাস
মাহারা--বাউরী জাতির পদবী বি:
মিআদ/মেয়াদ--(আ) নির্দিষ্ট সময়
মিছিল--(আ) মোকদ্দমার কাগজপত্র, নথি (file)
মিহনত/মেহনত--(আ) পরিশ্রম
মুদ্দই--(আ) ফরিয়াদী
মুকেদ/মোকেদ--(আ) প্রধান প্রহরী
মোড়ল, গ্রামনায়ক, বন্দী, মিছিল
মৃধ্যা প্রজা--মূর্ধ প্রজা
মুরুব্বীলোক--(আ) অফিসের দায়প্রাপ্ত কর্মচারী, এজেন্ট, দালাল, জিম্মাদার
মুশাবিদা--(আ) খসড়া (draft) দলিল-পত্রাদিতে
মেজেষ্টসাহেব--মেজিস্ট্রেট সাহেব
মেহত্তর--ধোবা জাতির পদবী বি:
মোকরর--(আ) নিযুক্ত, স্থাপিত
মোকবিলা--(আ) বোঝাপড়া
মোকাম--(আ) জায়গা, আশ্রয়, আড্ডা
মোক্তার--(আ) ছোট উকীল বি: attorney
মোজাহেম--(আ) বাধা, আপত্তি
মোনাজাত--(আ) প্রার্থনা
মোস্তাজের--(আ) চুক্তিবদ্ধ
মৌ:--মৌজার সংক্ষেপ
মৌরুষ--পুরুষানুক্রমে ভোগ্য

॥ য ॥

রদা--আওদা দ্র
রাওহাল--আওহাল দ্র
রাজ্জা--আদেশ
যুলাই--জুলাই (July) ইং মাস বি:
যমুলা--(আ) মোট, সমষ্টি, একুন

॥ র ॥

রওনা--(ফা) প্রস্থান, অনুমতিপত্র শুল্ক হতে অব্যাহতিপত্র
রকম হিস্যা--সম্পদের, অর্থের অংশ
রজাইব--(আ) বন্ধক পিতামাতা সম্পর্কিত
রদ্দজবাব--(আ) পাল্টা জবাব Counter reply
রাগাড--কুদ্ধ, রুষিত

রাগাসক—ঐ
রাজীনামা-(আ, ফা) স্বীকৃতিপত্র
রামজাত্রা—রামযাত্রা
রামসাল—সুগন্ধি সরু ধান্য বিঃ
রায়তি—(আ) জমিদারের প্রজা
রাহা—(ফা) পথ
রাহাজানি—(ফা) রাজ পথে ছিনতাই
রাহী – (ফা) প্রেরণ, যাত্রী মুসাফির
রুজু – (আ) আরম্ভ, সূত্রপাত
রুবকারি/রোবকার – (ফা) আদালতে পেশ হওয়া
রেস্পাটেন্ট – প্রতিবাদী (Respondent)
রোক – (হি) নগদ (টাকা)
রোজনামচা – (ফা) দৈনিক কাজের বিবরণ, দৈনিক হিসাব
রোবদাদ/বোবদাদ – (ফা) আদালতের কার্য্য বিবরণী, বিবৃতি
রোয়ম – (আ) শুল্ক, কর

॥ ল ॥

লওাজিমা – নওাজিমা দ্রঃ
লটকান – ঝোলান
লাখেরাজ – (আ) নিষ্কর
লাট – জমিদারী অংশ (Lot)
লাটবন্দী – (ইং Lot এবং ফা বন্দী) ভিন্ন ভিন্ন লাটে বা অংশে বিভাগ করা

॥ শ ॥

শরহ—(আ) হার, Rate
শিকদার—(ফা) কর সংগ্রাহক
শীক্কা—(ফা) মুদ্রা (আ) বাদশাহী বা কোম্পানী আমলের মুদ্রা
শেরায়—(ফা) ব্যতীত
শুমার—(ফা) গণনা
শেঠাম—মোহরাঙ্কিত কাগজ (Stamp)
শোর—(ফা) গোলমাল
শোণর্দ্দ—(ফা) জিম্মা
শ্বরেষ—ভালো, উত্তম
শ্রীল—(অন্ত্যর্থ'ল') শ্রীযুক্ত
শ্রীপাট—বৈষ্ণব পীঠস্থান, ধাম, গৌণার্থে গুরুবাড়ী
শ্রীশ্রী৺স্থানে—ঈশ্বরের নিকট
শ্রীশ্রী৺তীরে—গঙ্গাতীরে
শ্রীশ্রী৺স্মরনপূর্ব্বক—ঈশ্বর স্মরণ করে

॥ ষ ॥

ষুদ মোক্তা—(ফা, আ) পাকাষুদ
ষুনা—(শুকনা) ডাঙ্গাজমি
ষুন্দররূপ—ভালোরূপ, নির্বিঘ্নে
ষুপরমক্রোট—সুপ্রীমকোর্ট (Supreme Court)
ষুভিতা—(ফা) সুবিধা
ষুরত—(আ) রকম, রূপ, নিয়ম

॥ স ॥

সইচ্ছা—নিজ ইচ্ছা
সও—শত, একশত
সওদা—(ফা) ক্রয়, ব্যবসা বাণিজ্য
সওাল—(আ) প্রশ্ন, জেরা
সংশ্লে—সম্পর্ক

সচ্চরিত্তেষু--সুচরিত্তেষু

সদর--(আ) প্রধান জেলা সম্বন্ধীয় আদালত

সন্নিধে--সন্নিধে

সন--(আ)বঙ্গ সন্-১৫৫৬-৫৬ খৃষ্টাব্দে এপ্রিল মাসে আকবর বাদশাহ কর্তৃক প্রচলিত। দ্র. চিঠিপত্রে সমাজচিত্র (১ম) পৃ. (৫৫৪-৫৫)

সনন্দ--(আ) হুকুমনামা, দলিল, diploma

সন বসন -(আ) বৎসর বৎসর

সনোয়াতি/ সলোয়াতি--(আ) সেলামী, ভেট, উপহার

সবব--(আ) কারণ

সবিকতে--(আ) পূর্ব

সমইক--সাময়িক

সরকার—(ফা) প্রভু, মালিক, গর্ভনমেণ্ট কর্মকারী, রাজস্ব আদায়ের বিভাগ পদবী বিঃ

সরজমিন—(ফা) জমির উপর (বাং অকুস্থল), ঘটনার জায়গা

সরবরাহ -(ফা) যোগান, আয়োজন

সরহদ্দ--(ফা) সীমানা, সীমান্ত

সরখেল—(ফা) মোড়ল প্রধান, সামরিক বিভাগের উপাধি বিঃ

সরাতি—(আ) দুষ্কর্ম, অনিষ্ট

সরাকাত/কতি--ব্যবসায়ের অংশীদার

সলা—(আ) পরামর্শ

সরেস্তার--(ফা) সবিস্তার

সলি--২০ সের মাপ বিঃ বাঁকুড়ার একমন পরিমান।

সহিসীক্কা--(আ) স্বাক্ষরযুক্ত অর্থাৎ বাদশাহী বা চলতি মুদ্রা।

সহীব--(আ) অশ্বচালক

সংপ্রতিক--সম্প্রতি

সাইত--সঙ্গে

সাকীনাম--(আ) নিবাসী

সাকীম--(আ) বাসস্থল

সাচা- (হি) ঠিক, সত্য।

সাজায় পোহাইব- (ফা) শাস্তিপাব।

সাজোয়াল--(তুর্কী, ফা ?) খাজানা আদায়কারী তহশীলদার।

সাবুদ--(আ) প্রমাণ, সাক্ষ্য

সামীল--(আ) অন্তর্গত

সালি--(ফা) বর্ষ

সালিজমি--সালে অর্থাৎ বৎসরে এক ফসলের জমি

সালিসান—(আ) বিচারের মধ্যস্থ ব্যক্তি

সিকদার—(ফা) কর সংগ্রহকারী (পরবর্তীকালে ফৌজিদার, চৌকীদার ও শিকদার উভয়ের কাজই করতেন।-দ-রা)

সিকস্ত--(ফা) ভগ্ন, ভাঙ্গা

সিতবস্ত--শীতবস্ত্র

সিবিস্তা/সিরিস্তা—(ফা) অফিস

সিসনজজ—সেসনজজ

সুরাত/সুরত—(আ) রকম, রূপ, নিয়ম।

সুমার—শুমার দ্রঃ

সেওাই—(আ) ব্যতীত

সেটম—ষ্ট্যাম্প Stamp

সেপ্তম্বর—সেপ্টেম্বর (September)

সেরেস্তা—(ফা) অফিস

সেলামত—(আ) রক্ষা
সেলামী—(আ) উপঢৌকন
সোপর্দ—দ্র শোপর্দ
সোয়ত—(আ) জনরব, প্রচার

॥ হ ॥

হইমত—হেমন্ত
হওয—(আ) বিবেচনা
হক—(আ) অধিকার,ন্যায্য,সত্য
হকিকত—(আ) অবস্থা ; বিবরণ
হকুক হক—(আ) ন্যায্য অধিকার বা স্বত্ব
হকুমনুদ/হুকুমনুদ—(ফা) আদিষ্ট
হজুর—(আ) প্রভু
হর—(ফা) প্রত্যেক
হর কত/কতি—(আ) বাধা,ক্ষতি
হর তারিখ—(ফা) প্রতি তারিখ
হর দো/হর্দ—(ফা) উভয়ে
হর বার—(ফা) প্রতি অধ্যায়
হর বারুত—(ফা) প্রত্যেক দফায়
হর মুরত—(ফা,আ) সর্বপ্রকার
হস্তবুদ—(ফা) যা ছিল ও আছে ভূত ও বর্তমান। যে হিসাবে রাজস্বের ভূত ও বর্তমান অবস্থা দেখানো হয়।
হাএর—(ফা) সমূহের
হাওলাত—(আ) কর্জ
হাবিলি/হাবেলি—(ফা) বাড়ী, উচ্চপদস্থ মুসলমান কর্মচারীর আবাস।
হামরাএ/হামরাওএ—(ফা) সহ, সঙ্গে
হামেশা—(ফা) সর্বদা
হাএর/হায়ের—(ফা) প্রভৃতি ইত্যাদি
হার—ভাগ ,দর
হাল—(ফা) অবস্থা, বর্তমানকাল
হাসিল—(আ) খাজানা, শুল্ক, সম্পদ আদায়
হিজরী সন—(আ) ৬২২ খৃষ্টাব্দে মহম্মদের মদিনায় যাত্রার দিন হতে গণিত চান্দ্র বৎসর
হিল্লা—(আ) আশ্রয়, উপায়
হিস্যা—(আ) অংশ
হুকুমনামা—(আ) আদেশপত্র, নির্দেশপত্র
হুণ্ডী—(হি) অর্থদানের বরাতপত্র
হুদা—(আ)পরিমিত ; এলাকাস্থিত
হেফাজৎ—(আ) রক্ষণ

৺কষম করিয়া – ঈশ্বরের নামে শপথ করে

৺কারণ – গৃহ দেবতার নিমিত্ত

৺গঙ্গাজলি করহ – গঙ্গাজল স্পর্শ করে বলা।

৺গৃহ – মন্দির

৺ইচার – ভগবদিচ্ছায়

৺স্থানে – দেবতার 'থানে' অর্থাৎ নিকটে

৺৭ /৭ = মঙ্গলসূচক চিহ্ন বিঃ ৺৭ – আজী বা আঁজী। '৺' – মহেশ্বরী বা কুলকুণ্ডলিনী শক্তির স্মারক। চিহ্ন '৭' – সিদ্ধিদাতা গণেশের শুণ্ডাকৃতি চিহ্ন বা আঁকড়ি; কার্য্যসিদ্ধি সূচক। পত্রের আরম্ভে দুর্গা, কালী, হরি, হবিব প্রভৃতি শক্তির নাম লেখার যে মঙ্গল সূচক পদ্ধতি আছে '৭' তারই প্রতীক। (২) /৭ দক্ষিণরাঢ়ে এটি ১০৮ অর্থাৎ অষ্টোত্তর শত শ্রী লেখার সংকেত। '/' (এক পণ) কুড়ি গণ্ডা অর্থাৎ আশী (৮০) '৭' (সাত গণ্ডা)র অঙ্ক 'আটাশ' (২৮), সর্বসুদ্ধ (৮০+২৮) =১০৮ বার শ্রী লেখার সংকেত। (জীবিত ব্যক্তির নামের আগে সাধারণতঃ একটি 'শ্রী' লেখা হয়। দেবতাদের বা সাধু সন্তদের নামের আগে একাধিক অর্থাৎ ভক্তির আধিক্য হেতু দুই হতে এক শত আটবার এমন কি ততোধিক বারও 'শ্রী' লেখার রীতি আছে।

৭৪৷৷০ খামে আঁটা পত্রের উপর লিখিত অংক। প্রসিদ্ধি রাজপুতনার আকবরের সঙ্গে ক্ষত্রিয়গণের যে ভীষণ যুদ্ধ হয় তাতে মৃত ক্ষত্রিয়গণের উপবীতের পরিমাণ সাড়ে চুয়াত্তর মন হয়েছিল। এখানে উদ্দেশ্য খামে উদ্দিষ্ট ব্যক্তি ভিন্ন অন্য যে এই পত্র খুলবে তার ঐ সমস্ত ক্ষত্রিয়গণের বধ জন্য পাপ হবে।

।। যৌজা ।।

আদিত্যপুর
আমনাবাজার
আমধারা
আরজ
আলারবান্দী
ইন্দাশ
ইলামবাজার
ইসবপুর
উসাবটী
এড়াপুর
কমলাকান্তপুর
কলিকাতা
কাটাডিহী
কামারডাঙ্গা
কামারডাঙ্গাল
কাশীপুর
কাসিমনগর
কুডুমসাহা
কুলষ্টী
কুসুমজাত্রা
কৃষ্ণনগর
কেতুগ্রাম
কেন্দুলী
কেষবপুর
কোপা
খালা
খিরাণী
গউরপুর
গউরবাজার
গড়গড়্যা
গাঙ্গ-দ
গাঙ্গপুর
গুড়পাড়া
গোপালপুর
গোবিন্দপুর
গোমড়া
গোয়ালপাড়া
গঙ্গাপুর
ঘোড়ানাষ
চীনিসপুর/শ্রীনিষপুর
জগন্নাথপুর
জামালপুর
জলুন্দী
ভোমনপুর
তালতড়্যা
দাতিনা
দানবারিপুর
দিগরুই
দির্ঘনগর
দেরিআরপুর
ধনকুড়া
নওনগর
নওাদা
নবগেছু
নানুবাজার
নান্দড়া
নিলাম্বরপুর
নোহনা
পয়রাকান্দী
পলষা
পাএর
পালিতপুর
পীরাশালা
পুতণ্ডা
পোষলা/পৌরুলা
ফরিদপুর
বঙ্গচত্র/চাতরা
বড়কুটী
বড়জোড়া
বড়ারি
বন্দীপুর
বরাড়ি
বর্দ্ধমান
বলুপুর/বোলপুর
বল্লবপুর
বসন্তপুর
বাতিকার
বালির খাল
বাহাদুরপুর
বাহরি
বিপ্রটীকুরি
বিষ্ণুখণ্ডা
বেজরা
বেড়ুগ্রাম
বেদড়াবাদ
বেন্তাচাতুরী
বেলাসোনা
বেহুলা
বৈদ্যনাথপুর
বোনগাঁ

।। মৌজা ।।

বোনমালতী
বেজরা
ভবানিপুর
ভেদে
মদনপুর
মধুকুণ্ডা
মনোহরপুর
মরুশীদাবাদ
মন্তলী
মাতরুন
মাধাইপুর
মান্দারবুনি
মিজ্জাপুর
মেলানপুর
মোরগ্রাম
মোলান্দ

মীরগৌ
রতিরামপুর
রসুলপুর
রাজাগাঞ্জী
রামকান্তপুর
রামচন্দ্রপুর
রামনগর
রামহাট
লোহাগড়ি/লোহাগড়্যা
শুন্দরবাটী
শুরুলী/কৃষ্ণনগর
শেড়ান্দী
শোনসত
শ্রীনিষপুর
শ্রীপুর
শ্রীরামপুর

যুপুর
সনসত
সাধীপুর
সাহাপুর
সিঙ্গান/সিয়ান
সিবরামবাটী
সিহাওশোল
সিহালাই
সীহুড়ি
সেড়ান্দী
সোমসা
হজরতপুর
হুগলী
হরিদাষপুর
হুষেনপুর
হেয়াতপুর

॥ ভানুক ॥

কৃষ্ণনগর
কোপা
নোহনা
পুরন্দরপুর
পুরুষোত্তমপুর
যুপুর

॥ লাট ॥

ইন্দাশ
কাশীনাথপুর
কোপা
গোমড়া
চন্দ্রহাটী
বুদবুদ
মিজ্জাপুর/মিজ্জপুর
মোরগা
রামনগর

॥ পরগনা ॥

আজমতসাহী
আলিনগর
খটঙ্গা
গোপভোম
চম্পানগরি
জাহানাবাদ
যেঞ্জা
পুরন্দরপুর
ফতেপুর
বর্দ্ধমান
বারবক সীংহ
বিরভোম
মনোহরসাহী
মুজফরসাহী
মৌড়েশ্বর
রুকুণ্ডা
সেনভোম
সেরগড়

॥ থানা ॥

কসবা
কেতুগ্রাম



মূল্য পঁয়ষট্টি টাকা